কিতাগড়

শ্রীপারাবত

KITAGARH

By: 'Sri Parabat

প্রথম প্রকাশ:

বৈশাখ, : ৩৬১

প্রকাশক:

ব্ৰন্ধকিশোর মণ্ডল বিশ্ববাণী প্রকাশনী ১৯/১ বি, মহাত্মা গান্ধী রোভ কলকাতা-১

मृज्ञक :

অশোককুমার বোষ
নিউ শনী প্রেস
১৬ হেমেক্র সেন খ্রীট
কলকাতা-৬

প্রক্রদশিলী:

গোত্ম রাহ্ব

কিতাগড়ের আবহাওয়া প্মপ্মে।

রাজা হেমৎ সিং ভূঁ ইয়ার অবস্থা সংকটজনক।

গড়ের যে-প্রকোঠে শুয়ে রয়েছেন তিনি, তারই দরজার সারিবছভাবে দণ্ডায়মান সড়েরখানি তরফের চার-সর্দার। প্রিয় রাজার জঙ্গে তারা উবেগাকুল।

ঘরের মধ্যে রাজা ছাড়া রয়েছেন মাত্র ঘৃটি প্রাণী। শব্যার ওপর উপবিষ্ট তাঁর দ্বী—সতেরশানি তরফের রাণী। আর রয়েছেন বৃদ্ধ বৈশ্ব রাজু পাঁওলিয়া। সাক্ষাৎ ধরস্করী তিনি—সবাই জানে সেকথা। তিনি যদি অভয় দেন, চোয়াড়-সর্দাররা নিশ্চিম্ভ মনে ফিরে যেতে পারে আপন আপন কাজে। কিন্তু উকি দিয়ে দেখেছে তারা, তাঁর মুখও গন্তীর—বিষয়। রাণী সে মুখের দিকে এক দৃষ্টে চেয়ে রয়েছেন। তাতে আখাসের কোন চিহ্ন খুঁজে না পেয়ে ফুঁপিয়ে কাঁদতে স্কর্ক করেছেন। স্পারদের চওড়া বৃক্ক কয়টি কেঁপে উঠছে কায়ার আওয়াজ শুনে।

তবু ক্ষীণ আশা রয়েছে এখনো। রাজু পাঁওলিয়া তাঁর মুখ খোলেন নি। কোনরকম মস্তব্য এ-পর্যস্ত করেননি তিনি। কানার মধ্যেও রাণীর দৃষ্টি তাই নিম্পলক। স্পাররাও তাই বাইরে গাঁড়িয়ে এখনো।

বৈশ্ব যদি শুধু বলেন,—চেষ্টা করব, তাহলেও বুকে পাওয়া যায় অসীম বল। এই কথাটুকু শুনলেও রাণীর মুখে হাসি দেখা দেবে।

বাইরে স্থ ড্বছে। কিছুক্ষণ পরেই শ্রীশ্রীকালাটাদ জিউর মন্দিরের ঘণ্টা বেজে উঠবে কিশোর পুরোহিতের বলিষ্ঠ হাতে। বৃদ্ধ পুরোহিত নরহরি বাবাজী বরাহভূমের রাজদরবারে গিয়েছেন পনেরো দিন আগে। মন্দিরের পুজোর ভার তাই গোবিন্দর ওপর। স্থৃষ্ঠভাবে সে-কাজ করে চলেছে গোবিন্দ।

পাৰেই কিতাডুংরি পাহাড়ের ওপর কিতাপাটের পীঠন্থান। সেধান ধেকে

ভেসে স্বাসছে 'টামাক' স্বার 'পেপড়েং'-এর স্বাওয়াজ। সেধানেও পূজো হর প্রতিদিন। প্রাবণে সেধানে হয় উৎসব। রাজা নিজে গিয়ে পুজো দেন সেদিন।

দ্ধাররা ভাবে, কালও এমনি সূর্য ডুববে—মন্দিরে মন্দিরে ঘণ্টা বেজে উঠবে—সবই হবে। অথচ ভাদের প্রিয় রাজা হয়ত থাকবেন না ভাদের মধ্যে। ভাবতে গিয়ে ভারা চমকে ওঠে। এ যে অকল্পনীয়! কে নেবে ভাদের ভার—সমস্ত সভেরথানি ভরক্ষের ভার ি জিভনিসিং েদ ভো বলতে গেলে কিশোর। ভাছাড়া রাজোচিত কোন গুণও এপর্যস্ত ভার মধ্যে দেখতে পায়নি কেউ। সে কেবল বাঁশী বাজায়। দৃঢ়হস্তে সমস্যাসংকুল এই ভরফকে বাঁচিয়ে নিয়ে চলার ক্ষমতা ভার নেই।

স্পারদের চিস্তাধারা একই খাদে প্রবাহিত হচ্ছিল। ভাই একই সময়ে স্বাই প্রস্পারের মুখের দিকে চায়। সে মুখে নেই কোন আৰ্দ্ধি আলো।

ঘরের ভেতরে শব্দ হয়।

বৈশ্ব রাজু পাঁওলিয়া পালংক থেকে নেমেছেন। সদাররা নড়েচড়ে ওঠে।
দরজার দিকে এগিয়ে আসেন বৈগ্ । রাণী তাঁর পেছনে পেছনে পাগলের
মত ছচার পা ছটে আসেন। শেষে ভূলুন্তিত হন। জবাব পেয়ে গিয়েছেন
ভিনি। বৈগ্যের স্তব্ধ মুখের প্রতিটি রেখায় লেখ। রয়েছে সেই নিজ্জণ জবাব।
চোয়াড় সদারেরা চঞ্চল হয়ে ওঠে। সদার সারিমুমু এগিয়ে যায় বৈজ্যের
দিকে।

রাজু পাঁওলিয়া কিছুক্ষণ স্থিরভাবে চেয়ে থাকেন সারিমুম্র মুখের দিকে। শেষে ধীরে ধীরে স্পষ্ট উচ্চারণ করেন,—অহই বাঞাওলেনা।

কেঁপে ওঠে স্বাই। জানত তারা। তবু এমন নির্মম ভাবে শোনার জন্তে প্রস্তুত ছিলনা কেউ। মাধায় করাঘাত করে তারা। স্পার ডুই: টুড়ু কেঁদে কেলে। সতেরখানি তরকের বলিষ্ঠতম কালো কুচকুচে চারটে বুক হাপরের মত ওঠানামা করে। বাঘের সংগে লড়াই-করা বুকে অস্কুত্ব করে শিশুর অসহায়তা। অজগর সাগের গলা-টিপে-ধরা পেশীবহুল হাতগুলো শরীরের ছ্পাশে ঝুলে পড়ে নিঃখাস-ক্ষম্ম মৃত অজগরের মত।

বহুক্ষণ শব্দ হয়না কোন, হদ্ম্পন্দনও যেন থেমে গিয়েছে স্বার। শেষে স্পার ব্ধকিস্কু অফুটম্বরে বলে ওঠে,—মারাংবুক।

স্বারই মনে হয়েছে সেকথা। মারাংবুরু। কিন্তু বলতে সাহস পায়নি কেউ। বুধকিস্কু বলেছে বটে, তবে কেমন ভাঙা ভাঙা। কাউকে শোনাবার উদ্দেশ্তে বলেনি সে। নিজের ভারাক্রান্ত মনের চিন্তা সহসা কথায় রূপ পেয়েছে মাত্র। বলে ফেলেই সে ভয় পেয়ে যায়।

সৰাই শুনল। মারাংবৃক্ষ। চোখে চোখে চকিতে দৃষ্টি বিনিময় হল। সৰগুলি চোখেই সমর্থন।

সাহস পেয়ে সারিমুর্ব বলে,—মারাংবুরুর অভিশাপ।

চোয়াড় স্পাররা চঞ্চল হয়। তাদের পোদাই করা হাতগুলো ব্কের ওপর ভাঁজ হয়ে পড়ে।

ভয়ংকর দেবতা মারাংবুরু। খাঁড়ি পাহাড়িতে আন্তানা তাঁর। তাঁকে ভয় না ক'রে, সমীহ না ক'রে উপায় নেই।

রাজা হেমৎসিংও তাঁকে অবহেলা করেন নি কথনো। তবু গতকাল তিনি হঠাৎ ভুল করে বসলেন।

থাঁড়ি পাহাড়ির ওপরে মন্দির প্রতিষ্ঠার বাসনা হয়েছিল তাঁর। ভূঁইয়া বংশের প্রথম রাজা থাঁড়ে পাথরের নামে এই পাহাড়। তাই য়াজার বাসনা অস্বাভাবিক নয়। পাহাড়ের ওপরে স্থান নির্বাচনের জন্মে সর্দারদেরও সঙ্গে নিলেন তিনি। যাবার পথে মারাংবৃক্ষর আন্তানা। সেথানে রক্তন্মোত দেখে পমকে দাঁড়িয়ে পড়েন রাজা। অসংখ্য কুকুর বলি দেওয়া হয়েছে দেবতার সম্ভাষ্টর জন্মে। চঞ্চল হয়ে ওঠেন রাজা। অথচ এ-সমস্ত তাঁর অজানা নম। দিকুরা প্রায়ই এসে এমন বলি দিয়ে যায়। আগে তিনি নিজেও দাঁড়িয়ে থেকে কতবার এসব দেখেছেন। কিন্তু কিছুদিন থেকে তাঁর ভেতরে একটা পরিবর্তন দেখা দিচ্ছিল, রক্ত সহু করতে পারছিলেন না। মাংস খাওয়াও ছেডে দিয়েছিলেন।

সদাররা জানত, সবই নরহরি বাবাজীর প্রভাব। ভাল লাগেনি তাদের। রাজা বৈষ্ণব আছেন—পাকুন! কিন্তু বাড়াবাড়ি হলে রাজ্য চালানো মুশকিল। নদের মাহাষ নরহরি বাবাজী শাকপাতা থেয়েও জীবন কাটাতে পারেন। কিন্তু জঙ্গল মহলের এক তরক্ষের রাজা হয়ে হেমৎ সিং ভূঁইয়ার পক্ষে সেটা সম্ভব নয়। তাতে তরক্ষেরই অমন্থল ডেকে আনে।

মুখে অবশ্য ভারা কিছুই বলেনি। রাজাকে ভারা ভালবাসে। রাজা যে ভাদের প্রাণ দিয়ে ভালবাসেন।

স্বন্ধচ্যত কুকুরের দেহগুলো অতিক্রম করে রাজা পূজারীর সামনে গিয়ে বলেছিলেন—অনর্থক এত রক্তপাত কেন ?

—অনর্থক ? এই তো সার্থক। ফুল দিয়ে পুজে। হয় গন্ধার পলিমাটিতে,

জকল মহলের পাণ্রে মাটির ওপর নর। এখানে ফুল রাখার সঙ্গে সঙ্গেই উত্তাপে কুঁকড়ে শুকিয়ে যাবে। তাই রক্তের প্রয়োজন।

রাজার চোখ ত্টো নিমেষের তরে জালে উঠেছিল। এমন উদ্বত জবাব তিনি প্রত্যাশা করেননি। তিনি জানতেন না যে মারাংবৃক্তর পূজারী মঙ্গল হেম্বরম্ বহুদিন থেকেই চটে আছেন তাঁর ওপর, আর তাঁর কুলদেবতা কালাটাদ জিউর ওপর।

- —তবু আমি বলছি এই রক্তপাত যাতে কম হয় সেদিকে লক্ষ্য রাথবেন।
- —সম্ভব নয়। মারাংবৃক্ধ স্বপ্পে কাকে কি আদেশ দেন, আমি তা কি করে জানব ? রক্তের তৃষ্ণা যদি জাগে তাঁর বিশ্বব্রস্থাও তা ঠেকাতে পারবে না।
 - —ভাহ'লে আমাকেই হন্তকেপ করতে হবে।
 - আপনি ? বন্ধ করবেন ?
 - —ইা।

ঠিক সেই সময় বিকট শব্দে একটা কুকুর ডেকে ওঠে মারাংবৃকর গুহার ভেতর শেকে।

- —শুনলেন ? ও চেষ্টা করবেন না। সর্বনাশ হবে আপনার। মঞ্চল হেম্বরম্ হো হো করে হেসে ওঠে! রাজার হকুম যেন ছেলেমানুষের আবদার।
 - —হোক্। বলি বন্ধ করতেই হবে।
 - —চেষ্টা করুন। হেম্বরমের কথায় বিদ্রূপের খোঁচা।

রাজা থাঁড়ি পাহাড়িতে ওঠেন। সদারদের বৃক ধুক্ধুক্ করছিল।
সাংঘাতিক লোক এই মঙ্গল হেম্বরম্। রাজা তাঁকে এমনভাবে না বললেই
ভাল করতেন। অনেক দিকু এই পূজারীকেই সাক্ষাৎ মারাংবৃক্ণ বলে ভাবে।
বলির সঙ্গে সঙ্গে যেভাবে তিনি কুক্রের রক্ত পান করেন তাতে না ভেবে
উপায়ও নেই। আগুনে সেদ্ধ করে কুক্রের মাংস সবাই খায়। কিন্তু কাঁচা
মাংস চামড়া সমেত কামড়ে ধরার কথা ভাবা যায় না। পূজারী আর এই
দেবভার পক্ষেই তা সম্ভব।

এই সব অমক্ষল চিস্তায় স্পার্থের বৃক্ যথন কাঁপছিল, ঠিক তখনি ঘটল ছুর্ঘটনা। পাহাড়ে ওঠার পথে একটা বড় পাথর গড়িয়ে পড়ল রাজার মাথার ওপর। মুখ থ্বড়ে পড়ে বান তিনি। ধরাধরি করে তাঁকে কিতাগড়ে নিয়ে এল স্পাররা। সেই থেকে তিনি অক্সান।

ब्राक् नैं। शिवा त्येष क्यांव पित्य त्यत्वन-करंहे वाका करना-बाका

বাঁচবেন না।

রাণী ভূলুঞ্জিত-অচৈতক্ত। শ্যার ওপর রাজা শায়িত।

সারিমুমু ধীরে ধীরে এগিয়ে যায় ঘরের ভেতরে। পেছনে যায় বৃধকিস্কু, ভূই: টুডু আর বাঘরায় সোরেণ। এ-সময়ে লজ্জা সরমের কথা ভাবতে গেলে চলে না। রাণীর মর্যাদার অবমাননা তারা করছে না। শেষ সময়ে রাজার পাশে দাড়াতেই হবে তরফের সদারদের। সেটাই নিয়ম।

হেমৎ বিং-এর শিয়রের কাছে এসে দাঁড়ায় তারা। প্রদীপ নিভূ নিভূ। তবু দদি শেষ মূহুর্তে একবার দ্প করে জলে ওঠে। অন্তিম বাসনা দদি কিছু শেকে থাকে রাজার।

জিভন কোপায়? যুবরাজ জিভন সিং? এতক্ষণে সদারদের মনে পড়ে বার তার কথা। এই সময়েও কি সে বসে রয়েছে কোন শালবনের নীচে অথবা নির্জন কোন ঝবণার ধারে! এখনো কি সে তন্ময় হয়ে বাঁশী বাজিয়ে চলেছে? বাবার এ-অবস্থা দেখেও কেমন করে অমুপস্থিত থাকতে পারে সে, ভেবে পায় না কেউ। বিভূঞ্চায় ভরে ওঠে অভগুলো মন—সভেরখানি তরক্ষের মাখা। চিস্তায় কপাল কুঁচকে ওঠে ভাদের।

অন্ত তিন তরফ সতেরখানিকে এবারে অনেক পেছনে ফেলে যাবে। এসিয়ে যাবে পঞ্চ সর্দারী—তিনসওয়া—ধাদকা। বরাহভূমের রাজদরবার খেকে সতেরখানির রাজার কাছে আসবে না আর মর্বাদার আমন্ত্রণ। বিপদের সময়ে এ-রাজ্যের গুরুত্ব আর ব্রবেন না বরাহভূমের মহারাজা। পঞ্চ খুঁটের সভার এক খুঁট অনাদৃতই থেকে যাবে। জন্মল মহলের ভাগ্যবিধাতা এবার খেকে এক খুঁটকে বাদ দিয়ে চার খুঁট। রাজধানী বাটাল্কা গ্রাম এখন থেকে শালবনের অন্ধ্রকারে পচে পচে মরবে। মরবে কিতাগড়—আর প্রজারা। সতেরখানির রাজার হাতে আর শোভা পাবে না তারগুয়াড়ী—কাপি—আঃ—
ফিরি। বানী—বানী থাকবে রাজার হাতে। কর্মের অভাবে প্রজাদের পেনী যাবে ভিলে হয়ে। উদ্দীপনা আর বীরত্বের অভাবে তাদের বুক যাবে ধ্বসে। বহিংশক্রর আক্রমণে পাহাড়ে পাহাড়ে আগুণ জনবে—আর রাজা বানী বাজিয়ে পারীদের মন ভোলাবেন। চার স্পার মনে মনে প্রতিজ্ঞা করে—বানী-ভয়ালাকে রাজা করবে না তারা।

अमीन निष्ठारे जात षठेन त्नव वारतत मछ। नमातता এक नात्न सूर् तक

- পড়ে শব্যার ওপর ; রাজা চোধ মেলেন। কাকে বেন থোঁজেন তিনি। রাণীর তথনো মূর্ছা ভাঙেনি।
- —কাকে চান রাজা? আমরা সবাই আছি। কিছু বলবেন? ডুই: টুডুর গলার হুর কেঁপে ওঠে। সে-ই সর্বকনিষ্ঠ সদার। বাঘরায় সোরেণ ভার চেয়ে সামান্ত বড়।
 - জিভূ—। রাজা অনেক কটে উচ্চারণ করেন। সদাররা চুপ।
- নেই ? বাঁশী বাজায় ? রাজার মূখের ওপর অপূর্ব স্থেহের হাসি চকিতে খেলে গিয়ে আবার মিলিয়ে যায়।
- যুবরাজ ছেলেমামুষ রাজা। স্পাররা সাহস পায় রাজার হাসি দেখে।
 একটু চূপ করে থাকেন রাজা। বোঝা যায় শক্তি সঞ্চয় করছেন তিনি।
 শেষে বলেন—ওকেই রাজা করবে ?
 - —আপনার হুকুম! সদারদের প্রতিজ্ঞা যেন হলে ওঠে এর মধ্যেই।
 - না। তোমাদের পছন্দ। রাজার ছেলে হলেই রাজা হওয়া যায় না।
 যক্ত্রণায় মুখ বিকৃত করে থেমে যান রাজা। চোথ বন্ধ করেন তিনি।

প্রদীপ বোধ হয় এবারে নিভবে। স্পাররা নির্বাক। নিম্পলক দৃষ্টিতে চেয়ে থাকে ভারা। রাণীর দেহ ভখনও নিশ্চল।

কালাটাদ জিউএর মন্দিরের ঘণ্টা এইমাত্র থামল। সমস্ত বাটালুকা গ্রাম জুড়ে নেমে এসেছে অন্ধকার। শালবনের ছায়ায় সে অন্ধকার আরও গাড়— আরও ভয়ংকর। সেই অন্ধকারকে সামান্ত আলোকিত করে তুলতে অসংখ্য বাক্জুম্ ব্যর্থ প্রয়াসে ঘূরে ঘূরে মরছে। ঘরের ভেতরে বাতি এনে রেখে যায় একজন দাসী। সেই আলোতে চার সদারের দীর্ঘ ছায়া পড়ে পেছনের দেয়ালে।

রাজ! আবার চোথ মেলেন। নিঃখাস নিতে কট্ট হয় তাঁর। তবু কি খেন বলতে চান।

- जापनि कथा वलरवन ना दाखा। कहे हरव। मादिवृत् वरन।
- —একটু। ত্রিভূকে গড়ে ভোলো। ঠকবে না।
- আমরা জানি রাজা। আপনার রক্ত তার শরীরে। তাই হবে—তাই হবে। বুধ কিস্কু ব্যস্ত হয়ে বলে।
 - ं —সব শরীরেই এক রক্ত বুধ। মাহুষের রক্ত।
 - --- अवाद्य हूপ करून वाका। वाचवात्र त्माद्व**ण अ**खकरण मूर्व (शास्त्र)। त्म

সভরে চেয়ে দেখে রাজার মাধার একপাশ দিয়ে নতুন রক্ত গড়িয়ে পড়ছে—
তাজা টাটকা রক্ত। মারাংবৃক্ষর ঠাই-এর দৃষ্ঠ তার মনে পড়ে। এমন রক্ত
সেধানে দেখেছিল সে।

স্বর্ণরেখা নদীর তীরে দাহকার্য সমাপ্ত হল। ত্রিভনসিংহ দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখে তারই অতি পরিচিত মাহ্যটি ধীরে ধীরে কেমন ডম্মীভূত হয়ে য়য়। তার একমাত্র বন্ধু আর পৃথিবীতে নেই। তার একাকীত্বের একমাত্র সাধী ছিলেন রাজা হেমৎ সিং। পুত্রের মন একা তিনিই চিনতেন। আর সবাই তার বিরুদ্ধে—পছন্দ করে না কেউ। এমন কি তার নিজের মাকেও ফেলা বায় সে দলে। নিজের ছেলেকে কখনো কাছে ডাকেন নি তিনি—কোনদিন হটো মিষ্টি কথাও বলেন নি ভূলে। শুধু ধর্ম—নরহরি দাস আর কালাচাঁদ জিউ। পৃথিবীর সঙ্গে আর কোন সম্পর্ক নেই তাঁর। শেষের দিকে অবশ্ব রাজাকে পছন্দ করতে ত্বক করেছিলেন। কারণ রাজাও তাঁরই মত খাঁটি বৈষ্ণব হয়ে উঠেছিলেন। মায়ের কথা ডেবে চোখে জল আসে ত্রিভদের। অক্তের মায়েদেরও তো সে দেখে।

স্ণারদের মনেও স্থান নেই ত্রিজনের। তারা বলে সে নাকি ভূঁইরা বংশের কসংক। তারা চায় তাদের সক্ষে ঘুরে ঘুরে সে-ও শিকার করুক, তীর ধরুক ছুঁডুক। বনে জক্ষলে সে ঘোরে, স্ণারদের চেয়ে বেশীই ঘোরে। তবে একা একা। আর তীর ধরুকে সে যে কতথানি সিদ্ধহস্ত সে-থবর রাখতেন তথু তার বাবা। কিতাডুংরি পাহাড়ে কিতাপাটের মন্দিরের পাশে দাড়িয়ে রাজা হেমৎসিং-এর কাছে বহুবার সে পরীক্ষা দিয়েছে। প্রতিবারই বিশ্বিত হয়েছেন রাজা পুত্রের অব্যর্থ লক্ষ্যভেদ দেখে। তাই ত্রিভন পাগলের মত বানী নিয়ে ঘুরে বেড়ালেও তিনি বলতেন না কিছু। হাসতেন।

চিতাভন্ম থেকে রাজার অস্থি সংগ্রহ করে অমুষ্ঠান সহকারে রাখা হয় রাজ পরিবারের অস্থিশালায়। বিরাট এক পাধর চাপানো হয় তার ওপর। সতেরখানি তরক্ষের প্রথম রাজা খাঁড়ে পাধর, তৎপুত্র য়ুঝার সিং ভূঁইয়া— তাঁরই পাধরের পাশে রাখা হল হেমৎ সিং ভূঁইয়ার অস্থি। ত্রিভন মনে মনে ভাবে, বদি কোনরকম অষ্টন না ঘটে তবে এরপর স্থান পাবে তারই অস্থি।

পিতার সমাধির দিকে চেয়ে তরায় হয়ে পড়েছিল ত্রিভন। ঠিক সেইসময়

একখানা বলিষ্ঠ হাতের স্পর্শ কাঁষের ওপর অন্থভব করে শে। ঘাড় ফিরিয়ে দেখে বৃদ্ধ স্পার সারিমূর্মু চেয়ে রয়েছে তার দিকে।

- -কি সদার ?
- —জরুরী কথা রয়েছে।
- -वन्न।
- —বাইরে আসতে হবে একটু। অন্ত সবাই অপেক্ষা করছে সেখানে।

তিন সর্ণার বাইরে গাঁড়িয়ে ছিল। ত্রিডন লক্ষ্য করে, রাজার মৃত্যুতে স্বাই তারা শোকাহত। অধচ কিসের চিস্তায় যেন অন্থির।

ভূই: টুড় ধীরে ধীরে বলে—সভেরধানি তরকের রাজ্ঞাকে আমরা হারিরেছি

ক্রিন্ডন সিং। সিংহাসন শৃষ্ট। কিন্তু বেশীদিন তো এভাবে কেলে রাধা যায়
না। সমাজের গোলমাল রয়েছে, বাইরের বিপদও আছে। আমরা, সদাররা
চাই, একজন যোগ্য ব্যক্তি যত ভাড়াভাড়ি সম্ভব সিংহাসনে বসে আমাদের
নিশ্চিন্ত করুন। রাজার মৃত্যুতে আমরা মর্মাহত। তবু আপনাকে ডাকতে
হল তথু এইজন্তেই।

ভুই: খুব স্থলর ভাবেই কণাগুলো উচ্চারণ করন। অক্তান্ত সর্ণাররা মনে মনে প্রশংসা না করে পারে না। ভারা ভেবে উঠতে পারছিল না, আজকের দিনেই কিভাবে ত্রিভনকে কথাগুলো বলা যায়। ভূই:-এর গাল-বাঁধা সার্থক। কথায় যাতু সভ্যিষ্ট ভার আয়তে।

নিজের অজ্ঞাতে দীর্ঘশাস ফেলে ত্রিভন। শেবে বলে—কি করতে হবে শামাকে ?

- —পরীকা দিতে হবে আপনাকে। প্রমাণ করতে হবে বে সতেরখানি তরকের রাজা হবার উপযুক্ত আপনি। সারিমুর্মু এবারে পরিষার করে বলে।
 - —বেশ। পরীকা নিন। আমি প্রস্তুত।
- —অত সহজ্ব নয় জিভন সিং। তুমাস সময় দিলাম। আমরাই শিক্ষা দেব এই চুমাস। তবে ওই বাঁশী ছাড়তে হবে আপনাকে।

জিভনের .চোখে মুখে দৃঢ়তার ছাপ স্পষ্ট হয়ে ওঠে। সে বলে—বাঁশী স্বামি ছাড়ব না। যে পরীকা করতে চান স্বাপনারা এখনি করতে পারেন।

সদাররা পরস্পরের মূখের দিকে দৃষ্টিপাত করে। রাজা হেমৎ সিং-এর শেষ কথা তাদের কানে বাজে। তাঁর অন্তরের বাসনা ছিল, জিভনই সিংহাসনে বহুক। সদাররাও চায় তাই। রাজাকে তারা ভালবাসত। কিন্তু অর্বাচীন কিশোরের হঠকারিতায় সে সুযোগ বুকি নই হয়। ভূই: টুড়ু সামনে এগিয়ে এসে তর্জনী তুলে বলে—ত্রিভনসিং! শেয়ালের বলে এতদিন চলেছেন। আর তা সম্ভব নয়। আমরা যা বলছি, সেই অহুযায়ী কাজ করুন। থাঁড়ে পাধরের বংশের মর্যাদাই রক্ষিত হবে তাতে।

অলে ওঠে জিভন সিং। কঠোর দৃষ্টিতে সর্ণারদের দিকে চেয়ে বলে— শীড়ে পাশরের বংশের মর্যাদা আপনারাই রাখছেন না সর্ণার। পরীক্ষার জন্তে ভাই তুই মাস সময় দিচ্ছেন। ওপর থেকে একথা শুনে খাঁড়ে পাথর লক্ষায় মুখ ঢাকছেন। মুখ ঢাকছেন সন্ত লোকাস্তরিত রাজা হেমৎ সিং। আপনারা ভাঁর যোগ্য সর্ণার বলে বড়াই করেন ? ছি ছি।

চোয়াড় সদারদের মুখগুলো হয় পাপুর। যৌবনের পদপ্রাস্থে এগিয়ে আসা এক কিশোর বংশীবাদকের কাছ পেকে এমন কঠিন ভাষা তারা প্রত্যাশা করেনি। মনে হল যেন হেমৎসিং নিজেই সেই কথার চাবুক চালাচ্ছেন ভাদের ওপর। এমন কথা বলা কোথায় শিখন ছেলেটা ? সে তো চূপ করেই খাকে সারাদিন।

সারিমুর্ম্, ব্ধকিদ্কু, বাঘরায় সোরেণ, ডুই: টুড়—সবাই চেয়ে থাকে ব্যক্তিত্ব-পূর্ণ এক কচিমুখের দিকে—যে মুখে এতদিন ভাবাবেগ আর তর্ময়তা ছাড়া কিছুই নজরে পড়েনি তাদের।

সূর্য তথন মাধার ওপরে। শালবনের পাতার ফাঁক দিয়ে রশ্মি চুইয়ে বাটালুকা গ্রামের মাটিতে আলোর আলপনা এঁকে দিয়েছে। অদ্বে কিডাডুংরি অতীতের বহু ঘটনার মত আজকের ঘটনারও নীরব গাক্ষী।

—আপনারা কি ক্লীব হ'য়ে গেলেন সদার ? অমন চুপ করে দাঁড়িয়ে রয়েছেন কেন? গ্রামে গ্রামে চাউরার ব্যবস্থা করুন। এখনি—এই মুহুতে কিতাপাটের মন্দিরের পাশের শালগাছের সবচেয়ে ভাল ভাল কেটে নিয়ে ছয়জন লোক ঘুরে আত্মক সভেরখানি তরক্ষের প্রতিটি গ্রামে। চাউরা ভনেলোক এসে জড়ো হোক কাল এখানে। তাদের সামনে আমার পরীক্ষা হবে।

সারিমুমু মুখ খোলে এবারে। বলে—অভ লোকের প্রয়োজন নেই।
স্মামরা তাদের প্রতিনিধি। স্মামাদের সামনে দিলেই চলবে।

- --- (वन। তবে এখনি হোক। वनून कि कदा रहत।
- —আজ আপনি স্থ নন। মন খারাপ আপনার। কালকে ব্যবস্থা করলেই চলবে।
- স্থাবার ভূগ করলেন স্থার। মৃত্যুতে যত ছঃথই থাকুক না কেন, সভেরখানির লোকেরা তাতে চঞ্চল হয় না। প্রতি পদে তারা দেখতে পায়

মৃত্যুর হাতছানি। বৃদ্ধ হয়েছেন আপনি। তাই এত তুল। আপনার সকে বৃদ্ধযাতা নিরাপদ নয় !

সারিমুমুর মাখা বিম্বিম করে ওঠে। রাগে না লক্ষায় ব্রতে পারেনা সে। এভাবে অপদস্থ হবার কথা স্বপ্নেও ভাবেনি। এতথানি বয়স হল, কেউ কখনো এভাবে বলেনি ভাকে। প্রতিশোধ নিতে ইচ্ছে হয় ভার। মৃত রাজার কাছে ক্ষমা প্রার্থনা করে মনে মনে, পারলাম না রাজা ভোমার স্বাদেশ মানতে। দায়ী ভোমার ছেলেই।

একটা ধহুক আর তীর এনে ত্রিভনের সামনে রাথে সারিমুর্।

- কি করতে হবে ? ত্রিভন প্রশ্ন করে।
- ওই যে মুন্গা গাছ দেখছেন, অতদূর আপনার তীর পৌছবে কি ?
- —চেষ্টা করতে পারি।
- যদি পৌছোয় তবে গাছের গোড়াটাকে লক্ষ্য করে মারুন।

মূহতের জন্মে ত্রিভন কপালের ওপর বাঁ হাতথানা আড়াল দিয়ে গাছটাকে লক্ষ্য করে। তার দৃষ্টি তীক্ষ্ম হ'য়ে ওঠে। মূথে ভেসে ওঠে মূত্ হাসির ভরক্ষ। সদারদের দিকে চেয়ে সে বলে—গাছের ডালে একটা পোতাম বসে আছে না?

চার-সর্দার চেয়ে খাকে বহুক্ষণ। শেষে দেখতে পায় পোতামটিকে। একমনে ডেকে চলেছে সে।

- কিন্তু ওটাকে তো মারা সম্ভব নয় ত্রিভন সিং। বাঘরায় বলে ওঠে।
- আমি ওটাকেই মেরে দিচ্ছি। নিয়ে এসো তোমরা। গস্তীর গলায় ত্রিভন কথা বলে। সদারদের প্রথম 'তুমি' বলে সম্বোধন করে তীরধহক হাতে তুলে নেয় সে।

রাগে কেঁপে ওঠে সর্দাররা। বিজ্ঞাপ করছে হেমৎ সিং-এর পুত্র। মাটিক দিকে চেয়ে তারা পাধরের ওপর ঘন ঘন পা ঘদে।

- —গেলে না ? সতেরথানি তরফের সদাররা কি আজকাল নিজেদেরই রাজা বলে ভাবতে স্থক করেছে।
- —পোতামকে মারা কখনই সম্ভব নয়। ঠাট্টা করছেন **আপনি। ফল** পেতে হবে। চীৎকার করে ওঠে বৃধ কিস্কু।
- —চূপ। তর্ক শিখেছে সদাররা। এগিয়ে যাও তুমি বৃধ কিস্কু। হাঁা, তোমাকেই বলছি। নিয়ে এসো মৃত পোতামকে।

দীতে দাঁত চেপে মুহূর্তের জন্মে স্থির দৃষ্টিতে চায় বুধ উদ্ধত যুবকের দিকে। শেষে ছুটে বায় মুন্গা গাছের দিকে। সেই সঙ্গে ছোটে ত্রিভনের তীর।

সর্পাররা দেখে ঠিক জ্বায়গাতেই পৌছেচে তীর। তবে পাখীটা মরেছে কিনা ঠাহর করতে পারে না। তবু তারা অবাক হয় ত্তিভনের ধহকের হাত দেখে।

একটু পরেই তারা দেখে বিহবল বুধ কিস্কুকে—রক্তমাখা পোতাম তার হাতে। ভয়ে কাঁপতে থাকে তারাই। কে এই অস্তুত যুবক ? এ তো সেই বাশীওলা নয়—এর মুখ চোখের কঠোরতা আর ব্যক্তিম্ব যে মৃত রাজাকেও হার মানায়।

- —আর কিছু পরীকা করতে চাও ?
- আমাদের ক্ষমা করুন রাজা। ডুই: টুড়ু এগিয়ে গিয়ে তার হাতের তারওয়ারী রাজার পায়ের সামনে সমর্পণ করে। বাঘরায় সোরেণ রাখে তার কাপি। সারিবছ হয়ে দাঁডায় সতেরখানির চার-স্থার।

বা-হাতের আগুনে-পোড়া জাতি-চিহ্ন 'সিকে'র ওপর ডান হাত স্পর্শ করে সারিমূর্মুর সঙ্গে সঙ্গে তারা সবাই এক সঙ্গে উচ্চারণ করে—আমরা আমাদের 'সিক' স্পর্শ করে ঘোষণা করছি, রাজা হেমৎ সিং ভূইয়ার মৃত্যুর পর তাঁর যোগ্যপুত্র ত্রিভন সিং ভূইয়াকে সতেরখানি তরফের রাজা নির্বাচিত করা হল। আমরা, সতেরখানি তরফের সমস্ত অধিবাসী, তাঁর প্রতি আজীবন বিশ্বস্ত থাকব।

— সদার সারিম্মু', ব্ধকিস্কু, ডুই: টুডু, বাঘরায় সোরেণ, আমি প্রতিজ্ঞা করছি, সভেরখানির মর্যাদা আমি প্রাণ দিয়ে রক্ষা করার চেষ্টা করব।

চার স্পার রাজার সামনে ভূমিতে লুটয়ে পড়ে।

- —ভবে একটা কথা সদার, বাঁশি আমি বাজাব।
- —নিশ্চয়ই বাজাবেন। ছুইঃ টুছু বলে উঠে। সে নিজে গান বাঁধে।

শেষ রাতে যে সর্দাররা শিশুর মত কেঁদেছিল স্ক্বর্ণরেখা নদীর তীরে, মধ্যান্ডের শেষ প্রাহরে তারাই আবার প্রাণখোলা হাসি হেসে ওঠে হো হো করে।

কাঁটারাঞ্চা পাহাড়ের উচ্চতা বেখানে সমতলে এসে মিশেছে, সেখানে ছিয়ানব্যই বছরের বৃদ্ধ পারাউ মুমুর কুঁড়েঘর। রাজা খাঁড়ে পাধরের শীবনের শেষ ছ্বছর এই বৃদ্ধকে চার তরকের সমস্ত অধিবাসীই চিনত। সে সময়ে থাঁড়ে পাথরের ডান হাত ছিল সদার পারাউ মুর্। সদারের নেতৃত্বে সতেরখানির চোয়াড় বাহিনী স্বদ্র ধনভূম পর্যস্ত আক্রমণ করে জঙ্গলমহলকে দিয়েছিল এক প্রচণ্ড ঝাঁকুনি। বরাহভূমের রাজা বিবেকনারায়ণের পিতামহ অনেক চেষ্টা করেছিলেন এই চুদাস্ত সদারকে বশে আনতে—কিন্ত পারেন নি। শেষে তিনি নিজে এসেছিলেন কাঁটারাঞ্জার কোল-ঘেঁষা এই ক্ষুত্ত কুটিরে। সঙ্গে এনেছিলেন বৃদ্ধ খাঁড়ে পাথরকে।

বিশ্বিত দৃষ্টিতে দেদিনের যুবক পারাউ কিছুকণ চেয়ে থেকে, ছুটে গিয়ে ছুই রাজার সামনে সাষ্টাকে প্রণাম করেছিল।

—কি অপরাধ করেছি মহারাজ।

মহারাজের হয়ে রাজা খাঁড়ে পাধর ক্ষবাব দিয়েছিলেন—ক্ষক মহলে শাস্তি প্রতিষ্ঠার জব্তে মহারাজা ব্যাকুল হয়েছেন পারাউ।

- —আমাকে উনি ওঁর কাৰে লাগাতে চান ?
- —না। উনি ভগু চান, তুমি শাস্ত হও।
- —সেকথা আমাকে বলে লাভ কি রাজা ? আপনার ছকুমের চাকর আমি।
 আপনিই ব্যবস্থা করুন।
- —তা জানি। কিন্তু শাস্তির জন্তে যে উনি কতটা আকুল সে কথা তোমাকে জানাতে চান বলেই তোমার বাড়ীতে আমাকে নিয়ে এসেছেন।

বরাহভূমের মহারাজা দরিত্র মুমুর গৃহস্থালীন খুঁটিনাটি চেয়ে চেয়ে দেখ-ছিলেন। এত বড় সদার অবচ বাড়ীর আভিনায় পা দিলেই ভার সমস্ত সম্পত্তির হদিশ এক নজরে জেনে নেওয়া বায়—বার মূল্য খুবই সামান্ত।

পারাউমূর্য মহারাজার মনোভাব বুবল। হেসে বলল, সে,—হাঁ। মহারাজ এই হলো একজন সর্গারের সংসার। সতেরখানির সাধারণ প্রজাদের অবস্থা এর থেকেই আপনি জহুমান করতে পারবেন। মহুল, জোনার আর কত্য়া— ভাও মেলে না এদের ভাগ্যে। ভাই আমরা অশাস্ত। শাস্ত থাকতে কি আমাদেরও সাধ হয় না ? কিন্তু পেটে বখন জালা ধরে, ছেলে-মেয়েগুলো বখন দিনের পর দিন না খেয়ে ভকিয়ে যায়, যখন পেটের জালা মাথায় গিয়ে ওঠে। আর শাস্ত থাকতে পারি না আমরা।

বরাহভূমরাজ নিক্তর।

বাঁড়ে পাধর বলেন—শুনলেন মহারাজ ? আমার সঙ্গে শত আলোচনা করেও যা বুরতেন না, পারাউ স্গারের এক কথায় বুরেছেন নিশ্চয়। সমস্ত সতেরখানি তরফ যেন কথা বলল এই মুহুর্তে।

—বুবেছি রাজা। তব্ বলছি শাস্ত থাকতে। আপনি জ্ञানেন বোধ হয় টোডরমঙ্কের রাজস্ববিভাগের মধ্যে জন্তুলমহলের নামমাত্র উল্লেখ রয়েছে। কিন্তু এখান থেকে রাজস্ব আদায়ের কল্পনা এ-পর্যস্ত কেউ করেনি। কারও দৃষ্টিও এদিকে পড়ে নি। কিন্তু বরাবর যদি এখানে আগুণ জ্ঞলে, মুসলমানদের দৃষ্টি এদিকে পড়বেই। তখন কত্য়া জ্ঞোনায়ও কারও ভাগ্যে ভূটবে না। আজ্ আপনি আমাকে বছরে দিছেন ২৪০ টাকা। তখন এর একশো গুণ দিলেও বোধহয় ওদের পেট ভরবে না।

—আপনার কথা ভাববার মত। থাঁড়ে পাধর গম্ভীর হয়ে বলেন।
চিম্বান্থিত তুই রাজা চলে গিয়েছিলেন সেদিন পারাউমুমুর আঙিনা ছেড়ে।

কিন্তু এরপরও পারাউ শাস্ত থাকতে পারেনি। অল্পদিন পরেই থাড়ে পাথরের মৃত্যু হল। যুঝার সিং হলেন রাজা। অক্সায়ের প্রতি সহিষ্ণৃতা দেখানো বৃদ্ধ থাড়ে পাথরের পক্ষে সম্ভব হলেও যুবক যুঝার সিং-এর ধমনীর রক্ত চঞ্চল হয়ে উঠেছিল। সেই সঙ্গে পারাউমুমুরও।

ঘটনাবহুল জীবন এই পারাউমুমুর। অনেক যুদ্ধ দেখেছে—অনেক করেছে। শেষে অম্বিকানগরের সঙ্গে এক খণ্ডযুদ্ধে ডান হাতধানা হারায়। সেই থেকে আর সে কিভাগড়ে যায় নি। লাভ নেই। সাঁওভাল, মুগুা আর ভূমিজ অধ্যুষিত সভেরথানি তরকের রাজধানী বাটালুকার রাজপুরী কিভাগড়ে অক্ষমের স্থান নেই। জীবন ধারণের অভ্যাবশুক তাগিদে যেখানে প্রতি মুহুর্ভে অস্ত্র ধরতে হয়, সেখানে অক্ষম হয়ে বসে থেকে অভীতের কথা শ্বরণ করিয়ে দিয়ে বেশীদিন সন্ধান বজায় রাখা সম্ভব নয়।

তাই পুত্র রাজমুর্মু কে পাঠিয়েছিল সে যুঝার সিং-এর কাছে। অন্নরোধ করেছিল, রাজুকে যেন তার সামর্থ্য প্রকাশের স্থযোগ দেওয়া হয়। যুঝার সিংও দ্বিধাবোধ করেননি সে অন্থরোধ রক্ষা করতে। প্রধান সর্পারের পুত্র প্রথম স্থযোগেই যাতে সর্পারের আসন দখল করতে পারে—সে ইচ্ছে তাঁরও ছিল। এক মাসের মধ্যে স্থপুর রাজের বিক্ষে হলো অভিযান। রাজ্মুমুর্মু তার নেতৃত্ব পেল।

সেদিনের কথাকে মনে হয় যেন কালকের কথা। পারাউ প্রায়ই বসে বসে ভাবে। স্থাকে তথনো দেখা যায় নি সমতলের দিগন্তে—কাঁটারাঞ্লার চূড়াটুকু শুধু লাল হয়ে উঠেছে সবে। পারাউ একটা বাঁলের খুঁটি মাটিডে পুঁতবার চেটা করছিল একহাতে—গরু বাঁধার জরে। ছাব্দিশ বছরের স্থঠান

যুবক ঘর থেকে বাইরে এল ঠিক সেই সময়ে। গায়ের হলুদ রঙের আঙরণ
আর মাধায় লাল দাংড়ি। কাঁখে ছিল ভার বল্পম—হাতে চাল।

পারাউমুমু একদৃষ্টে চেয়ে চেয়ে দেবছিল ছেলের বীরের রূপ। রাজু মৃত্ব হেসে প্রণাম করে বলেছিল—চালা কানাইঞ।

- --- ওকধা বলতে নেই। বল 'আসি'।
- —আসি বাবা।
- —কিতাপাটের আশীর্বাদে তুই জিতবি—নিশ্চয়ই জিতবি। সদার হবি তুই। কিতাপাট তোর স**দে সছে থাকবেন**।

আবার একটু মৃত্ হেসেছিল রাজু। বরের দরবার দিকে একবার চোরা-চাহনি চেয়েছিল। সেধানে আড়ালে দাঁড়িয়ে তার বউ। ছেলে সাওনা তথনো সুমে অচেতন।

त्मरे विनायर त्मव दिनाम।

আর ফেরেনি রাজু। যুদ্ধে জিতেও সে যুদ্ধকেজে পড়ে রইল। কিতাপাট ভাকে স্থার হতে দেননি—রক্ষাও করেন নি।

নাতি সাওনা মুমু মরেছিল ভালুকের হাতে। তার ছিন্নবিচ্ছিন্ন দেহ
পাওয়া গিয়েছিল মারাংবৃরুর টাই-এর কাছে। দাছকে বৈহা ওযুধ খেতে বলেছিল
—তাই গাছ-গাছড়ার থোঁজে সে গিয়েছিল থাঁড়ে পাহাড়িতে। পথে রাত
হয়েছিল। হাত ছিল খালি। টাঙি নিয়ে গেলে একশো ভালুকও সাওনার
কাছে ভিড়তে পারত না। বাপের মতই সে ছিল শক্তিমান—দাহর মত তারও
ছিল চওড়া বুক।

ব্যাটার বউ আর নাড-বৌও গিয়েছে। মরে বেঁচেছে তারা সেবারের 'হাওয়া-ছক'-এর মহামারীতে। কিন্তু সেই সন্দে সাধনার মেয়েটাকে নিয়ে গেলেই পারত। সেটাকে যে কেন ফেলে গেল, কিতাপাটই একমাত্র জানেন সেকথা। বুড়োকে আর যে কত পরীক্ষাই করবেন তিনি।

সাওনার মেয়ে লিপুর। বুড়ো ভেবেছিল বাঁচবে না। কিন্তু মরলও ভো না। বেশ ডাগর হয়ে উঠেছে। চোন্দ বছর বয়স হল। এ-বয়সে বিয়ে হয়ে যায়। বিয়ে দেওয়াই উচিত, কিন্তু প্রাণ যে চায় না। স্থার কয়দিনই বা।
খাকুক সে-কদিন।

সেদিন বুড়ো বসেছিল চিস্তায় বিভোর হয়ে। অতীতের স্বৃতি ভোলপাড়

করছিল তার মনে। এমন সময় লিপুর ছুটে আসে হাঁপাতে হাঁপাতে। খবর দেয়, তাদের গাই কুঙ কীর বাছুর হয়েছে মাঠের মধ্যে।

- कि विशाला? अं एक ना वक्ना।
- —এ ড়ে। লিপুর ঠোঁট উল্টোয়।
- —মন খারাপ হলো নাকি রে?
- हरव ना ? এতোদিনে একটা বাচ্চা हला, ভাও এঁ ড়ে।
- —এঁড়ে কি থারাপ ?
- —বড় হলে **ত্**ধ দেবে ?
- इथ ना नित्नल मार्ठ हयद्य।
- क निरंश यादव बार्छ— आभि ?
- —না। তোর যে একটা এঁড়ে স্থাসবে ? সে !
- -(4TS)
- চল দেখিগে। পারাউ হাসতে হাসতে লিপুরের গাংল ভব দিংই উঠে দীড়ায়। শরীরটা তার বড় বেশী হুইয়ে পড়েছে। মাজাটাকে বেশীক্ষণ সোজা করে রাখা যায় না। ভারসাম্য বজায় রাখতে লাঠিতে ভর দিয়ে চলতে হয়।

বাচ্চটি। অনেক আগেই হয়েছে। বাছুরের গা চেটে চেটে পরিস্কার করে ফেলেছে কুঙ্কী। গা শুকিয়ে গিয়েছে। ইভিমধ্যে পায়েও বেশ জোর হয়েছে বাচ্চটোর। দাঁড়িয়ে দাঁড়িয়ে বাঁটে মুখ লাগিয়ে কেমন চ্বছে। ভবে এখনও মাঝে মাঝে সামনের পা তুটে। ভেঙে যাচ্ছে—ফস্কে বাছে।

পারাউমুমু চেয়ে চেয়ে দেখে।

- —রঙটা তো ভালই হয়েছে। সে বলে।
- —ভাল না ছাই। লাল রঙ ভাল নাকি? মায়ের মত কালো হলেই ভো ভাল হত। এ ঠিক ভকোলদের বাঁড়ের মত দেখতে হয়েছে।
 - —বাপেরই মত হয়েছে।
 - -এদের আবার বাপ থাকে নাকি ?

পারাউ সর্দার হাসে। লিপুর বড়ই ছোট—বয়সের চেয়েও। মেথে-সন্ধী তার কেউ নেই।

ৰাছুরটাকে কোলে তুলে নিয়ে বাড়ীর দিকে এগোয় লিপুর। কুঙ্কী ব্যতিব্যস্ত হয়ে পেচনে পেছনে চোটে। অনেক কাম্ব আজ লিপুরের। সাঁঝে শালকাঠের গুঁড়িতে আগুন দিড়ে হবে। মশায় যাতে কট না পায় এরা। যাস কেটে দিতে হবে। আজ আরু কাঁটারাঞ্জার কালো পাধরের পাশে যাওয়া হবে না। হুঃখ আর আনন্দের এক অঙুত অন্থভূতি তার ছোট্ট মনে খেলা করে বেড়ায়।

সমস্ত দিন আনন্দ আর উত্তেজনার মধ্যে কাটলেও, সন্ধ্যাবেলা মন খারাপ হয় লিপুরের। কাঁটারাঞ্জার টান ত্নিবার—সেই টানকে সংঘড রাখতে গিয়ে সে হাঁপিয়ে ওঠে। শেষে দাত্র কাছে গিয়ে বসে পড়ে বলে— গল্প বল।

- -किटमत्र शहा।
- ---রাজার।
- —আর একদিন শুনিস। আজ ঘুমো গে।
- ঘুম যে পায় না।

আঙিনার সাঁজালের আলো এসে পড়েছে লিপুরের মুখে। সেই মুখের দিকে চেয়ে কট্ট হয় পারাউ-এর।

- —ভোর বিয়ে দেবো রে লিপুর। আর দেরি করব না।
- --- না। বিয়ে করব না।
- —কেন রে। স্থন্দর একটা এঁড়ে আসবে। বৃদ্ধ হেসে ওঠে।
- --- দরকার নেই।
- চিরকাল এমনি থাকবি ?

क्षात क्षवाव (मृत्र ना लिश्र ता अग्रमनम्ब इत (म ।

সেই সময়ে নরহরি বাবাজী এসে আঙিনায় পা দেয়।

- **—কেমন আছো সর্দার** ?
- -- ঠাকুরবাবা না ?
- ইাা। বরাহভূম থেকে ফিরেছি কাল। এসে দেশলাম সব ওলট-পালট হয়ে গিয়েছে। নরহরি চোখ মোছে।
 - —মারাংবুরুর অভিশাপ।
 - —তুমিও একথা বিশ্বাস করেছ ?
 - विश्वांत्र कड़ाई खाल। ना, इ'ल अनर्थ घटि।
- —আমি জ্বানি, কে এমন জ্বল্য কাজ করেছে। নরহরির কঠবেরে দৃঢ়তা।

- —মন্ধল হেম্বরম্। পারাউ উদাসভাবে বলে ওঠে।
- চমকে ওঠে নরহরি।
- --চমকালেন কেন ?
- —তুমি জান ?
- —একথা জানতে কোন কষ্ট হয় না ঠাকুরবাবা। রাজা বৈষ্ণব। রাজ্যের লোকেরাও একে একে বৈষ্ণব হচ্ছে। মারাংবৃহত্ব প্রভাপ ধীরে ধীরে কমে আসছে। তাই—
 - —ঠিক। আমি যাব মন্বলের কাছে।
- ---না। যাবেন না। ধরে নিন রাজার ভাগ্যে ছিল অপঘাত মৃত্যু। শুধু শুধু ওখানে গিয়ে ওকে প্রাধান্ত দিলে ধারাপ হবে।

নরহরির কপালে চিস্তার রেখা ফুটে ওঠে। বৃদ্ধের কথাটা দে উড়িয়ে দিতে পারে না। বরং যত ভাবে, ততই ঠিক বলে মনে হয়। কালাটাদ জিউ-এর প্রতিষ্ঠার পর খেকে যে মারাংবৃক্তর কথা সতেরখানির অধিবাসীদের মন খেকে ধীরে ধীরে মুছে যাচ্ছে তাকে একপাশে সরিয়ে রাখাই ভাল। রাজাও সেইভাবে চললে ভাল করতেন। কুকুর বলির রক্ত দেখে বিচলিত না হয়ে পাশ কাটিয়ে চলে গেলে, আজ এতদিন পরে মারাংবৃক্ত আবার সতেরখানির লোকদের মনে ভীতির আসন প্রতিষ্ঠা করতে পারত না।

- —তোমার কথা মেনে নিলাম সদার। মঙ্গল থাক তার নিজের অভিমান নিয়ে।
- —আর একটা কথা ঠাকুরবাবা। আপনার সন্দেহের কথা রাজা জিভনের কানে যেন না যায়। প্রতিশোধ নেবার চেষ্টা করতে পারেন তিনি। সে চেষ্টা করলে অনেক দিকুর মন ভাঙবে। রাজার বিরুদ্ধেও দাঁড়াতে পারে তারা মঞ্চলের প্ররোচনায়।
- সত্যি কথা বলেছ সদার। আমরা থাকি পুজো-অর্চনা নিয়ে। এত বেশী ভাবতে পারি না।
- —আপনাদের তো কোন দরকার নেই এসবে। আপনারা হলেন মহাপুরুষ।
- —কই আর হতে পারলাম। গোবিন্দকে জীউ-এর সেবার ভার দিয়ে ভাবলাম বুন্দাবন যাব। কিন্তু হয়ে উঠছে না।

দীর্ঘখাস ফেলে নরহরি দাস।

श्वकाञ्चीत जालाठनात्र जरेश्य रहत्र छैर्छिहन निभूत । नतर्तित मीर्गशास्त्र

সঙ্গে সঙ্গে সে-ও সজোরে ক্বজিম খাস ফেলে।

- —বৃন্দাবনের কথা ভবে তোর দীর্ঘশাস পড়ল নাকি রাখা ? নরহরি ঠাট্টা করে।
 - --আবার রাধা বলছ ?
 - —তুই তো রাধাই।
 - —বেশ ভাই। লিপুরের মুখ গম্ভীর হয়।

ক্বমণক্ষের তৃতীয়ার চাঁদ দেখা যায় আকাশে। লিপুর উদাস দৃষ্টিতে চেয়ে থাকে সেদিকে। কিছুই ভাল লাগে না তার, কাঁটারাঞ্জায় ইচ্ছে করে যায়নি বলে। সে হয়ত ফিরে গিয়েছে অপেক্ষা করে করে।

- कि ताथा ठाँप एपटा कि कानठाँ एपत कथा मर्दन अफ़न ?

নরহরি বাবাজীকে আদপেও ভাল লাগে না লিপুরের। এর চেয়ে বরং মারাংবুরুর পূজারী ভাল। দেখে ভয় লাগলেও ভাল। নরহরি বাবাজীকে কেমন যেন অসভ্য বলে মনে হয়। কথার জবাব দেয় না সে।

সেই সময়ে করুণ বাশীর স্থর ভেদে আসে দ্র থেকে। চঞ্চল হয়ে ওঠে
লিপুর। কিছুক্ষণ বসে থেকে ছট্ফট্ করে শেষে উঠে পড়ে। কোথা থেকে
আসছে সে-স্থর জানে সে। ছুটে গাড়ীর বাইরে গিয়ে দাঁড়ায়। ইচ্ছে হয়,
তথনি দৌড়ে যায় কাঁটারাঞ্জার সেই পাথরের কাছে। যে-পাথর মস্থ হয়ে
উঠেছে—মাহুষের স্পর্ল পেয়ে পেয়ে। কিন্তু এই রাতে একা কি করে যাবে?
রাগ হয় বাশীওলার ওপর। ওর কি একটুও বৃদ্ধি নেই ? ভয়ও নেই একবিন্দু।
যদি ভালুক এসে কিছু করে ? যদি বাঘ বার হয় ? লিপুরের ছোট্ট বৃক্থানা
ভয়ে কাঁপতে থাকে।

বাঁশীর স্থর নরহরি আর পারাউ স্ণারও শুনতে পায়। কিন্তু তারা বুঝতে পারে না—লিপুর সেই স্থরের টানেই বাইরে গেল। অমন বাঁশী কত লোকই বাজায় এই তরফে।

নরহরি আরও কিছুক্ষণ বসে গর করে। কুঙ্কীর বাছুর দেখে। এত বয়সেও সে আবার বাচ্চা দিল দেখে অবাক হয়। শেষে একসময়ে বলে—আজ উঠি সদার।

- आगरवन भारक भारक । दिनी निन आंत्र आगरक हरद ना ।

নরহরি চলে গেলে বৃদ্ধ আবার ভাবতে বসে। লিপুরের ভার ঠাকুরবাবার ওপর দিয়ে গেলে হয়। সতেরখানিতে তাঁর প্রভাব আছে—ব্যবস্থা একটা করে দিতে পারবেন ভাল ঘর দেখে। কিন্তু বলতে কেনন বাধো বাধো লাগে। এ-বংশের মেরের আবার বিয়ের ভাবনা। কত সম্বন্ধই তো এলো—সবই কি ধারাপ ছিল ? আসলে মেয়েটিকে কাছে রাখার ছুতো। নিজের মন স্পষ্ট হয়ে ধরা পড়ে বৃদ্ধের কাছে।

পূবের আকাশ ফর্দ। না হতেই বাটালুকা গ্রামের আন্দেপাশের সমস্ত অধিবাসী ঘরের বাইরে এসে কপাট বন্ধ করে। নারীরা বাচ্চাদের পিঠে বেঁধে নেয় ভাল করে। অনেক যুবতী আঁচলভরে বগুছুল তুলে নেয়। আর পুরুষেরা হাতে নেয় বাছি—তুমদাঃ, মাদান ভেড়, রাহাড়। মেয়েরা স্থলর সাজে সেজেছে—পরনে তাদের রঙীন খাণ্ডি আর বান্দের কিচরি। পুরুষেরা গায়ে জড়িয়েছে বাহাধুতি। সারিবদ্ধভাবে বাজনা বাজিয়ে হৈ হৈ করতে করতে তারা রণ্ডনা হয় কিতাড়ংরিতে কিতাপাটের মন্দিরে। অসময়ে কিতাড়ংরির এই উৎসব। প্রতি শ্রাবণ মাসের উৎসব ছাড়াণ্ড এটা বাড়তি লাভ। তাই সবার মনে আনন্দ।

নতুন রাজ। আজ কিতাপাটের পূজো দেবেন। রাজদর্শন মিলবে। সেই সঙ্গে বোঝা যাবে রাজার বৃদ্ধির তীক্ষতা। ত্ব'একটা বিচার করবেন তিনি। সতেরখানি তরফের এটাই হল প্রচলিত নিয়ম। প্রথম দিনেই রাজা সম্বন্ধে সমস্ত অধিবাসীর মনে স্পষ্ট ছাপ পড়ে যায়। সে ছাপ এত গভীর যে কিছুতেই আর ওঠে না। প্রথম দিনেই রাজার হয় চরম পরীক্ষা।

কিতাড়ংরি পাহাড় থেকে শালবনে ছাওয়া সন্থ-ঘুমভাঙা বাটালুকা গ্রাম-। খানাকে দেখায় অপূর্ব। আলের পথ ধরে পিঁপড়ের সারির মত দলে দলে আদে মুণ্ডা, দিকু, ভূমিজ সাঁওভালেরা। পাধরের ত্র্সম পথ বেয়ে তার অবলীলাক্রমে উঠে আদে পাহাড় বেয়ে—এদে জড়ো হয় মন্দিরের সামনে।

লিপুরও এসেছে ভকোলদের বাড়ীর লোকজনের সঙ্গে। পারাউ স্পারের পক্ষে এতদুর হেঁটে আসা সম্ভব নয়।

মজা দেশতে এসেছে লিপুর। ভীড়ের সঙ্গে মিশে রয়েছে সে। রাজার বিচার দেখে তার খুব হাসি পাবে। রাজা নিশ্চয়ই মুখখানাকে গস্তীর করবে। তখনি তো সে হেসে ফেলবে। মনে মনে একটু ভয়ও হয় লিপুরের। তার মত আর সবাই না হেসে ওঠে রাজার কাও দেখে। লজ্জার সীমা ধাকবে না তাহলে।

হঠাৎ জনতার মধ্যে একটা আলোড়ন ওঠে। এতক্ষণের চিৎকার আর হাসি মুহুতে তব্ধ হয়। রাজা আসছেন। ি জিভন সিং ভূঁইয়া বোড়ায় চড়ে ধীরে ধীরে এগিয়ে আসে। তাকে জহসরণ ক'রে পায়ে হেঁটে আসে নরহরি বাবাজী, সারিমুর্, ব্ধকিস্কু, বাঘরায় সোরেণ আর ডুই: টুড়।

কী চমৎকার দেখাচ্ছে রাজাকে। লিপুরের চোখের পলক পড়ে না। যেন মেঘের রাজ্য থেকে দেখতা নেমে এলেন। এ দেবতাকে সে তো চেনে না—দেখেনি কোনদিনও। মনের মধ্যে কে যেন শুমরে কেঁদে ওঠে—সজল হ'য়ে ওঠেওর চোখ ছটো। রাজা ক-ত উচুতে। আর সে ? কাঁটারাঞ্জার কোল বেঁষা এক কুটিরের সামান্ত বালিকা। পরনে তার ছেঁড়া শাড়ী। হাতে এক জোড়া বালাও জোটে না।

ফুঁ পিয়ে কেঁদে ওঠে লিপুর। ত্ই হাঁটুর মধ্যে মুখ গোঁজে সে। আর কেউ দেখে ফেললে তিরস্কার করবে। আজকের দিনে হাসতে হয়—আনন্দ করতে হয়। এই আনন্দের মধ্যে তার চোথের জল দেখতে পেলে সর্বনাশ ঘটবে।

যে প্রত্যাশা আর বুক-ভরা আনন্দ নিয়ে সে এসেছিল, রাজার রূপ আর আড়ম্বর দেখে তা নিমেষে অস্তৃহিত হয়। একটা তীব্র বেদনা বাসা বাঁধে তার মনে। এ-রাজাকে সে চেনে না। মনে মনে প্রতিজ্ঞা করে লিপুর কাঁটারাঞ্জা পাহাড়ে আর সে যাবে না। আর সে বদবে না সেই মন্থণ পাথরে। বাঁশীও ভানবে না। না—না, মরে গেলেও নয়। বাঁশীর স্থর যদি ভেসে আসে দ্রুপেকে, সে কাণে আঙুল দেবে। তবু যদি ভানতে পায়, গরুর জন্মে রাখা পোয়ালের গাদায় ঝাঁপিয়ে পড়ে ডুবে থাকবে তার মধ্যে।

বেশীক্ষণ বসে থাকা যায় না। সবার সঙ্গে তাকেও পাঁড়াতে হয়। রাজা একেবারে কাছে এসে পড়েছে। সন্মান দেখাতে হবে।

কিতাপাটের পূজারী এতক্ষণ মন্দিরের সামনে সমানে পায়চারী করছিল। এবারে একগাল হেসে তু'হাত বাড়িয়ে দেয় রাজার দিকে। তার আমন্ত্রণে রাজা মন্দিরে প্রবেশ করে। সদাররা দাঁড়িয়ে থাকে এক বিরাট পাথরের পাশে। পূজো দিয়ে রাজা তার ওপরই এসে বসবে।

লিপুর ভাবে, কাঁটারাঞ্চার পাশ্বর এই পাশ্বরের চেয়ে অনেক ভাল, অনেক কালো। সে পাশ্বরে কেমন যেন মায়া-মাশানো, এমন রক্ষ নয়। এ পাশ্বটায় সভািই কোন রস নেই।

লিপুর দেখে, সবাই হঠাৎ মাটিতে লুটিয়ে পড়ল। কিতাপাটকে প্রণাম করছে তারা রাজার সঙ্গে। ধরা পড়ার ভয়ে সেও মাটির ওপর উপুড় হয়ে পড়ে। বাইরে আদে রাজা। সদাররা এগিয়ে যায়। আহ্বান করে তাকে আসন গ্রহণ করতে। ব্রিভনসিং গস্তীর—হাসির চিহ্নমাত্র নেই মুখে। লিপুর চেনে না একে—কিছুতেই নয়। এ অন্ত লোক। তাই তারও হাসি পাচ্ছে না। আগে ভূল ভেবেছিল—ভেবে নেচেছিল।

সারিমুর্মু জোর গলায় বলে ওঠে—নতুন রাজা কিতাপাটের আশীর্বাদ পেয়েছেন। তোমরা তাঁর দীর্ঘজীবন কামনা কর।

সমবেত জনতা একই সঙ্গে বিড়বিড় করে কি যেন বলে। লিপুরের মনে হয়, অনেক দ্রে কোথাও যেন হাট বসেছে। তারই শব্দ ভেসে আসছে। দেশও একাস্ত মনে প্রার্থনা করে—কাঁটারাঞ্জার পাহাড়ের মত চিরকাল বেঁচে থাকে যেন ঠাকুর।

বুধাকিস্কু এবারে বলে —রাজা বিচার করবেন। তোমাদের কারও যদি কোন অভিযোগ থাকে এগিয়ে এসো।

একটা অথগু স্তৰতা বিরাজ করে কিছুক্ষণের জন্মে। সাড়াশব্দ পাওয়া যায় না কোন। শেষে একজন যুবক অসংকোচে এগিয়ে আসে। স্থঠাম দেহ তার। চোথের দৃষ্টি তীক্ষ। মাধায় ঝাঁকড়া চুল।

- —তোমার নাম ? সারিমুমু প্রশ্ন করে।
- রান্কো কিস্কু।
- —বিচার চাও ?
- —আজে হাা।
- --বল, ভোমার অভিযোগ।
- —আমাকে একঘরে করা হয়েছে আজ।
- —আজ ?
- '—আজে হাঁ। এখানে আসার জন্তে ভোরবেলা উঠে দরজা খুলে দেখি, বাড়ীর সামনে বাঁশ পুঁতে ভাতে এঁটো শালের পাভা, পোড়া কাঠ আর ঝাঁটা টাঙিয়ে দেওয়া হয়েছে।

जिएन निर क्या वरन अवाद्य, -- क्न अक्चद्य क्वन ?

—আজে রাজা, আমার বউ নেই। খুব ছোট বেলায় মরে গিয়েছে। মাসচারেক আগে একজন মেয়েলোককে এনে রেখেছিলাম সারিগ্রাম খেকে—বিয়ে
করব বলে। এতদিন পরে পাড়ায় সবাই জানতে পেরেছে তার উপাধিও
আমার মত কিস্কু'।

—তুমি জানতে না ?

- —বাজাকে সাক্ষী করে কিভাপাটের সামনে গাড়িয়ে বলছি জামি জানতাম না।
 - —ভবে বিয়ে করনি কেন এভদিন ?
- হয়ে ওঠেনি। রান্কো এবারে সত্যি কথা বলল না। সে বলল না যে বিয়ে করলে হারিয়ে যাবায় ভয় থাকে না। হারিয়ে যাবার ভয় না থাকলে স্থাবার ভালবাসা।
 - —তাকে ছেড়ে দাও। ত্রিভন কঠিন ভাবে বলে।
 - পারব না। ঝাঁকড়া চুল নিয়ে রান্কো মাখা ঝাঁকায়।

সর্দররা নড়েচড়ে ওঠে। ত্রিভন সিং মুহুর্তের জন্মে বিচলিত হয়। শেষে বলে—এ হচ্ছে রাজার বিচার, যাকে ভোমরাই সিংহাসনে বসিয়েছ।

- —কিন্তু আমি তো এমন বিচার আশা করিনি।
- —তোমার আশা অম্থায়ী বিচার হবে না। তোমার মনের চাইতে সতেরণানির সমাজের মূল্য বেশী। ত্রিভন কথাটাকে উচ্চারণ করলেও, মন থেকে মেনে নিতে পারল না। তবু উপায় নেই, সতেরণানিকে ঐক্যবদ্ধ রাথতে হলে প্রৌঢ় আর বৃদ্ধদের মন অঞ্যায়ীই বিচারের রায় দিতে হবে।

রান্কো ব্রতে পায়ে, উদ্ধত হয়ে এখানে লাভ নেই। সমস্ত দেশের লোকের বিপক্ষে দাঁড়ানো ভার একার পক্ষে অসম্ভব। চোথ ফেটে জন গড়িয়ে পড়ে ভার।

চার-সদার ধমকে ওঠে। ডুই: বলে—ব্যাটাছেলে হয়ে চোথের জল ফেলছ ? লজ্জা করে না ?

তাড়াতাড়ি চোথ মুছে ফেলে বলে রান্কো—ভূল হয়েছিল সদার। এমন আর হবে না। রান্কোর সমস্ত শরীয় শক্ত হয়ে ওঠে। কিতাপাটের কাছে শক্তি কামনা করে সে।

ত্রিভনের কট হয়। লোকটি সত্যিই মেয়েটিকে ভালবাসে। আজ যদি সে রাজা না হতো—যদি এই পাহাড়-সমান দায়িত্ব তার না থাকত, তাহলে বলত—বেশ করেছ।

কিন্ত উপায় নেই। সে রান্কে। কিস্কুর পাড়ার আর সবাইকে সামনে আসতে বলে।

পঁচিশজন লোক একসঙ্গে এসে রাজাকে প্রণাম করে।

- —ভোমাদের মধ্যে মোড়ল কে ?
- আমি রাজা। বুকে হাত দিয়ে দাঁড়ায় এক বৃদ্ধ।

- —রান্কো মেয়েটিকে আজই ছেড়ে দেবে। কিন্তু মেয়েটার বিয়ের ব্যবস্থা তো করতে হবে।
 - —কালই বিয়ে দেবো তার রাজা। আমরা প্রস্তুত।
- —বেশ। আর রান্কোরও তো বিয়ের দরকার। বাড়ীতে কেউ নেই তার।
- ·—পাড়ায় অনেক মেয়ে আছে রাজা। অমন স্থল্পর ছেলের বউএর ভাবনা?
- —ভাল। ওর বাড়ীর সামনে থেকে আজই বাঁশ তুলে নেবে। পাড়ার সবাই ওকে নিয়ে আজ খাওয়াদাওয়া করবে।

জনতা জয়ধ্বনি দিয়ে ওঠে। এমন সহামুভ্তির সংগে বিচার করা তারা দেখেনি কখনো। নতুন রাজা মায়্ম নয়—দেবতা। ভীড়ের মধ্যে লিপুরের ছোট্ট বুকখানা গর্বে ভরে ওঠে। কিছু না বুঝলেও এটুকু সে জেনেছে যে ত্রিভন সিং চমৎকার বিচার করেছে। কিন্তু সে তো রাজা—পারবেই বা না কেন? কিন্তাগড়ে যারা জন্মায় তারা আতৃড় ঘরের বাইরে আসার আগেই বিচার করতে শেখে—ঘোড়ায় চড়া শেখে।

জনতার কলরব রান্কো কিস্কুর কানে যায় না। তার মাধার মধ্যে কাঁ কাঁ করে। আজ থেকে ঝাঁপনী তার কেউ নয়। ঝাঁপনী কালই হবে অগুলোকের ঘরনী। ভীড়ের মধ্যে মিশে যায় রান্কো। পালাতে হবে বাটালুকা ছেড়ে অনেক দুরে। যেখানে ঝাঁপনীর কথা তার কানে পৌছবে না।

বুধ কিস্কু চিৎকার করে বলে—আর আকয় কোয়াঃ চেৎ লালীশ মেনাঃ আ ?

সবাই ঘাড় ফিরিয়ে এদিকে ওদিকে দেখে। কেউ এগিয়ে আসে না আর। আর কোন নালিশ নেই আজ।

নাচ স্থক হয়। পুরুষেরা বাদ্যি নিয়ে একদিকে—মেয়েরা অন্তদিকে। আজকের দিনে শুধু আনন্দ। নাচ গান হাণ্ডি আর মনের শুদ্ধা দিয়ে তারা রাজাকে অভিষেক করবে। কিতাড়ংরি পাহাড়ের এই আনন্দোংসব নীচের গ্রামগুলির শালবনের পাতায় কাঁপন লাগায়। মৃষ্টিমেয় স্থবির আর অস্থ ব্যক্তি, যারা যোগ দিতে পারেনি এতে, যরে বসে কান পেতে শোনে এই আনন্দ কোলাহল। এক অক্থিত ব্যথা পুঞ্জীভূত হয়ে ওঠে তাদের বুকের নীচে। এমন দিন জীবনে ত্বার আসে না।

রাজার নামে জয়ধ্বনিতে জিভন সংকৃচিত হয়। ভাবে, এতগুলো লোকের

এই যে বিশ্বাস আর নির্ভরতা—এর যোগ্যতা আছে কি তার ? পারবে কি সে সতেরথানি তরকের সমস্ত অধিবাসীর স্থথত্বংখের বোঝা ঘাড়ে নিতে ?

একজ্বন যুবতী নাচতে নাচতে রাজার সামনে এসে থেমে যায়। মুচকি হেসে নত হয়ে একপাত্র হাণ্ডি বাড়িয়ে দেয়।

নরহরি বাবাজী হাঁ হাঁ করে ওঠে—না না, ছি ছি, হাঁড়িয়া খাবে কেন ? ত্তিভন সিং চার সর্গারের মুখের দিকে চকিতে দৃষ্টি ফেলে। এখানকার নিয়মকাম্বন সে ঠিক জানে না। আগে থেকে ভারা বলেও দেয়নি।

সদারদের মুখে কিছুই লেখা নেই। সে নিজের বৃদ্ধিতে পাত্রটি মুখের সামনে তুলে সামান্ত একটু খেয়ে মেয়েটিকে ফিরিয়ে দেয়।

नत्रहित थावाकी छन्न हरा एटरा थाक।

জনতা আনন্দে আকাশ ফাটানো চিৎকার করে। মেয়েটি সেই পাত্ত থেকে একটু একটু করে অনেক পাত্তে ঢেলে দেয়। রাজার প্রসাদ।

একদল মেয়ে একসকে এগিয়ে আসে এবারে। প্রত্যেকের হাতে হাণ্ডির পাত্র। নিজেকে অসহায় মনে করে ত্রিভন। এতগুলো পাত্র থেকে একটু করে থেলেও তাকে আজ পাথরের ওপর ঢলে পড়তে হবে। হাণ্ডি পানের অভ্যাস তার একটুও নেই। কিন্তু এরা ভনবে না—বিশ্বাসও করবে না। পেট থেকে পড়েই যারা মুখে হাণ্ডির স্বাদ পায়, তাদের রাজা এ-পর্যন্ত জিনিসটি থারনি, একথা কেন তারা মানবে ? মুহুর্তে কর্তব্য স্থির করে কেলে সে। হাসতে হাসতে প্রতিটি পাত্রে ওঠ স্পর্শ করে দেয়।

সদারদের মুখ হাসিতে ভরে ওঠে। ত্রিভন বুকে বল পায়। এটাও হয়ত একটা পরীক্ষা—সে উত্তীর্ণ হয়েছে।

সারিমুর্যুকে কাছে ডেকে বলে—আর বেশীক্ষণ চলতে দেওরা উচিত নর স্পার। অনেকেই মাতাল হয়েছে। পাহাড় থেকে গড়িয়ে পড়তে পারে।

—আধ্যেক লোকও যদি সেভাবে মরে আজ, তাতে তাদের বিন্দুমাত্ত ছংখ নেই। কিন্তু এমন নাচগান এখনি বন্ধ করলে বড় আঘাত পাবে।

जिडन উপলব্ধি করে, কথাটা ঠিকই বলেছে সদার।

উন্মন্ত জনতা ধীরে ধীরে ছড়িয়ে পড়ে সারা পাহাড়ে—দারানলের মত। বেশবাসের খোল থাকে না কারও। এক একজন যেন এক একটি আগুনের ফুল্কি। স্থর্বের তাপ শালগাছে বাধা পেলেও সারা গা তাদের ঘর্মাক্ত—চোখ রক্তবর্ণ। মাধার চুল ধূলিমলিন। তবুনেচে চলেছে তারা—যুদক-যুবতী, প্রোচ্-প্রোচ্-প্রোচ্, বৃদ্ধা-বৃদ্ধা—যার যেমন শক্তি, যার যেমন পায়ের জ্লোর, দেহের ওজন। এমন সব উৎ সবের দিনে জনেকের অনেক কামনার চরিতার্থ হয়—
জনেক বিরহের সাময়িক নিবৃত্তি—অনেক অকথিত কথায় প্রকাশ। পুষে-রাখা
আনন্দ আর ব্যথা, হাসি আর অশ্রুতে ঝরে পড়ে এমন দিনে।

শেষে স্থ একসময় পশ্চিমে ঢলে পড়ে। হাণ্ডির ভাঁড় শৃত্য হয়—শরীরেয় সমস্ত শক্তি হয় নিঃশেষিত। শিশুরা কাঁদতে স্থক করে—বৃদ্ধেরা ধূঁকৃতে শাকে—মাতালেরা আপন মনে বিড়বিড় করতে করতে টলে পড়ে এদিকে ওদিকে। ভাঙা পাত্র বিচ্ছিন্নভাবে ছড়িয়ে থাকে উৎসব প্রাঙ্গণে। বত্তমূলের স্থূপ শুকিয়ে ওঠে রাজার পাথরের চারপাশে।

উৎসব শেষ হয়। সদার আবে নরহরি বাবাজীর সঙ্গে রাজা বিদায় নেয় যোভায় চডে।

যুবতীরা মাতাল স্বামীদের তুলে ধরে। মায়েরা শিশুদের পিঠে বেঁধে নেয়। বাভ্যমন্ত্রগুলে। ঘাড়ে নিয়ে শ্লথ গতিতে সারিবদ্ধ হ'য়ে ঘর-পানে ফেরে সতেরখানি তরফের বহু গ্রামের অধিবাসী। ফেরার পথে মাদলে মাঝে হাত চাপড়ায় তারা—উৎসবের স্থরের রেশ তথনো তাদের কানে বাজে, মনে বাজে, মেয়েরা তু'এক কলি নতুন শেখা গান গেয়ে ওঠে। স্বার চোখের সামনে ভাসে তাদের নবীন রাজার স্থানে কালো চেহারা।

লিপুরের চোখেও ভাসে ত্রিভনের মুখ। কিন্তু সে-মুখের কথা মনে করে তার চোখ ছাপিয়ে জল আসে। সামনের অসমতল পথ ঝাপসা হয়ে ওঠে বার বার। সে হোঁচট খায়—সবার পেছনে পড়ে যায়।

শুকোলের দিদি পেছন ফিরে চিৎকার করে বলে ওঠে—কি লে! ছুঁড়ি, হলো কি ভোর !

—गारे मिमिया। তাড়াতাড়ি এগিয়ে गाয় निপুর।

পরদিন ছুপুরে পারাউ সদারের সামনে ভাত ধরে দিয়ে নিজে খেয়ে নেয় লিপুর। সকালে কেটে আনা একগাদা ঘাস কুঙ্কীর সামনে রাখে। ঘরের যেটুকু কাজ বাকী ছিল সেরে নিয়ে সদারের কাছে গিয়ে দাঁড়ায়। সদার তথনো ধীরে ধীরে চিবিয়ে চিবিয়ে খেয়ে চলেছে।

- —বাইরে যাব আমি।
- —কোথায় ? পারাউ প্রশ্ন করে।
- —পাহাড়ে।
- —এখন কেন ?

—জালানি কাঠ নেই। শুকোলদের বাড়ীতেও যাব এক ফাঁকে। ওরা লোক দেবে বলেছিল আল বাঁধার জন্মে।

—তা যা, তাড়াভাড়ি ফিরিস।

লিপুর বাইরে আসে।

গরুটা ডেকে ৩৫ঠ। ফিরে দেখে তার দিকে চেয়ে রয়েছে এক দৃষ্টে।
কাছে গিয়ে দাঁড়ায় লিপুর হাসিমুখে। পিঠ চাপড়ে বলে—অমন করে পেছু
ডাকতে নেইরে কুঙ্কী। আমি আসছি। তুই বাচ্চাটাকে একটু আগলে
রাখিস।

কুঙ্কী মুখ নীচু করে থেতে থেতে একটা শব্দ করে। বোধহয় দীর্ঘাস ফেলে। খানিকটা ঘাস মুখের সামনে থেকে উড়ে যায় খাস ফেলার সময়ে।

—রাগ করলি ? লিপুর ভার পিঠের ওপর মাধা রাখে। আঙুল দিয়ে
পিঠের নীচের দিকে স্কুস্তভি দেয়। কুঙ্কীর গায়ের চামড়া কেঁপে ওঠে স্কুড্কভিতে।

— যাইরে। লিপুর দৌড়ে রাস্থার নামে। পারাউ সদারের আঁচানোর শব্দ ∻ানে আসে তার। এখন বুড়ো বাইরের খাটিয়ার ওপর গা এলিয়ে দেবে: বিকেলের আগে আর উঠবে না।

শাড়ীর আঁচলটা কোমরে জড়িয়ে নিয়ে লিপুর তাড়াতাড়ি পা চালায়। এই সময়েই সাধারণত গে আসে। বুকের ভেতরে ক্ষীণ আশা, হয়ত আজকেও আসবে পুরোনো অভ্যাসের বশে। হাতে থাকবে বাঁশী।

যতই এগিয়ে যায় বুকের ধুক্ধুকুনি ততই বাড়ে লিপুরের। যদি না থাকে আজ ? কালো পাথরটা শুলু পড়ে থাকে যদি ? ভাবতে পারে না লিপুর।

সোজা পথে যেতে ভরসা পায় না সে। ঝোপ-ঝাড়ের মধ্যে দিয়ে চলে। আকাওনা, ত্থিলোটা, কেদার, সাপীন আর দাত্রার গাছের পাতা ত্'হাত দিয়ে সরিয়ে সে চলতে থাকে। সেঙেলসিং লেগে গা জ্বালা করে। তবু চলে সে। শেষে একসময়ে সেই পাথরের ঠিক পেছনে এসে দাঁড়ায়।

নেই সে। লিপুরের মন ভেঙে পড়ে। তার সব উন্থম, সব পরিশ্রম হতালায় পরিসমাপ্ত হয়।

রাজা হয়েছে সে। আর আসবে না। সিংহাসন পেয়েছে। এই কালো পাধরের কথা কি আর মনে থাকে ?

লিপুরের মুখ ক্যাকাশে হয়ে যায়, কোটি কোটি কীটের শোষণে সামনের প্লাশ গাছ যেমন হয়েছে, ঠিক তেমনি। পাধরটার নীচে পা ছড়িয়ে বদে পড়ে সে। নিজে থেকে কখনো পাণরের ওপর বসেনি লিপুর, আজও বসবে না।
জিভু জোর করে তার হাত ধরে কখনো কখনো বসিয়েছে।

একটু দ্রের এক গাছে ময়ুর পেখম মেলেছে। সেইদিকে আনমনে চেয়ে পাকে সে। কিছুদিন আগে কুঙ্কীকে খুঁজতে এসে প্রথম যথন জিভুর সক্ষেদেখা হয়, তথনো এক ময়ুর পেখম মেলে দাঁড়িয়েছিল। জিভু সেদিকে দেখিয়ে বলেছিল—ওটা নিবি ? আমি ধরে দিতে পারি।

লিপুরের, প্রলোভন হয়েছিল খুব। তবু বলেছিল—বেঁধে রাখলে ওর কষ্ট হবে। গাছেই থাক।

—বা:, তুই তো বেশ ভাবিস। তুই আমার দলে।

সেদিন ত্রিভূ বখন তার পরিচয় জানতে চেয়েছিল, গর্বে ভরে উঠেছিল তার বুক। সে পারাউ সদারের মুখে শোনা নিজেদের বংশ-পরিচয় গস্তীরভাবে বলেছিল ত্রিভূকে।

- —বড় ঘরের মেয়ে তুই তাহলে !
- —আমাদের চেয়ে বড় ঘর আছে নাকি!
- —সত্যিই নেই।

ত্তিভূ যেদিন রাজা হল, সেদিনই লিপুর প্রথম জানল বাঁশী হাতে ছেলেটিই রাজা। লজ্জায় মাটিতে মিশে গিয়েছিল সে। ভেবেছিল আর আসবে না এদিকে। কিন্তু হুপুর না গড়তেই কে যেন প্রবলভাবে টানত তাকে কাঁটারাঞ্জার এই পাথরের পাশে। তাই এসেছে। দেখাও হয়েছে রাজার সঙ্গে। কিন্তু পরিবর্তন দেখেনি কোন। ঠিক আগের বাঁশীওলাই যেন। তয় ভেঙে গিয়েছিল লিপুরের। আনন্দ হয়েছিল খুব। নাচতে নাচতে গিয়েছিল তাই কিতাডুংরিতে। কিন্তু সেখানে গিয়ে ভূল ভাঙল। ত্তিভন যেন বুঝতে পেরেছে এভদিনে,—রাজা হবার অর্থ। অত লোকের মধ্যে হাজির হয়ে, সবার সঙ্গে নিজের পার্থক্য যাচাই করার অবকাশ পেয়েছে। পরিবর্তন ঘটেছে তার মনেও। আগের বাঁশীওলা আর নেই।

তবু আজ লিপুর এসেছিল একটা ক্ষীণ আশা নিয়ে। সে আশা ত্রাশাই। ব্রিভন আসেনি—আর আসবেও না কখনো। কিভাগড়ে ভার অনেক কাজ এখন।

ত্তিভূ যেখানে পা রাখভ, লিপুর সেথানে হাত বুলোয়। ত্তিভূ যেখানে বাঁশী রাখভ, সেথানে সে মাখা রাখে। শেষে কেঁদে কেলে।

—এই কাঁদছিল কেন রে ?

চমকে ওঠে লিপুর। চোখ ছটো মুছে ফেলে তাড়াতাড়ি। চেয়ে দেখে বাঁশীওলা দাঁড়িয়ে রয়েছে সামনে।

- —সেঙেল সিং লেগেছে—এই দেখ। সে তাড়াতাড়ি তার বিছুটিলাগা ছূলে ওঠা হাত-পা বাড়ায়।
 - --বোপের মধ্যে দিয়ে এলি কেন ?
 - —রাস্তা দিয়েই তো এসেছি।
 - —हं, जामि **(मिशिन वृक्षि)**।
 - —কো**থা**য় ছিলে?
 - —ছিলাম এক জায়গায়। এই ক'দিন আসিসনি কেন ?

লিপুর একটু ভেবে নিয়ে বলে—কুঙ্কীর বাচ্চা হয়েছে যে।

- —বাজে কথা বলিস না। জিভন তার বাঁশীটা লিপুরের মাথায় ঠুকে দেয়। লিপুরের খুব হাসি পায়। এই আবার রাজা। এ আবার বিচার করে।
- —কাল কোথায় ছিলি ? ত্রিভন প্রশ্ন করে।
- —বাড়ীতে।
- -यामनि १
- —কোপায় ?
- —কিভাডুংরি।
- —সেখানে গিয়ে কি হবে ?
- —রাজা দে**খতে** ?
- -- वराय श्राटह । कुछ कीरक निराय या आस्मिना ।
- —তোকে শুলে দেওয়া হবে।
- —দিও। কত ক্ষমতা দেখব।
- —সভ্যি যাস্নি ?
- —হু । গিয়েছি।
- --দেখিনি তো।
- —পেছনে ছিলাম লুকিয়ে। নাচতেও জানিনে, হাণ্ডি খেতেও পারিনে। সামনে খেকে কি করব ? লিপুর হাত নেড়ে কোমর ছলিয়ে বলে। ত্রিভন হেসে ওঠে।

ঝোপের আড়াল থেকে যোঁৎ করে একটা শব্দ হয়। লিপুর ভয়ে জড়িয়ে শ্বরে ত্রিভনকে।

—ভালুক।

बिडन बाद्रथ बाद्र एट्ट ७८०।

- **जानूक । जनत्म ना १ निश्रादात्र काथ वर्**ष वर्ष करत्र अर्थ ।
- —ঘোডা।
- —কার ?
- —আমার। রাজা হয়েছি যে। হেঁটে এলে পেছনে ভীড় হবে। কালকে চিনে ফেলেছে সবাই।
 - —কালকের সেই ঘোড়াট। !
 - हैंगा, **७**हे এक हो हे द्यां जा ताजा त्र । विजनी अत नाम ।
 - **ठन ५४व । थूव ञ्रन्यत्र माजारना इराहि**न ।
 - —আজকে আর সেজে নেই। আমারই মত।

লিপুর দাঁত দিয়ে একটা বুনো লতা চিবোতে থাকে। মনের মধ্যে এক তীব্র আকাজ্জা জাগে তার, কিন্তু বলতে দ্বিধাবোধ করে। লঙ্কায় রাঙা হ'য়ে ওঠে সে। ধীরে ধীরে মুখ নীচু করে।

- —শিথিয়ে দেবো। ত্রিভন তার মুখের দিকে চেয়ে মুচকি হাসে। চমকে ওঠে লিপুর। সোজা তাকিয়ে বলে—কি ?
- —ঘোড়ায় চড়া।

বিশ্মিত হয় লিপুর। মনে মনে ভাবে, সে খুব বোকা। নিশ্চয়ই মুখের ভাবে মনের কথাটা স্পষ্ট হয়ে উঠেছিল।

আজও বাঁশী বাজায় ত্রিভন। একমনে শোনে লিপুর। কিতাডুংরি পাহাড়ে গতকাল বৃদ্ধিদৃপ্ত যে মুখ দেখেছিল, ভূলে যায় সে মুখের কথা। সামনেই তো বসে রয়েছে সে। চোখও দেখা যাচ্ছে তার। এ চোখে ভাসছে বাটালুকার মাঠ ঘাঁট পাহাড় আর শালবনের গাঢ় ছায়া।

বাঁশী থামে এক সময়ে। লিপুরের দিকে তাকিয়ে জিভন প্রশ্ন করে—ভাল লাগে না ?

ঘাড কাত করে লিপুর।

—ভোর কুঙ্কী ডাকছে।

খেয়াল হয় লিপুরের। অনেক দেরী হয়ে গিয়েছে। সদ্ধ্যে হবে একটু পরেই। ত্রিন্ডন তার পিঠে ছোট্ট কিল মেরে বলে—যাঃ, বাড়ী যা।

লিপুর উঠে ছটতে স্থক্ত করে। ওকোলের বাড়ী হয়ে যেতে যবে। আল বাধার লোক ঠিক করেছে কিনা কে জানে। বাড়াতে ঢোকার সঙ্গে সঙ্গেই তো বুড়ো প্রশ্ন করবে। জালানি কাঠ সে আগেই কিছু জোগাড় করে ्रतर्षाइ। जांक ना निर्मिश्र हमर्य ।

পেছনে ঘোড়ার খুরের শব্দে থেমে যায় সে।

- —উঠবি ?
- —না, ছি:।
- ওঠ্না। কেউ দেখতে পাবে না। শালবনের ভেতর দিয়ে নিয়ে বাব।

—কি করে উঠব ?

জিভন নেমে তাকে উঠিয়ে দেয়। কদমে ছোটে ঘোড়া। প্রথমটা ভয় করছিল লিপুরের। শেষে ত্'পাশে জিভনের লাগাম-ধরা ত্ই দৃঢ় হাত দেখে গাহদ পায়। জিভনের নিঃশাস তার মাথায় এসে পড়ে। সে নিশ্চিস্ত মনে ত্'পাশের শালগাছের দিকে বিশ্বয়ভরা দৃষ্টিতে চেয়ে থাকে। সব যেন নতুন—এভাবে কথনো দেখেনি। ঘোড়ায় ৮ড়লে চিরপরিচিত দৃষ্টগুলোও কেমন যেন অক্সরকম লাগে। গাছগুলো কেমন পেছনে সরে সরে যাচ্ছে—কভ তাড়াতাড়ি।

সেদিন সন্ধ্যায় কাজকর্ম সেরে লিপুর পারাউ স্বারকে চেপে ধরে গল্প বলার জন্তে। রাজার গল্প হওয়া চাই।

- —অনেক তে শুনেছিস্।
- -- ना, वल। आवनात धरत रम।
- —শোন্ তবে। এই জঙ্গল মহলেরই এক রাজার গল্প বলি। লিপুর আরও একটু কাছ ঘেঁষে বসে। বৃদ্ধ স্থক করে—

আমাদের ওই থাঁড়ি পাহাড়ি ছাড়িয়ে আরও হেঁটে চললে, সতেরথানি তরফ থেখানে শেষ হয়েছে সেখান থেকে অল দ্রে এক গ্রাম আছে। গ্রামের নাম হল রূপদান। অনেক—অনেক দিন আগে এক ক্ষত্রিয় রাজা যাচ্ছিলেন শ্রিকেত্র দর্শনে। চলতে চলতে, পথের মধ্যে এই রূপদানে এসে এক রাতে তাঁবু কেললেন। রাজার সঙ্গে এসেছিলেন তাঁর রাণী। রাণীর পেটে ছিল ছেলে। রাজা কিন্তু জানতেন না একথা। রাণী বলেন নি তাঁকে। বললে, শ্রিকেত্র দর্শন জন্মে আর ঘটবে না ভাগ্যে। ওভাবে তীর্থে যাবার নিয়ম নেই কিনা। তাই সংবাদটা চেপে রেখেছিলেন রাণী। রূপদানে এসেই রাণী কাতর হয়ে পড়লেন। ছেলে হবার সমন্ন হয়েছে। যন্ত্রণায় আন্থির, অথচ মুখে টু শক্ষ করার উপায় নেই। রাজা জানতে পারলেই সর্বনাশ। তাই অস্থ্য যালা নীরবে স্থু করলেন তিনি বছকণ ধরে। শেষে গভীয় রাত্রে, স্বাই যথন

ঘুমে অচেতন, সেই সময়ে রাণীর যমজ সন্তান হলো। ছুটোই ছেলে। রাণী পড়লেন মহা সমস্তায়। ছেলেদের ফুটফুটে চেহারার দিকে চেয়ে জড়িয়ে ধরতে ইচ্ছে হয়। অথচ রাজা শুনলে বিপদ ঘটবে।

- (कन, ताबात राजा जानमहे हरा। निभूत वरन ७८ ।
- —নারে, ওসব ব্যাপারই আলদা। সে কি আর সতেরখানির রাজা, যে ছেলে দেখে আনন্দ হবে ? ওরা অক্তরকম। তাছাড়া তীর্থক্ষেত্রে যাবার সব পুণা তো ওথানেই নষ্ট। যাক্গে, শোন। শেষরাত্রে যখন তাঁবু তোলা হল, রাণী একটা বাঁশের হাড়কার মধ্যে ছেলে ছুটোকে নিয়ে জল্লের মধ্যে লুকিয়ে রেখে এলেন।—যাওয়ার সময় রাণীর কী কারা। রাজা হাজার জিজ্ঞাস ক'রেও কোন জবাব পেলেন না।

রাণীরা চলে যাবার অনেক পরে এক বরাহ ঘুরতে ঘুরতে এসে দেখল এদের। সে কিন্তু খেয়ে ফেলল না এদের—মেরেও ফেলল না। মামুষ না হলে কি হবে, ওদেরও মায়া আছে। ছেলে হটোর দিকে তাকিয়ে বোধ হয় নিজের বাচ্চার কথা মনে পড়ল তার। বুঝলি লিপুর, সব শিশুই এক। ওই যে কুঙকীর বাচ্চা ওখানে দাঁড়িয়ে ছয়ৢয়ী করছে, ছট্ফট্ করছে, ওর সংগে কি মামুষের রাচ্চার কোন তকাৎ আছে? নেই। বরাহ ছেলে ছটোকে নিজের ছ্ম খাইয়ে দিনে দিনে দিবিয় বড় করে তুলল। শেষে একদিন এক দিকু শিকারে গিয়ে ওদের দেখতে পেয়ে ঘরে নিয়ে এল। মায়ুষ করতে লাগল। নাম রাখল, শেত বরাহ আর নাথ বরাহ।

তুই ভাই বড় হল। বড় হয়ে জঙ্গল মহলেরই পাতকুম রাজ্যের রাজার অধীনে চাকরি নিল। ভালভাবেই দিন কাটছিল। শেষে রাজ্যের বাহ্মণরা ত্'ভাই-এর ওপর ভীষণ চটে গেল। বাহ্মণদের প্রণাম করত না এরা। মাখাও নোয়াভো না কারও সামনে। শেষে দল বেঁধে বাহ্মণরা একদিন রাজার কাছে গিয়ে অভিযোগ করল। রাজা ডেকে পাঠালেন তুই ভাইকে।

- —তোমরা প্রণাম কর না ব্রাহ্মণদের ? রাজা প্রশ্ন করেন।
- —মহারাজ, আমরা ক্ষত্তিয়। আমাদের মাথা এমনভাবে ঘাড়ের সক্ষে লেগে রয়েছে যে কিছুতেই নত হয় না।

রাজা ভাবলেন, মিথ্যে কথা বলছে তারা। জব্দ করার ফন্দি আঁটলেন তিনি । বললেন—বেশ, আমি পরীকা করব তোমাদের। রাজী আছো ?

—হাা, মহারাজ।

পরদিন ছুই ভাইকে ঘোড়ায় চড়িয়ে পাঠিয়ে দিলেন প্রাসাদ খেকে

কিছুদ্রে। বলে নেওয়া হল, ঘোড়া ছুটিয়ে প্রাসাদের সিংহদার দিয়ে ভেতরে চুকতে হবে।

প্রাসাদের সিংহন্বার ছিল নীচু। একটা লোক ঘোড়ায় চড়ে কোন-রকমে ঘাড় সোজা করে চুকতে পারে ভেতরে। রাজা সেই ন্বারে একটা পড়গ ঝুলিয়ে রাথলেন। বরাহ ভাইরা ঘোড়া ছুটিয়ে এসে মাথা নীচু করলে বাঁচবে—নইলে রক্ষা নেই।

বড় ভাই খেত বরাহ প্রথমে ঘোড়া ছুটিয়ে এল। সিংহলারের একেবারে কাছাকাছি এসে খড়গটার দিকে দৃষ্টি পড়ল তার। শুরু হয়ে দেখছে রাজধানীর সমস্ত লোক। ব্রাহ্মণরা উদ্গ্রীব। রাজার মুখে মৃত্ হাসি। নিশ্চিম্ভ ছিলেন তিনি—মাখা নোয়াবেই খেতবরাহ। কিন্তু তাঁর ধারণা ভুল। আতংকিত হয়ে সবাই দেখল খড়েগর আঘাতে খেতবরাহের মস্তক স্কন্ধহাত হয়ে ভ্মিতে গিয়ে পড়ল। ভীষণ অহতপ্ত হলেন রাজা। ছোট ভাই নাথবরাহ ছুটে আসতেই, নিজে পথের মাঝখানে দাঁড়িয়ে তাকে থামিয়ে দেন। ঘোড়া থেকে নেমে আসতে অহ্বরোধ করেন তাকে। শেষে তার হাত ধরে ধীরে ধীরে নিয়ে আসেন খেতবরাহের মৃতদেহের সামনে। বড় ভাইএর ছিয়মুগু দেখে নাথবরাহের চোখ দিয়ে ত্'ফোটা জল গড়িয়ে পড়ে। অনেক ত্থ-কষ্ট ঝড়-ঝাপটার মধ্যে তারা পাশাপাশি মাহায় হয়ে উঠেছিল।

পাতকুম-রাজ নাধবরাহকে দিলেন এক প্রকাণ্ড রাজত্ব। সেই রাজ্যই বরাহভূম—আমাদের সতেরখানি যাকে কর দেয়। নাধবরাহের নামেই দেশের নাম হয়েছিল বরাহভূম। কিন্তু আসলে, বনের সেই হিংপ্র পশু, বরাহ ভাইদের যে মান্ত্র্য করেছিল—সে-ই অমর হয়ে থাকল এই নামের মধ্যে। তাই নারে ?

मीर्घत्राम क्ला निश्रुत वल-हं!

—এবার ভতে যা।

লিপুর আঙিনায় নামে। সাঁজালটা উস্কে দেয়। কিছু ঘুঁটে এনে রাখে ভার ওপর।

সমস্ত প্রান্তর নিস্তর। কিছুদ্রে বাটালুকা গ্রামণ্ড ঘুমিয়ে পড়েছে। কাঁটারাঞ্জার কেউএর ডাক ভেসে আসে। গরু ছাগল খুঁজতে বার হয়েছে বাঘ। দূরে খাড়ে পাহাড়ির দাবারি জলে উঠেছে। মরাংবুরুর ক্রোধ— প্রায়ই জলে অমন। অনেক গাছপালা, হরিণ, ময়ুর, সাঁজারু ছুঁচো মারা যায় এতে। লিপুর পারাউ সর্দারের পাশ দিয়ে ঘরে গিয়ে ঢোকে। একটু নিশ্চিম্ব মনে ভাবতে হবে ত্রিভুর কথা। ঘোড়ায় ওঠার শিহরণ এতক্ষণ পরে আবার অহভূতি হয়। মাধার চূলে আলগোছে হাত রাখে সে—যেখানে অনেকক্ষণ ধরে ত্রিভুর নিঃশাস পড়েছে। তার কিশোরী মনে এক অনাস্বাদিত পুলক জাগে। সে জানে না এর কারণ—বয়স হয়নি জানবার।

জিভনের সংগে লিপুরের মেলামেশা যখন ঘনিষ্ঠতায় পরিণত হচ্ছিল, সেই সময় সমাস্তরালভাবে আর একটি ঘটনা দিনের পর দিন ঘনীভূত হয়ে উঠছিল। বাঘরায় সোরেণ আর ভূই: টুড়—এই ভূই নবীন সর্দারের মধ্যে লোকচক্ষর অন্তরালে চলছিল এক তীব্র প্রতিঘন্ধিতা। মর্যাদা নিয়ে এ প্রতিঘন্ধিতা নয়—
শক্তি পরীক্ষা নিয়ে নয়। এর উপলক্ষ্য হল ছুট্কী। সারিমুন্র একমাত্র মেয়ে ছুট্কী। হাসিতে যার বারণা ঝরে—চাহনিতে যার হরিণ মরে লাজে।

বাঘরায় আর ডুই:—ত্জনেরই বিয়ে হয়েছিল এককালে—দেই ছেলেবেলায়। কারও স্ত্রীই বেঁচে নেই। বাঘরায়ের বউ মরেছিল সাপের কামড়ে। হাওয়া-ছকের মহামারী ডুই:এর বউকেও টেনেছিল। ভারপরে এদের যৌবন এসেছিল, কিন্তু বিয়ে করা আর ভাগ্যে ঘটেনি। যে ঘনিষ্ঠ আত্রীয়েরা এককালে জোর করে বিয়ে দিয়েছিল, এবন ভারা মৃত।

ছুট্কীকে তৃজনারই একসংগে চোখে পড়েছিল, সদার হবার পরপরই।
সদারের বউ এমনিই হওয়া উচিত—একই সংগে তৃজনার মনের মধ্যে এই
একই কথা ধ্বনিত হয়েছিল। বিশ্বস্ত বন্ধু তারা। কারও মনের বাসনাই
কারও অজ্ঞানা নেই। সেই থেকে চলেছে নারী-মন জয়ের প্রচেষ্টা। বন্ধুত্বের
খাতিরে একসঙ্গে কেউ এগোয় না। একের আড়ালে চলে অক্টের সাধনা।
কিন্তু বন্ধুত্বের ছেদ পড়েনি বিন্দুমাত্র।

তৃত্বনাই লোভনীয় পাত্র। কারও সক্ষে বিয়ে দিতেই আপত্তি নেই সারিমুমু'র। কিন্তু দ্বরুদ্ধের বহর দেখে বুধকিস্কুর পরামর্শে চূপ করে থাকে সে। স্থযোগ যথন মিলেছে, মনের মাহুষ বেছে নিক মেয়ে।

পছন্দ কিন্তু অত সহজে করতে পারে না ছুট্কী। একের অজ্ঞাতে আর একজন যখন তার সামনে এসে দাঁড়ায়, তখন সে ব্রুতে পারে না সতি।ই কাকে ভালবাসে। বাঘরায় সাক্ষাতের স্থযোগ খোঁজে কালাচাদের মন্দিরে যাবার পথে। ভুই: এসে দাঁড়ায় শালবনের ধারে, যখন সে প্রতি ছুপুরেই আসে ফুলের জক্তে। বিকেলে মালা না পরলে ভাল লাগে না ছুট্কীর। ভুই বন্ধুই বোধ হয় জানে পরস্পরের সাক্ষাতের সময়, তাই সংঘর্ষ বাধতে দেখা যায় না কখনো। এক মহাপরীক্ষার সম্মুখীন হয় ছুট্কী। প্রতিদিন যখন গোবর জল দিয়ে সারা উঠোন লেপতে থাকে, তথন মন তার চিস্তায় ভরে ওঠে। প্রশস্ত উঠোন মস্পভাবে নিকোবার সময় কোন ছন্দপতন ঘটে না, তাই সেই সময়ে তার যত ভাবনা। সে হজনার চূল-চেরা বিশ্লেষণ করতে বসে। প্রথম প্রথম হাঁপিয়ে উঠত। কিন্তু দিন যত এগিয়ে চলে ততই তার মনের মধ্যে কবির কবিতার মত একটা স্পষ্ট ভাব দানা বেঁধে উঠতে থাকে।

বাষরায়। ইাা, বাষরায়ই তার মনকে বেশী করে টানছে যেন। এই টানার কারণ ডুই: টুড়র অক্ষমতা নয়। তার চরিত্রের এক স্ক্র্ম বৈশিষ্ট্যের সঙ্গে ছুট্কী ঠিক থাপ খাওয়াতে পারে না। ডুই:এর মনে কোথায় যেন একটা অবাস্তবতার কীট লুকিয়ে রয়েছে— যেটা পাহাড়-ভাঙা মেয়ে ছুট্কীর ঠিক পছন্দ নয়। সে এমন পুরুষ চায় যে মাটির ওপর শক্তভাবে দাঁড়িয়ে কথা বলে। যার বৃদ্ধির চেয়ে বীরঅটাই প্রধান। নারীমনকে চেনার জন্মে ব্যস্ত না হয়ে, নিজেকে যে বেশী করে প্রকাশ করে। ডুই:এর বৃদ্ধি বড় বেশী তীক্ষ। সেই তীক্ষ বৃদ্ধির প্রথম আলো মাঝে মাঝে ছুট্কীর অস্তঃস্থল অবধি ধাওয়া করে। এটা সক্ত করা বড় কঠিন, যেমন কঠিন ডুই:এর আবোলভাবোল কথা। তবে তার একটি জিনিস ছুট্কীকে প্রবলভাবে আকর্ষণ করে। গান বাঁধে ডুই:। মিষ্টি গলায় গান গায় সে।

সেদিকে চেয়ে ডুই: বলে—বাঘরায় জিতে গেল।

- कि करत त्याल ?
- --ভোমার দাঁড়ানো দেখে। ওই ফুলগুলো পড়ে যাওয়া দেখে।

ছুট্কী জ্ঞানে, বাঘরায় শত চেষ্টাতেও এমন কথা বলতে পারত না—এতটা লক্ষ্যই করত না। সে নিজের আনন্দেই থাকত ভ্রপ্র। ছুট্কীর মনের অবস্থা দেখার সময় কই তার ?

- —ভূমি এত ব্ৰতে পার ?
- —পারি। সেজতো আমার তৃংখ কম নয়। ছুটুকী মান হাসে।

- ছুট্কী! তবু তোমার নিজের মুখে একবার শুনতে চাই।
- —বুঝতেই তো পার সব।
- —তবু নিশ্চিম্ভ হতে চাই। চল ছুট্কী, আমরা এই বাটালুকা ছেড়ে থাঁড়ি পাহাড়ি ছেড়ে চলে যাই অনেক দূরে—
- —সেকি ? দেশ ছেড়ে যাবে ? তোমার ওপর যে রাজা ত্রিভন সিং নির্ভর করেন।
- —তা বটে। ঠিক আছে, দেশেই থাকব। নির্জনে একটা ছোট্ট কুটির তৈরী করব। সার্জম, কাদাম, রাইক্লই আর মুরৎ গাছ ভীড় করে থাকবে সেই কুটিরের চারদিকে। আলাকজাড়ি বেড়া বেয়ে ওপরে উঠবে। বাগানে ফুল ফুটবে—গাছে গাছে ডাকবে কোল, কিস্নী, মিক্ল। মারাঃ পেশ্বম ধরবে। আমরা চেয়ে চেয়ে দেশব।

অবান্তবতার কীট মাথা চাড়া দিয়ে উঠেছে। ছুট্কী জানে এখন আর থামানো যাবে না। সে চেষ্টা করাও বুখা।

— आंत्र किছू वनरव ? निःम्भृश् भनां यतन हूर्हेकी।

ভূই: অসহায় বোধ করে নিজেকে। ছুট্কীর চোধের দিকে চেয়ে দেখে— সে চোখে চাপা হাসির আভাস।

- —তুমি রাগ করলে ছুট্কী ?
- না, রাপ করব কেন ? তোমার যা ইচ্ছে তাই তুমি বলেছ। তবে আমি ওসব পছন্দ করিনে। সবাই যদি তাদের বউকে নিয়ে অমন নির্জনে বাসা বাধে, তাহলে ধাদকা, পঞ্চস্দারী আর তিন সপ্তয়া হ'দিনেই সতেরখানিকে ছাভিয়ে যাবে।
- —সত্যি কথা বলেছ। আমারই ভূল। তুমি আমার পালে পালে থেকে এসব ভূল শুধরে দেবে তখন—তাই না ছুট্কী ?
 - -- (४९, विधुश (१८८४ । ७१४ कथा आभात (भार्षेटे छान नारा ना ।

ছুট্কী অনেক চেষ্টা করেই 'বিধুয়া হেরেল' সম্বোধনটা করল ভুইংকে। এর পরিণতি সে জানে। ভুইংএর মত ভদ্র স্বভাবের পুরুষ হয়ত এর পর আর কথাই বলতে পারবে না। কারণ সম্বোধনটা নিম্নন্তরের। স্পারের মেয়ের মূথে এমন কথা শুনে ঘুণা জন্মাবে তার মনে। সে আর ফিরেও তাকাবে না ছুট্কী বলে এক মেয়ের দিকে। কিন্তু উপায় নেই। ছুই নৌকায় পা দিয়ে চলতে চলতে হাপিয়ে উঠেছে সে। একটি মীমাংসার প্রয়োজন হয়ে পড়েছিল। এর পরে মীমাংসার জন্ম আর ভাবতে হবে না তাকে।

ভূই:এর মূখ ছাইএর মন্ত সাদা হয়ে যায়। তার পা টলতে থাকে।
ছুট্কী তাকে ভালবাসে—এ ধারণা প্রথমে থাকলেও দিনের পর দিন তাতে
সন্দেহ দেখা দিয়েছিল। তব্ একটা •ক্ষীণ আশা নিয়ে উপস্থিত হত সে এই
শালবনের ধারে। সে আশাও আজ তিরোহিত হল। এমন স্থন্দর মেয়ের
মুখে এ ধরনের উক্তি অবিশ্বাক্ত বলে মনে হয় তার কাছে। তব্ তা সত্যি।

নিজেকে সামলে নেয় ভূই:। সতেরখানি তরক্ষের চার সদারের এক সদার সে। সামান্ত এক মেয়ের জন্তে এতথানি কাতর হয়ে পড়া তার পক্ষে সাজে না। আঘাত যা পেল,—সে আঘাত মনেই চেপে রাখতে হবে। যে ঘা এখন থেকে দগদগ করবে মনের ভেতরে, তার নিদারুণ ব্যথা প্রকাশের জন্তে বাইরে আর্তনাদ করার স্থযোগ হবে না কখনো। সান্ধনা যে এতে একেবারে নেই, তা নয়। সে হারলেও জিতে গেল তারই একমাত্র বন্ধু বাঘরায়—যার জন্তে জাবন দিতে পারে সে। নিজের জীবনকেই যদি দেওয়া যায় ছুট্কীকে কেন পারবে না দিতে ? কিন্তু সত্যিই কি তাই ? সে উপলব্ধি করে নিজের জীবনের মূল্য নিজের প্রিয় বস্তুর চেয়ে জনেক কম।

—চলি ছুট্কী। স্থান হেসে ডুইং বলে—আর কথনো ফুল তুলতে এসে বাড়ী ফিরতে তোমার দেরী হবে না। জোর করে গানগু শোনাব না।

शीदा शीदा नानवत्नत्र मत्था अपृष्ठ रह पृष्टेः।

ছুট্কীর চোখ জলে ভরে আসে। কিতাড়ংরির দিকে চেয়ে সে ডাঙা গলায় বলে—তুমি তো সব জান কিতাপাট। আমাকে ক্ষমা কর। ডুইংকে সান্ধনা দিও। ভূলিয়ে দাও তার আঘাত।

পরদিন বাঘরায় সোরেণের সঙ্গে দেখা হয় ছুট্কীর।

- যাক্, এসে গিয়েছ। আর একটু দেরী হলে এই বনের গাছগুলো আর দেখতে না।
 - (कन, कि रुन! इहेकी **अवाक** रहा।
 - —সব গাছ উপড়ে ফেলতাম। এখন খেকে বসে আছি নাকি!
 - **-- गकाम (बंदक** ?

বাঘরায় হো হো করে হেসে ওঠে—সতেরখানির সর্গাররা কি অত ফেল্না ? তাদের কত কাজ। সামাগ্র এক মেয়ের জন্মে অত সময় নষ্ট করার সময় কোপায় ?

- —আমি সামাক্ত ?
- त्क वनन तम कथा १ वाचत्रात्र घाव**णा**त्र ।
- —তুমিই তো বললে।
- —না না। জ্বামার কাছে তুমি অসাধারণ। কিন্তু সতেরখানির তুলনায় ?
 - সাধারণ। ক্তত্তিম গাস্তীর্বে ছুট্কীর মুখ থমথম করে।
- —এই দেখো। রাগ করলে? আর কখনো বলব না। মারাংব্রুর শপথ করছি।
 - চুপ। ছুট্কী আঁতকে ওঠে।
 - —কেন <u>?</u>
 - —ও নাম মুখে আনো কেন ? ভয় করে।

কিছুটা পশ এগিয়ে যায় তারা। কেউ আর কথা স্থক করতে পারে না।
মনে মনে আফশোষ করে বাঘরায়—কুক্ষণে মারাংবৃক্ষর নাম মূখে আনতে
বিয়েছিল।

শেষে একসময়ে ধীরে ধীরে প্রশ্ন করে বাঘরায়—ডুই: এসেছিল ?

- -हैंग। कानक।
- e ı
- --কেন ? কিছু বলেছে ? ছুট্কীর চোখে আগ্রহ।
- —না। আজ সকালে নিকারে চলে গেল। বাঘ না মেরে ফিরবে না।
- —कारक मरब निल।
- <u>—একা।</u>
- --একা বাঘ মারা ষায় নাকি ?
- ---ডুই: পারে।

বন্ধুর ওপর অগাধ বিশাসটুকু ছুট্কী লক্ষ্য করে। সে ভেবেছিল, কালকের ঘটনা বলবে বাঘরায়কে। কিন্তু তাতে সে শুধু আঘাতই পাবে। ভূই: যে কেন হঠাৎ শিকারে চলে গেল একথা জলের মতই স্পষ্ট বলে মনে হচ্ছে তার কাছে। অথচ বাঘারায়কে বলার সাহস হল না তার।

- ডুই: একটা পাগল। অতবড় চেহারা, অমন সাহস—শক্তিও কত।
 কিন্তু সব সময় কিসের স্বপ্ন দেখে। আর গান বাঁধে।
 - —সভ্যিই কি ওর নিজের তৈরী গান ?
 - ---ইা। আমিও বিশাস করভাম না আগে। ভোমাকে ভনিয়েছে ?

- अत्नक । इहेकी अग्रमन इहा।
- —ডুই: নিজের বাঁধা গান ছাড়া গায় না।

দাঁত দিয়ে ঠোঁট চেপে ধরে ছুট্কী। কালকের চোথের জল আজকেও আবার যেন বার হয়ে আসতে চায়। বাধা অন্থভব করে কিন্তু সে অসহায়। কিভাপাট জানেন তার মন। তব্ বন্ধুগর্বে গর্বিত বাঘরায়ের উচ্জ্জল চোথের দিকে চেয়ে সে কেঁদে ফেলে।

- —ওকি কাঁদছ কেন ?
- ওকে ফিরিয়ে দিয়েছি। শিকারে ও সেই জন্মই গিয়েছে। এখানে পাকতে পারছে না।
 - —নবে তুমি—
 - —হাা। তোমাকে—
- ভুই:এর ভাগ্য খারাপ। বাঘরায় আকাশের দিকে চেয়ে থাকে। দ্রে খাঁড়ি পাহাড়ির ওপর জমাট কালো মেঘ। এগিয়ে আসছে বাটালুকার দিকে। কিছুক্ষণ পরেই স্থক হবে শালগাছের দাপাদাপি। গাছ ভাঙার শব্দে। ছিন্নবিচ্ছিন্ন হয়ে পড়বে লতাপাতা, পাথীর বাসা—মরবে সাজাক, মরবে সাপ, ইছুর।

মেঘ দেখে চিনতে পারে বাঘরায় তার ধরন। সে ছুট্কীর হাত চেপে নিজের কাছে টেনে আনে।

- —ঝড আসছে।
- হ'। ছুট্কী বাঘরায়ের একেবারে কাছ খেঁষে দাঁড়ায়। তার মাধা বাঘরায়ের বুক স্পর্শ করে।
- —আজ আর কিতাপাটের মন্দিরে যাওয়া হবে না। গেলে ভাল হত। ডুই:এর জন্মে প্রার্থনা করতাম। আমাদের জন্মেও—

বাঘরার অভাবনীর আনন্দের মধ্যেও হুংখ অন্নভব করে। নিজেকে কথনো ভূইঃএর চেয়ে শ্রেষ্ঠ বলে ভাবেনি—এখনো ভাবে না। অপচ জিতল সে।

শালবনের মাথা ধীরে ধীরে নড়ে ওঠে। দূত পাঠিয়েছেন পবন দেব। শুকনো পাতা বারতে স্কুক্তরে।

- —বাড়ী যাও ছুট্কী।
- —তুমি ?
- आिय गांकि थां ज़ि शांशित मित्त । जूरे: तक भूँ जरा रत ।

—সেকি ? ভীষণ ঝড় উঠছে। দেখছ না কিরকম পাক খেতে খেভে এগিয়ে আসছে মেঘ ?

বাঘরায় হাদে—ডুই:ও তো পড়বে এই ঝড়ের মুখে।
ছুট্কী চূপ করে থাকে।

নাচন স্থক হয় সারা বনস্থলীতে। শুকনো পাতা ঘ্রতে ঘ্রতে আকাশে ওঠে। লালমাটিতে চারদিক ছেয়ে যায়। কিতাড়ংরি পাহাড় আর দেখতে পাওয়া যায় না। বস্তু জন্তরা ছুটে চলে নিরাপদ আশ্রয়ের থোঁজে। উড়স্ক পাথীরা আছড়ে পড়ে গাছের ভালে।

ছুট্কী বাঘরায়ের হাত শক্ত করে চেপে ধরে বলে—কিতাপাট সাক্ষী—তুমি ছাড়া আমার আর কিছু নেই।

—জানি, তবু আমাকে যেতে হবে ছুটকী। আমার বন্ধুও আছে। ধ্লোর ঘূর্ণীর মধ্যে মিলিয়ে যায় বাঘরায় সোরেণ ছুটকী স্তব্ধ হয়ে সেদিকে চেয়ে থাকে।

বাঘ শিকার করা হয়নি ডুই:এর । আঘাতের প্রথম চোটে মুক্সমান হয়ে পড়েছিল সে। বন্ধুর স্থের পথে কাঁটার মত বিরাজ্য করা লক্ষাকর বলে মনে হয়েছিল তার কাছে। আশু উপায় উদ্ভাবনের জন্ম পাগল হয়ে ঘর ছেড়ে এসেছিল সে। সঙ্গে অবশ্র লোক দেখানে। তীর ধন্থক আর বল্লাম নিতে ভোলেনি।

ত্'দিন উদ্প্রান্তের মত চলতে চলতে সে এসে পৌছেছিল, আমদা পাহাড়ি গ্রামে। তব্ও সমস্থার সমাধান হয় না। বরং যত ভাবে ততই মনে হয়, বাটালুকা ছাড়া তার পক্ষে সম্ভব নয়। সতেরখানি তরফকে সে প্রাণ দিয়ে ভালবাসে। রাজার পাশে পাশেই থাকতে হবে তাকে আজীবন। অথচ তারই সামনে বাঘরায় আর ছুট্কী ঘুরে বেড়াবে একসঙ্গে হাত ধরাধরি করে—উৎসব পার্বনে কোমর জড়িয়ে ধরে পরম পরিতৃপ্তিতে নাচবে—এও যে অসন্থ। হাঁ, অসন্থ। বন্ধুত্বের মর্যাদা দিয়েও একথা সে মন থেকেই বলতে পারে। ছুট্কীকে পর বলে ভাবতে তার প্রাণটা কেমন যেন মোচড় দিয়ে ওঠে। বদিও বাঘরায়ের ওপর কিছুমাত্র ঈর্ষাও নেই তার।

ভূই: একটা পলাশ গাছের গোড়ায় বসে ভেবে চলে। ত্'দিন কিছু খাওয়া হয়নি ভার। থলির ভেডরে করে শ্যোরের মাংস নিয়ে আসার কথা মনেও হয়নি। . পেছন ক্ষিরে থাড়ি পাহাড়ির দিকে দৃষ্টি কেলে। অনেক দ্রে—ঠিক মেঘের মত দেখাছে ওর চূড়াটা। তারও আগে বাটালুকা। এই তুপুরে ছুট্কী কি করছে ? গরুকে থেতে দিছে হয়ত। কিংবা ঘরের দেয়ালে আলপনা আঁকছে। জল আনতেও ছুটতে পারে। কাজ না পেলেই জল আনার অছিলায় বাড়ীর বাইরে চলে আসে সে। শালবনের ধার দিয়ে ছোট ঝরণাটার পাশে এসে বসে থাকে চূপ করে।

ভাবতে গিয়ে বৃকের ভেতরে ধ্বক্ ক'রে ওঠে। বাঘরায় হয়ত গিয়ে মিলেছে বরণার ধারে ছুট্কীর সঙ্গে। তার সম্বন্ধেই হয়ত কথা বলছে তৃজনা। ছুট্কী নিশ্চয়ই সব বলেছে। বাঘরায়ও বুবেছে যে সে পালিয়ে এসেছে।

হঠাৎ দ্রের একটা টিলার দিকে দৃষ্টি পড়ে ডুই:এর। মাহুষের ভীড় সেখানে। একটা তাঁবুও পড়েছে। চমকে ওঠে সে। একি যুদ্ধের আয়োজন—কিংবা উৎসব ? এতবড় উৎসব হলে বাটালুকায় নিশ্চয়ই খবর পৌছত। রাজার অজ্ঞাতে কোন উৎসবই হতে পারে না। তাছাড়া এরা ভাঁবুই বা পেল কোধায় ? কিতাগড় ছাড়া সতেরখানিতে তাঁবু নেই।

তীব্র কৌতৃহল নিয়ে এগিয়ে যায় ডুই:। পথে একজন লোক একমনে বঙ্গে ধস্ককের ছিলা তৈরী করছিল। ডুই: তার পাশে গিয়ে দাঁড়ায়।

- —বসো। লোকটি গম্ভীরভাবে বলে। ডুই:এর দিকে চাইবার প্রয়োজন বোধ করে না সে।
 - ওখানে ভীড় কিসের ভাই ?

लाकि कान कथा वरन ना। हुनहान निष्कत कांच करत हरन।

-- आमात कथाणे अनता १ पृष्टेः आवात वरत अर्थ ।

তবু নিরুত্তর লোকটি। ছিলাটা মোলায়েম করার জল্পে খুব স্ক্ষাভাবে হাত চলায় সে—যেন একটা কবিতা রচনা করছে। পাশে ধরুক ছিল। ডুইং সেদিকে চেয়ে দেখে। একটু আশ্চর্যই হয় সে। এত নিপুণ কাজ এই প্রথম দেখল। কিতাগড়ের অস্ত্রাগারেও এমন জিনিস আছে বলে মনে হয় না। একে বাটালুকায় নিয়ে যেতে পারলে রাজা ত্রিভন সিং নিশ্চয়ই খুব খুশী হবেন। এ-যুগের অর্জুন তিনি—ডুইংএর সে-বিষয়ে সন্দেহ নেই। ধরুক তৈরীর এমন লোক পেলে রাজা মাধায় করে রাখবেন।

কিন্ত বাটালুকার কথা মনে হতেই ছুট্কীর কথা বিরাট পাথরের মত তার মন্তিক্ষকে আবার চেপে ধরে। মাথাটা ঝিমঝিম করে ওঠে তার। থাঁড়ি পাহাড়ির ওপরে গিয়ে, সেখান থেকে যদি লাফিয়ে পড়া যায় তাহলে মৃত্যু অনিবার্য—কিন্তু তাতে ডুই: টুডুর নাম ড্ববে। সর্দারের মৃত্যু ওভাবে হওয়া উচিত নয়। স্বর্ণরেধায় ডুবেও নয়।

লোকটি ছিলা প্রস্তুত করে ধহুকের সক্ষে বাঁধে। ডান হাতের আঙুল দিয়ে একটা টক্কার দেয়। শেষে আড়মোড়া ডেঙে আরামস্চক একটা শব্দ ক'রে বলে—কি বলছিলে? ভীড়? তোমার কি মনে হয়?

ভূই: অবাক হয়। লোকটা তবে কালা নয়। কাজের সময়ে কথা বলাকে প্রয়োজন বলে বোধ করে না। স্বয়ং রাজা এলেও হয়ত বলত না।

সে প্রশ্ন করে-মহুয়া উৎসব নাকি ?

- आत किছू मिन याक्, टित शाटव किरंगत छे ९ गव।
- তার মানে ?
- —নাগা সন্ন্যাসী। লোকটি পাশা থেকে একটা তীর তুলে নিয়ে ধহকে লাগিয়ে ওপরের আকাশে ছুঁড়ে দেয়।

ভূই: টুড় চমকে ওঠে। নাগাদের কথা সে আগেও তনেছে। রাজা হেমৎ সিংএর আমলেও এসেছিল তারা। খুব ধুরন্ধর আর যুদ্ধবাজ। পাকাপোক্ত একটা মতলব নিয়েই আসে তারা। রাজ্য জয় করায় উদ্দেশ্য হয়ত তাদের থাকে না। কিল্ক লুটপাটকে ব্রত্ত বলে ভাবে। সেই সজে কিছু ব্রীলোকও অদৃশ্য হয়। মন্দিরও গড়ে তোলে বিনা অনুমতিতে। তাতে প্রতিষ্ঠা করে বিগ্রহ।

ডুই: ভাবে বাটালুকা ছেড়ে যাওয়া ভাগ্যে নেই। ফিরভেই হবে। রাজার কানে পৌছে দিতে হবে হঃসংবাদ।

- —তুমি এদের কখন দেখেছে ভাই।
- —এই তো ভোরবেলা। রাত্তে গা-ঢাকা দিয়ে এসেছে ব্যাটারা। ওদের দেখেই তো ধমুক ভৈরী করতে বসেছি।
- —অভক্ষণ ধরে একটা ধহুক তৈরী করে লাভ ? এখন যে অনেক ধহুকের প্রয়োজন।
- —তাও পারি, কিন্তু আমার একার জন্তে একটাই যথেষ্ট। এই যে রাস্তা দেখছ, গাঁয়ে যাবার এটাই একমাত্র পথ। ওই যে শালবন দেখা যাচ্ছে, রাতেরবেলায় ওরই একটার মাধায় উঠে বদে থাকব। কোন কুমতলব যদি গাঁয়ে যাবার জন্তে পা বাড়ায় ওরা তাহলে একজনকেও আর আস্তানায় ফিরে যেতে হবে না।

[—]কিছ একা কভক্ষণ ঠেকাবে ?

- —্যতক্ষণ পারি। লোকটি উদাস স্বরে বলে।
- —তার চাইতে চল না আমার সংগে কিতাগড়ে। আরও অস্ত্র তৈরী করে দেবে তুমি। চোয়াড় দলের হাতে শোভা পাবে সে-অস্ত্র। ভোমার ধহুকের টংকারে নির্মূল হবে এরা।
 - —ইচ্ছে হয়। কিন্তু তাবে সম্ভব নয় সদার।
 - —আমাকে চেন তুমি ? বিশ্বিত ডুই: তীক্ষ্ণ দৃষ্টিতে চেয়ে থাকে।
- —হাা। কিতাভূংরির উৎসবে দেখেছিলাম এক বছর আগে। তুমিই না ধমকে উঠেছিলে আমার চোথে জল দেখে।
 - —ঠিক মনে পড়ছে না। ছুই: ভাবতে চেষ্টা করে।
- —পড়বে না মনে। সাম্যক্ত ঘটনা কিনা। কিন্তু রাজার সেই বিচার আমার বুক ভেঙে দিয়েছে। ঝাঁপনা এখন বাটালুকায় সংগার পেতেছে। সেখানে কি যেতে পারি আমি ? এখনে। তো পাধর হয়ে যাইনি।
- সব কথা খুলে বল ভাই। রাজার কোন্বিচার তোমার জীবনকে মাটি হতে দিল।
- সে বিচারেই রাজার হাতে খড়ি। আমি রান্কো কিন্কু। ঝাঁপনী আমারই ঘরে ছিল। সেখান থেকে, আমার বুক থেকে তাকে ছিনিয়ে নিযে গেল ওরা। আমি ঘর ছাড়লাম।

এবারে ডুই:এর মনে পড়ে। এক বছর আগের ঘটনা হ'লেও রাজা বিভনের প্রথম বিচার বলে সে ভুলে যায়নি। রান্কো কিস্কুর সেদিনের মুখ তার স্পষ্ট মনে আছে। তারুণ্যে চলচলে ছিল সে মুখ—চোখে সব কিছু অস্বীকার করার চাহনি। উদ্ধৃত মস্তকের ঝাঁকড়া চুল বার বার কেঁপে উঠেছিল। আরও মনে পড়ে কার অসহায় কারার কথা। চোখ ফেটে জল গড়িয়ে পড়েছিল রান্কোর—সে কারা ছুই:এর কাছে কাপুরুষোচিত বলে বোধ হয়েছিল। সতেরখানির মৃতিমান কলংকের দিকে চেয়ে তার মস্তকে আগুন জালেছিল। সেদিন তার চিৎকার কিতাড়ংরির মন্দিরে প্রতিধ্বনিত হয়ে ফিরেছিল।

আর আজ? আজ তো রান্কোকে কাপুরুষ বলে মনে হচ্ছে না। শুকনো মুথ থেকে তাঙ্গণ্যের শেষ চিহ্নটুকু যেন অদৃশ্য হয়েছে। চিনতে কট্ট হয়েছে তাই। কিন্তু সে মুখের প্রতিটি রেখার আঁকা রয়েছে এক বিরাট নিভ্ত সাধনার স্বাক্ষর।

ভূই:এর ব্কের ভেতরে বাশ জমে ওঠে। সে রান্কোর হাত ছটো চেপে

ধরে বলে, আমাকে ক্ষমা কর ভাই।

- সে কি সদার ! কমা কেন ?
- —সেদিন তোমার চোথের জল দেখে আমি সহু করতে পারিনি। আজকে আমার চোথও শুকনো নেই।

রান্কো সর্দারের মুখের দিকে ক্ষিপ্রদৃষ্টি নিক্ষেপ করেঁ। তাইত—এ মুখ তো তার অজানা নয়। কিছুক্ষণ ঝিম্ ধরে বসে থাকে সে। চেয়ে থাকে একটা উড়স্ত বহুম্ বারাড়িংএর দিকে। কাছের ত্ধিলোটা আর দাত্রার ঝোপের মধ্যে সে মধুর লোভে ঘুরে ঘুরে মরছে।

বহুক্ষণ সেদিকে চেয়ে থেকে সে ডুই:এর দিকে ঘাড় ফিরিয়ে মান হেসে বলে—বুঝেছি সদার।

ভূই: রান্কোর ধহুকটা দৃঢ়ভাবে ধরে বলে—তব্ আমি ফিরে যাচিছ বাটালুকায়। দেশের কাছে আর সবই যে তুচ্ছ। তোমাকেও যেতে হবে তাই। 'না' ব'লো না।

মাধার থোঁপায় গুলাঞ্জের বাহার। বাহতে বকুল ফুলের বালা, গলায় হাতির দাঁতের মালা—করপল্লবে ধরা বয়েছে প্রস্কৃতিত পরায়নী। অপেকা করছে লিপুর—তীব্র ব্যাকুল অপেকা। নতুন নাম রাথবে জিভন—সেই নামেই ডাকবে তাকে।

স্থের তেজ ধীরে ধীরে কমে আসে। শালগাছের ছায়া দীর্ঘ থেকে দীর্ঘতর হয়। লিপুর অপেক্ষা করে তব্। শালবনের মর্মর ধ্বনিতে যেন কালার আওয়াজ শুনতে পায় সে। পরায়নীর সতেজ মৃণাল অনেকটা হেলে পড়েছে, বকুল ফুলের সাদা রঙ ধীরে ধীরে হলদে হয়ে উঠছে। মাথায় চাপা ফুলের আগের গদ্ধ আর নেই। লিপুরের পা ব্যথা করে! আর কতক্ষণ ? চক্চকে কালো পাথরটার ওপর হেলান দেয় সে। পিতামহীর রেশমের প্রোনো ওড়না দিয়ে আলগোছে মুখের ঘাম মুছে ফেলে। বড় যত্বের ওড়না। ধাড়েপাথরের রাণী ওটা উপহার দিয়েছিলেন পারাউএর পুত্রবধৃকে।

সে বোধহয় আর আসবে না। এই এক বছরে কখনো এমন হয়নি। কথা দিয়ে সে কথা রেখেছে। ঠিক যে সময়টিতে আসবে বলেছে তথনি ঘোড়ার ধ্রের শব্দ প্রতিধ্বনিত হয়েছে কাঁটারাঞ্চার পাধরে পাধরে।

নতুন নাম রাখার মানে লিপুর জানে। শুকোলের দিদির কাছে একবার গল্প শুনেছিল—তখন জেনেছে। অধিকার স্বপ্রতিষ্ঠিত করতেই নারীকে নতুন নাম দেয় পুরুষ। সে অধিকারের একমাত্র পরিণাম পরিণয়।

সেদিন বোধহয় খেয়ালের বশে কথা দিয়ে ফেলেছিল ত্রিভন। পরে
নিশ্চয়ই ভেবে দেখেছে। বুঝতে পেরেছে, এ অসম্ভব। কোন চোয়াড়
সর্দারের বাড়ীর মেয়ে রাণী হতে পারে না—অস্ভতঃ হয়নি কখনো। তাছাড়া
নরহরি বাবাজীকে বলতে শুনেছে সে, ধাদ্কা আর পঞ্চস্দারী তরফের রাজার
কাছ থেকে প্রতি মাসেই দৃত জাসছে উপচৌকন নিয়ে। ছুই রাজারই মেয়ে
রয়েছে।

অন্থশাচনা হয় লিপুরের। ভুল করেছে সে। কিন্তু সে তো জানত না যে রাজার ছেলে বাঁশী বাজায়। তবু কিতাড়ংরির সেই উৎসবের পর থেকে সে তো চেয়েছিল নিজেকে এই কালো পাধরের কাছ থেকে সরিয়ে নিতে। ও-ই হতে দেয়নি। রাজার মত মেজাজ না দেখিয়ে আগের মতই পাগলামী ক্ষক করেছিল। ভালই লেগেছিল সেদিন। কিন্তু এই ভাললাগাটাই যে শেষ কথা নয়—সেটুকু বুঝবার মত বৃদ্ধি তথনো হয়েছিল না তার। আজ হয়েছে। এই ভালো লাগা থেকে বিচ্ছিন্ন হতে হলে আত্মহত্যা ছাড়া দিতীয় পথ নেই। দিনের পর দিন ঘোড়ায় চড়া শিখতে, ধহুক-হাতে তীর নিক্ষেপ করতে ঘর্মাক্র রাজার মুথ মুছিয়ে দিতে যে উষ্ণ পরশ সে পেয়েছে, যে-উষ্ণতা তার রক্তের সক্ষে অবিচ্ছেন্যভাবে মিশে গিয়েছে। দেহের রক্ত ঠাণ্ডা হিম না হয়ে গেলে তা থেকে পরিত্রাণ নেই।

—এত তন্ময় ?

চমকে খাড় ফেরায় লিপুর। ত্রিভন হাসছে।

- याजा कहे ? गना किंत्र खर्फ निभूत्वत ।
- —আনিনি।
- —আমাকে জব্দ করতে ?
- —ছি:। আজকের দিনে!
- —সত্যিই নতুন নামে **ডাকবে আ**মায় ?
- —ই্যা, ধারতি ?
- –ধারতি ?
- (कन, পছन श्रामा ।
- —তৃমি যে নামে ডাকবে—তাই পছন্দ। লিপুর হাতের পরায়নীর পাপতি গোনে।

ত্রিভনের ব্কের ভেতরে আনন্দের জোয়ার বয়ে যায়। এই মুহুভে

যেভাবে কথা বলল লিপুর, এতদিনের পরিচয়ে সে-ভাক প্রকাশ পায়নি কথনো। সে চেয়ে দেখে কিশোরীর কালো মুখে লচ্ছা-মধুর হাসি। জীবনে হঠাৎ একটা বড় ধাপ এগিয়ে না গেলে কিশোরীর মুখে এমন হাসি ফোটে না।

মুখ নীচু করে লিপুর। ত্রিভনের উজ্জ্বল পাতৃকা তার দৃষ্টিতে পড়ে। অপূর্ব ভঙ্গীতে মাটিতে ল্টিয়ে সে পাতৃকা জোড়ায় মাধা ছোঁয়ায়। হাতের পরায়নী রাখে সেখানে। ছটি গুলাঞ্জ খলে পড়ে মাধা থেকে।

ত্তিভন ত্'হাতে উঠিয়ে নেয় লিপুরকে। পদ্মফুলটি আবার তার হাতে তুলে নেয়। খসে-পড়া চাঁপা চ্টি সমত্ত্ব গুঁজে দেয় তার খোঁপায়। মিষ্টি হেসে বাহুর বকুল ফুলের বালা মৃত্ স্পর্শ করে। ঝুঁকে প'ড়ে তার দ্রাণ নেয়।

হঠাৎ ছিট্কে দ্রে সরে যায় আজকের ধারতি। ত্রিভনের নতুন স্পর্শে সে যেন প্রথম সভ্যের আলো দেখতে পেল। চোখে মুখে ফুটে ওঠে নিদারুণ আতক্ক আর অসহায়তা। ত্রিভন রাজা—সভেরখানি তবক তার রাজা। সে তো সত্যিই কাঁটারাঞ্জার বাঁশীওলা নয়। তবে ? তিনপুরুষ আগের এক সামান্ত সর্দার বংশের মেয়েকে সে যদি নিজে থেকে একটা নামও দেয়। তার অর্থ কি আরও গভীর হতে পারে ? না—না—এ মারাত্মক ভূল। এই ভূসকে মেনে নিয়ে ক্বতার্থ হয়ে সে কি শুধু আজীবন কোন নাম-না-জানা লোকের সন্তান মানুষ করতে করতে আজকের ঘটনা স্বরণ করবে ? না।

ত্রিভন ? সে তো রাজা। রাজাদের কত খেয়ালই হয়। অনুগ্রহ করে নতুন নাম দিয়েছে তাকে। এর চেয়ে গভীরভাবে কিছুই হয়ত তলিয়ে দেখেনি। নাম রেখে সে যে স্ফনার স্মষ্টি করল, তার পরিণতির কথা নিশ্চয়ই ভাবেনি। রাজবংশের কেউ কথনো তা ভাবে না।

লিপুরের মনের মধ্যে চিতা জলে। ফাঁড়ি পাহাড়ির অরণ্যে যখন দাবানল জলে উঠবে তখন তার মধ্যে নিজেকে সঁপে না দিলে এ আগুন নিজবে না।

क् भिरा (केंद्र ७८) ता।

- কি হল ধারতি ? ত্রিভন বিহরল।
- -- त्कन मिटन **এই नाम।** कि कब्रव अ निरम्न आमि ? काश्राम गाव ?
- —কোথাও না।
- —ভবে ? কেমন করে আমি সহু করব ?
- আমি যেমন করে সইব। হাসি কোটে ত্রিভনের মুখে।
- —তুমি রাজা। তোমার রাজ্য আছে, চোরাড় আছে—বৃদ্ধ আছে। তোমার কত কাজ। তুমি রাণী পাবে—রাজারা মেয়ে দেবার জন্তে ব্যাকৃক

হয়ে আছেন। আমি কি করব ?—জল-ভরা চোখে দে ত্রিভনের দিকে চায়।

—তুমি ? ভোমার ঘর আছে—ঘরের কাজ আছে। ভোমার কুঙ্কী আছে—যদিও সে অনেক বড়ো হয়েছে। এছাড়া আরও একটা জিনিস আছে। পারাউ সদারকে কেউ আগে থাকতেই বলে রেথেছে নিশ্চয়ই ভোমার জন্তে।

কঠিন সত্যি কথা বলে দিয়েছে রাজা ত্রিভন সিং ভূঁইয়া। বাঁশীওলার কাছে এমন কথা শুনতে পাওয়া সম্ভব নয়। লিপুরের পা কাঁপতে থাকে। স্থপ্পকে স্বপ্প বলে জানতে শুরু করেছিল মাত্র দেদিন থেকে—যেদিন বুবল ত্রিভনের প্রতি তার আকর্ষণের একটা গভীর দিক রয়েছে। তবুত স্বপ্পকে ভাঙতে দিতে চায়নি। নিজেকে ফাঁকি দিয়ে হয়ত মনে একটা আশা পোষণ করত—স্বপ্পও তো সত্যি হতে পারে।

আজ ব্রাল, তা হয় না। যা সত্যি তাই সত্যি। দিনের আলোর মত নির্লজ স্পষ্ট। শালগাছের দোত্ন্যমান পাত। দে আলোতে লুকোচুরি খেলতে সাহদ পায় না। কাঁটারাঞ্জার শেষ প্রাস্ত খেকে স্কুল্ল হয়েছে যে কঠিন অমুর্বর বিস্তীর্ণ মাঠ, তাতে স্থের আলো পড়ে যেমন কোন বিভ্রান্তির সৃষ্টি করতে পারে না—এও তেমনি।

লিপুর হাতের পরায়নী ফেলে দেয়। মাধার চাঁপাফুল তুলে নিয়ে পাগলের মত ছিটিয়ে দেয় চারদিকে। কাজ নেই গুলাঞ্জের বাহারে। বকুলের বালা খুলতে খুলতে যথন সে ছুটতে স্থক করে তথন ত্রিভন দৌড়ে গিয়ে তাকে ধরে কেলে।

- —না—না। আমি পারব না। আমাকে মরতে দাও।
- ' —তুমি একেবারে পাগল ধারতি।
 - —ছেড়ে দাও, তোমার পায়ে পড়ি।
 - —কেন? ত্রিভন আরও শক্ত করে চেপে ধরে তাকে।
 - —আমাকেও যে তাহলে মরতে হর ধারতি।
 - —কেন? ছিঃ, তুমি স্থথে থাক।
 - —তুমি ছাড়া স্থ্য কই ?
 - —এ তো হু'দিনের জন্তে i
- ছু'দিন পরেও। চিরকাল—। ত্রিভনের চোথ নেমে আসে ধারভির চোথের ওপর।
 - —ন্-না। মনের সমন্ত শক্তি দিয়ে অস্বীকার করতে গিয়ে সেঁ অবসয়

হয়ে পড়ে। চোখ ছাপিয়ে নতুন করে জল গড়িয়ে পড়ে।

—ধারতি, তুমি কি আমাকে নতুন করে চিনছ?

বুক চিরে ধারতির দেখাতে ইচ্ছে করে ত্রিভনকে সে চেনে কিনা। কিন্তু সবার ওপর সে রাজা। তাই তো গোলমাল হয়ে যায়।

ময়ুরের ডাক ভেলে আদে দূর থেকে। কাঠঠোকরা পাশের পলাশ গাছটাকে অবিশ্রাস্কভাবে ঠুকে চলেছে। রৌদ্র সরে গিয়ে দূর প্রাস্তরের গাছগুলোর মাধায় রাঙা হয়ে আটকে রয়েছে।

ধারতি ধীরে ধীরে বলে—চিরকাল ?

- —হাঁা ধারতি।
- -- কিন্তু তা যে হয় না।
- —হয়ে না ব'লো না—হয়নি। এবারে হবে।
- সবাই যে তোমাকে পাগল বলবে।
- —বলুক।
- —ভোমার বিরুদ্ধে যাবে তরফের সবাই।
- —না। তারা ব্ঝবে আমি তাদেরই মতন। রাজা হয়ে সিংহাসনে বসে দেবতা হয়ে যাইনি।
 - -- কি জানি। আমার ভীষণ ভয় করছে।
 - --ভয় ? আনন্দ হচ্ছে না ?
 - —তোমার যদি কোন অনিষ্ট হয় ?

ত্রিভন হাসে। বলে*—তুমি আছো। তুমি রক্ষা করবে। সবই তে। শিখিয়েছি ভোমাকে।

- —আমি বুঝি সবার সঙ্গে যুদ্ধ করতে পারি।
- —দরকার হলে পারবে না ?

ধারতির মুখে কেমন পাহাড়ী কঠোরতা দেখা যায়—প্রপাতের মত যা স্থন্দর অথচ ভয়ঙ্কর। সে দূরে দৃষ্টি নিবদ্ধ করে ধীরে ধীরে বলে—পারব।

সদ্ধা। নেমে আসে। বাড়ীর কথা মনে ছিল না ধারতির। বৃদ্ধ পারাউ হয়ত নিজেই কুঙ্কীরে টেনে উঠোনে এনেছে। গেল বছরের লাল রঙের বাছুরটা মরে যাবার পর কুঙ্কীর আর বাচ্চা হয়নি। পারাউ বলে, আর নাকি হবে না—বয়স নেই। কুঙ্কী বুড়ো হয়েছে। তার কালো গায়ের অনেক লোম্ সাদা হয়ে গিয়েছে। আগের মত চকমকে কালো আর দেখায় না তাকে।

- शांत्रि, এর পর কয়েকদিন আমাদের দেখা হবে না।
- --কেন ?
- —আমি বাইরে যাব। হয়ত যুদ্ধ করতে হবে।
- —কোপায় ?
- —আমদা পাহাড়ীতে পাঁচশ নাগা সর্যাসী এসে উপদ্রব স্থক করেছে। ভাল কথায় ভারা যাবে না। আমার অমুমতি না নিয়ে বাঁধ খুঁড়তে স্থক করেছে—অভ্যাচার করারও চেষ্টা করছে। একি সহ করা যায় ?
- —না। ধারতির কট হয় ত্রিভন চলে যাবে শুনে। কিন্তু যুদ্ধ করবে শুনে আনন্দ হয়। যুদ্ধবিগ্রহ অতি সাধারণ জিনিস। এ সবে উৎসাহ দেওয়াই তাদের বংশের রীতি।

ত্রিভন ধারতির উত্তরে থ্শী হয়। বলে তোমার কষ্ট হবে ?

- ं—हैं। श्रुव।
- '—তবে যেতে বলছ যে ?
- যুদ্ধে যাবে না ? ভাই হয় নাকি ? কিভাপাটকে প্রণাম করে যেও।
- —তা বাবো। আমাদের কালাচাঁদ জিউকেও প্রণাম করব। কিছ তুমি আমাকে সাজিয়ে দেবে তো?

ধারতির চোধে জল আসে। বলে—আমি যে গরীব। কোথায় পাব রাজার সাজ!

ব্রিভন অপ্রস্তুত। এমন জবাব পাবে আশা করেনি। ত্ব'হাত দিয়ে তার গাল হটো চেপে ধরে বলে—এমনি ঠাট্টা করছিলাম। রাণী হয়ে সাজিয়ে দিও। ঘাড় হেলিয়ে সম্মতি জানায় ধারতি। তার মুখের দিকে চেয়ে আনন্দে

बिङ्दा पूर्व इद्ध १ १ । —हम । वाड़ी यादा ।

কালো পাধর ছেড়ে চুজনে চলতে স্থক করে।

চোয়াড় বাহিনীর জৌলুষ দেখতে বাটালুকার অধিবাসীরা পথের তৃ'ধারে ভেঙে পড়ে। কিডাড়ংরির পাহাড় থেকে সেই যাত্রা হুক্ল হয়। অনেক প্রথ অতিক্রম করে আমদা পাহাড়ীতে তার শেষ হবে। কিডাপাটের মন্দিরে রাজ্যের ফুল এনে জ্বমা করা হয়েছিল দেবতার পায়ে উৎসর্গের জ্বন্ত । সেই উৎসর্গীকৃত ফুল প্রতিটি চোয়াড়ের শিরস্ত্রাণ আর ঝাঁকড়া চুলে শোভা পায়। কপালে তাদের।রক্তচন্দনের ফোঁটা।

তাঁব, খাত আর হাণ্ডীর কলসী নিয়ে প্রথমে চলে ভারবাহীর দল।
লেটা বেশ বড়। অক্স রাজ্য আক্রমণের সময়ে এ-সবের প্রয়োজন হয় না।—
শব্দ চলতে চলতে লুঠন করে সংগ্রহ করাই চিরাচরিত নিয়ম। নইলে
শৈলদের ফ্রতগতি বজায় রাখা কঠিন হয়ে পড়ে—বিশেষ করে জ্ললমহলের
এই অংশে। কিন্তু এ-যুদ্ধযাত্রা নিজেরই রাজ্যের মধ্যে নাগা সয়্যাসীদের
বিক্রমে। লুঠপাটের প্রশ্ন ওঠে না এখানে। নাগারা বাইরের শক্র।
আমদাপাহাড়ীতে আন্তানা গেড়ে আন্পোশের অঞ্চলের তুর্গতি এনেছে
ইতিমধ্যেই। রাজা ত্রিভনের স্কুম্পেষ্ট নির্দেশ—দলের জল্পে যেন কাণাকড়িও
চাওয়া না হয় সে অঞ্চলের লোকদের কাছে। তাই এত আয়োজন।

ভারবাহী দলের পেছনে বল্লমধারী সৈক্তরা চলেছে হৈ-হল্পা করতে করতে।
এদের দলপতি বাঘরায় সোরেণ। ভারপরেই তীরন্দাজের দল। এদের
হাতের অধিকাংশ ধন্থকই নতুন। রান্কো কিস্কুর নিপুণ হত্তের ছাপ ভাতে।
ভিনদিন ভিনরাত্তিন থাকের সে একটানা থেটে সৈক্তদের চাহিদা মিটিয়েছে।
চারজন লোক অবক্ত ভাকে সাহায্য করেছে। কিন্তু সে সাহায্য শুধু
আয়োজনের। আদল কাজ রান্কোর নিজের হাতের। প্রশ্বারও সে
পেয়েছে। কিন্তু বুক আগের মতই ফাঁকা ভার। সৈক্তদের কেন্ট খোঁজ রাখে
না—এমন কি রাজা ত্রিভনসিংও জ্ঞানে না যে, নিস্পৃহভাবে অক্লান্ত পরিশ্রম
করেও, রান্কো নিজের স্পষ্ট সৈক্তদের হাতে কেমন শোভা পার, ভা দেখবার
জক্তে ভীড়ের মধ্যে দাঁড়িয়ে নেই। কিভাপাটের মন্দিরে যখন রাজ্যের স্বাই
সমবেত হয়েছিল—ভার ঝাঁপানীও যখন অন্তঃসজা অবস্থায় অবাক বিশ্বয়ে
দেখছিল বিরাট সমারোহ, তখন রান্কো উদাসভাবে বাটালুকার পাথ্রে মাটির
পথ ধরে এগিয়ে চলছিল, স্বকিছু পেছনে ফেলে স্বর্ণরেখার ভীর বেয়ে।

তীরন্দাজের দলপতি ডুই: টুড়। হাতে ধহক, পিঠে তৃণ আর কোমরে তরবারি। প্রায় সবার কোমরেই তরবারি। অনেক সময়ে তীর ধহকে কোন দাজে লাগে না, তথন তরবারি নিয়েই ঝাঁপিয়ে পড়তে হয়। নইলে যুদ্ধে জেডা যায় না।

রাজা ত্রিন্ডন-সিং চলছিল সবার পেছনে ঘোড়ায় চড়ে সবকিছু লক্ষ্য করতে করতে। যুদ্ধক্ষেত্রে গিয়ে সে-ই যাবে সবার সামনে। দলপতি সে। ত্রিন্ডনের উন্নত বক্ষ গর্বে আরও ফীত।

ভীড়ের অধিকাংশই শিশু ও স্ত্রীলোক। সৈক্তদলের তীক্ষ দৃষ্টিও তাই পধের ই ধারে। কোথাও আড়-চোধের চাহনি—মূচকি হাসি, কোথাও হাতের ইসারা। জিভনের চোখ সবার ওপর ঘুরে ঘ্রে ফিরছিল। শেষে এক মছয়া গাছের গোড়ায় চোখ আট্কে যায় তার। ভীড়ের পেছনে সবার অলক্ষ্যে ধারতি দাঁড়িয়ে রয়েছে সেখানে একাকী। ঘোড়ার পিঠ থেকে জিভন দেখলেও পদাতিকদের নজর যাবার উপায় নেই সেদিকে। মালা হাতে দাঁড়িয়ে রয়েছে ধারতি। জিভনের সক্ষে দৃষ্টি বিনিময় হতেই মালাটি গলায় পরিয়ে দেবার ভক্ষি করে নম্রভাবে প্রণাম করে সে। বুকের ভেতরটা ঘূলে ওঠে জিভনের। এর চেয়ে বড় যুদ্ধশাজ সে চায়নি—কল্পনাও করেনি। তার মুখে হাসি কোটে। ধারতির মুখেও সে হাসির সংক্রামণ। সে হাতিতে আনন্দের সক্ষে বিষাদও মাখানো রয়েছে।

ভূই: টুডুরও নজর পড়ে সামনের দিকের এক জায়গায়। ছূট্কী দাঁড়িয়ে রয়েছে সেখানে। অপূর্ব সাজে সেজেছে সে। ডুই: লক্ষ্য করে বল্লমধারী সৈক্সরা পাশ দিয়ে যাবার সময় বাঘরায়কে দেখে হাতের ইশারা করে ছূট্কী। আর বাঘরায়ের পেশীবহুল হাতের বল্লমটা আকাশের দিকে অনেকটা উঠে বায়। বন্ধু তার ভাগ্যবান।

মাধা নিচ্ করে ডুই:। সবার মত জনতার দিকে উৎস্কভরা দৃষ্টি নিয়ে চাইবার কোন কারণ খুঁজে পায়না সে। এত লোকের মধ্যেও নিজেকে বড় একা মনে হয় তার। শুধু তাকেই উৎসাহ দেবার, অভিনন্দন জানাবার কেউ নেই। ছুট্কীর কাছ দিয়ে যাবার সময় তার বুকের ভেতরটা ঢিপ্ চিপ্ করে। সে অক্তমনস্কের মত বিপরীত দিকে চেয়ে থাকে।

- महात्र ।

চমকে লাগে ডুই:-এর। ছুট্কী ভাকছে। চোখাচোখি হয়।

—তোমাদের অপেক্ষায় থাকব সদার। ছুট্কীর কণ্ঠস্বর যেন ডেজা-ডেজা। এই আর্দ্রতা নিশ্চয়ই বাঘরায়ের পাওনা। বড় বেশী কাতর হয়েছে ছুট্কীর মড শক্ত মেয়েও।

—আজকের দিনে অমন অভিশাপ দিও না। সামনের দিকে এগিয়ে যায় ছুই:। ফিরে তাকায় না। তার কথায় ছুইকীর মনে সাড়া জাগাবার কোন সম্ভাবনা নেই। তবু বিবেক তাকে বিপ্রত করে। জবাবটা ওভাবে না দিলেও হত। বলতে পারত যে, বাঘরায়কে কখনো সে তার আগে বিপদের মুখে যেতে দেবে না। ছুইকীর কথা ভেবেই যে সে শুরু বাঘরায়ের নিরাণ্ডা চায় তা নয় — বাঘরায় তার বন্ধু।

বনজন্তলের আড়ালে গা ঢাকা দিয়ে একহাজার চোয়াড় বাহিনী যথন

আচমকা এদে নাগা সন্ন্যাসীদের সমুখীন হল, তথন সম্পূর্ণ অপ্রস্তুত। তীরন্দাজের একঝাঁক তীর যখন তাদের কিছু লোককে আহত করল তখন তারা প্রথম ব্রাল, যে আট দশজন নাগা বিচ্ছিন্নভাবে থেকে রাজসৈল্পের আগমনের ওপর নজর রাখছিল তারা কেউ-ই এই বগু শিকারীদের হাত খেকে तका भावनि। तका (भावन, এ-एपना रूखाना। नागा मन्नामीता कोमनी, वीत योषा रत्न जारनत अ-अज्जिज किन ना य जननमरतनत अधिवानीरमत অমুভূতি হরিণের চেয়েও তাত্র, এদের চোধ বয় বেড়ালের চেয়েও তীক্ষ। অরণ্যের সামাগ্র অস্বাভাবিকতাও এদের নজর এড়ায় না। তবু হয়ত এক-আধজন ঠিক সময়ে এসে খবর দিতে পারত। কিন্তু আনেপাশের অধিবাসীরা নতুন রাজার অভিযানের কথা ওনেছিল দূরের এক হাটে। সেখানে চাউরা দেওয়া হয়েছিল চোয়াড় বাহিনীতে যোগ দেবার জন্তে, তাই এই কয়েকদিন উদ্গ্রীব হয়ে প্রতীক্ষা করছিল আর বাঘের মত অনুসরণ করছিল প্রতিটি নাগাকে। রাজার বাহিনী এগিয়ে এলেই তারা এক একজনকে স্বতঃপ্রবৃত্ত হয়ে টেনে বার করে উন্মাদের মত পিটিয়ে মেরে ফেলেছে। উন্মাদ ভারা সাধে হয়নি। অজগর সাপের মতই নির্বিরোধী আর শাস্ত তারা। কিন্তু পেটের ক্ষিদে আর অত্যাচার কিছুতেই সহ করতে পারে না। নাগা সম্যাসীর। যতদিন ধরে এসেছে—জোর করে লুগ্ঠন চালিয়েছে। মন্দির প্রতিষ্ঠা করবে নাকি তারা। ফলে এর মধ্যেই ঘরে ঘরে দেখা দিয়েছে খাছাভাব আর হাহাকার।

তীরবিদ্ধ হয়ে কিছু লোক পড়ে যেতেই নাগারা বুঝল, তাদের প্রথম কর্তব্য হল উন্মৃক্ত টিলা থেকে সরে গিয়ে কিছুর আড়ালে আশ্রয় নেওয়া। যুদ্ধকে তারা ভয় করেনা—ভালবাদে। সামনা সামনি যুদ্ধ করার নেশা যথেষ্ট রয়েছে তাদের। কিছু তীরের সামনে অসহায়ভাবে দাঁড়িয়ে থাকা আর মৃত্যুকে আদরে আহ্বান করা একই কথা। তারা জানে আড়ালে গেলে চোয়াড়রা এগিয়ে আসতে বাধ্য হবে। তখন যুদ্ধে লাফিয়ে পড়া অনেক সহজ্ব। তীরন্দাজের কোন কাজ থাকবে না সে সময়। তুই পক্ষ মিলে হবে একাকার। শক্তি পরীক্ষার প্রকৃত স্থযোগ মিলবে তখন।

তবু ছুশো গজ দূরে দণ্ডায়বান শক্র সৈত্যেরা সংখ্যা দেখে তারা স্পষ্ট ব্রুতে পারে, তাদের দলের একটি প্রাণীও আর বেঁচে ফিরে যেতে পারবে না। ধরুক থাকলে তবু লড়া যেত। বল্প আর তরবারি এমন কিছু সহায়ক হবে না। নাগা স্পার অমুতাপে মাথার চুল ছেঁড়ে। এ তারই কর্মকল। সন্ন্যাসীর বেশে একবছর আগে এসেছিল সে এ-দেশে। তথন মারাংবৃক্ষর পূজারীর কাছ থেকে জেনে গিয়েছিল যে নতুন রাজা শুধু বাঁশীই বাজায়। কিন্তু সে যে জাস ধরতেও সমান ওল্ডাদ একথা কে জানত ? মারাংবৃক্ষর পূজারীও একথা জানত না। হিমৎ সিং ভূঁইয়ার মৃত্যুর পর বাটালুকার ঘটনার ক্রত পটপরিবর্তনের কোন সংবাদ সে রাখত না—রাখা প্রয়োজন বোধ করেনি। কাঁটারাঞ্জার শালবনের মধ্যে সে যখন কোন পাশবিক বৃত্তি চরিতার্থের জক্তে উন্মত্ত তথন গাছের আড়াল থেকে দেখেছিল ত্রিভনের হাতে বাঁশি—শুনেছিল তার হ্বর। আর দেখেছিল ত্রিভনের পাশে এক কিশোরীকে, রাঙামাটির ছাপ যার সর্বান্ধে। মন্ধলের চোখ ধ্বক্ধক্ করে উঠেছিল প্রতিহিংসায়। হেমৎ সিং-এর কাছে হেয় হবার আগুন তখনো তাকে জ্বালিয়ে পুড়িয়ে মারছে। তাই পিতার কর্মকল পুত্রের ওপরও যাতে অভিশাপের মত গিয়ে পড়ে তার ক্রন্ত সচেষ্ট হয়ে ওঠে সে। দিকুদের চোখে আঙুল দিয়ে সে দেখিয়ে দিতে পারবে মারাংবৃক্র হাতের শান্তি কত ভয়ংকর—প্রত্যক্ষ। তব্ সেদিন কিছু করতে সাহস পায়নি মন্ধল। তবে চেষ্টা ছেড়ে দিল না। তারই পরিণাম নাগা-স্বাবের সক্ষে সংযোগ স্থাপন।

কিছু ভূল হয়েছিল মন্ধলের। এতবড় একটা ষড়যন্ত্রের প্রস্তৃতি হিসাবে আরও সাবধান হওয়া উচিত ছিল। তার কথায় বিশাস করেই নাগা সন্মাসীদের আজকের এই তুর্দশা। বাঁধ খননের জন্তে রাজার অহ্মতির প্রয়োজন মনে করেনি তারা। এই অহ্মতি না-চাওয়ার মধ্যে রাজাকে দন্দে আহ্বান করার ইন্ধিত স্কুম্পষ্ট। ভেবেছিল, বাঁশীওয়ালা রাজা তয় পেয়ে চূপ করে থাকবে। বিনা বাধায় উঠবে মন্দির—বিগ্রহ প্রতিষ্ঠা হবে। ধীরে ধীরে সভেরখানি তরফ নাগা-সর্দারের করতলে বাবে। তারপর ভালভাবে প্রতিষ্ঠিত হয়ে একদিন মারাংবৃক্তর সক্ষে মঞ্চলকেও নিশ্চিহ্ন করে দিলেই হবে।

সন্ন্যাসী-সর্দার ব্রেছে কত বড় ভুল সে করেছিল। মঞ্চলকে অভিশাপ দিতে দিতে নাগা-সন্মাসীদের ডেকে সে বলে—প্রস্তুত হও। মরতে আমাদের হবেই। তবে শিয়ালের মত পালিয়ে যেতে যেতে মরব না। মারো আর মর। আমাদের সন্মান রাশ। দেখাও এদের, দেবতার পূজা আর মন্দির প্রতিষ্ঠাকরি যেমন, তেমনি বাছবল আর সাহসেও কম যাইনে।

সন্ন্যাসীরা তরবারি নিয়ে হুংকার দিয়ে ওঠে। তারা ব্রুতে পেরেছে, ভূল করে তাদের আগুনের মধ্যে এনে ফেলেছে স্পার। কিছ এখন সে সমস্ত ভেবে লাভ নেই, সন্মানটাই বড় কথা। সদার বলে—একচুল জায়গাও পেছু হটবে না। দাড়িয়ে লড়বে। দাড়িয়ে মরবে। মরার আগে ওদের অন্ততঃ ত্জনকে থতম করা চাই। এই আমার শেষ আদেশ।

- আমাদের বিগ্রহ ? ব্যাকুল হয়ে একজন প্রশ্ন করে।
- চুলোয় যাক বিগ্রহ! আমরা যদি মরি বিগ্রহও মরবে। কি হবে ভেবে! বৈঞ্চবদের মত হাহুতাশ করা তোমার মত নাগা সন্ন্যাসীর শোভা পায় না।

সদারের কথা প্রতিটি নাগার মন্তিক্ষে ঝংকার তোলে। সদার কি শেষে বিগ্রহের প্রতি অমর্যাদা দেখান ?

দলপতি হয়ে দলের লোকের মনের অলিগলির সন্ধান জানা আছে সদারের। তার কথা সবার মনে কিভাবে কাজ করল মুহুর্তে বৃঝে ফেলে সে। তাই কাঠহাসি হেসে বলে—দেবতাকে রক্ষা করবে মাহুষ? তিনিই না রক্ষা করেন সমস্ত জগতকে। আজ তাঁরেই জন্যে তোমরা ব্যাকুল হয়ে পড়ছ? তাঁর কি হবে সে থবর তিনি জানেন সবচেয়ে ভালই, তোমরা ভেবে কি করবে?

সম্ভষ্ট হয় সবাই। তিনশো তরবারি একসঙ্গে ঝন্ঝন্ করে ওঠে।

ত্রিভন সিং এগিয়ে যাবার আদেশ দেয়। সহস্র তীর ছুঁড়েও আর কোন লাভ নেই।

বাঘরার সোরেণ লাফিয়ে রাজার সামনে এসে বলে—আমাকে আগে যেতে আদেশ দিন রাজা। আমার দল নিয়ে ওদের সাবাড় করে দিয়ে আসি।

ভূই: টুভূ বাঘরায়কে থামিয়ে চিৎকার করে ওঠে—কক্থনো না। স্বাগে স্বামি যাব। রাজা বাঘরায়ের স্বাগে স্বামাকে যেতে দিন।

ত্রিভন হুই বন্ধুর দিকে চেয়ে হেসে ওঠে—এখনো ঝগড়া সদার। চল একসঙ্গে যাই।

প্রতিবাদ জানায় ডুই: ক্ষমা করবেন রাজা। আমার কিছু বলার আছে।
—বল।

—শক্র হলেও ওরা যোদ্ধা। শক্রকে সামনা সামনি যুদ্ধের স্থযোগ দেওয়াই তো বীর রাজার কাজ। জানি, আমরা ওদের পিষে মেরে ফেলতে পারি। তবু ওদের বুঝতে দিন, সতেরখানির লোকেরা কাপুক্ষ নয়। বছরের ছয়মাস আধপেটা থেয়ে থাকলেও শক্তিতে কম যাই না।

ত্তিভনের দৃষ্টিতে প্রশংসা ঝরে পড়ে। ডুই:-কে তার আলিম্বন করতে ইচ্ছে হয়। কিন্তু সময় বড় কম। সে বলে—তাই হোক্। তাই হোক্। তুমি আগে যাও ডুই:—তোমার দল নিয়ে।

সম্মুখে তরবারি রেখে আভূমি নত হয়ে রাজাকে প্রণাম করে ডুই:। তার সারা মুখে ফুটে ওঠে বিজয়ীর হাসি। বাঘরায়ের দিকে এগিয়ে গিয়ে তাকে জড়িয়ে ধরে বলে—চলি ভাই।

- —সে আবার কি কথা ?
- —এমনি বলছি। চোথের জল মুছে ফেলে ডুই: সবার অজ্ঞাতে।

সামনে এগিয়ে গিয়ে ডুই: তরবারি উচু করে ধরে—স্থর্গ্যের আলোয় সেটা বক্ষক করে ওঠে। ইন্ধিত করে সে নিজের দলকে।

ত্রিভন আর বাঘরায় দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখে ডুই:-এর দল এগিয়ে যেতেই নাগা সন্মাসীরা তাদের আশ্রয় থেকে বার হয়ে আসে। অস্ত্রের ঝন্ঝনানি ছাড়া বছক্ষণ আর কিছুই ঠাহর করা যায় না। ধুলোয় ছেয়ে যায় সেখানকার আকাশ। আহতদের আর্তনাদ বাতাসে ডেসে আসে।

- --কিছুই ব্ঝতে পারছি লা বাঘরায়। ছুইদল মিশে যে একাকার হয়ে গেল ?
 - —আমি যাব রাজা ?
 - —না, অপেকা কর। ডুই: ক্র হতে পারে।

বাঘরায় কিন্তু ছটকট করে। ডুই:এর শেষ কথাটি যেন তার মনে সন্দেহের বীজ বুনে দিয়ে গিয়েছে। তাছাড়া বন্ধুর চোখে সে যেন জলও দেখেছে। হয়তো চোখের ভুল। হয়ত বা স্র্রের দিকে দৃষ্টি পড়ে অমন হয়েছিল। তব্ অশাস্ত হয়ে ওঠে সে। মনের মধ্যেই এই ধারণা স্পষ্ট হয়ে ওঠে তার যে নিজের ওপর প্রতিশোধ নিতেই ঝাঁপিয়ে পড়েছে ডুই: মরণের মুখে। বন্ধুর আনন্দের পথে কাঁটা হয়ে থাকতে চায় না।

- —আমি যাই রাজা।
- —না। জিভনের স্বর দৃঢ়। দৃষ্টি ভার যুদ্ধক্ষেত্রের দিকে।

একজন চোয়াড়কে ছুটে আসতে দেখে তারা। ব্যাকুল বাঘরায় দৌড়ে বায় তার কাছে।

- --কি খবর ?
- —ভাল বলব কি খারাপ বলব বুরতে পারছি না সদার।

হেঁয়ালী রাখ, ভাড়াভাড়ি বল। চঞ্চল হয় বাঘরায়, চোয়াড়টি বলে— নাগারা প্রায় সবাই শেষ হয়েছে রাজা। একশো জনও বোধহয় বেঁচে নেই। কিন্তু আমাদের যে সর্বনাশ হল।

বাঘরায়ের হৃদ্পিও থেন থেমে যায়। ছৃ'হাত দিয়ে নিজের বৃক চেপে ধরে। না শুনেও সে বৃঝতে পারে কী সে সর্বনাশ।

— কি হ'য়েছে। ত্রিভনের শ্রন্নে উদ্বেগ।
সর্দার ডুইং টুডুর ডানহাত কাটা পড়েছে।
বাঘরায়ের সামনে সমস্ত পৃথিবী ঘুরতে থাকে। সে বসে পড়ে মাটিতে।
কি করে হল ? ত্রিভন অবিচল।

— সদার যে পাগল হয়ে গিয়েছিলেন। তিনি নিজে হাতে কম করে তিরিশ জনকে মেরেছেন। শেষে নাগা সদারকে খুঁজে বার করার জন্তে কেপে উঠলেন। আমি পাশে ছিলাম সব সময়েই। বাধা দিয়েছিলাম—ফল হল না। নাগা সদারকে খুঁজে বার করলেন শেষ পর্যন্ত। মরবার আগে সে আমাদের সদারের ডান হাতখানা নিয়ে গেল।

বাঘরায়। ত্রিভন ডাকে।

—আমাকে একা যেতে দিন রাজা—আমি একাই যাই। বাঘরায়ের চোখের জল গড়িয়ে পড়ে।

—না, আমিও যাব।

চারিদিকে রক্তাক্ত মৃতদেহের মধ্যে ডুইংকে পড়ে পাকতে দেপে বাঘরায়। সে বদে পড়ে তার পাশে।

- —তবু মরলাম না বন্ধু। ভুই:এর মুখে মান হাসি ফোটে।
- —কি করে মরবি ? নিজের চোখে আগে দেখবি তো খালি হাতে যুদ্ধ করে ফি করে মরতে হয়।
- —বাঘরায় ! ডুই: চিৎকার করে আপ্রাণ চেষ্টায়। অমন কাজ কখনে। করবি না। নিজের সর্বনাশ করে আর একজনকে পথে বসাবি না।
 - —আর তুই ? তুই ক'জনার সর্বনাশ করলি হিসেব রাখিস ? আমি তো মরিনি ভাই।

বাঘরায় কোন কথা বলে না।

- —गा, बुद्ध कद । ওদের এখনো অনেক বাকী।
- —একটা কথা দে তবে।
- **—वल** ?

—চল, ছুট্কীকে নিয়ে আমি যেখানে থাকব—তুই-ও সেধানেই থাকবি। তিনজনে আনন্দে দিন কাটাব।

বুকের মধ্যে একটা দলা পাকানো ব্যথা ভানহাতের চেয়েও অসহ হয়ে ওঠে। ভূই: বুঝতে পারে ভার মুখ বিক্বত হয়ে উঠছে। জাের করে হাসি কোটায় সে। বলে—তা হয়না রে পাগল। আমার মত পঙ্গুকে নিয়ে ভারা হাঁপিয়ে উঠবি। আমাকে ভালবাসলেও, এমন দিন আসবে যখন তােরা বিরক্ত হয়ে উঠবি। কিন্তু মুখে কিছু বলতে পারবি না। ভােদের মুখ দেখে আমিও সব ব্ঝব, অথচ চুপ করে থাকতে হবে। সে অসহা। ভােদের বাঁধ ভাঙ্গা আনন্দকে মাটি হতে দিতে পারি না। ভাঙা জিনিষ কি জােড়া লাগে? ওই তাে পড়ে রয়েছে আমার হাত। ও হাতে কত অস্ত্র ধরেছি, গান লিখেছি—এনে জােড়া লাগা দেখি। তা হয় না। অবুঝ হােসনে।

--- যুদ্ধ করব না।

জনে ওঠে ডুই:—তা করবে কেন? ছই সদার আসেনি, আমি আহত। তোমার ওপর রাজার জীবনের দায়িত্ব কিনা—তাই যুদ্ধ করবে না। এই না হলে সদার! ছি ছি:—তোর সম্বন্ধে এত নীচু ধারণা আমার কখনো ছিল না। রাজা কোধায় আছেন, ধবর রাখিস? একা ছেড়ে দিয়ে কোন্ সাহসে নিশ্চিম্ভ আছিস। যদি ভালমন্দ কিছু হয়—কে নেবে দায়িত্ব? নাগাদের জনেকেই আছে। মরণ-কামড় দিতে ছাড়বে না তারা।

ব্যস্ত হয়ে ওঠে বাঘরায়। ছুটে যায় রাজার স্থানে। সেদিকে চেয়ে নিদারুণ যন্ত্রণার মধ্যেও ডুই:-এর মুখে হাসি খেলে যায়।

টিলার অদ্রে জলাশয—সেখানে পদ্ম ফুটে রয়েছে। ছুট্কী ফুল ভালবাসে খুব। ডুই: একবার তাকে পদ্ম দিয়েছিল—আনন্দে উজ্জ্বল হয়ে উঠেছিল ছুট্কীর মুখ। জলাশয়ে বুনো হাঁসের ভীড়। একটু পরেই তারা উড়ে যাবে। আকাশে অনেক উচুতে শকুন উড়ছে। মরা জন্তর সন্ধান পেয়েছে বোধ হয় ? কিংবা এই মৃতদেহগুলির ওপরই তাদের স্থতীক্ষ নজর। আজ না হলেও কালকে তারা এক বিরাট ভোজ পাবে এখানে।

হঠাৎ ভুই: দেখতে পেল একজন নাগা সন্ন্যাসী তারই কিছুদ্রে উঠে দাড়ায়। মড়ার গাদার মধ্যে এতক্ষণ চুপ করে শুয়েছিল সে। এদের মধ্যেও তাহলে ভীতু মাহ্মৰ আছে। ধারণা ছিল না ডুই:-এর। শ্রীর অবসন্ন হয়ে পড়ছে তবু টেচিয়ে ওঠে—এই পালাচ্ছিস্ কোখায় ?

ৰমকে দাঁড়িয়ে পড়ে নাগা। আহত সৈক্তের মূৰে এ-জাতীয় চিৎকার সে

আশা করেনি। আন্তে আন্তে এগিয়ে আসে। ডুই: বাঁহাত দিয়ে তরবারি টেনে নিয়ে প্রাণপণে উচিয়ে ধরে বলে—দেখছ কি ? আহত দেখেও ভরসা হচ্ছে না ? ছি ছি, খু:।

নাগা সন্ন্যাসী অবাক হয়। এক হাতে লোকটি কোন্ সাহসে তাকে ধমকায় ভেবে পায় না। তার মুখে ধীরে ধীরে কুটিল হাসি ফুটে ওঠে। ল্টিয়ে পড়া এক নিহতের তরবারি তুলে নেয় নিজের হাতে। এক-পা এক-পা করে ডুইং-এর পাশে এসে দাঁড়ায়।

বাধা দেবার শক্তি ডুই:-এর ছিল না। যথেষ্ট রক্ত তার শরীর থেকে বার হয়ে মাটিতে গিয়ে মিশেছিল। বাঁ হাতে তরবারি তুলে ধরতেও হাত কাঁপছিল। নাগাটি তীক্ষ্ণ অন্ত বিনা বাধায় তার হৃদ্পিগু ভেদ করে মাটি স্পর্শ করে। সেই মুহুতে তার সামনে কার মুখ ভেসে উঠেছিল কেউ জানে না।

নাগা সন্ন্যাসীদের বধ করার পর দেড় বছর কেটে যায়। ইতিমধ্যে সতেরখানি তরফের শান্তি আর ব্যাহত হয়নি। চিরকালের দারিন্ত্য নিয়ে স্বাভাবিক আনন্দে দিন কাটিয়ে চলে রাজ্যের অধিবাসী। তরফের চার-সদীরের এক সদীরের জায়গা এখনো খালিই পড়ে রয়েছে। ছুট্কী এখন বাঘরায় সোরেনের গৃহিণী। ভূই:-এর মৃত্যু তাঁর মনে যত বড় ঝড়ই তুলুক না কেন সে ঝড় শান্ত হয়েছে কালের গতিকে। বাঘরায় বুরোছিল বন্ধু হলেও তার মন পাধরে গড়া নয়—তাই কোন আঘাতের দাগ যদি পড়ে তাতে সে দাগ চিরন্থায়ী হতে পারে না। পাণরই যদি হত তার মন তাহলে ডুই:-এর প্রতি বন্ধুত্বের বড় রকম আদর্শ স্থাপিত হলেও সদার হিসাবে সে পংগু হয়ে যেত। কিভাপাটের আশীর্বাদেই মাহুষ অনেক কিছুকেই চেপে রাখতে পারে—অনেক কিছু ভূলে যায়। নইলে উপায় থাকত না। ছুট্কি তাকে যে প্রথম সম্ভান উপহার দিয়েছিল সে আজ বেঁচে নেই। কিন্তু ওই ঘুই মাসের একরত্তি শিশু সেদিন যখন মারা গেল, তখন সেই মুহুর্তে, সে ভেবেছিল হয়ত তারও বেঁচে পাকার প্রয়োজন ফুরিয়েছে। অথচ এর মধ্যে তো বেশ সামলে উঠেছে। ছুট্কীকে সঙ্গে নিয়ে ঘুরছে পথে-ঘাটে। হাণ্ডি খেয়ে তার কোমর জড়িয়ে নেচেছেও এক উৎসবে। ছেলের মৃত্যুতে বরং একটা লাভ হয়েছে বলে মনে হয় বাল্বায়ের। আগের চেয়ে সে যেন ছুট্কীর অনেক কাছে চলে এসেছে। স্বাগের ভীব্র আকর্ষণের সঙ্গে এখন মমতা এসে যোগ হঙেছে।

ডই:-এর জন্মে রাজা জিভনেরও তৃঃধ কম হয়েছিল না। কিন্তু প্রথম মৃত্বজয়ের উন্মাদনা সেই তৃঃধকে স্থায়ীভাবে বাসা বাঁধতে দেয় নি তার মনে।
তাছাড়া মৃত্ব-জয়ের পরে যেদিন প্রথম গিয়ে দাঁড়াল কাঁটারাঞ্জার পাধরের পাশে,
সেদিন ধারতির চোখের ভাষা সব কিছুই ভূলিয়ে দিয়েছিল।

ঘটনা আবর্তিত হয়ে এগিয়ে চলছিল এক স্থনির্দিষ্ট পথে। কেউ না জানলেও ত্রিভন জানত সে কথা। তাই ধাদকা আর পঞ্চ স্পারী যথন দৃত পাঠান বন্ধ করল তথন রাণী, নরহরি দাস, এমনকি স্পাররাও চঞ্চল হল। রাজাণ কি তবে অবিবাহিত থাকবেন ?

পঞ্চসর্দারী শত্রুতা করল। তুর্নাম ছড়িয়ে দেয় রাজা ত্রিভনের নামে।
নরহরি বাবাজী একদিন ব্যস্ত হয়ে ত্রিভনের সামনে এসে দাড়ায়।

- —কিছু বলবেন ঠাকুর ?
- —ভূঁমা।
- —বলুন।
- —গোবিন্দ ফিরল আজ বরাহভূমি থেকে।
- —নতুন কোন থবর আছে ?
- —না, বিশেষ কিছু নয়। তবে রাজা ডেকেছিল তাকে।
- —কেন ?
- —সতেরখানির লোক বলে। নরহরি গন্তীর হয়।

চকিতে নরহরির আপাদমন্তক ভালভাবে দেখে নিয়ে ত্রিভন বলে— আপনার কথার অর্থ ?

- —রাজা বিদ্রপ করছিলেন আপনাকে নিয়ে। শুধু আপনাকে নিয়ে বিদ্রপ করলে হয়ত আজ কিছু বলতে আসতাম না। কারণ রাজা হেমৎসিংয়ের মৃত্যুর পর আমার সব কর্তব্য শ্রীশ্রীকালাচাদ জিউর মন্দিরের মধ্যেই সীমাবদ্ধ।
- —আপনি পূজারী, শ্রদ্ধার পাত্র। কিন্তু মন্দিরের বাহিরে আপনি কোন্ কর্তব্য করতে চান ?
- —আপনার পিতা পূজারী বলে শুধু ভাবতেন না আমাকে। আমার অনেক উপদেশ তিনি বিবেচনা করতেন। তাই সতেরখানির বহু লোকই বৈষ্ণব ধর্ম নিয়েছে।
 - —সতেরখানির স্বাই বৈষ্ণ্য হোক—এ আমি চাই না।
 - —চান না ? নরহরির মাধায় বছ্রাঘাত হয়।
 - —না। কারণ ভাতে সভেরখানির অকালমৃত্যু অবধারিত।

বৈষ্ণবদের রাগতে নেই। রাগের সমস্তট্কু জ্বালা বিক্ষারিত দৃষ্টির মধ্যে প্রকাশ পায় নরহরি বাবাজীর। শেষে কাঁপা গলায় বলে—হেমৎ সিং ভূঁইয়ার ছেলে হয়ে একথা বলতে পারলেন রাজা ?

—বলতে বাধ্য হচ্ছি ঠাকুর। বৈষ্ণব ধর্মের যত গুণই থাক না কেন, আমাদের, এই সতেরখানি লোকদের, সে ধর্মের মধ্যে বেশী না-এগনোই ভাল। বাবাকেই দেখতাম—কত পরিবর্তন হয়েছিল তাঁর ধীরে ধীরে। সে পরিবর্তনে তাঁর আত্মার মঙ্গল হয়েছিল কিনা জ্ঞানি না। কিন্তু অমঙ্গল ভেকে আনছিল এই রাজ্যের। তাই আমার ইচ্ছে, আমাদের ধর্ম শ্রীকালার্চাদ জিউ-এর পূজার মধ্যেই সীমাবদ্ধ থাক। বড় কঠিন কাজ আমাদের ঠাকুর। অন্তিষ্ণ বাচিয়ে বাখতে গেলে যেখানে রক্তপাত ঘটাতে হয় পদে পদে সেখানে বৈষ্ণব হয়ে বিবেকের দংশন সহু করে, ক্লীব হয়ে গিয়ে লাভ নেই। আপনি অবৃধ্ব নন, সকলকে খেয়ে পরে বাঁচতে দিন। মহল জ্ঞানারের সঙ্গে একটু মাংসপ্ত তাদের পেটে পড়া দরকার।

বহুক্ষণ স্থির হয়ে থাকে নরহরি। বলে—বেশ, তাই হবে। তবে আমাকে বিদায় দিন।

- —সে তো সম্ভব নয়। জিউ আছেন।
- —গোবিন্দ থাকল সেজন্তে। সে শুধু পূজারীই হয়ে থাকবে। আমি তা পারি না। পাঁচিশ বছর আগে যেদিন নবদ্বীপ ছেড়েছিলাম, সেদিন প্রতিজ্ঞা করেছিলাম গুরুদেবের সামনে, বৈষ্ণব ধর্মের পুনরুজ্জীবনের চেটাই হবে আমার বত। সাধ্যমত চেটা করেছি। এখন কাজ ফুরিয়েছে এথানকার।
- —আপনাকে জোর করব না। তবে আপনি খাকলে মায়ের মনে নতুন করে আঘাত লাগত না।
 - —রাণী-মাকে আমি বুঝিয়ে বলব।
 - —ফল হবে না।

নরহরি জানে, ফল হবে না। সে বয়স নেই রাণীমার। তার ওপর অস্থবে ভূগে ভূগে তাঁর আয়্প্রায় ফ্রিয়ে এসেছে। এই সময়ে যা কিছুতে স্বামীর সামান্ত স্থতি বিজড়িত, সে জিনিস ত্যাগ করা তাঁর পক্ষে সম্ভব নয়। বরং বেশী করে আঁকড়ে ধরতে চেষ্টা করবেন। হেমং সিং-এর আমলে শেষ দিন পর্বস্থ নরহিরির প্রতিপত্তি ছিল যথেষ্ট—স্পাররাও সমীহ করত তাঁকে। কারণ নরহিরি ছাড়া চলত না রাজ্ঞার। সব সময়ে তাঁর পাশে পাশে থেকে স্থ্র করে পদাবলী শোনাত, আর তত্ত্ব কথা বৃথিয়ে যেত। কিন্তু সেবার নরহিরি বরাহভূম থেকে

ফিয়ে এসে হতবাক্ হর্মে দেখল যে হেমৎ সিং-এর নশ্বর দেহ যেমন পঞ্চভূতে গিয়ে মিশেছে, তেমনি তার অথগু প্রতাপও মন্দিরের চার-দেয়ালের মধ্যে বন্দী হয়ে পড়েছে। তারপর থেকে সে অনেক চেষ্টাই করেছে ত্রিভনের মন ভোলাতে—কিন্তু পারেনি।

রাণীমা এত খোঁজ রাখেন না। কিতাগড়ের এক প্রকোঠে স্বামীর মৃত্যুর পর তিনি আশ্রা নিয়েছেন। দেখানে কেউই যায় না। তবে নরহরির অবাধ গতি দেখানে। তাই তিনি জানেন রাজপরিবারে নরহরি বাবাজীর স্থান আগের মতই অটুট। এখন যদি হঠাৎ বলা হয় যে তিনি রাজ্য ছেড়ে চলে যাবেন, রাণীমা প্রথমে বিশ্বাসই করবেন না। পরে সব কিছু শুনে পাবেন দারুণ আঘাত।

নরহরি দীর্ঘশাস ছেড়ে বলে—ফল হয়ত হবে না। কিন্তু আমিও থাকতে পারি না এথানে। তার জন্ম দরকার হলে সভ্যি কথাই আগাগোড়া বলতে হবে রাণীমাকে।

—ৰলবেন। ঠিক আমি যা বলেছি আর করেছি, তাই বলবেন। তার সঙ্গে তত্ত্বকথা মেশাবেন না।

জিভনের মেজাজ উষ্ণ হয়ে ওঠে। লোকটিকে সে কোনদিনই ভাল চোঝে দেখে না। কেমন যেন মেয়েলী ভাব। কথাবার্তার চংও তেমনি। অনেক সময়ে বড় বেশী অঙ্গীল। এ লোক যত তাড়াতাড়ি রাজ্য থেকে বিদায় নেয় ততই ভাল। তার জন্ম মায়ের মন ভাঙলেও রাজ্যের মঙ্গলের দিকে চেয়ে সেটুকুকে মেনে নিতে হবে। গোবিন্দ বয়সে তরুণ হলেও তার মধ্যে একটা গাস্তার্য রয়েছে। জিভন পছন্দ করে তাকে। তাই বাৎসরিক থাজনা এই ছবছর সে তাকে দিয়েই পাঠাচ্ছে বরাহভূমের রাজদরবারে। সঙ্গে অবশ্য দশজন চোয়াড যায়।

নরহরির সক্ষে যদি গোবিন্দও না চলে যায়, তাহলে সব দিকই বজায় পাকবে। কালাটাদ জিউএর পূজোর জন্মে অন্ত লোকের সন্ধান করতে হবে না।

- —তাহলে চলি রাজা।
- —ना। य-कथाठे। वना धाराहितन, वान यान।
- আর কিছু বলতে আসিনি। এতদিন পরে প্রথম নিজেকে অবসন্ন মনে হল নরহরি বাবাজীর।
 - —বরাহভূমরাজ আমাকে নিয়ে কী বিজ্ঞপ করেছিলেন ?
 এখন আর কোন ব্যাপারেই নরহরি দাসের আগ্রহ নেই। সে আশা

করেছিল, অস্তত রাণীমার দোহাই দিয়ে ত্রিভন তাকে চলে যেতে নিষেধ করবে। ত্রিভনের সাফ্ জবাবে সে-আশা তিরোহিত। তবু রাজার কথার জবাব দিতেই হবে।

- আপনাকে নিয়ে বিদ্রূপ, তত বড় কথা নয়। কিন্তু সে বিদ্রূপ শ্রীশ্রীজিউকেও বিদ্রু করেছে।
 - —শুনতে চাই সেটা।
- —কালাচাঁদ জিউএর মন্দিরে নাকি আপনি রাজ্যের স্থন্দরী নিয়ে বিলাস শুরু করেছেন—গোপীবিলাস তাই বিয়ে করতে চান না। তাই ধাদ্কা আর পঞ্চ স্পারী থেকে দৃত এসে বারবার ফিরে গিয়েছে।
 - এ কথা বিবেকনারায়ণ নিজে বলেছেন ?
 - হাা। কারণ তিনিই ডেকে পাঠিয়েছিলেন গোবিন্দকে।
 - —উত্তরে গোবিন্দ কি বলেছে ?
 - —সে বলেছে এ সব মিথ্যে গুজব।
 - —বিশ্বাস করেছেন রাজা !
 - —সেটা গোবিন্দ যাচাই করেনি। নরহরি দাঁত দিয়ে ঠোঁট চেপে ধরে।
 - —আচ্ছা, আপনি যান। ত্রিভনের জ কুঁচকে ভৈঠে;

ব্রিভন জানত মায়ের কাছ থেকে ডাক আসবে।

সে ডাক এলো সেদিনই সন্ধ্যায়। মনে মনে প্রস্তুত হয়ে সে মায়ের ঘরে প্রবেশ করে।

ছেলেকে দেখে রাণী-মা ডুকরে কেঁদে ওঠেন।

- —কেঁদোনা মা। অন্তায় কিছু করিনি।
- --কাকে অন্তায় বলব তবে ? এ তো নিজের বাবাকেই অপমান করা।
- —না। সময়ের সঙ্গে সঙ্গে অনেক কিছুই বদলায় মা। বাবার সময়ে বা ঠিক ছিল এখন তা নাও ঠিক থাকতে পারে।
 - —তাই বলে দেবতাকে অপমান ?
 - অপমান আমি করিনি।
- —বাকী থাকল কি ? বাবাজীকে চলে বেতে বলা, দেবতাকে তাড়িয়ে দেবার সামিল। যে মৃহুর্তে বাবাজী এখান থেকে বিদায় নেবেন, সেই মৃহুর্তেই শ্রীশ্রীজিউ কিতাগড় ছাড়বেন। ওই পাধরের মৃতিই শুধু নিশ্চল হয়ে পড়ে থাকবে।

--গোবিন্দ থাকবে।

—গোবিন্দ ? সে আবার পূজারী! বাবাজী নিজেও তো বলে গেলেন, তাঁর শিক্ত হলেও গোবিন্দকে বৈষ্ণব বলতে বাধে।

জিভন বুঝল, নরহার ইতিমধ্যেই সবক'টি কলকাঠি নেড়ে রেখে গিয়েছে। সে বলে—তবু তারই হাত দিয়ে পূজো করিয়ে এসেছেন বিগ্রহকৈ, নিজে তো কিছুই করতেন না। জেনেশুনে তিনিই তবে অস্থায় করেছেন প্রতিদিন।

রাণীমা চিৎকার করে ওঠে— ত্রিভূ। অতবড় সাধক সম্বন্ধে—এমন অশ্রদ্ধার সঙ্গে কথা বলো না। এই তো শুরু। এখনো অনেকদিন বাকী তোমার জীবনের। অমুতাপে পুড়ে মরতে হবে।

ত্তিভন মৃত্ হাদে—মহাপুরুষের হয়ে অভিশাপটা তুমিই দিয়ে দিলে মা।

চমকে ওঠেন রাণীমা—-না না, ষাট্। তা দেব কেন ? কিন্তু সভ্যি কথনো

মিথ্যে হয় না।

—আমিও সেই কথাই বলছি মা। নরহরি ঠাকুরের কোন প্রয়োজন আর সভেরখানি তরফে নেই—এটাই সভিয়।

রাণীমা বিহবল। বড় বড় চোখে চেয়ে থাকেন পুত্তের মুখের দিকে। কিছুক্ষণ পরে অস্তম্ভ শরীর নিয়ে কাঁপতে কাঁপতে উঠে দাঁড়ান—আয় আমার সঙ্গে।

—কোথায়? ত্রিভন অবাক হয়।

রাণীমা হাতের ইশারা করে হাঁপাতে হাঁপাতে এগিয়ে যান। বাধ্য হয়ে জিভন অনুসরণ করে তাঁকে। প্রকোষ্ঠর পর প্রকোষ্ঠ পার হয়ে তাঁরো রাজ্ব-পরিবারের অন্থিশালায় এসে উপস্থিত হন। খাঁড়েপাথর—যুঝার সিং,—হেমৎ সিং—তিন রাজার অন্থি রয়েছে স্থান্থ তিনটি পাথরের নিচে।

রাণীমা উত্তেজিত হয়ে বলে ওঠেন—এই থাড়েপাধরের অস্থি ছুঁলাম, এই ছুঁলাম যুঝার সিংএর অস্থি—আর এই তোর বাবার—

— দাঁড়াও মা। মনে হচ্ছে, তুমি কোন কঠিন প্রতিজ্ঞা করতে যাচছ। কিন্তু তার আগে আমি তোমাকে শুধু একটি কথা জিজ্ঞাসা করছি।

একটু থেমে ত্রিভন বলে—শেষ সময়ে বাবা কেন আমাকেই রাজ্যভার দিতে বলে গেলেন ?

- —চিনতে পারেন নি তোমাকে।
- —ঠিকই চিনেছিলেন। চিনতে না ও তুমি। কখনো চেষ্টাও করনি চিনতে। ধর্মের জন্ম নিজের ছেলেকে অবধি দূরে সরিয়ে রেখেছ। কিন্তু বাবা

ছিলেন আমার বন্ধু। তিনি আমার শক্তি, আমার বৃদ্ধি, আমার বিশাস—সব কিছুরই খবর রাখতেন। আজ তোমাকে যে কথা বলায় বিচলিত হয়েছ তৃমি, সে কথা, অল্প বয়স হলেও তখন বাবাকে কতবার বলেছি। এমন কথা বলেছি যা তুমি সহু করতে পারতে না। অথচ তিনি কথনো রাগেন নি। বরং চিস্তান্থিত হয়েছেন। তৃমি বিশাস করতে পার। শেষ সময়ে তিনি নিশ্চয়ই তাঁর ভুল ব্রেছিলেন। অথচ বয়দ হয়েছিল বলে কিছু এড়িয়ে যেতে পারেন নি। আমি ভুধু ভাবি, ছেলে হয়েই যথন জন্মালাম, তথন তাঁর প্রথম বয়সেকেন হলাম না। এত সব সমস্যায় তো পড়তে হতো না তাহলে।

হেমৎ সিং-এর পাপরের ওপর রাণীমার হাত নিশ্চল হয়ে থেমে যায়। তিনি জিভনের মুখের দিকে বহুক্ষণ একদৃষ্টে চেয়ে থাকেন। শেষে বলেন—আমাকে একটু ধরে নিয়ে চল্ ঘরে।

ঘরে এসে বসে স্থান্থির হতে রাণীমার অনেকটা সময় লাগে। সামান্ত সময়ের মধ্যে তাঁর মনের ওপর এলোমেলো ঝড়ের ঝাপটা লাগায় তিনি কেমন বিপর্যন্ত হয়ে পড়েন।

- **—রাজাকে একথা তুই বলেছিলি ?**
- —ই্যা মা, বাবা জানতেন মিথ্যে কথা আমি বলিনা। তৃমি আমাকে বিশ্বাস করতে পার। রাণী, কাঁটার থোঁচা খেয়ে যেন ব্যথায় মুখ বিষ্কৃত করেন। আরও কিছু শোনার জন্ম বিভতনের দিকে চেয়ে থাকেন তিনি।
- —আজ তোমাকে কত সংযতভাবে কথাগুলো বললাম। বাবাকে সেভাবে বলিনি। এত গুছিয়ে বলতে শিথিনি তথনো। তথন বলেছিলাম—
 ঠিক আমার মন যেভাবে চলতে চেয়েছিল। বাবাকে তো কথনো পর ভাবিনি। তোমার সামনে কত সাবধান হয়ে কথা বলতে হচ্ছে। বাবার সঙ্গে সে বালাই ছিল না। সেদিনের কথাগুলো হুবহু ভোমাকে বললে, অস্থিশালায় আমার এক অন্বরোধে তুমি প্রতিজ্ঞা থেকে বিরত হতে না।

রাণীমা কেঁদে কেলেন। ত্রিভনকে কাছে ডেকে তার মাণাটা বুকে চেপে ধরে বলেন—তুই রাজা, রাজ্যের মঙ্গলই তুই বুঝিস্ ত্রিভ্। আমি আর বাধা দেব না।

জীবনে প্রথম মায়ের এত কাছে এল ত্রিভূ। ধর্মের যে আবরণ তাকে পৃথক ক'রে রেখেছিল এতদিনে সেটা অপসারিত হল সহসা। নিজেকে সৌভাগ্যবান বলে ভাবে সে। কারণ পিতার মৃত্যুর পর সংসারে আপন বলতে তার কেউই ছিল না ধারতি ছাড়া। মায়ের সংস্পর্শে এসে তার বিক্ষিপ্ত মন

বেন একটা স্থায়ীত্ব পেল। তাই, কারণে অকারণে মায়ের কাছে আসতে ভক্ত করে সে।

নরহরি বাবাজীর সঙ্গে স্পষ্ট কথা হয়ে গেলেও সে এখনো বাটালুকা ছেড়ে যায়নি। বরং এতদিন যে পুজো গোবিন্দ করত তা নিজের হাতে নিয়েছে। গোবিন্দর ভার পড়েছে শুধু পুজোর যোগাড় আর ঘন্টা বাজাবার। জিভন আপন মনে হাসে। নরহরি বোধহয় নিজেকে চিনেছে এতদিনে। এতদিনের আশ্রয়ের মায়া ত্যাগ করতে মহাপুরুষের হৃদয় ভাঙছে। তার তো ঘর বলতে ওই মন্দিরটুকু আর আত্মীয় বলতে কেউ নেই।

রাণীমা একদিন ত্রিভনকে বলেন—এবারে বিয়ের ব্যবস্থা কর ত্রিভূ ৷ রাণী ছাড়া কি রাজা মানায় ?

- —আমিও তাই ভাবছি।
- —লোক পাঠা পঞ্চদদারীতে। শুনেছি মেয়েটি খুবই স্থনরী।
- -- १ कम मा । प्रें जिल्ला कि निर्देश ति । पर्य अपने वास ना ?
- -- निष्कत एए गान ?
- —এই সতেরখানিতে।
- —সেকি ? এদেশে আর রাজা কো**থা**য় ?
- —রাজ্ঞার মেয়েই যে বিয়ে করতে হবে এমন কি নিয়**য আছে কোন** !
- —তোমার উদ্দেশ্য কি ত্রিভন ! রাণীমা গম্ভীর হন।

সম্পর্ক ঘনীভূত না হতেই বিচ্ছেদের ইংগিত। এ আশক্ষা সে আগেও করেছিল। কারণ কথাটা মা নিজে না ওঠালেও তাকে একদিন বলতে হত। তবু মন ভেজাবার চেষ্টা করে সে। হাজার হলেও গর্ভে ধরেছেন তো। স্মেহের হুর্বলতা একবিন্দু কি না থেকে পারে ?

আবার এক সংঘাতের জন্ম প্রস্তুত হয়ে মায়ের পাশে বসে তার পিঠে হাত রেশে বলে—খাঁড়েপাণর কি রাজা হয়ে জন্মেছিল মা ?

- -- 11
- —ভার রাণী কি সাধারণ ঘরের মেয়ে ছিলেন না ?
- ७। ছिলেন। किन्ह जिल्न निং त्रान्ता राष्ट्ररे जत्मिहिन।
- —না। রাজার শেষ অন্তরোধেই সদাররা আমাকে রাজা করেছে।
 সতেরখানি তরফের সিংহাসনে নইলে আজ অন্ত কেউ বসত। এ-দেশ
 বরাহভূম নয়—মুর্লিদাবাদও নয় মা। রাজার ছেলে হলেই এখানে রাজ। হওয়া
 বায় না। এখানে রাজা হতে হলে নিজের ক্বতিত্বের সঙ্গে সদারদের অন্তর্মতি

য়োজন। তুমি তো সবই জান মা।

- हैं। जानि । जाभिहे त्य তোকে গর্ভে ধরেছিলাম ।
- —তবে ? রাজার ছেলে হলে যেমন রাজা হওয়া যায়'না—রাজার মেয়ে লেও তেমনি রাণী হওয়া যায় না।
 - —তুই কি বলতে চাস।
- —বলতে চাই সতেরখানির যে রাণী হবে; তাকেও উপযুক্ত হতে হবে। ায়োজন হলে যুদ্ধক্ষেত্রেও যেতে হবে।
 - —তেমন মেয়ে তুই পৃথিবীতে পাবি ?
 - -পৃথিবী খুবই বড় মা।
 - जूरे ना वननि मरजदयानित स्पराई विराध करवि ?
 - --- žii I
 - পাগन रुग्निष्टिम् । नरेल अख्व कथा वना भावित ना ।
 - —কেন মা।

সতেরখানিতে যেমন মেয়ের সন্ধান করার চেয়ে পরশ পাথর খুঁজে বেড়ান মনেক সহজ।

- —আছে, তেমন মেয়ে। এই বাটালুকাতেই।
- —আমাকে বিশ্বাস করতে বলিস ?
- —দেখবে ?
- —পাগলামী রাখ্ ত্রিভূ। পঞ্সর্দারীতে লোক পাঠা।
- ---রাণীমা শুয়ে পড়েন।
- —পারাউ সর্ণারকে চেন **মা** ?
- —না চেনার কারণ নেই।
- —তারই ছেলের নাতনী আছে। নাম দিয়েছি আমি ধারতি।
- —তুই নাম দিয়েছিস ?
- —হাা। তাকে দেখবে ?
- —থাক। রাণীমা ছট্ফট্ করে বলেন—আর সহ্য করতে পারছি না জিভু।
 শামার শ্রীক্ষেত্র থাবার ব্যবস্থা করে দে।
 - —সর্দারের কাছে লোক পাঠাই ?
 - —যা খুনী তাই কর। তুই রাজা, তোর আদেশে সব হবে। আমি কে?
 - —তুমিই সব। তোমার আশীর্বাদ পেতে চাই।
 - —অত সহজে আশীর্বাদ করতে পারব না। তার আগে যথেষ্ট শক্তি সঞ্চয়

করতে হবে।

—একটু উদার মন নিয়ে চিস্তা করে। মা, শক্তি আপনিই পাবে। রাণীমা চোখের পাতা বন্ধ করেন। ত্রিভন সেদিকে কিছুক্ষণ চেয়ে খেকে ধীরে ধীরে চলে যায়।

মত শেষ পর্যস্ত দিলেন রাণীমা। কিন্ত বাটালুকায় আর পাকলেন না।
একদিন ভোরবেলা তাঁর শিবিকা লোকলম্বর নিয়ে এগিয়ে চলল সভেরখানি
সীমাস্তের দিকে। নরহরি বাবাজীও রাণীর সঙ্গ নিল। সে ভালভাবেই
জানত আজও যেটুকু স্থবিধে সে ভোগ করত, সে শুধু রাণীর জন্তে। রাণীর
অমুপস্থিতিতে তার কপালে কিছুই জুটবেনা।

জিভন অনেক ব্ঝিয়েছিল মাকে। এমনকি তাঁর পায়ে ধরে অন্ধরোধ করেছিল। শোনেন নি তিনি। তুদিনের জত্তে যেটুকু স্নেহ বা বিশ্বাস তাঁর দেখা গিয়েছিল নারীস্থলভ ভাবপ্রবণ তাই তার মূল কারণ। তবু হয়ত ত্রিভন সক্ষম হত যদি নরহরি মায়ের মন অমনভাবে বিষিয়ে না দিত।

সীমান্তে এসে ব্রিভন ঘোড়া থেকে নেমে শিবিকার পাশে দাঁড়িয়ে শেষবারের মত বলেছিল—ধারতিও সদার বংশের মেয়ে—যে সদার তার সতেরখানির জত্তে একখানা হাত দিয়েছে—যে সদার নিজের একমাত্র ছেলেকে দিয়েছে বিসর্জন। পারাউ সদার যদি থাঁড়েপাথরের সময়ে না থাকত, তাহলে সুঝার সিং আর হেমৎ সিংএর নাম বোধহয় কেউ শুনতে পেত না।

- কিরে যাও ত্রিভন। শ্রীক্ষেত্র আমাকে টানছে। ও-সব ঘরের কথা বলে কি লাভ? কোন আকর্ষণ নেই আমার। তবে আশীর্বাদ চেয়েছ— করেছি। জানিনা অমন আশীর্বাদের মূল্য কতাইকু।
- —বেশ। শ্রীক্ষেত্র গিয়ে যদি সত্যিই কোন বৈষ্ণবের দেখা পাও মা তাহলে তাঁকে জিজ্ঞাসা করো, তোমার ওই শ্রীচৈতন্ত কাদের জন্তে ভেবেছেন—কাদের আলিক্ষন করেছেন।

নরহরির দিকে জলস্ত দৃষ্টি নিক্ষেপ করে আবার সে বলে—ভোমার অমুচরটিকে কিন্তু সঙ্গে নিয়ে যেও সে সময়। কারণ ধর্ম সম্বন্ধে তার কোন ধারণা নেই। এমনকি নবন্ধীপ থেকে আসার সময়ে যে-সমস্ত পুঁথি সঙ্গে করে নিয়ে এসে বাবাকে দিয়েছিল তাও কথনো উল্টে দেখেনি।

- एक वनन श्रामि ए थिनि। नत्रहति द्वरा ७८ । त जानत्रकम ज्ञान

তেরখানিতে আর ফিরে আসার পথ নেই ভার।

- भू विश्वलात नाम कि वावाजी ?
- —নাম কি মনে থাকে?
- —রামায়ণ মহাভারতের নাম **ভনেছ** ?
- -তা ভনব না কেন ?
- নিজেকে বৈষ্ণব বলে জাহির করে বৈষ্ণবদের পুঁথির নাম জান না? মামি তো শুনি অধামিক। কিন্তু আমিও বাবার কাছে শিখে লোচনদাসের চতন্তমঙ্গল আগাগোড়া পড়েছি।

নরহত্নি ঢোক গেলে। কি যেন বলবার চেষ্টা করে সে। ত্রিভন তাকে
ামিয়ে দিয়ে আবার বলে ওঠে—পঁচিশ বছর আগের গুরুদেবের উপদেশ, আর
ছথনকার মুখস্থ করা পদাবলী না আউড়ে কিছু জ্ঞান অর্জনও তো করতে
গারতে। কোন কাজই ছিল না তোমার বাবাজী।

— চলে যা ত্রিভ্। শেষ সময়ে ঝগড়া করে যাত্রাকে অশুভ করতে দিস্ না।

ত্রিভন ঘোড়া ছুটিয়ে দেয় বাটালুকার দিকে। কদমে চলে তার প্রিয়

বিজলী। ঝগড়া করে সত্যিই কোন লাভ নেই। মা পুণ্য সঞ্চয় করুন শ্রীক্ষেত্রে

গয়ে। সে বাধা দিতে পারে না। যেমন তার মা পারেন না তার পথে

ধোর স্পষ্টি করতে— যে-পথ তাকে তার প্রজাদের সঙ্গে এক করে তুলতে

হায্য করে!

তবু একটা ব্যথা অহুভব করে সে। কিসের ব্যথা জানে না। বাবার কথা হয় তার। বাবার সে স্নেহ আর পাবে না সে। মায়ের কাছে র্থাই সে শা করেছিল। মনটা নেচে উঠেছিল সাময়িক ভাবে।

সদাররা রাজার মুখে শুনে চমকে উঠেছিল। জীবনে যে কথা শোনেনি—
প-ঠাকুদা যা কল্পনাও করতে পারত না। তাকি সত্যি হয়। কিন্তু রাজা
া যিখো কথা কলেন না।

ত্তিভন বলেছিল-—জানতাম অবাক হবে। কিন্তু এই আমার সঙ্কন্ন। বাধা বার চেষ্টা করো না। শুধু জেনে নাও লোকদের মনোভাব।

সদারদের মৃথ থেকে বাটাল্কা গাঁ শোনে — শেষে শোনে তরফের সবাই।
নন্দে নেচে ওঠে তারা। দল বেঁধে ভীড় করে পারাউ সদারের আঙিনায়—
প্রুষ যেখানে কেউ আসেনি। নতুন নতুন লোক দেখে নতুন করে
াশ্রু গড়িয়ে পড়ে পারাউ-এর ছুচোখ বেয়ে।

ধারতি ঘরের কোণে গিয়ে লুকোয়। লজ্জায় ঘেমে ওঠে সে। কিন্তু

সেখানেও রেহাই নেই। ভীড় ঘরের মধ্যে এসে জড়ো হয়। তাদেরই মত কুঁড়েঘরের এক মেয়ে হবে রাণী। প্রতিবেশী ভকোলরা রাজ্যের লোকের প্রশ্নবাণে জর্জরিত হয়। সবাই জিজ্ঞাসা করে—রাণী কি চিরকাল ঘরেই বসে থাকতেন ?

—আরে না না। ওই কুঙ্কী বৃড়ী বাঁধা রয়েছে খুঁটিতে। ওর যত কাজ তো ওই মেয়েই করে। ওই যে জ্বালানি কাঠ জড়ো করা রয়েছে, লিপুরই তো কুড়িয়ে এনেছে শালবন থেকে। বুড়ো সদার একহাত নিয়ে কিছুই করতে পারে না। রান্নাবান্না লিপুরই করে।—শুকোল এক নিঃশ্বাসে গর্বের সঙ্গে কথাগুলো বলে ফেলে।

-- লিপুর কে ? দূর-গ্রামের একজন প্রশ্ন করে।

—তোমাদের রাণী গে।। আমাদের কাছে ও লিপুরই। স্নেহের হাসি হাসে শুকোল। তার কথা শুনে চোথ বড় বড় হয়ে ওঠে একরাশ মাথার।

শুকোল আবার স্বরু করে—আল বাঁধতে লিপুর—গাঁজাল দিতে লিপুর— শুঁটি পুঁততে লিপুর। ওর কি গুণের শেষ আছে ?

সবাই আবার ধারতির দিকে অবাক হয়ে চেয়ে থাকে। সত্যিই তো— ভাদের মতই একেবারে। রাজাও তবে তাদেরই মত। ভালই হবে। দ্বংখ ঘূচবে এতদিনে।

একজন প্রোঢ়া এগিয়ে এসে বলে- নাজা কি শুধু একটা বিয়েই করবেন ? একসঙ্গে তেড়ে ওঠে সবাই। যারা চেনে তারা মূথ ভেংচে বলে—তবে কি তোমার সোয়ামীর মত ?

অপ্রস্তত হয় প্রোঢ়া—না, না, তাই বলছি। বড় জালা সতীন থাকায়। হিরোম এরা শুই শাগা। শুয়োপোকার হুলের মত স্বসময় কুট্ঞুট্ করে।

শুকোল বলে ওঠে—রাজাকে দেখেছ? দেখলে আর ওকথা বলতে না দেব্তা—একেবারে দেব্তা।

— আমারই ভুল গো। কারও বিয়ে হতে দেখলেই ওকথাটা আগে ভাগে মনে আসে। পাপ—পাপ।

একজন যুবতী আন্তে আন্তে বলে—রাণী নাকি ঘোড়ায় চড়া জানে, তীর ছুঁড়তে পারে।

ভকোল এবারে বলে—ওইটাই জানিনে। আমিও তাই ভনেছি। কিং বিশ্বাস হয় না। তীর ছোড়া শিখতে পারে—পারাউ সদার শেখাতে পারে কত বড় সদার ছিল। কিন্তু ঘোড়ায় চড়া ? ঘোড়া কোখায় পাবে। একটা

TRESTITET INTES

পারাউ এতক্ষণ চুপ করে ছিল। এবারে হেসে ওঠে দাওয়ার ওপর থেকে।
নবার দৃষ্টি সেদিকে গিয়ে পড়ে।

ন্ধকোল বলে—কি গো সদার, অমন হাসলে কেন ? কথাটা কি সভ্যি ? যাড় ঝাঁকিয়ে পারাউ বলে—হাঁয়।

- --কে শেখাল ?
- —কে আবার ? যার রাণী হবে—সেই।

সবাই বিস্মিত হয়। শুকোলও বাদ যায় না। এত কাণ্ড হয়েছে, অপচ থালে থেকেও জানতে পারে নি? নিজের ওপয় রাগ হয় তার। মেয়েরা গালে হাত দেয়। ধারতি তার মুখখানাকে সামনের দিকে আরও গুঁজে দেয়।

কিন্তু এত যে জন্ধনা কল্পনা, এত উৎসাহ উদ্দীপনা সব কিছু এক প্রচণ্ড গাঘাতে নিমেষে ভেঙে চুরমার হয়ে যায়।

ধারতি নিথোঁজ হল একদিন।

সতিা। কঠিন সতিা। কোথাও কিছুমাত্র ভূল নেই।

রাতে পারাউ দর্দার একবার ক'রে ওঠে রোজ। সে-রাতেও উঠেছিল।

মৃম ভাঙলে পারাউ রোজই একবার অভ্যাসমত ডাকে ধারতিকে। সেদিনও

গকল, কিন্ধ সাড়া পেল না। মস্ত একটা নিয়মভঙ্গ সাড়া না পাওয়া। তাই

মাবার ডাকল। জবাব পেল না। অন্ধকারে হাতড়াতে হাতড়াতে এসে

গরতির শয্যার ওপর হাত রাখে—শয্যা শৃষ্ম। বুকের ভেতরে ঠাণ্ডা হয়ে

গায় বহুযুদ্ধের বিজয়ী দর্দারের। চিৎকার করে আবার ডেকে ওঠে।

হঠাৎ নজ্বের পড়ে, ঘরের দরজা খোলা। চমকে ওঠে সে। তাড়াতাড়ি ।ইরে বার হয়ে আসে। ক্ষীণ আশা তথনো, হয়ত গোয়ালে গিয়েছে লিপুর। ড়েড়া গাইটাকে বড় ভালবাসে সে। হয়ত খেয়ালে হয়েছে যে সন্ধ্যেবেলায় াধা হয়নি তাকে। উঠেছে তাই বেঁধে আসতে। কিন্তু পারাউকে না ডেকে গেনো তো সে ব'ইরে আসে না রাতে।

কেউ-এর ডাক শোনা যায় খুব কাছে। পাগলের মত পারাউ গোয়ালঘরে গয়ে ঢোকে। নেই। সেথানেও নেই। কুঙকী অবাক হয়ে চেয়ে খোঁৎ দরে একটা শব্দ করে। পথে বার হয়ে আসে বৃদ্ধ। অন্ধকারে ছোটে সে শুকোলের বাড়ীর দিকে। লাঠি আনতে ভুলে যায়। খালি হাতেই নোয়ানো দেহখানা টেনে টেনে ছোটে।

কিন্তু কো**থা**য় লিপুর ? সে যেন হাওয়ায় মিলিয়ে গিয়েছে।

সেই রাতেই খবর পৌছে যায় কিতাগড়ে। যোড়ার ওপর জিজন ছোটে উন্মাদের মত। প্রতিটি সর্দার ছোটে—ছোটে স্থায়ী চোয়াড় বাহিনীর লোকেরা। জঙ্গল আলোড়িত হয়—বগুজন্ত ভয়ে পালায়। কাঁটারাঞ্জা পাহাড়ের প্রতিটি স্তরে স্তরে অহুসন্ধান চলে। স্থবর্ণরেখার গতিপথের বহুদ্র পর্যন্ত অহুসন্ধান চলে।

गव वृषा ।

ভোরের আলো কোটার অনেক পরে ক্লাস্ক যোড়াটিকে নিয়ে অবসন্ন ত্রিভন ফিরে আসে কিভাগড়ে। সদাররাপ্ত একে একে ফেরে। ফিরে আসে চোয়াড় বাহিনীর প্রতিটি লোক। ত্রিভনের ব্যাকুল দৃষ্টি সবার মুখে প্রতিহত হয়ে ফিরে আসে। ব্যর্থতার স্পষ্ট রেখা ফুটে উঠেছে সে-সব মুখে।

—রাজা। বাঘরায় সোরেণ এগিয়ে আসে।

ত্রিভন তাকায় তার দিকে। অসহায় সে দৃষ্টি।

- —আমরা তো থামব না। থাঁড়েপাহাড়ি আর কাঁটারাঞ্জার সব কয়টি পাধর এখনো উন্টে দেখা হয় নি।
 - —এ তো কথার কথা দর্দার।
- —না। সেই ভাবেই খুঁজব। পাধর ওন্টানো সম্ভব না হলেও, প্রতিটি গুহা, গাছপালা, ঝোপ-জঙ্গল আমাদের খুঁজে দেখতে হবে। রাতের অন্ধকারে যা সম্ভব হয় নি দিনের আলোয় তা হবে। হতেই হবে। আমি ফিরতাম না রাজা। ভাবলাম হয়ত খুঁজে পাওয়া গিয়েছে ইতিমধ্যে।
 - —আমিও ভাই ভেবেছি।
- কিভাপাট না কক্ষন, যদি তিনি বেঁচে না থাকেন, দেহ যাবে কোথায় ? স্পাররা বেঁচে থাকতে তিনি শৃত্যে মিলিয়ে যাবেন ?

তথনি বার হয়ে যায় বাঘরায়। চোয়াড় বাহিনী ছোটে ভার পেছনে।

ত্রিভন চিস্তাক্লিষ্ট হয়। কিছুদিন আগে এ ঘটনা ঘটলে সে নরহরিকে সন্দেহ করত। নিজের মা-ও সন্দেহের আওতার বাইরে পড়তেন না। কারণ নরহরির চেয়ে মায়ের স্বার্থ এখানে অনেক বেশী।

কিন্তু এখন সে কাকে সন্দেহ করবে ? পারাউ সদারকে ডিঙিয়ে কোন বল্ জন্ত ঘরের মধ্যে ঢুকে টেনে নিয়ে যায় নি ধারতিকে। নিয়ে গেলেও ধন্তাধন্তি বা চিৎকার হতই। অমন নিঃশব্দে সম্ভব হত না।

স্বেচ্ছার যদি ঘর ছাড়ে ধারতি তাহলে অবশ্য নি:শব্দেই যেতে পারে।
কিন্তু কেন ছাড়বে ? নিজেকে কি সে ত্রিভনের পথের কাঁটা বলে ভেবেছিল ?
সাধারণ মেয়ে হ'য়ে রাজাকে নীচে টেনে আনছে বলে ধারণা হয়েছিল তার ?

ত্রিভন ভাবতে বদে। এতদিন ধরে ধারতির সঙ্গে যত কথা হয়েছে সব ঘুরিয়ে ফিরিয়ে যাচাই করতে থাকে। কিন্তু তেমন কোন সিদ্ধান্তে জোর করেও আসতে পারে না। বরং ধারতি সমস্ত প্রাণ মন দেহ নিয়ে তাকে চেয়েছে। আত্মহত্যার প্রবৃত্তি তার হ'তে পারে না কথনই।

ছট্ফট্ করে ত্রিভন।

শেষে ঘোড়ার পিঠে গিয়ে লাফিয়ে ওঠে। সে ছোটে পারাউ সর্দারের কুটিরের দিকে।

শোকাকুল পারাউ দর্দার ঘোলাটে চোখ তুলে দেখে, দ্বিতীয়বার তার আঙিনায় রাজা এদে দাঁড়িয়েছেন। বহুদিন আগে একবার এদেছিলেন খাড়ে পাথর আর বরাহভূমরাজ—এর পরে আর রাজ দমাগমের দৌতাগ্য হয়নি তার অবহেলিত কুঁড়েঘরে।

রাজাকে অভ্যর্থনা করতেই হবে। যত তৃংখই হোক না কেন তার, রাজার সন্ধান দিতেই হবে। সে যে সদার। পাশে নিজের লাঠিটা থোঁজে সে। লাঠি ছাড়া তার পক্ষে উঠে দাঁড়ানো অসম্ভব আজ্ঞ। রাতে অনেকটা পশ্ম খালি হাতে ঘূরেছে। শেষে আর পারেনি। পথের ওপর হুমড়ি খেয়ে পড়ে গিয়েছিল। কয়েকজন ধরে তুলে রেখে গিয়েছে তাকে দাওয়ার ওপর। সেই থেকে সেখানেই বলে রয়েছে সে। গোয়ালঘরে তথনো কুঙকী বাঁধা—বাইরে আনেনি কেউ। ধারতি ছাড়া আর কে-ই বা আনবে।

ত্রিভন এসে বৃদ্ধের পাশে বসে পড়ে।

- —জানতাম, সহজে পাওয়া যাবে না। দীর্ঘদাস ফেলে পারাউ। ত্রিভন তীক্ষ দৃষ্টিতে চায়। বৃদ্ধ কি সন্দেহ করেছে কাউকে ?
- —এ কথা কেন বললে স্পার।
- —বললাম এই জন্তে যে, লিপুর আত্মহত্যা করতে পারে না।
- মামুষথেকো বাব অনেক সময়ে ব্যাটাছেলেদের ডিঙিয়ে মেয়েদের নিয়ে যায় এ আমি জানি। কিন্তু এখন সেরকম বাঘ একটাও নেই। তাছাড়া দরজা খুলে তো আমরা ঘুমোই না।

- —ভূলে খুলে রাখতে পারে।
- —না। ভূলেও না। কালও দরজা বন্ধ হয়েছে।
- —তবে কি তুমি অক্ত সন্দেহ করছ সদার ?
- —হাা, চুরি করা হয়েছে আমার লিপুরকে।
- ─চুরি? কিন্তু কেন?
- --রাণী হতে চলেছে বলে।

হিংসে অনেকেরই হতে পারে। সাধারণ এক তরুণীকে কুঁড়ে ঘর থেকে তুলে নিয়ে কিতাগড়ে প্রতিষ্ঠা করায় কোন কোন মৃবতী আর বাপ-মায়ের মনের ভেতরে ধচ্থচ্ করতে পারে। কিন্তু এতথানি তুঃসাহস সতেরখানির কোন লোকের হবে বলে ধারণাও করা যায় না। এ তো রাজার বিরুদ্ধে সোজাস্থজি মাথা তুলে দাঁড়ানো। ত্রিভন ভেবে কুল কিনারা পায় না।

তার চিস্তারই যেন প্রতিধ্বনি তোলে পারাউ সদার—এমন ত্ঃসাহসও হতে পারে শুধু একজনের।

—কে—কে সে। ত্রিভন সোজা হয়ে উঠে দাঁড়ায়।

পারাউ-এর ঘোলাটে চোথ তীব্র হয়ে ওঠে। সে সোজা রাজার দিকে দৃষ্টি কেলে। শেষে চেপে চেপে বলে—মারাংবৃক।

- —मात्रारवृकः । जिल्लन हिश्कात करत ७८ ।
- —ই। রাজা। আপনার বাবার মৃত্যু রহস্মজনক হলেও, আমার কাছে তা জলের মতই পরিষার। আর একজনও সন্দেহ করেছিলেন—নরহরি বাবাজী। তিনি সে কথা বলতেই, আমি আপনাকে জানাতে নিষেধ করেছিলাম। বোধ হয় আর কেউ জানে না।
 - —এ সন্দেহ কেন তোমার ?
- —বলব। আজ নিশ্চয়ই বলব। আমার লিপুরকে যথন চুরি করেছে সে, তথন কিছুতেই ছাড়ব না। বয়সটা যদি কিতাপাট বিশ বছরও কমিয়ে দিতেন। আজ দেখে নিতাম তাকে।
 - —কে সে ? চঞ্চল হয় জিভন।
 - —মঞ্চল হেম্বরম।
- —পূজারী ! ত্রিভন স্তব্ধ হয়ে দাঁড়িয়ে থাকে কিছুক্ষণ । শেষে ধীরে ধীরে বলে—সে বাবাকে মেরেছিল ?
- —হাা। কোন ভূল নেই। দেশের লোক একে একে বৈষ্ণ্য হয়ে যাচছ দেখে শক্ষিত হয়ে উঠেছিল সে। ভেতরে ভেতরে জ্বলছিল। রাজা যখন বলি

বন্ধের আদেশ দিলেন, ক্ষেপে গেল সে। রাজা খাঁড়েপাহাড়ীতে ওঠার আগেই অক্ত পথ দিয়ে গিয়ে একটা পাধ্য গভিয়ে দিয়েছিল তাঁর মাধায়।

- —সত্যি ?
- —নিজে চোখে কেউ দেখেনি। তবু কিতাপাট যেমন সত্যি— এও তেমন স্ত্যি।
 - —কিন্তু ধারতি ?
 - —তাকেও সে-ই নিয়েছে। আমার প্রাণ ডেকে বলছে।
- মঙ্গল কি জানেনা। আমি বৈষ্ণব ধর্মের প্রচার চাইনা, সে কি জানেনা যে নরহরি বিদায় নিয়েছে ?
- জানে হয়ত। কিন্তু এ-ও জানে মারাংবৃক্র প্রতিপত্তি দিনের পর দিন কমে আসছে। লোকে ভীড় করছে গিয়ে কিতাড়ংরিতে। এজপ্রেও আপনি দায়ী। আগের রাজা ভর্মাজাই ছিলেন। আপনি হয়েছেন সাধারণের একজন। এরপর লিপুর রাণী হলে সতেরখানির সাঁওতাল, মুগুা, ভূঁইয়া আর দিকুরা কি ভূলেও ওদিকে যাবে? মারাংবৃক্র ঠাই হরে যাবে শালান। তাই মকল চায় না এ বিয়ে। সে চায় রাণী আস্ক্ অন্ত রাজার ঘর খেকে। ব্যবধান গড়ে উঠক কিতাগড় আর কুঁড়েঘরের মধ্যে।

ত্তিভন পারাউ সর্ণারকে জড়িয়ে ধরে—সর্ণার এভাবে তো আমি কথনো ভাবিনি। তুমি আজ বৃদ্ধ বলে আমার ত্বংশ হচ্ছে। আফশোষ হচ্ছে যুঝার সিং আর বাবার জন্তে। পঙ্গু সর্ণারকে বাতিল করার প্রথা ভোমার ওপরও খাটিয়েছেন তাঁরা। বুঝতে ভুল হয়েছিল তাঁদের যে পারাউ সর্ণারের মাথা ভার হাত পায়ের চেয়েও বেশী শক্তি রাখে।

তুংখের মধ্যেও তৃপ্তিতে ভরে ওঠে বৃদ্ধের মুখমগুল। রাজা সত্যিই মহৎ।
—চলি সদার।

পারাউ জানে কোথায় যাবার কথা বলছে ত্রিভন। ব্যস্ত হয়ে বলে—একা যাবেন ?

- —ইটা, মঞ্চল হেম্বরমের সঙ্গে দেখা করতে তুজনের প্রয়োজন হয় না।
- কিতাপাট আপনার সহায় হোন। কথাটা বলেই বুকের ভেতরে ছ্যাৎ করে ওঠে বুদ্ধের। মনের মধ্যে ভেলে ওঠে তার একমাত্র ছেলের যৌবনদীপ্ত মুখ। যুদ্ধবেশে এসে বিদায় চাইলে এই একই কথা বলেছিল পারাউ। কিতাপাট তো সেদিন শোনেন নি। পারাউ ছট্ফট্ করে। বৃদ্ধ বয়সে কি শেষে ঠাকুর সম্বন্ধ সংশয় জাগল মনে!

আপন মনে বিড়বিড় করে উচ্চারণ করে পারাউ—না ঠাকুর, সন্দেহ নয়। অনেক আঘাত পেয়েছি। বড় ত্র্বল হয়ে পড়েছি তাই। এই ত্র্বলতাও তো তোমারই দান।

চোথ তুলে চেয়ে দেখে আঙিনা শৃষ্ঠ । বিদায় নিয়েছে রাজা । দূরে পাহাড়ি পাণর থেকে অশ্বপদশব্দ ভেসে আসে ।

সোজা গিয়ে মারাংবৃষ্ণর গুহার সামনে ঘোড়া থেকে নামে ত্রিভন। মন্দিরের
ঘারে গিয়ে উপস্থিত হয় সে। চিৎকার করে ডাকে মংগল হেম্বরমের নাম ধরে।
কণ্ঠস্বর প্রতিধ্বনিত হয় গভীর কন্দরে। কোন সাড়া নেই।

আবার ডাকে ত্রিভন।

নিস্তন্ধ চারিদিক। শুধু ভেতর থেকে একটা কুকুর বিকট শব্দে ঘেউ থেউ করে ওঠে। যেন পাতাল থেকে ডাকছে। এ কুকুরকে কেউ কখনো দেখেনি —শুধু ডাকই শুনেছে।

অধৈর হয় ত্রিন্তন। ভাল করে চারিদিকে চেয়ে দেখে। হাতের বল্লমটা একবার নেড়েচেড়ে নেয়। শেষে বলে—আমিই ঢুকছি ভেতরে। সাবধান মঙ্কল।

এবারে মাহুষের অস্তিত্ব অহুভব করা যায়। পদশব্দ শোনা যায় যেন।
মূহুর্তে ত্রিভন ঠিক করে, একা ভেতরে যাওয়া ঠিক হবে না। আক্রাস্ত হয়ে
অসহায়ের মত আত্মসমর্পণ করা ছাড়া উপায় পাকবে না।

পদশব্দ এগিয়ে আসে। অপেক্ষা করে। মক্ষল হেম্বরম সামনে এসে দাঁড়ায়।

- —রাজা।
- šī I
- এ রাজ্যে কি নির্জনে সাধনা করবারও অধিকার নেই কারও ?
- জোমার কাছে একটা কথা জানতে এসেছি মংগল। সভ্যি বলবে।
- —'তৃমি' বলছ আমাকে ?
- —হেম্বরম!
- —মারাংব্রুর পূজারী কি নরহরি বোষ্টম যে সে অপমান সম্ভ করবে ?
- —চূপ কর। যা প্রশ্ন করছি তার ঠিকঠিক জবাব দাও।
- —তুমও সাবধান রাজা। মারাংবৃক্ণ এ-অপমান সইবেন না, ডোমার প্রবাণকা দিয়ে তা দেখিয়েছেন।

- —বাবার চেরে থাঁড়েপাহাড়ি প্রতিটি পথ আমার ভালভাবে জানা আছে মন্থল। মাধায় পাধার পড়ার ভয় আমাকে দেখিও না।
 - ত্রিভন।
 - চুপ্। আর একটিও কথানা। এই বল্লম দেখছ— ম**হ**ল **প**তমত খায়।

দাতে দাত চেপে ত্রিভন প্রশ্ন করে—ধারতি কোপায় ?

- —ধারতি ় কে সে ?
- —সবই জান তুমি। তবু বলছি, যাকে কাল রাতে তুমি চুরি করেছ—সে-ই ধারতি।
- চুরি ! মঙ্গল লাফিয়ে ওঠে, সইবে না রাজা, সইবে না। তোমার ছদিন ঘনিয়ে এসেছে। মারাংবুকর নামে আমি অভিশাপ দিচ্ছি।

সজোরে মঙ্গলের গালে চপেটাঘাত করে ত্রিভন—ভাল চাও তো ধারতিকে দাও। অভিশাপ পরে দিও।

রাগে ফুলতে থাকে পূজারী। কোন জবাব দেয় না।

- মঙ্গল। এই শেষ বার বলছি। জবাব না দিলে, মারাংবৃষ্ণর পুজারী কাল থেকে নতুন লোক হবে।
 - —আমি জানি না রাজা।

জবাব শুনে নিজেকে অসহায় বলে বোধ হয় ত্রিভনের। এর পরে কী করণীয় কিছুই বুঝে উঠতে পারে না সে। মঙ্গলের মুখের প্রতিটি কুটিল রেখার দিকে সে তীক্ষ দৃষ্টি নিক্ষেপ করে। দৃষ্টি কেলে খাঁড়েপাহাড়ির চূড়ায় দিকে, যেখানে মন্দির প্রতিষ্ঠার আয়োজন করতে গিয়ে নিহত হয়েছিলেন হেমৎ সিং, সন্মুখে দ্পায়মান এই পাষণ্ডের হাতে।

শেষে কর্তব্য স্থির করে ফেলে ত্রিভন। তীক্ষ্ণ নজর রাখতে হবে মঙ্গলের ওপর। ছায়ার মত ঘুরতে হবে তার সাথে সাথে। ঘুরতে হবে এই মুহুর্ত থেকে। প্রতিটি কার্যকলাপ দেখতে হবে আড়ালে বসে।

বিদায় নেবার ভান করে ত্রিভন বলে—আজ আমি যাচ্ছি। কিন্তু কাল আবার আসব এই সময়ে। ভেবে রেখো কি জবাব দেবে তখন।

একটা পঙ্কিল হাসি ফুটে ওঠে পৃজারীর মুখে। ত্রিভন লক্ষ্য করে সে হাসি।

হোড়ায় উঠে সে আন্তে আন্তে শাল বনের আড়ালে চলে যায়। সেধানে ছোড়া থেকে নেমে তার পিঠ চাপড়ে বলে—অনেক খেটেছিস আজ বিজ্ঞলী। — সম্প্রাণ থে। এক পাও নাড়স না। খাওয়ার জন্তেও নয়। ধারাতকেঁ উদ্ধার করতেই হবে। তোর পিঠে কত উঠেছে ও, মনে নেই!

विजनी मूथ वा जिएस एमस जिल्हान मूर्यंत्र मामत्न।

—মনে আছে তো? হাঁা, লন্ধী হয়ে দাঁড়িয়ে থাকবি।

দৃঢ়পদে ত্রিভন আবার এগিয়ে যায় গুহার দিকে। হাতে বল্পম। গুহার পাশে ঝোপ। সেই ঝোপে লুকিয়ে খেকে নজর রাখতে হবে।

সন্ধো ঘনিয়ে আসে। একা একা বসে থাকে ত্রিভন কোপের মধ্যে। সহস্র মশা এসে ছেঁকে ধরে তাকে, তবু বিন্দুমাত্র নড়েনা সে। নড়লে ধরা পড়ার সম্ভাবনা।

চারদিক নির্জন। এতক্ষণে বাঘরায়ের দল নিশ্চরই ফিরেছে কিতাগড়ে।
হাতের বল্লমটার দিকে চায় ত্রিভন। ওইটিই একমাত্র ভরসা। বাঘ ভালুক
এগিয়ে এলে রক্ষা নেই। সাপেও ছোবল মারতে পারে। ভবু থাকতে হবে।
শাকতে হবে ধারতির জন্মে।

ত্রিভন জানে, মন্ধলের সঙ্গে যে ব্যবহার করেছে, তাতে সে চূড়াস্ত প্রতিশোধ নেবার চেষ্টা করবে। ধারতি বেঁচে আছে কিনা কে জানে। এতক্ষণ বেঁচে পাকলেও আজকের রাতের পরে যে পাকবে না, এবিষয়ে নিঃসন্দেহ ত্রিভন।

বাঁড়েপাহাড়ির এক অংশে দাবানল জলে ওঠে। বক্ত জন্তর চিৎকার শোনা যায়। অরিশিখা মারাংবৃদ্ধর গুহাকে রাভিয়ে তোলে। ত্রিভন জড়োসড়ো হয়ে বসে। শেষে দাবানল এক সময় ধীরে ধীরে নিভে যায়। রাভ আরও গভীর হয়।

মশার কামড়ে সারা গা ফুলে ওঠে। বসে খাকতে থাকতে পা অবশ। ধীরে ধীরে পা নাড়ায় ত্রিভন।

তবে কি ধারতি নেই এখানে? পারাউ সদারের সন্দেহ কি অম্লক? বদমেজাজী বলে সবকিছুতেই হয়ত মঙ্গলের দোষ দেওয়া হয়। আসলে সে অত থারাপ কিনাকে জানে। মারাংবৃক্তকে ভালবাসে সে। সে ভালবাসায় কোন পাপ থাকতে পারে না। মারাংবৃক্তর সন্মানের জন্ম বদি সে থারাপ কথা বলে ক্ষতি কি? অবশ্র রাজাকে কড়া কথা বলা অন্থায় বলে ভাবে অনেকে। কিন্তু দেবতার পূজারী রাজার বাধ্য কোন কালেই হয় না। বরং রাজাই এসে তার সামনে নতজাম্ব হয়। বাবাকে দেখেছে ত্রিজন। প্রতি পদে তিনি নরহিরর পদ্ধলি নিতেন। নরহির অবশ্র কড়া কথা বলত না—সে বৈশ্বব।

হঠাৎ গুহার ভেতরে ক্ষীণ আলোর রেখা চোখে পড়ে। সমস্ত ইন্দ্রিয়কে সজাগ করে ভোলে ত্রিভন। বুকের ভেতর তার চিপ্চপ্করে। মঙ্গল হেম্বরম্ নিশ্চয়ই। এত রাতে তার আলো জ্ঞালবার প্রয়োজন হল কেন?

আলো সামনের দিকে এগিয়ে আসে। এবারে ত্রিভন স্পষ্ট দেখতে পায় মঙ্গলকে। তার মুখে আলো পড়ে বীভৎস দেখায়। ভেতর খেকে কুকুরের ডাক ভেসে আসে—তেমনি বিকট।

গুহার বাইরে চারিদিকে ঘুরে দেথে নেয় মঙ্গল। ত্রিভনের একেবারে কাছে চলে আনে একবার। ভয় হয় ত্রিভনের। সমস্ত কিছু বৃঝি পণ্ড হলো। ধরা পড়ে গেলে মঙ্গলকে নিহত করা ছাড়া দ্বিতীয় পথ নেই। মাটির ওপর আন্তে আন্তে হাতটা নিয়ে গিয়ে সে পাশের বল্লম চেপে ধরে।

কিন্তু মন্ধল দেখতে পেল না তাকে। সে কল্পনা করতে পারেনি, ওইটুকু ঝোপের মধ্যে স্বয়ং রাজা বসে রয়েছে ওং পৈতে। সে জানে রাজা কালকের আগে আসবে না। তবু যুরে দেখে গেল একবার। সাবধানের মার নেই।

ত্রিভন উদ্গ্রীব হয়ে থাকে। জোরে জোরে নিঃশাস পড়ে তার উত্তেজনায়।
মঙ্গল ধীরে ধীরে গুহায় ফিরে যায়। তার পরবর্তী কার্যকলাপ কি হবে আন্দাজ
করা যায় না।

কুকুরটা ডেকে ওঠে ভেতর থেকে। ওটাকে সঙ্গে নিয়ে যদি বাইরে আসত মঙ্গল তবে লুকিয়ে থাকা সম্ভব হতো না কিছুতেই। জন্তটা বোধ হয় কথনো বাইরে আসে নি—সূর্যের আলো দেখার সৌভাগ্য হয় নি। বন্দা হয়ে থেকে হিংপ্র হয়ে উঠেছে নিশ্চয়। তাই মঙ্গল তাকে সঙ্গে রাথতে ভয় পায়।

সে সবাইকে বলে ওই কুকুরের মধ্যে দিয়ে মারাংবৃক্র ইচ্ছা প্রকাশ পায়। তাই কুকুরকে ঘিরে রহস্থের স্বষ্টি হয়েছে সতেরখানি তর্কে—এমনকি তরক্রের বাইরেও। এই রহস্থের উদ্যাটন করতে চায় না সঙ্গল—তাই বাইরে আনে না।

ত্রিভনের ভয় হয়। গুহার শক্ত কাঠের দরজা হয়ত বন্ধ করে দেবে মঙ্গল। ধারতি যদি ভেতরে থাকে? এখনই হয়ত তাকে ঠেলে কুকুরের সামনে কেলে দেওয়া হবে। মুহুর্তে দেহটি হবে ছিন্নবিচ্ছিন। বল্লম হাতে নিয়ে তুই পায়ের ওপর সোজা হরে দাড়ায় ত্রিভন।

কিন্তু না। দরজা বন্ধ হয় না। আলোর রেখা কিছুক্ষণের জন্মে ভেতরে মিলিয়ে গিয়ে আবার এগিয়ে আসে। তাড়তাড়ি বসে পড়ে সে। বিক্ষারিত দৃষ্টিতে চেয়ে দেখে মঙ্গল একটা বোঝা টেনে নিয়ে আসছে। তবে কি ধারতি নেই ? সব শেষ হয়ে গেল ? মাথা ঝিম্ঝিম্ করে ওঠে তার।

না না। ওই তো গাঁড় করিয়ে দিল। ইঁ্যা, ধারতি—নিশ্চয় ধারতি।
চিনতে ভূল হয় না ত্রিভনের। হাত-পা বাঁধা ধারতির—মূখ বাঁধা। শয়তান
নির্মাভাবে ফেলে রেখেছিল ওই অবস্থায়।

ছুটে যেতে ইচ্ছে হয় ত্রিভনের। কিন্তু তাতে স্থফল নাও ফলতে পারে।
মঙ্গলের হাতে দাএম— খড়গ। মাহুষের অন্তিপ্ত জানতে পারলে সে আর দেরী
করবে না। সোজা দাএম চালাবে ধারতির ওপর।

কিন্তু কি করতে চায় শয়তান ?

ধারতিকে ধরে টেনে নিয়ে আসে সে গুহার একেবারে সামনে, সেখানে কুকুর বলি দেওয়া হয়। মাত্র দশ হাত দুর থেকে ত্রিভন চেয়ে থাকে।

হাত-পা-মুখের বাঁধন খুলে মঞ্চল বলে—কেন এখানে আনা হয়েছে জানিস?

ধারতি স্তর। অনুভব শক্তি নেই যেন তার।

- —এই হাত আর এই ধড়া অনেক মাহুষের মাধা নামিয়েছে। ধারতি কাঁপেনা একটুও।
- জিভন ? ফু:। তার বাপের ও-দশা কে করেছিল ? এই আমি। পাথর দিয়ে গুঁড়িয়ে দিয়েছিলাম তার মাথা। তোর জিভনেরও সেই দশা হবে—হবেই। তোকে পাশে নিয়ে কাঁটারাঞ্জায় আর বাঁশী ৰাজানো চলবে না।

ত্রিভন চমকে ওঠে। ধারতির চোখেও যেন বিশ্বয়।

—ভাবছিদ্, দেখেনি কেউ, তাই না ? মারাংবুরুর চোথকে ফাঁকি দেওয়া যায় না। ছ[°]।

খড়গটা মাটিতে নামিয়ে রাখে মঙ্গল। ধারতির একেবারে কাছাকাছি এসে দাঁড়ায়। তার কপালে আঙুল ছুঁইয়ে বলে—বাঁচাতে পারিস এখনো। সব পথ বন্ধ হয় নি এখনো। রাজী আছিদ্?

কোন পথের কথা বলছে পাষও ? ত্রিভন ভারতে চেষ্টা করে ?

—হাা। ভেবে উত্তর দিবি। যাবি আমার সঙ্গে সভেরথানি ছেড়ে ? আমার কাছে থাকবি ?

জিভনের ইচ্ছে হয় কুকুরটার ওপর লাফিয়ে পড়ে। অতি কটে নিজেকে সংযত করে সে। শেষ অবধি দেখতে হবে।

ধারতি রাগে হৃংথে মাটিতে পদাঘাত করে। প্রথম কথা বলে সে—তোর

মুখে পোকা পড়বে।

- —তবে প্রস্তুত হ। আগুন জলে মঙ্গলের সাপ চোখে।
- আমি প্রস্তাত। কিন্তু রাজা তোমাকে ছাড়বে না একথা বলে দিচ্ছি।
 আর অপেকা করা সকত হবে না। ত্রিন্তন ভাবে। এখনো খড়গটা
 মাটিতে পড়ে রয়েছে। এরপর নিশ্চয়ই হাতে তুলে নেবে। তখন সময়
 পাওয়া যাবে না।

বিহাৎগতিতে ছুটে গিয়ে খড়গটা পা দিয়ে চেপে ধরে বল্পম উচিয়ে দাঁড়ায় ত্রিভন।

—এক চুলও নড়িস না কুকুর।

চাই-এর মত সাদা দেখায় মঙ্গল হেম্বরমের মুখ। এই অপ্রত্যাশিত পরিণামের কথা সে স্বপ্নেও ভাবেনি। তার মাথাটা একপাশে কাত হয়ে পড়ে। সে জানে এর পরে কি হতে পারে। ভরে শিউরে ওঠে—গা কাঁপতে থাকে।

হাত-জোড় করে বলে—জাঙ্গালা তার্রে, আশ্রয় এমালেম্।

- থির কো:পে। ত্রিভন টেচিয়ে ওঠে। সে জানে এই সব হীন চরিত্রের লোকেরা সব কিছুই করতে পারে।
 - —আম রাজা। ইঞ আমরেণ্ হোপন কানালে।

এতক্ষণ ধারতি শুরু হয়ে দাঁড়িয়েছিল। যা ঘটেছে সব যেন স্বপ্ন—বাশুবের সঙ্গে বিন্দুমাত্র সম্পর্ক নেই। ত্রিভনও তার দিকে চাইবার অবসর পায়নি। সন্মুখে জঘন্ত শক্রকে রেখে কোনদিকে দৃষ্টি ফেলা যায় না। তাতে ঘোর বিপদ।

মঞ্চলের কাকুতি শুনে ধারতি বলে—কখনো নয়, কোন ক্ষমা নেই। ও হীন, ও নরক।

ত্রিভনের বল্পম ক্ষীণ আলোয় ঝল্সে ওঠে। পরমুহূর্তে মঙ্গল লুটিয়ে পড়ে মাটিতে।

কিছুক্ষণ একদৃষ্টে চেয়ে থাকে ত্রিডন মৃত পৃজারীর দ্পিকে। লোকটির বলিষ্ঠতা ছিল। সেই বলিষ্ঠতা সতেরখানির প্রতিটি লোকেরই কাম্য হওয়া উচিত। কিন্তু মঙ্গলের বলিষ্ঠতাকে আচ্ছন্ন করেছিল তার মনের নোংরামি স্থার কুটিলতা। নইলে সে ত্রিডনের রাজত্বে শ্রদ্ধা অর্জন করতে পারত। গুহার কুকুরটি আবার ডেকে ওঠে। ধারতি নিশ্চিম্ব হয়ে ভেঙে পড়ে ত্রিভনের বৃকের ওপর। বিজলী আমাদের জন্ম অপেক্ষা করছে ধারতি।

- —চল। অবিশ্রাস্ত জল ঝরে তার চোখ দিয়ে।
- —একটু দাঁড়াও। একে এভাবে ফেলে গেলে তো চলবে না। কোন গুহার মধ্যে লুকিয়ে রাখতে হবে। যদি কেউ জানতে পারে একে আমিই মেরেছি, তাহলে খারাপ ফল ফলতে পারে।

আবার আনন্দের জোয়ার আসে বাটালুকায়—জোয়ার আসে সমস্ত সতেরখানি তরকে।

রাজা ত্রিভন সিং ভূঁইয়ার বিবাহ।

পারাউ সদারের ছোট্ট কুঁড়েঘর কোন্ স্থদ্র অতীত থেকে দ্লান হয়ে পড়ে-ছিল এক কোণে। মৃত্যুর বিভাষিকা এতদিন যেখানে ছিল পরিব্যপ্ত—আজ্জাবার সেখানে নতুন জাবনের রঙ ধরল।

বৃধকিস্কু আর সারিমুমু বলেছিল যে বিয়ে হওয়া উচিত কিতাগড়ে। বিজ্ঞন শোনেনি। সে যে সতেরখানির শত শত অধিবাসীরই একজন। সে প্রবীণ সদারদের কথা মানবে কেন? ওরা পুরোনো রীতিতেই অভ্যন্ত। তাই বাঘরায়ের মতামত জানতে চেয়েছিল সে।

বাঘরায় ঘাব্ড়ে গিয়ে বলেছিল—আমাকে তাহলে আর একজনের কাছ থেকে জানতে হয় রাজা।

- —কে **?**
- —ছটকী। সংকোচে বলেছিল বাঘরায়।
- ठिक। **ख**रन এमा। जिखन रहरम উঠেছिन।

শুনতে বেশী সময় লাগেনি বাঘরায়ের। কিছুক্ষণ পরেই ছুটে এসে জানিয়ে-ছিল ছুট্কার মতামত। পারাউ সর্দারের ঘরেই বিয়ে হওয়া উচিত। সবাই স্থাসবে—সব কিছু দেখবে—তবে তো আনন্দ।

পারাউএর আনন্দের সীমা নেই। বিষপাত্তের তলানিটুরু যে অমৃত, তা কি জানত সে ? হে কিতাপাট। অনেক সন্দেহ করেছি তোমায়। ক্ষমা করে।। ক্ষমা করো।

অবিরল ধারায় জল গড়িয়ে পড়ে বৃদ্ধের চোথ দিয়ে। মনে পড়ে তার ধাঁড়িপাথরের কথা, দামনে ভাসে যুঝার সিং আর হেমৎ সিং-এর মুখ। স্পষ্ট দেখতে পায় একমাত্র ছেলে রাজু আরে নাতনি সাওনার স্থঠাম চেহারা। 'হাওয়া-ছকে' যন্ত্রণাকাতর লিপুরের মায়ের মুখচ্ছবিও ভেসে ওঠে। অভাগী জানত নাসে রাণীর মা।

হে কিতাপাট ! এত আনন্দ শুধু আমার জক্তেই তুলে রেখেছিলে ? তাদের তো কিছুই দিলে না। আমাকে আগে-ভাগে টেনে নিয়ে যদি তাদের রাখতে তাহলে ওপর থেকে দেখে যে আরও আনন্দ পেতাম।

দেখ্ রাজু দেখ্, ভোরই সাওনার মেয়ে। সবই তো দেখতে পাচ্ছিন্। দেখ্ সাওনা—ভোর যে আজ কত আনন্দ তা কি জানিনে রে দাতু। দেখো গো লিপুরের মা, সব বিষটুকু গিলে লিপুরের জন্মে কী রেখে গিয়েছ। দেখো, ভাল করে দেখো-দেখে তোমাদের মন জুড়োক—চোখ জুড়োক।

পারাউ ডুকরে কেঁদে ওঠে।

ভবেল কোথা থেকে ছুটে এসে সদারকে কাঁদতে দেখে বলে—ও কি গো সদার, কাঁদো কেন ?

-काँ नि कि जात नार्ध रत।

শুকোল গম্ভীর হয়। সর্দারের চিম্ভা যেন তার মধ্যেও সংক্রামিত হয়। সে তো সবই জানে। আরা যে সর্দারের চার পুরুষের প্রতিবেশী।

- —তবুকেঁদোনা। অমঞ্ল হয়।
- —না না, আর কাঁদব না। চোখের জল মুছে ফেলে পারাউ।

বাইরে হৈ হৈ শুনে তারা বেরিয়ে আসে।

একদল লোক এসেছে দক্ষে হাণ্ডি আর ফুল। এই হুটোই তাদের সব চাইতে প্রিয় জিনিষ। রাজা-রাণীকে উপহার দেবে। ঘাড়ে করে বয়ে এনেছে মাদল—এনেছে বাঁশী।

শুকোল হাসতে হাসতে চিৎকার করে—এ যা, কোড়াকো আপে দ তুমদাঃ টামাক রুইপে।

মাদল বেজে ওঠে।

- —নানা। এখন মাদল বাজাবে কি ? পারাউ ইতস্তত করে। রাজাই আসেন নি তে। এখনো।
 - —আর রাখো দর্দার। আনন্দ করতে এসেছে—চুপ করে বসে থাকবে ?
- —তাঠিক, তাঠিক। যা ভাল ব্ঝিস কর তোরা। এ তো তোদেরই উৎসব।

ভকোল চিৎকার করে—তিরিও অরং পে। মাদলের সাথে বাঁশীও স্থর ধরে সঙ্গে সজে।

শুকোল উৎসাহে আরও উত্তেজিত হয়। কতকগুলি মেয়ে খোঁপায় ফুল ওঁজে হাসছিল আর ভংগী করছিল। শুকোল তাদের দিকে চেয়ে বলে— কুড়িকো এনেঃ মা।

কিন্তু মেয়েরা নাচতে দ্বিধা বোধ করে। গলায় হাণ্ডি না ঢাললে মনে উৎসাহ
আসে না, পায়ে বলও পাওয়া যায় না। সংকোচ থেকে যায়।

- —হাণ্ডি খাই তবে ? একজন মেয়ে বলে বসে।
- —না না। আগে থেকে মাতাল হয়ে পড়িস না। তো দেখছি সব তাতেই বাড়াবাড়ি করিস্। একগাদা মাতালের মধ্যে কি শেষে রাজার বিয়ে হবে ?

সারারাত্তি হৈ চৈ করে আর হাণ্ডি থেয়ে মেয়ে পুরুষ সবাই ঢুলে পড়ে। পারাউ সদার অবসন্ন হয়ে একপাশে শুয়ে থাকে।

স্থূপীক্বত বশুফুলের মধ্যে জেগে থাকে শুধু রাজা আর রাণী—ত্রিডন আর ধারতি। এতদিন পরে পরিপূর্ণ পরিভৃপ্তির হাসি উভয়ের মুখে।

- —কিতাগড়ে এমন চাঁদের আলো পাওয়া যেত না ধারতি।
- --বানী বাজাবে ?
- শে কি, আমি না রাজা ?
- আমার রাথাল রাজা। নরহরি ঠাকুরের মুখে রাখালরাজার কথ: অনেছি।
 - —অত কালো আমি ?
 - —জানি না। ঠিক সেই রকম।
 - —বেশ। তবে তাই। ত্রিভন হাশে।
 - -- বাজাও না ?
 - —বাঁশী কো**থা**য় ?
 - —আছে।
 - —তুমি কোখায় পেঁলে!
 - —ভোমারই। ফেলে রেখেছিলে পাথরের ওপর। চুরি করে এনেছি।
 - —(मिथ ।
 - —ফুলের স্থূপের ভেতরে হাত ঢুকিয়ে আন্তে আন্তে বার করে দেয়

ধারতি ।

- -বাজাবো?
- —হ°।
- —সত্যি!
- হু

ত্ত্তিভন ধীরে ধীরে বাজায়। সে স্থর রাত্তির নিস্তব্ধতার মধ্যে ভাসতে ভাসতে মহুয়া গাছ ছাড়িয়ে কাঁটারাঞ্জার শালবনের পাতা ছুঁয়ে দিগস্তে গিয়ে মেশে।

বাইরে বাঘরায় সজাগ প্রহরী — তার সঙ্গে সাদিয়াল আর চোয়াড়রা। তারা শোনে। ত্রিভনের খেয়াল ছিল না এসব। সে অন্নভব করে পৃথিবীতে শুধু সে আর ধারতিই জেগে।

ছুট্কীর কথা মনে হয় বাঘরায়ের। সে ঘরে ফিরে গিয়েছে।

বহুদিন পরে বন্ধু ডুই:এর কথা মনে হয়। সে যদি থাকত আজ তাদের মধ্যে। চোথের কোণা আঙুল দিয়ে মুছে ফেলে বাঘরায়।

পরদিন সকালে খ্রী-পু্রুষ পরিবেপ্টত হয়ে রাজা-রাণী চলে নিকটের জলাশয়ে। ত্রিভনের হাতে ভীর ধরুক—ধারতির মাথায় কলসী। বিয়ের পরদিন এই আচার পালন করে ভরফের সাধারণ অধিবাসীরা। ত্রিভনও আপত্তি করে না।

জলাশয় থেকে ফেরার পথে ধারতি আগে আগে চলে জলপূর্ণ কলসী মাথায় নিয়ে। ত্রিভন অনুসরণ করে তাকে। সে তার ধন্থক থেকে একটি একটি করে তীর নিক্ষেপ করে সামনের দিকে। ধারতি কলসী-মাথায় সেই তীর কুড়িয়ে নিয়ে ত্রিভনের হাতে ফিরিয়ে দেয়।

বৃদ্ধ পারাউ দর্দার লাঠিতে ভর দিয়ে সঙ্গে সঙ্গে চলছিল।

সে গন্তীর স্বরে বলে—এই আমাদের ব্রত রাজা। অন্তরিভার নৈপুণ্য শ্রেষ্ঠ পুক্ষের লক্ষণ। যুদ্ধের জাত আমরা—যুদ্ধ ছাড়া বাঁচতে পারিনা। পুক্ষরা যদি যুদ্ধে নিপুণ না হয় ভাহলে কি আমাদের অন্তিত্ব থাকবে? তাই এই অন্তর্ভান—এই তীর নিক্ষেপ।

বৃদ্ধ একটু থামে। চলতে চলতে কথা ব'লে সে হাঁপিয়ে পড়ে। তাই একটু দম নিয়ে আবার স্থক্ষ করে,—কিন্তু পুরুষেরা নিপুণ হলেই তো শুধু চলবে না রাজা। পেছনে চাই প্রেরণা। কোপায় তার প্রেরণা ? ধারতির দিকে আঙুল দিয়ে দেখিয়ে বলে,—ওই তো প্রেরণা। পুরুষের সব কাজে ওরা সাহায্য করে। ভেঙে পড়লে সান্ধনা দেয়। তবেই তো পুরুষেরা হবে হর্জয়—হঃসাহসী। যে তীর ছুঁড়ছেন আপনি, সেই তীর কুড়িয়ে দিয়ে ধারতি আপনাকে সাহায্য করছে, প্রেরণা দিছে। স্থাধ হৃংথে বিপদে আপদে সব সময়েই আপনার পাশে থাকবে ও। কথনো একা ফেলে রেথে সরে দাড়াবেনা।

বিন্মিত জ্রিভন সম্রদ্ধ দৃষ্টিতে সর্দারের দিকে চেগ্নে থাকে। শেষে বলে—
আজ আমার একটা কথা রাধতে হবে সদার।

- वनुन।
- —ধারতির গুরুজন তুমি আমারও গুরুজন। পদ্ধূলি দাও।

পারাউ যেন দশহাত পেছিয়ে যেতে পারলে বাঁচে। কিন্তু সে স্থবির, সে আক্ষম। একই জায়গায় দাঁড়িয়ে বলে—ছি ছি—রাজা। তা হয় না। বিভনবলে,—থাঁড়েপাথরের শক্তি তুমি। বুদ্ধি তুমি। তাই আজ আমি রাজা। বাধা দিওনা। এ স্থযোগ আর পাবনা।

সবার চোখে আনন্দাশ্র। পারাউ-এর চোখেও।

সতেরখানির অধিবাসীদের সামনে ত্রিভন পদ্ধুলি নেয় সাধারণ এক স্পারের।

নিশ্ছিদ্র মেঘ বাটালুকার ওপর। দ্রের খাঁড়েপাহাড়ি চাে্থে পড়ে না। কাঁটারাঞ্জাও ঝাপসা। কিতাড়ুরের ওপর বৃষ্টি ধারা নেমেছে। সতেজ শালবনের পাতায় অবিশ্রাস্ত শব্দ। ব্যাপ্ত ডাকছি—ঝিঁঝিঁ ডাকছে। সাপ ছুটে চলেছে পাহাড়ী পথ ডিঙিয়ে উঁচু আশ্রয়ের খোঁজে।

দাঁওতাল মৃগুদের কুঁড়ে ঘরে শিশুরা চেঁচাচ্ছে ক্রমাগত। পাতায় ছাওয় ছাদের ফুটো দিয়ে জল এসে পড়ছে তাদের গায়ে। শুকনো জায়গা সেই ঘরের কোষাও।

শুরোরের পাল গড়াগড়ি । দৈচ্ছে বৃষ্টির মধ্যে। বাছুর ডেকে চলেছে উঠোনে দাঁড়িয়ে—মা তার বাইরে গিয়েছে পেট শুরাতে। মোষের দল ডোবার মধ্যে গা চুবিয়ে মাথা উচিয়ে স্থথের দীর্ঘশাস ফেলছে। অসংখ্য জোঁক যে তাদের পা কামড়ে ধরে রক্ত চুষে খাচ্ছে সেদিকে থেয়াল নেই।

শ্রাবণ মাস। এমন বর্ষা বহুদিন হয় নি। বুড়োরা বলে যুঝার সিং-এর আমলে নাকি একবার হয়েছিল।

ছুট্কী তার ঘরে বসে কাঁথা সেলাই করে। গর্ভবতী সে। বৃষ্টির একবেঁয়ে

नम मार्क मारक छारक खन्नमन करत (महा। हार्छित कांक (धरम याहा। गामरन प्र भाग गारह पिर्क (छार (म खन् हे स्वर्व अक कि गान (गरह छार)। गरक गरक व्रकृत एछत्रहों। उम्मन एमरा (अमन अक स्वावरणत प्रभूरत है रंग गानधानि अध्य , जानिक । रंगिन मरन एकर एगर एगर जिरा हिन अत स्वावरणत व्यक्ति कथा। अधिना छाहे खन्नमन हर्ने रंगर छारे मारक मारक। मरन हह एमर निर्क गाहे हिन। रंगिनम सर्व रंगे मिष्ठि भाहे राम छारव विरखात हरह छात कांन एल पिर्फ अक स्वर्गी स्वर्थ। छूहे:-अत छिनात कक्ष्म मूर्थमान छात सालमा एकरिन प्रमान छार प्र धाता मारक धाता प्रकृत हर्मे । स्वावरणत धातात कक्ष्म मूर्थमान छात सालमा एकरिन क्ष्म वाहे । स्वावरणत धातात मरक धाता मिनिया प्रकृतिक क्षम वाहे । स्वावरणत धातात मरक धाता मिनिया प्रकृतिक क्षम वाहे । स्वावरणत स्वावत मर्मे ।

আঙিনায় ছলাৎ ছলাং শব্দ হয়। গরু নয়। কোন মাত্র্য আসছে জলের ্ মধ্যে দিয়ে। বাঘরায়ের আসার সময় হয়েছে।

८म-हे।

ছুট্কী কাঁথা গুটিয়ে উঠে দাঁড়ায়।

- কি হল ? মুখখানা সে আকোশের মতই। বাঘরায় বলে। মান হাসে ছুট্কী।
- উত্ত পুহাসলে তো চলবে না। দম্ভরমত কথা বলতে হবে। বাঘরায় জড়িয়ে ধরে ছুট্কীকে।
 - —এখনো পাগলামী গেল না।
 - স্বভাব কি না-মরলে যায় ? ্বল ভো মরি।

ছুট্কীর মুখ গম্ভীর হয়।

—রাগ হলো! বেশ, কিছু বলব না।

ছুট্কাকে হাসতে হয়। বলে—এবারে কি কিডাড়ুংরির উৎসব হবে না ?
শ্রোবণ আসতেই যা বৃষ্টি।

- —সেই তো ভাবনা সবার।
- —বাজা কি বলেন ?
- -- जिनि वलन छे९ भव कथाना वस रहा ना । शतरे।
- —ঠিক। তাছাড়া এবার রাজারাণী একসঙ্গে যাবেন।
- —हैं।। कि**न्ह** अद्रक्य वांनन চनटन ?
- —ভবু হবে। এই একটাই তো উৎসর। একি বন্ধ করা চলে?
- लाक इत्व ना। मृत्वत क्छ-हे चाम्रा भावत्व ना।

- ठिक जागरत। किलाभारित रेटक राम नाम नकारमरे सूर्य **ले**ठरत।
- --জানাব রাজাকে।
- <u>—</u>কি ?
- —ভোমার কথা। তিনি ভো ভোমার কথার খুব মূল্য দেন।
- যাও, কি যে বল।
- —সত্যি।
- —আর রাণীর কথার ?
- -- ज जानि ना। राक्था दाजारे जान जातन। वाचदाय राप्ता।
- —বাবা এসেছিল আজকে।
- —কেন ?
- —এমনি। আমাকে দেখতে। গোঁয়ার-গোবিন্দর হাতে দিয়ে কি নিশ্চিম্ভ পাকতে পারে ?
 - —ও, তাই বুঝি ?
 - —বাব। নাকি অবদর নেবে। রাজাকে-ভাই জানিয়েছে।
- —আমি জানি। কিন্তু চাইলেই কি অবসর পাওয়া যায় ? তেমন লোক কোথায় স্বার হ্বার ?
 - —সতেরখানিতে কে-উ নেই ?
- —চোথে পড়ে না। ডুই: সেই কবে ছেড়ে গিয়েছে আমাদের তার জায়গায় কেউ এল না এতদিনে। অবিশ্যি ডুই:-এর মত দর্দার আর আসবেও না।

ছুট্কী আবার অশ্যমনস্থ হয়। বাইরের মেঘে-ঢাক। স্থের আলো আরও কমে এসেছে। শালগাছের ছায়া তুপুরেই সন্ধ্যার আধার স্পষ্ট করেছে।

थ्र बास्य बास्य वाषदायरक वरन इंट्की — निर्म शिल ना छा ?

বাঘরায় জানে কিসের কথা বলছে ছুট্কী। ভুই:-এর মৃত্যুর পর মনেক-বারই একথা বলেছে ছুট্কি, ভুই:-এর প্রসঙ্গ তুললে একবার অন্ততঃ বলবেই। তাই আজকাল বাঘরায় এড়িয়ে যায় এসব কথা। তবু বন্ধুকে ভুলতে পারে না বাঘরায়—ভুলতে পারে না তার জীবনের শেষ মৃহুর্তটুকু। অনিচ্ছাসত্তেও তাই এক এক সময়ে বলে ফেলে। তথনই ছুট্কির প্রশ্নের সম্থীন হতে হয়।

ছুট্কী চায় একবার আমদাপাহাড়িতে যেতে। দেখতে চায় সেই টিলা, বেখানে নাগা সন্মাসীদের বিধ্বস্ত করা হয়েছিল। বিশেষ করে দেখতে চায় সেই জায়গাটি বেখানে ভূইঃ ভার শেষ নিশাস ভ্যাগ করেছিল।

শোকের মুখে বাঘরায় কথা দিয়ে ফেলেছিল, নিয়ে যাবে ছুট্কীকে সেখানে। সে সদিচ্ছাও তখন ছিল তার। কিন্তু কাজের চাপে যাওয়া সম্ভব হয়নি।

আজকাল ছুট্কী যাওয়ার কথা বললেই বুকের ডেতরটা যেন কেমন করে ওঠে। একটা চাপা ব্যথা অফুডব করে সে। প্রথম সস্তান ভূমিষ্ঠ হল—মারাও গেল। দ্বিতীয় সস্তান ছুট্কীর গর্ভে। এখনো কেন সে ওকথা বলে? কেন সে ভূকতে পারেনা ডুই:কে? ডুই: তো ছুট্কীর বন্ধু ছিলনা।

ছুট্কীর কথার জবাবে বাঘরায় তাড়াতাড়ি বলে ওঠে—যাব, নিশ্চয়ই যাব। ব্যস্ত হচছ কেন ?

- —কতদিন হয়ে গেল।
- —সেই টিলা এখনো অক্ষয়ই আছে। ঝড় জল বুষ্টিতেও ক্ষয়ে যাবে না।
- ৩। ছুট্কী স্তব্ধ হয়। বাঘরায়ের কথায় উষ্ণতা। এমনভাবে তো সে কোনোদিনও কথা বলেনি। মনে মনে প্রতিজ্ঞা করে ছুট্কী, আর কথনো ভূলেও এ অমুরোধ করবে না। মরে গেলেও নয়।

মনের ভেতরে পরিচিত এক স্থর আবার গুন্গুনিয়ে ওঠে—দে স্থর শ্রাবণের
—দে স্থর বিষাদের।

পারাউ মুর্শর মৃত্যু হল এতদিনে।

বংশের শেষ বাতিটিকে ঝড়-জলের ঝাপ্টা থেকে বাঁচিয়ে স্থরক্ষিত স্থানে স্থাপন করে সে নিশ্চিন্ত মনে তার কিতাপাটের চরণে ঠাই নিল।

ধারতি কাঁদল খ্ব। পৃথিবীতে তার আপন জন বলতে রইল শুধু ত্রিজন।
কুঁড়েঘরটির মায়ায় সে আচ্ছন্ন হল। কত পুরুষের বাস ছিল এখানে। পারাউএর মুখে শুনেছে থাঁড়েপাথর আসার বহু আগে ওখানে এসে ঘর তৈরী করেছিল
তাদের পূর্বপুরুষরা। তখন বাটালুকা গ্রামের চিহ্ন ছিল না। কিতাগড়ের অন্তিম্ব
ছিলনা কোন। শাপদসংকুল গজীর বনের মধ্যে ছিল ইতন্ততঃ ছ্চার ঘর
সাঁওতাল আর মুগু। দিনরাত যুদ্ধ করতে হত তখন—যুদ্ধ করতে হত হিংশ্র
জন্তর সঙ্গে অধিকার ছিনিয়ে নিতে। তখন নাকি কিতপাট ছিলেন না
—ছিলেন শুধু মারাংবুরু।

পারাউএর ভিটে সেই সময়কার। কতবার ঘর ভেঙে পড়েছে,—আবার নতুন করে ঘর উঠেছে। কিন্তু ভিটে ছাড়েনি কেউ। এমনকি যুঝার সিং বারবার অমুরোধ করেও পারাউকে কিতাগড়ের কাছে আনতে পারে নি। শেষবারের মত ধারতি গিয়ে কুঁড়েঘরখানাকে ঘুরে দেখে। রাণী হয়ে বার বার আসা সম্ভব হবে না এখানে। আন্তিনায় একটা খুঁটি পোঁতা রয়েছে। কুঙ্কী বাঁধা থাকত সেখানে। সেও মারা গিয়েছে পারাউ-এর আগেই। ধারতি চেয়ে চেয়ে দেখে আর কাঁদে। কত পরিচিত—কত আপন।

- —সর্দারের অন্থি কিভাগড়ে নিয়ে যাওয়া হবে ধারতি। ত্রিভন বলে।
- —কোপায় রাখবে সেথানে ? চোথের জল মুছে বলে সে।
- आभारमत्रदे পतिवादतत्र श्वविभानाय ।

ধারতি যেন বিশাস করতে পারেনা। রাজপরিবারের অন্থিশালায় অক্ত অন্থিস্থান পায় না। ত্রিভনের দিকে চেয়ে থাকে সে।

- সতেরখানির রাজাদের মত পারাউসদারও সম্মানীয়। আর একজন লোক অবশ্য ছিল।
 - 一(本?
 - जुरेः हेकु ।
 - —ইাা, ডুই: টুড়ু। ধারতির মনে কোন সংশয় নেই।
- —বাঘরায় নিয়ে এগেছিল তার অস্থি। কিন্তু তার ঘর থেকে সেট। হারিয়ে যায়। কি করে হারাল বুঝতে পারি না। বাঘরায় নিজেই অবাক হয়েছিল।
 - —বোধহয় খুব যত্ন করে রেখেছিল।
 - —যত্ন করে রাখলে হারায় ?
 - —যত্মের জিনিষই তো হারার রাজ্।

অক্স সময় হলে ত্রিন্ডন ভাবত ধারতি রসিকতা করছে। কিন্তু এখন সে কথা কষ্ট করেও ভাবা যায় না। ধারতির বিমর্থ কণ্ঠস্বরে বিখাসের গভীরতা।

পারাউ-এর মৃত্যুর কিছুদিন পরেই আর একটি সংবাদ আদে অভাবনীয় ভাবে। স্তম্ভিত হয় ত্রিভন।

এক সন্ধ্যায় কিতাগড়ে এসে উপস্থিত হয় রান্কো কিস্কু। দেখেই চিনতে পারে সবাই। ত্রিন্তনও চেনে। তার প্রথম বিচারের বলি এই রান্কো— তার প্রথম যুদ্ধের বিশ্বকর্ম!। রান্কোর কাছে মনে মনে লক্ষিত ব্রিন্তন। নাগাযুদ্ধ খেকে ফিরে এসে যখন শুনল রান্কো নেই—তখন খেকে নিজেকে অপরাধী বলে ভাবে। সেদিন খেকে তার উপকার করার স্থায়েগ খুঁজছে ত্রিবন। কিন্তু সম্ভব হয়নি। সভেরখানির কোখাও তার খবর মেলেনি—চাউরা

দিয়েও নয়।

এতদিন পরে রান্কোকে আসতে দেখে ত্রিভন তাই তাড়াতাড়ি এগিয়ে গিয়ে তার হাত চেপে ধরে।

- —তোমার জন্ম আমার শাস্তি নেই রান্কো।
- —কেন রাজা ?
- —কিতাড়ংরির ঘটনা ভুলতে পারিনা।

শ্লান হাসে রান্কো। বলে—সেজন্তে তৃঃথিত হবেন না রাজা। বিচারের সময় তো হাত-পা বাঁধা থাকে।

- —সে নাহয় তুমি বুঝলে। কিন্তু তোমার মন ? মন তো মেনে নিতে পারেনি।
 - —কি করে জানলেন ?
- —তোমার হাভভাবে। নাগা-যুদ্ধের আগে তোমার চেহারা দেখে তো আমি চমকে উঠেছিলাম। তাছাড়া ডুই:ও আমাকে সব বলেছিল।

একটু যেন কেঁপে ওঠে রান্কো। মুখের রক্ত সরে যায় সাময়িকভাবে। শেষে বলে—কিন্তু উপায় কি ?

- —আমি জানিনা কী উপায়। তবে প্রার্থনা করি, তুমি ্যেন শক্তি পাও।
- —শক্তি আমি পেয়েছি রাজা। তাই আবার ফিরে এলাম। বাটালুকার থাকব বলেই ফিরে এলাম। কিন্তু এবারে আপনার শক্ত হবার পালা।
 - —কেন ?
 - —হঃসংবাদ এনেছি।
 - —নাগা সন্ন্যাসী এসেছে ?
 - --ना ।
 - —বরাহভূমের মহারাজ—
 - --ভাও নয়। এ আপনার ব্যক্তিগত ব্যাপার।
 - আমার ব্যক্তিগত ব্যাপার ? ত্রিভন টেনে টেনে বলে!
- —রাণীমাকে আপনি যেদিন সতেরথানির সীমাস্তে পৌছে দিয়ে এলেন সেদিন আমি সেখানেই ছিলাম।
 - —চিনতে পারিনি।
- —কেউ-ই চিনতে পারত না। নাগাযুদ্ধের সময় যে চেহারা দেখেছিলেন আমার, তথন তাও অবশিষ্ট ছিলনা। তাছাড়া আমি ছিলাম সন্ন্যাসীর বেশে।
 - —তুমি সন্ন্যাসী হয়েছিলে ?

- (खरविष्टिनाम शरता। किन्ह इंशेनि । नक शराहि।
- **--- वन, এবারে कि फु:** मश्वाम ।
- —রাণীমা শ্রীক্ষেত্রে যাবেন শুনে, আমি তাঁর সঙ্গী হলাম। কিন্তু তীর্থক্ষেত্রে যাওয়া তাঁর ভাগ্যে হয়নি (
 - --- মা যাননি শ্রীক্ষেত্রে ?
 - --ना।
 - —কোথায় তিনি ?

রান্কো কিস্কু হাত তুলে আকাশের দিকে দেখায়।

- —মানেই ? ত্রিভন কেঁপে ওঠে।
- —না।
- —আর সবাই ?
- —ভারাও নেই।
- ठेगी- ठेगी नञ्जाता शना निरंशिक्त ?
- —নারাজা। হাওয়াছকু।

দিনান্তে এক জলাশয়ের ধারে উপস্থিত হয়েছিল রাণীমার দল। পিপাসার্ত হয়ে সবাই পান করেছিল জলাশয়ের জল। কেউ জানতনা যে—ওলাউঠার মহামারী শেষ করে এনেছে সে অঞ্চলকে। একে একে মরল সবাই—সেই রাত্রেই। বাকা রইল ত্জন—রান্কো আর নরহরি। কেন যে তারাও আক্রান্ত হলে। না সে এক বিশ্বয়।

- —নরহরি কোথায় ? ত্রিভন নিজেকে সামলে নিয়ে ধীরে ধীরে প্রশ্ন করে।
- —পালিয়েছেন। রাণীমার আর্তনাদ শুনেও দাঁড়ান নি এক মুহুত।
- —ভত্ত।
- থাকতে বলেছিল।ম তাকে। বলেছিলাম, ছজনাই ফিরে আসব বাটালুকায়। তিনি রাজী হলেন না। বললেন, এথানে নাকি স্থান নেই তার। বরাহভূমে চলে গেলেন।
 - —ভালই করেছেন।
 - —রাণীমাকে বাঁচাতে অনেক চেষ্টা করলাম রাজা। পারলাম না।
- —তোমার কাছে আমি চিরকাল ক্বতজ্ঞ থাকবে।। জিভনের চোথ সঙ্গল হয়ে ওঠে। ধারতির মত তারও পৃথিবীতে আর কেউ থাকল না।

কোমর খেকে একটা ছোট্ট কোটো বার করে রান্কো ত্রিভনের হাতে দেয়।
—কি এতে ?

- -- রাণীমার অস্থি।
- --তুমি সংকার করেছ রান্কো ? সভ্যি বলছ ?
- শুধু রাণীমার নয় রাজা— সবারই সংকার করেছি। তারা যে আমার সতেরখানির লোক।

ত্তিভনের গলার স্বর কেঁপে ওঠে—সতেরখানি সত্যিই তোমার। এমন ভাবে আমি তো কখনো দেখিনি সতেরখানিকে ?

— আমিও না। জানতাম না সতেরখানি আমার কত আপন। সেদিন প্রথম ব্রুলাম। আপনিও একে ভালবাসেন রাজা। ওধু সে ভালবাসার যাচাই হয়নি এখনো।

ত্তিভন চিস্তামগ্ন হয়। তার ভাগ্যে ত্থ আর আনন্দ এইভাবে পাশাপাশিই চলেছে চিরকাল। শুধু ত্থু কিংবা শুধু আনন্দের স্বাদ পেলনা কথনো।

- —আমি বাটালুকায় থাকতে চাই রাজা।
- —আমিও তোমাকে রাখতে চাই।
 - —চোয়াড়ের দলে চুকিয়ে নিন আমাকে।
 - —হাা। তবে সাধারণ চোয়াড় নয়। আজ থেকে তুমি সর্ণার।
 - —অতবড় দায়িত্ব কি আমি বইতে পারব ্
- ওর চেয়ে বড় দায়িত্ব যদি থাকত, তাই দিতাম তোমাকে। ডুই:-এর জাযগা থালি পড়ে আছে অনেকদিন। সারিমুমুর বয়স হয়েছে। অবসর নিতে চায়।
 - ঘর দোর কিছুই নেই আমার।

ত্রিভন একটু ভেবে বলে—ঘর আছে। থাকবে দেখানে ?

- —কোথায় রাজা <u>?</u>
- —পারাউ মুমুর বাড়ী।
- ্— সে তো তীর্থস্থান। এ আমার সৌভাগ্য। আশীর্বাদ করুন, যেন তাঁর মত সর্দার হতে পারি।

রান্কে। চলে যায় কিছুক্ষণ পরে। ত্রিভন হাতের কোটোটার দিকে একদৃষ্টে চেয়ে থাকে। এত কথার মধ্যেও তার বারবার মনে পড়ছে—মাকেই। মায়ের ক্ষেহ কাকে বলে, ঠিক জানেনা সে। তব্ তারই মা—রাজা হিমৎ সিং- এর স্ত্রী—তাঁর জীবনের পরিসমাপ্তি যে এভাবে ঘটবে কেউ তা করন। করেনি।

নরহরিকে কোনদিনই মহাপুরুষ বলে ভাবেনি সে। সাধারণ বোষ্টম বলেই মনে করত। কিছু ধর্মের আড়ালে যে এতথানি মহয়ত্ত্বহীনতা লুকিয়ে ছিল কে জানত ! শেষ সময়ে মা নিশ্চয় তাঁর মহাপুরুষটির পরিচয় পেয়ে গিয়েছেন।

ত্রিভন অন্দরে যায়। রাজা হেমৎসিং ভূইয়ার অস্থির পাশে একটি অপেক্ষাক্বত ছোট পাথরের নীচে আর একটি অস্থি রক্ষিত হবে আজ।

ধারতি ফুলের মালা গাঁথছিল তখন। কিতাগড়ে আসার পর থেকে তার কাজ হয়েছে দিনে একটা করে মালা গেঁথে ত্রিভনের গলায় পরিয়ে দেওয়া।

ত্রিভনকে দেখে সে বলে ওঠে—একি, এখনি এলে যে ? আধ্যেকও তো
-গাঁখিনি

ত্রিভন কথা বলেনা।

- —কথা বলছনা কেন ? হাসছ না—মুখ গম্ভীর ! কি হয়েছে বল। জিজন হাতের কৌটো এগিয়ে দেয়।
- —কি এটা ?
- —মায়ের অস্থি।
- শাং বাণীমাং
- —**हा**।
- —কি করে হলো। মালা রেখে ধারতি উঠে দাঁড়ায়।

ত্রিভন একে একে সব বলে।

- —নরহরি ঠাকুর এমন লোক ?
- —আজ আমারও, তুমি ছাড়া আর কেউ নেই ধারতি।
- ধারতি হুই হাত রাজার কাঁধের ওপর রেখে চোখের জল ফেলে।

বরাহভূমরাজ দরবার থেকে লোক আসে বাটালুকায়। এমন সাধারণতঃ হয় না। পঞ্চপুঁটের রাজারাই সাধারণতঃ যায় বরাহভূমে!

বিস্মিত স্পারদের অতিক্রম ক'রে লোকটি রাজার সম্মুখে এসে নত হয়।

ত্রিভনও কম অবাক হয়নি। খাঁড়েপাথরের সময়ে বরাহভূমরাজ নিজে এসেছিলেন একবার। তারপরে এপর্যস্ত আর কোন লোক আসেনি দরবার খেকে। ত্রিভন অন্থমান করে, হয়ত কোন বিপদ আসন্ন জন্মলভূমির। মুসলমানরা এ-অঞ্চলের দিকে নজর না দিলেও ইংরেজদের বিশ্বাস নেই। হাখরে ওরা। পাধর থেকেও নাকি রস বার করতে ছাড়ে না। মুদ্ধ বিগ্রহ

वांधावात्र कन्मी आँ टिष्ट किना तक जातन ।

বরাহভূমের অধীনে চার তরক — ধাদ্কা, তিন সওয়া, পঞ্চাদারী ও সতেরখানি। এই চার রাজ্যের রাজা আর মহারাজকে বলা হয় জকল মহলের পঞ্চপুঁট। দেশের কোন জরুরী অবস্থায় পঞ্চপুঁট একত্রিত হয়ে কোন সিদ্ধান্তে আসার একটা প্রথা রয়েছে। কিন্তু বহুদিন তার প্রয়োজন হয় নি। হিংশ্রজন্ত পরিপূর্ণ এই দরিত্র অরশ্যের রাজ্যে বিলাসী মুসলমানেরা আসতে চারনি কোনদিনও। যে-কষ্ট এখানে এসে ভোগ করতে হয়, সেই অমুযায়ী ফললাভ সম্ভব নয়। লুঠপাটের বাসনা থাকলেও দারিদ্রোর নয় চেহারা দেখে আতক্ষে হাত আপনি থেমে যায়। ত্রিভন ভাবে, ইংরেজদের সে-অভিজ্ঞতা এখনো হয় নি। মুর্শিদাবাদ জয় করে রাজ্য বিস্তারের নেশা পেয়ে বসেছে তাদের। তাই জকলের দিকেও হাত বাড়িয়েছে। জানে না, সাপের ছোবলের ভয় রয়েছে এখানে।

তৈরী হতে হবে। যেতেই হবে বরাহভূমে ! মনে মনে প্রস্তুত হয় ত্রিভন।
কিন্তু দরবারের লোকটির কথা শুনে তার সব চিন্তা কল্পনা ধুয়ে মুছে কোথায়
মিলিয়ে যায়। নির্বাক হয়ে লোকটির মুখের দিকে চেয়ে থাকে।

লোকটি বলে,—মহারাজ বলেছেন, এতদিন যে তুইশ' প্রতাল্লিশ টাকা বার্ষিক কর দিয়ে এসেছে সতেরথানি তরফ, তাতে চলবে না, অস্ততঃ তার দ্বিগুণ চাই।

- —পত্র আছে? জ্র কুঁচকে ত্রিভন প্রশ্ন করে।
- —হা। পত্র বার করে লোকটি এগিয়ে দেয়।

ত্তিভন আগাগোড়া পড়ে সেটি। একবার নয়, ত্বার নয়—বছবার। প্রতিটি অক্ষরের মধ্যে শাসানি। মহারাজের কাছ থেকে এমন ব্যবহার সে কথনো আশা করেনি।

বিরক্তিতে পত্রটা ছু ড়ে ফেলে দেয় ত্রিভন।

লোকটি বিজ্ঞাপের স্বরে বলে ওঠে—ওটি মহারাজের নিজের হাতে লেখা, যাকে আপনি কর দেন।

- --- দৃত অবধ্য বলে একটা কথা আছে জান ?
- —নিশ্চয়ই জানি।
- —কেন, তা জান? কারণ দৃত শুধু সংবাদই বছন করে। তার ব্যক্তিগত কথাবার্তায়, আচার ব্যবহারে কোন রকম অভদ্রতা প্রকাশ পায় না। শক্ত পক্ষকেও যথায়থ সন্মান দিতে তারা জানে। সে-শিক্ষা তাদের

দেওয়া হয়।

- —এ সব কথা কেন বলছেন ?
- —তোমার ভদ্রতার অভাবের জন্তে। তুমি একটা সংবাদ নিয়ে এসেছ মাত্র। এই সংবাদ আনা আর তার জবাব নিয়ে যাওয়াই শুধু তোমার কাজ। তুমি এমন ব্যবহার করছ যা স্বয়ং মহারাজও করতে পারতেন না।
 - কি**ছ** তাঁর পত্রটির ভাষা খুব মধুর !
- —সাবধান। আর এক পা বাড়ালে, বরাহভূমে ফিরে যেতে হবে না ভোমাকে।
 - —আমাকে হত্যা করবেন ?
- —সেটা খুবই সহজ। জাননা, রক্ত না দেখলে আমাদের দিন কাটেনা ?
 মাহ্য কিংবা অক্ত প্রাণী আমাদের মারতেই হয় রোজ। এ তোমাদের বরাহভূম
 নয়—অত সভ্য আমরা নই।

লোকটি কাঁপতে থাকে। এমন সহজভাবে যে হত্যার কথা বলতে পারে, সে তা কার্বেও পরিণত করতে পারে। এতটা আশক্ষা করেনি। ভেবেছিল, মহারাজ যথন তার সহায়, তথন সামান্ত এক তরফের রাজা তার কথা ভনে ভয় পাবে। সম্মান দেখিয়ে তো এদের রাজা বলা হয়—আসলে সদার।

- —আমাকে ক্ষমা করুন রাজা।
- —ক্ষমার প্রশ্ন ওঠে না। তবে মারব না। কারণ পত্তের জবাবটা তোমাকে মুখে মুখেই নিয়ে যেতে হবে। লিখে জানাতে আমার ঘুণা হচ্ছে।

সদারদের দিকে চের্নে ত্রিভন বলে—মহারাজ বেশী কর চেন্নেছেন, কিন্তু কেন চেন্নেছেন জান ? কোন বিপদের সম্ভাবনার জন্মেনর। এমনি তাঁর ইচ্ছে হ্যেছে—থেয়াল হ্য়েছে: তবু এই থেয়াল যাতে অপূর্ণ না থাকে সে চেষ্টা আফি করতাম, যদি তাঁর পত্রটি তেমন হত। কিন্তু পত্র পড়ে আমার ধারণা হয়েছে, ভয় দেখিয়ে তিনি টাকা নিতে চান। ইচ্ছে করে বিরোধ বাধাতে চান। তোমরা কি বল ? জবাব লিখব।

বাঘরায় এতক্ষণ জ্বলছিল। সে বলে—না রাজা, কোন প্রয়োজন নেই। আর এই বাচালকে আমার হাতে দিন, আমি ব্যবস্থা করব।

- —না, না। ও ফিরে যাক্ স্পার। বরাহভূম ইতর হলেও সতেরখানি তা হতে পারে না।
 - —কিন্তু এতক্ষণ ওর কাণ্ড দেখে হাড়পিত্তি জ্বলছিল রাজা।

—সেটা অভায় নয়, তবু ওর মুথেই আমার বক্তব্যটা শোনাতে চাই মহারাজকে।

রান্কো বলে—জবাবটা ভদ্রভাবে দিতে হবে রাজা। বলে দিন, আসছে ছবছর বোধ হয় কর দেওয়া আমাদের পক্ষে সম্ভব হবে না। দেশের আকাল চলছে। অতি বৃষ্টিতে অনেক কিছু নষ্ট হয়েছে এবার।

ত্রিভন কোটের দিকে চেয়ে বলে —ঠিক এই কথাই মহারাজকে বলবে। মুখস্থ করে নাও।

বাঘরায় বলে—শোনাও তো কি বলবে ? লোকটি রান্কোর কথার আবৃত্তি করে। বাঘরায় বলে—ঠিক। যাও, দূর হও।

রাজাকে কোনরকমে প্রণাম করে সে ছোটে। সতেরখানির সীমানা ছাড়াতে পারলে সে বাঁচে।

কিছুদিনের মধ্যে ধবর আসে বরাহভূমের সৈত্ত সাঁমান্তের ত্-একথানি গ্রাম লুঠপাট করেছে। শুয়োর মোষ মেরে—ত্চার জনকে বেঁধে নিয়ে গিয়েছে।

ত্রিভন এতটা আশা করেনি। হাজার হলেও সতেরখানি তরফ বরাহভূমেরই অন্তর্গত। চিরকাল নিয়মিত কর দিয়ে এসেছে। মহারাজের উগ্রপত্র আর পত্রবাহীর অসভ্য ব্যবহারের জন্মে হয়ত মহারাজকে পুরোপুরি সম্মান দেখান সম্ভব হয়নি। কিন্তু তার জন্মে সৈন্ম পাঠিয়ে হামলা করার কথা কল্পনা করা যায় না। এ এক অভ্যুত আচরণ।

কেউ বোধহয় বরাহভূমরাজকে বুঝিয়েছে, কর দিতে অস্বীকার করার অপর অর্থ স্বাধীনতা ঘোষণা করা। কিন্তু একেবারে অস্বীকার তো করা হয় নি। বলা হয়েছিল দেশের ত্রবস্থার জন্ম আগামী ত্'বছর কর দেওয়া সম্ভব হবে না। তাও জানানো হয়েছিল মৌথিক ভাবে। স্বাধীনতা ঘোষণা করারও তো একটা নিয়ম আছে। লিখিতভাবে জানাতে হয়। বরাহভূমরাজের সে ব্যাপারে এয়াকেফ্ হাল থাকা উচিত।

রাগের চেয়ে তুঃখই বেশী হয় ত্রিভনের। তুঃখ হয় এই জন্তে যে স্বাধীন ভাবে থাকা পঞ্চর্থুটের কোন খুঁটের পক্ষেই সম্ভব নয়—একথা জেনেও সতেরখানি তরফের মধ্যে হামলা করতে উৎসাহিত করেছেন রাজা তাঁর সৈক্তদের। এ যেন নিজেরই এক অঙ্গ দিয়ে আর এক অঙ্গকে আঘাত করা। এতদিনের এক দলবদ্ধ গোষ্ঠীতে ভাঙন ধরালেন মহারাজা।

রাজদরবারে লোক পাঠান প্রয়োজন। রান্কো কিন্কুকে মনোনীত করা হয়। সে চতুর। কথাবার্তা বলা ছাড়াও রাজার মনোভাব ও রাজ্যের হাবভাব জানতে পারবে। এর পরেও যদি বোঝা যায় যে রাজা নরম হবেন না, তখন স্বাধীনতাই ঘোষণা করতে হবে। অক্স পথ নেই। কারণ যেটুকু ব্যবসা বাণিজ্য এ রাজ্যের রয়েছে তার সব কিছু বরাহভূম আর তার আশোপাশের রাজ্যের মাধ্যমে। বরাহভূমরাজ যদি বিপক্ষে যান তাহলে স্বদ্র ধলভূম, অম্বিকানগর পরে শ্রামস্থলরপুরও ছেড়ে কথা বলবে না। ফলে ব্যবসা বাণিজ্য বন্ধ হবে।

শ্রীশ্রীকালাচাঁদ জিউএর মন্দিরে প্রণাম করে রান্কো যাত্রা করে বরাহভূমে।
মন তার আনন্দে ভরপুর। রাজা তার ওপর কতথানি নির্ভর করেন।

মনে পড়ে যায় কয়েক বছর আগের কিতাড়ুংরির কথা। সদারদের হুমকি আর রাজার বিচার। সেদিন মনে হয়েছিল, এদের মত নিষ্ঠুর লোক পৃথিবীতে নেই। বৃদ্ধ সারিমুমু ও বৃধকিস্কুকে দেখলে মায়া হয়। বাঘরায়ের মত সরল মামুষটিকে ভাল না বেসে পারা যায় না। আর ডুইং টুড়ু ? সে-ই তো তার সদার হবার পথ সহজ করে দিয়ে গেছে। পথ থেকে কুড়িয়ে এনে মর্যাদা দিয়েছে—চিনিয়ে দিয়েছে রাজাকে। আসলে মামুষের পদবী আর তার একটি ব্যবহারেই লোককে চিনে ফেলা যায় না। চিনতে হলে গভীরভাবে মিশতে হয়।

কিছুদ্র গিয়েই পথের ধারে একজন স্ত্রীলোককে দেখে রান্কো চম্কে ওঠে।

वाँ भनी।

রাজার বিচারের পরদিনই ওর বিয়ে হয়ে যায়— সাল্হাই হাঁসদার সক্ষে। লোকটির বাড়া ছিল দ্র গ্রামে। বিয়ের পরেই একেবারে বাটালুকায় এসে ঘরবাড়ী তৈরী করে জমাট হয়ে বসেছে। সাল্হাই-এর মনোবাসনা ছিল সর্বার হবার। তাই রাজা যখন বিচার করে অন্তের সক্ষে ঝাঁপনীর বিয়ের আদেশ দিলেন তখনি সাল্হাই গিয়ে গ্রামের মোড়লের হাতে পায়ে ধরে বিয়ে করে ফেলে তাকে। আশা ছিল এডাবে রাজার নজরে পড়ে নিজের কাজ গুছিয়ে নেবে।

শেষ পর্যস্ত কিন্তু পারেনি সে। ভেতরে পদার্থ বলতে কিছু নেই তার।
তাই হতাশ হয়ে এখন চাষবাসে মন দিয়েছে। রাজাই তার জমির ব্যবস্থা
করে দিয়েছেন।

ঝাঁপনী ঘরে বসে ছেলে মাত্র করে, ঘুঁটে দেয়, শ্রোর দেখে। মাঝে মাঝে জালানি কাঠ কুড়োতে বার হয়ে শালবনে।

আজও কাঠ কুড়োতে এসেছিল। রান্কোকে দেখে সে চিনতে পারে।
দ্র থেকেই চিনেছিল তার চলন দেখে। কোমরে একগাদা কাঠ নিয়ে থমকে
দাড়িয়ে পড়েছিল সে। রান্কো কাছে এলে কাঠের গাদা মাটিতে ফেলে
সোজা হয়ে দাডায়।

রান্কো ভেবেছিল সে খুব শক্ত হয়েছে। কিন্তু ঝাঁপনীর অতি পরিচিত দাঁড়াবার ভঙ্গী দেখে তার বুকের ভেতরটা যেন কেমন করে ওঠে। কথা না বলে তাড়াতাডি পাশ কাটাতে চায় সে।

वांभिनी मान ट्रान वटन-अकारत।

রান্কো পতমত খায়। ভাবতে পারেনি যে ঝাঁপনী তার সঙ্গে ডেকে কথা বলবে। কোনরকমে সে বলে—আডি সাঙিঞ।

- —এন্হ তিনাঃ সাঙিঞ।
- —বরাহভূম।

ঝাঁপনী অবাক হয়। অনেকদ্র মানে অতদ্র ? হবেই বা না কেন। সে তো সালহাই হাঁসদা নয়—সে রানকো কিসকু। স্পাব।

- —তোমার ভেতরে এত গুণ ছিল সদার ? আগে বলনি তো!
- —কেন ?
- —বললে, কিভাড়ংরির বিচারের পর ভোমার সঙ্গে ঘর ছেড়ে পালাভাম।
- नान्हां रे नमात्र रय यिन ?
- —ও আর হয়েছে।
- —হতেও তো পারে।
- —তবে আমার বরাত খুলবে।

রান্কোর দীর্ঘখাস বার হরে আসছিল আর একটু হলে। কিন্তু সে এখন শক্ত হয়েছে। অনেক আঘাতই অবিচলভাবে বৃক পেতে নিতে পারে। সাধারণ এই সব মেয়েদের জন্মে মাথা ঘামিয়ে লাভ নেই। এরা চায় শুধু নিজের সুখ।

- -- চिन याँ भनी ।
- —এসো। আবার একটা হয়েছে, খবর রাখো? বেশ মোটাদোটা।
- **की, मृ**रशाद्यत्र वाका ?
- —যা:, তা কেন? ছেলে।

- -একটার ধবরও রাখিনে।
- —প্রত্যেক বছরই হচ্ছে—শ্রোরের মতনই। খিল্খিল্ করে হেলে ওঠে ঝাঁপনী।
 - —আগছে বছর ?
 - --- हत्व हत्व, ठिक हत्व। कार्ठित शामा भाषात्र जूल त्नत्र त्य।

ঝাঁপনীর কথা ভাবতে ভাবতে রান্কো অনেকটা পথ চলে যায়। সে ঝাঁপনী আর নেই। আজ যার সঙ্গে দেখা হল তার মন বড় স্থুল—সহজেই নাগাল পাওয়া যায়। আগের ঝাঁপনীর মন ছিল ধরাছোঁয়ার বাইরে। আভাস পাওয়া যেত ভুধু। এখনকার ঝাঁপনীর মন ধুলোকাদায় মাখামাখি।

কটে ভরে যায় রান্কোর বুক। ওর সক্ষে দেখা না হলেই ভাল হত। দেখা হয়ে পৃথিবীর আকর্ষণ যেন অনেকটা কমে গেল।

রান্কো চলে যাবার কিছুদিন পরে এক সন্ধ্যায় বাঘরায় মুখ কালো কক্ষে কিডাগড়ে এগে দাঁড়ায়। ত্রিভন তখন সবে শিকার থেকে ফিরেছে—হাতে তার ঘটো সেরালী।

এমন অসময়ে বাঘরায় সাধারণতঃ আসেনা কিতাগড়ে। তার মুখের দিকে সপ্রশ্নদৃষ্টিতে চেয়ে ত্রিভন চমকে ওঠে। সে মুখে রক্তের কিছুমাত্র চিহ্ন নেই।

—কি হ'য়েছে বাঘরায় **?**

জবাব নেই। নির্বাক দৃষ্টিতে রাজার দিকে শুধু চেয়ে পাকে সদার। রাজা সজোরে ঝাঁকি দেয়।

তবু বাঘরায় নীরব।

ত্রিভন অন্থমান করে বড় রকমের কোন তুর্ঘটনা ঘটেছে। সেরালী হুটোকে মাটির ওপর আছড়ে কেলে দেয় সে। বাধরায়ের হাত হুটো নিজের হাতে তুলে নেয়।

— চুপ করে থাকলে চলবে না সদার। কি হয়েছে বল। যদি কিছু ঘটে থাকে তার প্রতীকার তো করতে হবে। তুমি হলে সতেরখানির সদার। যাই হোক না কেন, সকলের মত ভেঙ্কে পড়া তোমার সাজেনা।

তুহাত দিয়ে মুখ ঢেকে রাজার সামনে মাটিতেই বসে পড়ে বাঘরায় সোরেণ। ক্লদ্ধ কালার আবেগকে কোনরকমে সামলে নিয়ে বলে —ছুট্কী নেই।

—নেই ? ভার মানে ?

খুঁজে পাওয়া যাচেছ না।

তবু ভাল। ত্রিভন স্বন্তির নিঃশাস ফেলে বলে কি হয়েছে খুলে বল। প্রতিদিনের মত আজও বাঘরায় ভোরবেলা উঠে তার ক্ষেত্রে দিকে গিয়েছিল। কিছুক্ষণ পরে ফিরে এনে ছুট্কীকে আর দেখতে পায় না। বাঘরায় ভাবল হয়ত কোন কারণে বাপের বাড়ী গিয়েছে। তাই কিতাগড় চলে আসে সে। বাপের বাড়ী ছুট্কী মাঝে মাঝে যায়। শরীরটা তার ভাল যাচ্ছিল না কিছুদিন থেকে। সব সময়েই বিমর্থ বলে মনে হত। কথাবার্তা কম বলত। শান্তটা বলেছিল, ছেলে হবার আগে অমন হয়। প্রথম ছেলে হবার সময় কিন্তু হাগিখুনীই ছিল ছুট্কা। বাঘরায় ভেবেছিল, প্রভিবার হয়ত একরকম থাকেনা মন মেজাজ।

তৃপুরে কিতাগড় থেকে বাড়ী ফিরডে পারেনি বাঘরায়। কতকগুলো কাজে আটকে পড়েছিল সে। রান্কো বরাহভূমে যাবার পর থেকে তার ওপর কাজের চাপ পড়েছে অনেক বেশী। তাই গড়েই খাওয়া দাওয়া করেছিল। শিকারে যাবার আগে ত্রিভনই তাকে খেয়ে নিতে বলেছিল এখানে।

বাড়ী পৌছে বাঘরায়ের বুক কেঁপে উঠল। ছুট্কী ফেরেনি। সকালের যে যে জিনিষ, যেখানে পড়েছিল সেখানেই রয়েছে। তাড়াতাড়ি সারিমুমুর বাড়ী ছুটে যায় সে। গিয়ে শোনে, ছুট্কী তিনদিন যায়নি ওথানে।

চারদিকে খুঁজতে শুরু করে বাঘরার। প্রতিটি বাড়ীতে গিয়ে থোঁজে। কিন্তু নেই। কোখাও নেই। নিরাশ হয়ে কিতাগড়ে এগেছে শেষে।

ত্ত্তিভন ভেবে পায়না, কী হতে পারে ছুট্কীর। বাঘরায় যথন খুঁছে এসেছে ত্বন আলেপালে কোথাও নেই। কিন্তু বাবেই বা কোথায় ?

- --কোন ঝগড়া হয়েছিল ভোমার সঙ্গে ?
- —ন। ওর সঙ্গে আমার কখনো বাগড়া হয়নি।
- —আমি এখনি লোক পাঠাচ্ছি চারদিকে। তুমি যাবে ?
- —না। আমার ভীষণ ভয় হচ্ছে। সাজ্বাতিক কিছু দেশব হয়ত। ৰাঘরায় ছহাতে আবার মুখ ঢাকে।
 - —ছি: বাঘরায়, ধারতির বেলায় তো জামি জমন করিনি।
 - —আপনি রাজা।
 - वाभि माञ्य- जूभि। माञ्य।

किছुक्रण चित्र रूपा (परक वाचवात्र वरत-जानि बान बाना।

- —আমিও থাব তোমার সঙ্গে।
- —এই অন্ধকারে ?
- —ধারতির বেলায় তুমি খুঁজে বেড়াওনি সারারাত ?
- —রাজা! বাঘরায়ের চোখে জল আসে এতক্ষণে। গুকনো চোখ নিয়ে বড় কট পাচ্ছিল সে।

একটু চুপ করে থেকে বাঘরায় বলে ওঠে—কিন্তু রাজা, এখন তো মঞ্চল হেম্বরম্ নেই।

— চপ্। ও নাম মুখেও এনো না। লোকের যা বিশ্বাস তাতে যেন বিন্মাত্ত সন্দেহের ছায়া না পড়ে।

অমুসন্ধান ব্যর্থ হয়। ছুট্কী নেই। ঘূরতে ঘূরতে মারাংব্রুর গুহায় সামনে আসে ত্রিভন আর বাঘরায়। এখানেও একবার খুঁজতে হয়—নইলে মনের খুঁতখুঁতি যায় না।

এখন আর এখানে এলে কুকুরের আওয়াজ শুনতে পাওয়া যায় না। সেই কুকুর বন্দী অবস্থায় না খেতে পেরে মরে পড়েছিল। নতুন পূজারী এসে ফেলে দিয়েছে তাকে।

ঘুমিয়ে ছিল পৃজারী। ত্রিভনের ডাকাডাকিতে চোধ মুছতে মুছতে বাইরে আসে। রাজাকে দেখে বিশ্বিত হয়।

সমস্ত ঘটনা ভনে সে বলে,—তাকে তো দেখেছি রাজা।

- —দেখেছ ? ছুট্কীকে ?
- —ই্যা। সারিমুমু সর্দারের মেয়ে তো?
- —হাঁ। হাঁা, কখন দেখেছো? কোথায়? বাঘরায়ের হৃদ্পিও যেন কেটে বার হয়ে আসতে চায়।

 - ছুটে याष्ट्रिल ?
 - —হাা। খুবই ক্লান্ত হয়ে পড়েছিল। ছেলেপিলে হবে দেখলাম। বাঘরায় নিজেকে সংযত করে বলে—কিছু জিজ্ঞাসা করেছিলেন আপনি?
- —করেছিলাম। বলল, মানত আছে কোন্বন-্দেবতার কাছে। ছেলে যাতে বাঁচে।

ত্রিভন আর বাঘরায় পরস্পরের মুখের দিকে চায়। এ এক গভীর রহক্ষ। মানতই যদি থাকে, সেকথা স্বামীকে গোপন করবে কেন ?

—সভ্যিই তুমি জানতে না বাঘরায় ?

---নারাজা।

আরও এগিয়ে যার ত্জনা কিন্তু কোথায় সেই বন-দেবতার ঠাই ? নিরাশ হয়ে শেষরাতে ফিরে আনে তারা কিতাগড়ে।

ত্পুরে অমুসন্ধানকারীদের একজন ফিরে আসে।

বাঘরায় বার হয়নি। দেহ-মনে সে অবসন্ন। কাক: দৃষ্টিতে সামনের দিকে চেয়ে সে চুপ করে বসেছিল রাজার পাশে।

লোকটি রাজার সামনে এসে দাঁড়ায় মাথা নীচু করে :

- —খবর পেলে <u>?</u>
- --ই।, রাজা।

পেয়েছো গ কোথায় ? চিংকার করে ওঠে বাঘরায়। মুহুর্তে তার সমস্ত অবসন্নতা ঘুচে যায়। উত্তেজনায় কাঁপতে থাকে সে।

—আমদাপাহাড়িতে।

বাঘরায় মৃক। আর উত্তেজনা স্তর। দৃষ্টিতে ভার চূড়ান্ত অসহায়তা। সে টলতে থাকে।

জ্ঞিত্তন তাড়াতাড়ি উঠে তাকে ধরে ফেলে বলে—এ কী বাঘরায় ?

- —আমি বুঝতে পেরেছি রাজা।
- **—কী বুঝেছ** ?
- ওর মানত। একটি স্থ নীর্ঘাস নির্গত হয় তার অতবড় বুকখানাকে কাঁপিয়ে দিয়ে। শেষে অফ্ট স্বরে লোকটিকে প্রশ্ন করে নিদে কি বেঁচে আছে ?

--না।

জিভনও এতটা আশংকা করেনি। কিন্তু বাঘরায়ের দিকে চেয়ে সে বিশ্বিত হয়। তুঃসংবাদটা জানার সঙ্গে সঙ্গেই সে যেন নিজের শক্তি নিজের দৃঢ়তা ফিরে পায়। একটুও টলে না, পা কাঁপে না। চোথের পাতাও নড়েনা তার। লোকটির দিকে চেয়ে ধীরে ধীরে বলে—কোথায় সে? নাগাদের সেই টিলার ওপর?

- —হা। বাচ্চাটাও বাচেনি।
- বাঘরায়ের মুখ যন্ত্রণায় নীল হয়ে ওঠে।
- তুমি স্থির হয়ে বদো বাঘরায়। ত্রিভন বলে।
- —ভাববেন না রাজা। আমি ঠিক আছি। কিন্তু বাচ্চাটা হল কথন ? আপন মনে বিভূবিভূ করে বাঘরায়।

লোকটি শুনতে পায় বাঘরায়ের স্বগতোক্তি। সে বলে—ওগানেই হ'য়েছে সর্দার। তিনি যেখানে পড়ে আছেন—তার পাশেই; মারা বাবার ঠিক আগে হয়েছে মনে হয়।

- —কাকে পাহারায় রেখে এসেছ? ত্রিভন প্রশ্ন করে।
- —গ্রামের সবাই। সোরেশ সদারের বউ শুনে একপাও নড়েনি, কেউ —নড়বেওনা।

আমদাপাহাড়ীতে যাবার পথে বাঘরায় কোন কথা বলে না। কলের মন্ত চলেছে ত্রিভনের পাশে পাশে। বিজলীর পিঠে চড়ে আসতে পারেনি ত্রিভন —বাঘরায় সক্ষে ছিল বলে। সে চেষ্টা করেছিল বাঘরায়কে রেখে আসতে। পারেনি।

শেষে সেই প্রসিদ্ধ পরিচিত টিলাটির কাছাকাছি এসে পমকে দাঁড়ায় বাঘরায়। ছুট্কীর শেষ অবস্থা নিজের চোপে দেখতে বোধ হয় ভীতি বোধ করে সে—সইতে পারবে না বলে। কিংবা এ-ও হ'তে পারে—শক্তি সঞ্চয় করছে একটু পেমে নিয়ে।

- —তুমি না হয় এখানে দীড়াও। আমি দেখে আসি।
- --- না না, রাজা। আমি যাব। দেখতেই হবে আমাকে।

ইতিমধ্যেই খবর রটেছিল, রাজা আসছেন। একদল লোক দেখতে পেয়ে টিলার ওপর থেকে ছুটে এসে অভ্যর্থনা জানায়। বাঘরায় প্রতিটি মুখের দিকে চেয়ে চেয়ে দেখে। আশার কথা এভগুলো লোকের মধ্যে কেউ-ই শোনাতে পারে না? কেউ বললেও বলতে পারে,—একটু নড়ে উঠল যেন, বোধ হয় বেঁচে আছে।

ন', ভূল। আশা করা পাগলামী। সদারের পক্ষে এ-পাগলামী শোভা পায় না।

- हनून दाका। वाचदाय वरन।
- —আপে আমিই যাই।
- —না। আমি যাব।

ভীড়ের একজন বলে—মনে হচ্ছে যেন ঘূমিয়ে আছে বাচ্চাটাকে পাশে নিয়ে। প্রথমে যে দেখেছিল, সে তো তাই ভেবেছিল।

তারা গিয়ে দেখে, সত্যিই ঘুমিয়ে রয়েছে ছুট্কী। বাচ্চাটাও পড়ে রয়েছে মায়ের ঠিক পাশেই। কিন্তু মায়ের সঙ্গে নাড়ীর সংযোগ ছিন্ন হয়নি। অবসর মেলেনি। এ এক ভয়ংকর নাড়ীর টান—যার ফলে মা-ছেলে কেউ-ই

वैक्ति ना।

ত্রিজনের চোখের-পলক পড়ে না।

বাঘরায় নির্বাক।

হঠাৎ সে ছটে যায় ছুট্কীর দিকে। বসে পড়ে তার পাশে। ছুট্কীর ডান হাতের মুঠো বন্ধ। যেন চেপে ধরে রেখেছে সে। বাঘরায় মুঠো থেকে ছাড়িয়ে নেয় সেটা। জিনিষটির দিকে চেয়ে শিশুর মত কেঁদে ওঠে সে।

কেউ কিছু বৃঝতে পারে না। ত্রিভনও নয়। ছংখের মধ্যে একটা চাপা কৌতৃহল সবার চোখে মুখে।

বাঘরায় ধীরে ধীরে উঠে রাজার কাছে এগিয়ে আসে। পাতায় জড়ানো একটি মোড়ক দেখিয়ে বলে—এই দেখুন রাজা।

- —এটা কী বাঘরায় ?
- ডুই:-এর অস্থি। এতদিন খুঁজে খুঁজে পাইনি। ছুট্কী লুকিরে রেশেছিল যথের ধনের মত।
 - —ভোমার কণা তো বুকছিনা বাধরার।

রাজাকে একপাশে ডেকে নিয়ে গিয়ে চোবের জনে ডেসে সর্ধার বাঘরার সোরেণ বলে—ছুট্কী ছেলেমাস্থ্য ছিল, ডাই ব্রতে পারেনি আপে। নিজে মরল—আমাকেও মেরে রেখে গেল।

আমদাপাহাড়িতে কতবার ছুট্কী আগতে চেয়েছে। সাধারণ কোতৃহল ভেবে প্রথমে উড়িয়ে দিত বাঘরায়। শেবে এড়িয়ে গিয়েছে। রাগও করেছে ছুট্কীর বাড়াবাড়ি দেখে। কিন্তু কখনো কোন সন্দেহ আগেনি মনে। ভূই:- এর সঙ্গে ছুট্কীর একটা বন্ধুছের সম্পর্ক ছিল। তাই ভূই: শেষ নি:শাস ফেলেছে কোথায়, সে জায়গা দেখার আগ্রহ খুবই খাভাবিক।

কিন্তু দিনে দিনে ভেতরে ভেতরে মিধ্যার ভিত্ ধ্বসে গিয়েছে। উচ্ছেদ হরে উঠেছে,—বা আসল সভিয়। তখন আর ছুট্কী কোন বাধাই মানেনি। ছুটে এগেছে আপনজনের কাছে। নিজেও সেধানে শেষ নিঃখাস ফেলে নিশ্চিন্ত হ'য়েছে। এখন বাঘরায় ব্রেছে, কেন ছুট্কী হাসি ভুলেছিল, কেন সে সব সময় একা একা বসে ভাবত—কেন গুণগুণ করে গাইত ভুই:-এরই বাঁধা গান।

নাগা সন্ন্যাসীদের সক্ষে যুদ্ধে জিতে ডুই:-এর অস্থি নিয়ে বাঘরায় যধন ফিরে এল বাটালুকায়, তারপর ধেকেই আসল সত্যি আবছাভাবে ছুট্কীর মনে ধরা পড়েছিল। কিন্তু গভীরভাবে জিনিষ্টি সে তলিয়ে দেখেনি। তবু অস্থির মোড়কটি লুকিয়ে রেখেছিল মহা সম্পদ হিসাবে। সেই সম্পদের মূল্য দিনে দিনে বাড়তে বাড়তে শেষে কাণায় কাণায় পরিপূর্ণ হয়ে উঠেছিল।

ভাঙা গলায় বাঘরায় বলে—রাজা, তীর্থস্থানে এসেছে ছুট্কী। মারাংবৃক্ষর পূজারীকে সে ঠিক কথাই বলেছিল—বন-দেবতার পূজো দিতে এসেছে। সে-পূজোর বলি ছুট্কী নিজে আর তারই রক্তমাংসে বড় হয়ে ওঠা ওইটি। বাঘরায় আঙুল দিয়ে দেখায়।

ত্রিভন স্তর্ক। এ অভিজ্ঞতা তার কখনো হয় নি। মামুষের মনের এই জটিলতার শিক্ষা আজ তার প্রথম। অপরাধ কারও নয়—অথচ এই নিম্করণ অভিশাপ ব্যর্থ করে দিল তিনটি জীবনী-শক্তিতে ভরপুর মামুষকে।

বাঘরায়, ডুই:, রান্কো—সব সর্ণারই যে শুধু বিষটুকুই পান করছে। সারিমুর্পুও। মেয়ের জক্তে তারও বুক ভাঙবে। স্পাররা বোধ হয় শুধু তৃঃখই পায়। পারাউমুর্পুও তাই পেয়েছিল। তবে কি অমৃতটুকু রাজাদের একচেটিয়া ?

নিজেকে অপরাধী বলে মনে হয় জিভনের। বাঘরায়ের দিকে চাইতে গারে না। সভেরখানির সব রূপ, সব রুস, সবটুকু গন্ধ যেন নিজেই ভ্রমেনিয়েছে সে। কারও জন্মে ছিটেফোটাও কেলে রাথে নি। হতভাগ্যের ছোটাছুটি করেছে, সামায় একটু আনন্দ, সামায় সান্ধনার জন্মে। কিং পাচ্ছে না। পেতে হলে রাজার স্বার্থপর বুক্থানাকে ভেঙে চুরমার করে দিতে হয়।

চোখে জল আসে ত্রিভনের। সামনের ভীড় করা বৃকগুলো যেন বিরাট শুক্তভা নিয়ে হাহাকার করছে।

জিভনের ছ্হাতের মুঠে। শক্ত হয়ে ওঠে। একটা প্রতিহিংশার চরিতার্থত প্রয়াজন। কিন্তু কার ওপর সেই প্রতিহিংশা? সে জানে না। তবু বৃরুদ্ধে পারে, কে যেন অ্যায় করছে—ঘোরতোর অ্যায়। তাকে খুঁজে বার করছে হবে। এতে দিন যাক্, মাস যাক্, বছর যাক—ক্ষতি নেই, সে পামবে না মুখোমুথি দাঁড়াবে সেই অ্যায়ের জঘ্য প্রতিমৃতির সামনে—মকল হেম্বরমে সামনে যেভাবে দাঁড়িয়েছিল। সে দিনের পরই আসবে স্থাদিন। ভাটের এতগুলো বৃক—রূপ রস গদ্ধে। মাতাল হবে তারা মহুয়া পেয়ে—নাচবে তারা, গাইবে তারা। কিতাড়ুংরিতে আনন্দেব চেউ বইবে। টামাক তিরিওর শব্দে শালবনের পাতা নাচবে।

রান্কো কিস্কু ফিরে আসে বরাহভূম থেকে। ত্রংসংবাদ নিয়ে আসে সে।
মহারাজ তার কোন কথাই শোনেননি। এ-বছরের জন্মে কর না দেবার প্রশ্ন
দূরে থাকুক, দরবারে তাকে ভৃত্যদের মধ্যে দাঁড় করিয়ে রাখা হয়েছিল। অথচ
সে শুধু দূত নয়, সে গিয়েছিল রাজার ব্যক্তিগত প্রতিনিধি হিসাবে।

রান্কোর প্রতিটি কথা ত্রিভন গম্ভীর হয়ে শোনে। বুধকিস্কুর কপালের রেখা স্পষ্ট হয়ে ওঠে। এমন কি বাঘরায়ের এ-কয়দিনের ভাবলেশহীন মুখেও রক্তের আভাস দেখা যায়।

সারিমুমু ও এদেছিল কিভাগড়ে। বাড়ীতে তার মন টেকে না—সব সময় তার আতক্ষ, সে পাগল হয়ে যাবে। তাই অবসর চেয়েও পুরোপুরি অবসর নিতে পারেনি। রান্কোর কথায় সে ধীরে ধীরে বলে—এবারে প্রস্তুত হন রাজা।

কিছুক্কণ আলোচনা চলার পর রান্কো হঠাৎ বলে ওঠে—এবারে আসল কথা বলি রাজা ?

ভার কথা ভনে সবাই অবাক হয়। এত কথার পরও আসল কথা বলেনি রান্কো ?

—আসল কথা ? সবাই নড়েচড়ে ৰসে। ভাবতে চেষ্টা করে, এর পরও আসল কথা তার কি থাকতে পারে।

জিভনের সপ্রশ্ন মুখের দিকে চেয়ে রান্কো বলে- সমস্ত কিছুর জন্মে তথু একজনই দায়ী।

- —একজন ? কে সে ?
- —নরহরি।

বিশ্বতির দিকে দ্হাতে ঠেলে দেওয়া একটা নাম যেন ঘুরে এসে স্বার মনকে নাড়া দিল।

- —নরহরি ? সে কোথায় ?
- দরবারে ঢোকার সময়ে দেখি, মর্যাদার আসমগুলির একটি দখল করে বসে আছে। আমাকে দেখেই কোন ছুতো করে তাড়াতাড়ি চলে গেল। মনে হল ভালুকের ভাড়া খেয়ে যেন পালাচ্ছে।

আনেককণ চুপ করে থেকে রাজা বলে—বুঝেছি, নরহরি প্রতিশোধ নিতে চায়। বৈষ্ণব ধর্ম জলাঞ্জলি দিয়ে তাই রাজার মন্ত্রী হয়ে বদেছে।

- जाहरल आभारनत श्रञ्जाकहे हरक हरत ? तूथ तरन।
- —হাঁ, কোন সন্দেহ নেই ভাতে। বাঁচতে আমাদের হবেই। ভবে মহারাজের

আক্রমণের অপেশ্বায় বদে থাকলে চলবে না। আমরাই আক্রমণ চালাব।

- সে কি সম্ভব ? বুধ বলে।
- —অসম্ভব হবে কেন ? খাড়েপাখরের কথা কি শোনেনি কেউ ?

বৃধ যেন লব্জা পায়। বয়স হয়েছে তার। ভীক্ষ না হলেও, নতুন কিছুতে ঝাঁপিয়ে পড়ার আগে নানান্ চিস্তা আচ্ছন্ন করে তাকে।

ত্তিভন ব্ঝতে পারে তার মনোভাব। সে বলে—তুমি আর সারিমুমুর্ দেশেই থাকবে সদার। বাইরে থেকে কোন হামলা এলে, তাদের শান্তি দেবার ভার তোমাদের ছজনার ওপর রইল।

- —ভাই হবে রাজা।
- —বাঘরায়, তুমি স্থপুর রাজ্যের ভার নাও। পাঁচদিনের মধ্যেই চোয়াড়দল নিয়ে রওনা হতে হবে ভোমাকে। এর সব বন্দোবস্ত ভোমাকেই করতে হবে।
- —আমি প্রস্তুত রাজা। বাঘরায়ের চোধ দুটে চক্চক্ করে ওঠে। সে এইরকম একটা কিছু চাইছিল। বাটালুকায় এখন তার দম বন্ধ হয়ে আসে। সে চায় উত্তেজনা—সব কিছুকে ভূলিয়ে দেবার মত নেশা-ধরা উত্তেজনা। বৃদ্ধের চেয়ে সেরা জিনিষ আর কি থাকতে পারে ? নাম শুনলেই রক্ত নেচে ওঠে।
 - —রান্কো।
- —আমাকে বরাহভূমের ভার দিন রাজা। ভৃত্যদের মধ্যে দাঁড়িক্তে থাকার অপমান ভূলতে পারছি না।
- —-বরাহভূমের আগে একবার ধলভূম ঘূরে এসো। অনেক দূরের পঞ্চ বটে, কিন্তু জিততে পারলে কিছু রসদ সংগ্রহ করে আনতে পারবে। আমাদের রসদের প্রয়োজন ি
- —আমি ধলভূমেই যাব রাজা। মনে মনে ত্রিভনের বৃদ্ধির তারিঞ্চ করে রান্কো।
- —বুধাকস্কু, আজই চাউরার ব্যবস্থা কর। শুধু হাটে-মেলার নয়।
 প্রতিটি গ্রামের প্রতিটি বাড়ীর লোক যাতে শুনতে পায় সেইভাবে চাউরা
 দিতে হবে। লোক চাই—যুদ্ধের জন্তে প্রচুর লোক চাই। স্পষ্ট জানিয়ে
 দেওযা হয় যেন, এ-যুদ্ধ এক-আধ দিনৈর নয়। কডদিন চলবে কেউ বলতে
 পারে না। যারা আসতে চায় তারা খুব তাড়াতাড়ি যেন কিতাগড়ে এসে
 জমা হয়।
 - —আমি আজই ব্যবস্থা করছি রাজা।

— সদার সারিম্মু কৈও একটা ভার দিচিছ। কে কোন্দলে গেল, গোবিন্দকে দিয়ে তা যেন লিখে রাখা হয়।

সম্মতি জানায় সারিমুমু।

জিতন এবারে উঠে গাড়িয়ে বলে,—সবশেষে একটা কথা জানিয়ে দিই। তা না জানালেও চলত অবশ্য কারণ-নতুন কিছু নয়। তরু নিয়মমত জানানই উচিত। চোয়াড়বাহিনীর চিরকালের যা যুদ্ধপ্রথা তাই আমরা অন্ত্সরণ করব। আমাদের উদ্দেশ্য হবে ওদের রাজ্যের শাস্তি নই করা আর রসদ সংগ্রহ। আসল যুদ্ধ এড়িয়ে চলতে হবে। লোকসংখ্যা আমাদের বড় কম। তবে দৈবাং যদি কখনো শক্রসৈন্তের মুখোমুখি পড়ে যাও, তখন আমাদের শক্তিটা দেখিয়ে দিতে ভূলো না।

চার স্পারের স্প্রশংস দৃষ্টির সামনে দিয়ে জ্রিন্তন কিতাগড়ের অন্দরমহলে প্রবেশ করে।

সে রাতে বিমর্থ ত্রিভনের পালে ধীরে ধীরে এসে দাঁড়ায় ধারতি।
কিতাগড়ের প্রহরী ছাড়া সমস্ত প্রাণী ঘুমে অচেতন। ত্রিভন শ্যার ওপর
কিছুক্ষণ ছট্পট্ করে ধারতিকে নিজিত ভেবে উঠে এসেছিল অন্ধরের
আঙিনায়। প্রহরীরও প্রবেশের অধিকার নেই এখানে।

বেদে বাদে ভাবছিল দে, এভাবে এগিয়ে যাওয়াটা উচিত হল কিনা।
নিজের তরকের অবস্থা তার অজানা নেই। যুদ্ধের জন্মে চাষবাদ হবে না ভাল
করে। অনেক পুরুষ নিহত হবে—কিংবা ফিরে আদবে বিকলাক হয়ে। দে
সময়ে ছদিন দেখা দিতে বাধ্য।

ধারতির স্পর্ণে চমকে ওঠে রাজা।

- —ঘুমোওনি তুমি?
- —ভোমার মনে অশান্তি। কোন্ শান্তিতে ঘুমোবো ?
- —ভাবছি ঝোঁকের মাধায় এ সব করে বসলাম না তো ?
 - —এ ছাড়া আর কি করতে পারতে ?
 - —একটা মীমাংশায় আসা কি সম্ভব হতো না চেষ্টা করলে ?
- —ইঁয়া। তবে মাথা বিকিয়ে। বুড়ো দাছর মুখে ওনেছি, সন্ধানটাই ইল আসল, ভারপরে জীবন।

ত্তিভন ধীরে ধারে মাধা নেড়ে বলে—পারাউ দর্দার সত্যি কথাই বলত।
ভূল আমি করিনি। কিন্তু এতগুলো লোককে মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছি বলে

ত্বশ্চিন্তা।

- —ভারা ভোমাকে ভুল বুঝবে না রাজা।
- —তাদের স্ত্রী—তাদের ছেলেমেয়ে ? পথের পানে দিনের পর দিন চেয়ে থেকে যথন তারা হতাশ হবে ? তাদের প্রিয় পুরুষটি যথন আর ফিরয়ে না—তথন ?
- তথনা। আমি যে তাদেরই একজন রাজা। আমার মন আর তাদের মন একই। আমাকে দিয়েই আমি ব্রুতে পারছি। সতেরখানির মেয়েরা যোদ্ধারি মেয়ের গোরা মেয়েরা বেলছিলেন ভূলে গেলে।

ধারতিকে তুহাত দিয়ে চেপে ধরে ত্রিভন উত্তেজিত হয়—বলে, ঠিক বলছ ধারতি ?

—হাঁা রাজা। সাঁওতাল আর মৃতাদের কাছে সম্মানই জাবন।

কৃষ্ণপক্ষের রাতের কোটি তারার অস্পষ্ট আলোয় ত্রিভন চেয়ে থাকে তার ধারতির মুথের দিকে। সে মুখ কাঁটারাঞ্জার শালবনের মতই সজীব, সভেঙ আর সত্যি।

ধারতি মৃত্ হেসে বলে, কি দেখছ অত ?

- —সতেরখানি।
- —এখেনে ? ধারতি আঙুলের ডগা দিয়ে নিজের মুখ স্পর্শ করে।
- হু
- —দেখোনি ?
- —এমনভাবে বোধ হয় দেখিনি।
- —আর দেখতে হবে না। ত্রিভনের কোলে মৃথ লুকোয় ধারতি।

পরম পরিতৃপ্তি ত্রিভনের মনে।। সেই মুহুর্তে সে ভূলে যায় যে বাঘরায় শৃহ মনে শৃত্ত শয্যার ওপর ছট্ফট্ করছে। সবই হত, কিন্তু কিছুই হলো না তার ব্রীকে পেল, ভালবাদল, প্রতিদানও পেল ভালবাদার অথচ টিকল না। মাঝখান থেকে শুরু পেয়ে হারানোর তাঁব্র ব্যথা, পিতৃত্বেহের ব্যথা, তার বৃক্থানাবে ধ্রমিয়ে দিয়ে গেল।

তৃর আজ রাতে অস্কৃত বাঘরায়ের এক মস্ত সাখনা রয়েছে—সে যুথে যাবে। যুদ্ধ থেকে না-ফেরার সৌভাগ্য তারও হতে পারে ভুই:-এর মৃত্য ভূতাগ্যের। সে শেষ নিঃখাস ত্যাগের আগে কত আনন্দই ন মুক্তব করেছিল পৃথিবী থেকে বিদায় নিতে পারল ভেবে। বেচারা জানতে

পারল না, মরে যাওয়ায় কত বড় হতভাগ্য সে।

পারাউ মুমুর ঘরে রানকো তথন তার নিজের জন্মে একটা ধন্নক তৈরী করছিল—প্রদীপের আলোর নীচে। রাতের নিদ্রা বহুদিন থেকেই তার নেই। শেষ রাতে অবসন্ন হয়ে একটু ঘুনিয়ে নেয়।

রান্কোর চোথে ভাসে ঝাঁপনীর সেই মৃতি—শালবনের মধো বরাহভূমে যাবার দিন দেখেছিল যাকে। সে যেন ঝাঁপনীর প্রেতাআ। দেখার পর থেকে পৃথিবীর অনেক কিছু তার কাছে মৃল্যহীন বলে বোধ হয়েছিল। কিন্তু ছুট্কীর মৃত্যুর বিবরণ শুনে সে যেন আবার বল পেয়েছে। ব্যর্থতার বল—বেদনার বল। কোমরে কাঠ নেওয়া ঝাঁপনীর সাংসারিক কথাবাভার মধো তাকে থোঁজা র্থা। আসল ঝাঁপনী রয়েছে তার অস্তরের গভীরতম প্রদেশ। সে নিজেই হয়ত তা জানে না—জানতে চায় না। কারণ জেনে লাভ নেই কোন। সেদিন ঝাঁপনী নিজের ওপরটাই শুধু দেখিয়েছিল হয়ত, যেমন ছুট্কী দেখাত নিজেকে না জানতে পেরে। তবু যদি একবার ঝাঁপনী আচমকা আভাসে প্রকাশ করে ফেলত তার আগেকার মনকে, বড় ভাল হত। ব্যর্থতার বেদনা উপভোগের মধ্যে একটা দিধাভাব আসত না।

ধহুক তৈরী করতে করতে রান্কো প্রতিজ্ঞা করে আর কোনদিন সে কাঁপনীর সামনে যাবে না। দৈবাৎ দেখা হলেও কথা বলবে না। সেদিনের ঘটনা ভূলে যাবার চেষ্টা করবে। ঘর ছেড়ে চলে আসার দিনের ঝাঁপনীকেই সেমনে রাখবে চিরকাল।

বিদায়ের দিন এসে গেল। বাঘরায় আর রান্কো প্রস্কৃত হল। তাদের সঙ্গে যাবে সতেরখানি তরফের সিকি ভাগ পুরুষ। চাষবাসকে তো বন্ধ করা যায় না। নইলে অধ্যেক যেত। ঢাউরার জবাবে প্রায় সবাই জমা হয়েছিল কিতাগড়ে। সবাই যেতে চায়। বেছে নিতে হল তাদের ভেতর থেকে। শুরু একজন পুরুষই যে পরিবারের সম্বল। তাদের ঠেলে দেওয়া যায় না মরণের মুখে। আর যেতে দেওয়া যায় না তাদের, যারা ফসল ফলায়। অনেক আবেদন নিবেদনকে উপেকা করতে হল তাই।

যাত্রার আগে কিভাডুংরির উৎসবের শ্বৃতি মনের মধ্যে গেঁথে নিয়ে যাবে ভারা।

রাজা রাণীর সঙ্গে তরফের সবাই ভেঙে পড়ে সেখানে। রাণী বসলো রাজার পাশেই সেই পাথরের ওপর। চোধ জুড়োলো সকলের সজল চোধে ভাবল সবাই, রাণী যে তাদেরই ঘরের মেয়ে। সারিমুর্ কেঁদে বলে ওঠে—রাজা, আজ যদি আমার ছেলে থাকত।—
আছে ৷ রাণী বলে ওঠে সকে সকে ।

ত্রিভন অবাক হল। অবাক হয় স্পারেরা—আর যারা শুনেছিল রাণীর কথা।

- —বাঘরায় সোরেণ আপনার ছেলে সদার।
- —वाधवात ? जाहे रा है। है। निवास वाधवात, जुहे-हे आमात रहता।

ছুটে এসে বৃদ্ধ সর্পারের হাঁটু জড়িয়ে ধরে ছিল বাঁঘরায়। বলেছিল—আমি তোমারই ছেলে সদার। কিন্তু আশীর্বাদ করে যেন আর কিরে না আসতে হয়। আমারও যে ছেলে নেই। ছুটুকী একজনকেও রেখে গেল না।

तानीत मूथ त्वननाय क्रिष्टे। ताब्वा विठनिछ।

রান্কো এগিয়ে আসে। বাঘরায়ের হাত ধরে টেনে তোলে। তার মুখের দিকে চেয়ে মুহ হাসে। শেষে বলে—খালি বুকেই আগুণ জ্বলে বাঘরায়। সেই আগুণই না ঘরের বাইরে ছুটিয়ে নিয়ে যায়। এত বীরস্ব আর মৃদ্ধ— সব ওই থালি বুকের কাও। ভরা বুক একটুকুতেই ভয়ে কাঁপে। হারাবার ভয়। যার সব হারিয়েছে তার ভয় কি ?

শেলের মত ত্রিভনের বুকে কথাগুলো এসে বেঁধে। থাকতে না পেরে সে বলে—একি সত্যি রান্কো ?

- —ইাা রাজা।
- —এত লোক এখানে জমা হয়েছে, —হাণ্ডি খেয়ে নাচছে, গাইছে। জনেকেই শেষবারের মত এগব করছে। স্বারই বুক কি থালি ?
- —না রাজা। সতেরধানিকে তারা ভালবাসে, তাই যাছে। তারা লড়বে, বীরত্বও দেখাবে। কিন্তু কাঁপিয়ে পড়া যাকে বলে—তারা তা পারবে না। ভান্নমতীর থেল দেখাবার সাধ্য তাদের নেই। খেল দেখায় ভূই: টুড়ু। বাঘরায় সোরেণ আর রান্কো কিস্কুর দল।

রাণীর কথা রান্কো ভূলে গিয়েছিল। হঠাৎ সেদিকে নজর পড়তে রাজ্যের সংকোচ এসে তার মাধাটাকে হেঁট করে দেয়।

রাজা চিস্তাধিত হয়। মনে পড়ে তার সেদিনের কথা, যেদিন অদৃশ্য হল ধারতি। প্রচণ্ড মশার কামড় সন্থ করে প্রহরের পর প্রহরে বসেছিল মারাংবৃক্ষর ঠাইএর পাশে ঝোপের মধ্যে। ভালুকের কথা মনে হয়নি—সাপের কথাও নায়। খাভাবিক অবস্থায় সে কি তা পারত। বোধ হয় না। তথন যে বৃক্

—তোমার কথা সভ্যি রানকো। ধীরে ধীরে বলে ত্রিভন।

জিজন আবার ভাবে। বুক ছিল তার শৃষ্ণ সেদিন, কিন্তু তবু আশা ছিল।
ধারতিকে ফিরে পাবার আশা:। তাই নির্ভীক হলেও, সতর্কতা ছিল।
বাঘরায়ের সে বালাই নেই। সে সব চাইতে হতভাগা। রান্কোর আশা
এখনো সম্পূর্ণ নিংশেষিত হয়েছে বলা যায় না—কিন্তু বাঘরায়ের আশার ভাণ্ডার
প্রোপুরি থালি। সে জেনেছে, এডদিন যাকে নিয়ে ঘর করেছে, সে ছিল
একান্তই অল্পের। ছুট্কী বেঁচে থাকলে তবু প্রভীক্ষার অগ্নি-পরীক্ষা দিতে
পারত সে—যেমন দিছে রান্কো—সে পর্যন্ত বন্ধ বাঘরায়ের।

মেয়েরা দল বেঁধে নেচে চলেছে পুরুষদের ঘিরে ঘিরে। হাণ্ডি খাওয়া নাচে সংযমের বালাই থাকে না। আজ একেবারেই নেই। সবাই জানে যে-সমস্ত পুরুষ আজ জমা হয়েছে এখানে তাদের অনেকেই সতেরথানির মাটিতে আর পা দেবে না কোনদিনও। উদ্দামতা তাই সীমা ছাড়িয়েছে। পুরুষেরা চায় চরম ক্তি, মেয়েরা চায় শেষবারের মত তৃষ্ট করতে তাদের— নিজেরাও তৃষ্ট হতে।

কাণ্ড দেশে ত্রিভন নীচুগলায় ধারতিকে বলে—এবার তোমার ফিরে যাওয়াই ভাল।

- —কেন ?
- —দেখছ না ?
- —বলে দিতে হবে ?
- এমন তো হবেই। আমার তুমি আছো— তোমার আমি আছি।
 কিতাপাট গুজনকে কাছে এনে দিয়েছেন। অনেকের তো সে স্থােগ হয় নি।
 কাঁটারাঞ্জায় যথন ছুটে যেতাম আমরা— সে সময়ে যদি তুমি যুদ্ধে যেতে কি

 করতাম আমি ? এমন স্থােগ হয়ত তোমার আসেনি রাজ। বলে। এলে কি
 বার্ধ হতে দিতে ?

ত্রিভন থেন ধারতির নতুন পরিচয় পায়। তারও ইচ্ছে হয় ধারতির হাত ধরে ওদের দলে মিশে গিয়ে উন্মন্ত হয়ে ওঠে।

ঝাঁপনী বসেছিল এক শালগাছের গোড়ায় তিনটে ছেলে নিয়ে। সবচেয়ে ছোটটি ঘুমিয়েছিল তার কোলে। তার ওপরেরটি সামনে কাঁদছিল মায়ের ছুব খাবার জেদ ধরে। অন্তদিন হলে তার পিঠে ছু'চার ঘা বসিয়ে দিড কাঁপনী। কিংবা রাগ করে ছনের ডগা মুখে ভরে দিয়ে নিশ্চিম্ভ হত। কিন্তু আজ একটু অক্তানক্ষ সে।

সাল্হাই হাঁসদা আসেনি এখানে। তার নাকি অনেক কাজ রয়েছে ক্ষেতে। ঢাউরা শুনে সে কিতাগড়েও যায় নি। ঝাঁপনী ছি ছি করেছিল লজ্জায়। সাল্হাই হেসেছিল। সদার হবার সথ ছিল তার। তা যথন সম্ভব হয়নি, তখন এসব অশাস্তির মধ্যে গিয়ে লাভ কি ?

ঝাঁপনীকেও আজ সে আসতে মানা করেছিল কিতাড়ংরিতে। শোনেনি ঝাঁপনী। এতগুলো লোক যুদ্ধে যাচ্ছে—দেখেও কত আনন্দ। তাছাড়া আর একটা আশাও ছিল।

হঠাৎ সে চমকে দেখে পাশে রান্কো দাঁড়িয়ে। হাসিমুখে তার ছোট বাচ্চাটার দিকে চেয়ে রয়েছে।

- —আবার হবে নাকি? প্রশ্ন করে রান্কো। ঝাঁপনীকে এক। বসে পাকতে দেখে সে পূর্ব প্রতিজ্ঞা ভূলে গিয়েছিল।
 - -- याः, कि त्य वन ।
 - —সাল্হাই কো**থা**য় ?
 - —আসেনি !
 - —আজও এলোনা ?
 - —ভার নাকি ক্ষেতে অনেক কাজ।
 - —ও। রান্কো একটু থেমে বলে,—তৃমি এমন চূপ করে বলে **আ**ছো বে?
 - —কি করব ?
 - —ना**চবে, হাণ্ডি খাবে—সবাই** যা করছে।
 - —এরা ? নিজের ছেলেদের দেখায় ঝাঁপনী।

রান্কো অবাক হয়, ঝাঁপনী একেবারে বদলায় নি তাহলে। সাল্হাই তাকে সম্পূর্ণ ধ্বংস করতে পারেনি এখনো। সে বলে—এরা আর কারও কাছে থাকবে। বুড়ীর অভাব আছে নাকি ?

- --কার সঙ্গে নচেবে**:** ?
- —যার সঙ্গে ইচ্ছে।

ঝাঁপনী সঙ্কোচে বলে—তুমি? রান্কোর কাছে থাকার সময়ে ভারা প্রায়ই নাচত। সেই শ্বভি বোধহয় মনে পড়ে।

—হু

স্বারকার করে ঝাঁপনীর চোখে জল গড়িরে পড়ে। সে কোনরকমে বলে—
তুমি যদি আর না ফের।

অবাক হয় রান্কো। সেদিন তবে ভূলই দেখেছিল। আগের ঝাঁপনীই হুয়ছে এখনো। আনন্দে মন নেচে ওঠে তার।

বহুদিন পরে রান্কোকে পেয়েই আবার হারানর ভয় তার।

অপ্রস্তুত হয় রান্কো। কি করবে ভেবে পায় না। কিছুই করার নেই ।চ—। সে আন্তে আন্তে ঝাঁপনীর একখানা হাত নিজের হাতের মধ্যে লে নেয়।

হাণ্ডি না ধেয়েও মাতালের মত নাচে তারা ত্জনে। পায়ে পাথরের দীচা লাগে—পা ফেটে রক্ত বার হয়। ছঁস থাকে না। টামাকের তাল দির পায়ে। তাদের সর্বাক্তে, তাদের হৃদ্পিণ্ডে, তাদের মনে।

- আমাকে নেবে ভোমার সঙ্গে । আন্তে আন্তে বলে ঝাঁপনী।
- **—কোপা**য় ?
- यूष्ट्र ।
- --পাগল।
- <u>কন ?</u>
- —ছেলেপিলে ?
- अत्तत वान (नगत। आमात नात्व रहाइ अता ?
- —কারও দোষেই নয়।
- —নেবে ?
- —তা হয় না ঝাঁপনী।
- —ভবে কথা দাও।
- -- কি কথা ?
- —ফিরে আসবে।

রান্কোর মাধা ঘ্রতে থাকে। কিছুক্ষণ আগে বাঘরায়কে যা বলেছিল ব মনে পড়ে তার। ভাবতে অভুত লাগে—এর মধ্যেই কত বড় এক পরিবর্তন টে গেল। ভুই: টুড়ু আর বাঘরায়ের দলে নিজেকে আর নির্বিচারে ফেলতে গারছে না সে এখন। কারণ শালবনের ঝাঁপনী আর কিভাডুংরির ঝাঁপনী ক নয়।

রাজাকে সে গর্ব করে বলেছিল, যুদ্ধে ঝাঁপিয়ে পড়তে সবাই পারে না, সেও

॰ পারবে এখন ?

ঝাঁপনী আনে, রান্কোর সংক সে জীবনে মিলতে পারবে না। নিজে তি ভার কাজ সে কখনই করে দিতে পারবে না। পারাউ স্পারের নির্জন কুটিরে রান্কোর পিপাদা মেটাবার জ্বন্তে এক কলদী জল পৌছে দেবারঙ সৌভাগ্য তার হয়ত হবে না কোনদিন। তবু দে তার নিরাপত্তা চায়। দে বেঁচে আছে এইটুকুতেই তার শান্তি।

আকুলভাবে রান্কোর মুখের দিকে চেয়ে খাকে ঝাঁপনী। জবাব চায় সে স্পষ্ট জবাব। অমন হেঁয়ালী-ভরা হাসিমুখ দেখে সে কখনই কিতাড্ংরি ছেড়ে যাবে না।

- --- वन ।
- কি বলব।
- —ফিরে আসভতই হবে।
- —লাভ ?
- —জানিনে। ওধুবল ফিরে আসবে।
- -शिलाः ?
- —না না— যুদ্ধ করে ! রান্কো সদার পালাতে জানেনা তা আমি জানি
- —যুদ্ধ করে ফিরে আসা কিতাপাটের হাত।
- —জানি। কিন্তু যুদ্ধ করতে গিয়ে পাগলামী করোনা।

রান্কো ব্রুতে পারে ঝাঁপনী কি বলতে চায়। এবারের পুরে। সন্মান বাঘরায়ের ভাগ্যে।

- —তুমি কি চাও বাঘরায়ের চেয়ে আমি ছোট হয়ে যাই ?
- —ना। [']
- —ভবে ?
- অত জানি না—বলতে পারি না। কিরে এসে!— শুধু তুমি ফি এসো। কারায় ভেঙে পড়ে ঝাঁপনী।

বছদিন পরে বৃক-ভরা ত্র্বলতা রান্কোকে চ্রমার করে দিতে চায় শালগাছের আড়ালে ঝাঁপনীকে টেনে নিয়ে গিয়ে জড়িয়ে ধরে বলে—য়ি ফিয়ি, ভোমার জন্তেই ফিরব ঝাঁপনী। এককালে তৃমি ছিলে সবার ওপরে এখন সতেরখানির পরেই তুমি এইটুকু পার্থক্য।

এক সময় নাচ থামায় তার।। ফিরে আসে রান্কো রাজারাণীর পাশে শরীর আর মনে তার অসীম শক্তির অবসাদ।

বাঘরায় মান হেসে তার দিকে চেয়ে থাকে। সে আগাগোড়া দেখেছি সব। রান্কোর মুথ নীচু হয়। তাকাতে পারে না বাঘরায়ের চোথের দিকে ছোট—অনেক ছোট সে বাঘরায়ের চেয়ে। বুকের আগুন আর আগের ম

जगड़ ना।

- —বড় আনন্দ হল রান্কো। বাঘরায়ের কথায় অঞ্চত্তিমতার ছাপ।
- কি বললে ? খতমত খায় রানকো।
- তুমি ডুই:-এর দলে। জিতে গেলে। ভুল করোনা গেই হতভাগার মত।

রান্কো মর্মে মর্মে অমুভব করে —এত যে ভীড়, এর মধ্যেও বাঘরায় একা।
নিঃসঙ্গ। তার সঙ্গে কারও তুলনা হয় না। যেন অ-নে—ক উঁচু এক
পাহাড়ের চূড়ায় সে রয়েছে—সবাই দেখতে পাছে অথচ নাগাল পাছে না।

ত্রিভন সিং একসময়ে সর্দারদের কাছে ডাকে। দিন শেষ হযে আসে। আনন্দ উৎসব বন্ধ করতে হবে।

কিতাপাটের কাছে আশীর্বাদ চেয়ে নেয় সবাই। শেষবারের মত মাদল বেজে ওঠে।

রাজারাণী বিদায় নেয়।

কিতাগড়ে ত্রিভনের সামনে এখন এসে বসে শুরু বৃদ্ধ সারিমুমু আর প্রেট্ বৃধকিস্কু। সবারই মুখ থমথমে। তীর ছোড়া হয়ে গিয়েছে—ফিরিয়ে আনার উপায় নেই। লক্ষ্যস্থলে গিয়ে বি ধবেই। তাতে উঠবে বিরাট আলোড়ন—সে আলোড়নের ডেউ ক্রত ধাবিত হবে বাটালুকার দিকেই। হয়ত নিশ্চিক্ হয়ে যাবে বাটালুকা—নিশ্চিক্ হবে গোটা সতেরখানি তরফই।

তবু উপায় নেই।

সারিমুর্ম আপন মনে ঘাড় নাড়ে—উপায় নেই। সম্মানই যদি জীবনের মুখ্য জিনিষ হয়, তবে অন্ত পথ ছিল না। সেধীরে ধীরে বলে—রাজার কি আফশোষ হচ্ছে ?

চমকে ওঠে ত্রিভন সারিমুর্মুর কথায়। ব্ধকিস্কু ঘাড় ফেরায়।

- --কিসের আফশোষ সদার ?
- **—পরিণাম ডেবে** ?
- —না, তৃঃখ হ'চ্ছে। সমস্ত ঘটনার জন্তে নিজেকে দায়ী বলে মনে হচ্ছে।
 আজ বার বার একই কথা মাথার মধ্যে ঘুরছে। আমি রাজা না হলে হয়ত
 সতেরখানির এ-বিপদ কোনদিনই আসত না। দ্রের পোতামকে তীর দিয়ে
 মেরে কেললাম দেখে তোমরা অবাক হয়েছিলে সদার। নির্বিচারে আমাকে
 রাজা করলে। কিন্তু ঠিক কাজ করেছিলে কি সেদিন ?
 - **─हैं**।। ठिक काखरे करबिहनाम। खीवत्न त्वाधरत छरे এक्টारे ठिक

কাজ করেছি। বৃধকিস্কুর গলার পেশী ফুলে ওঠে।

- -- नत्रहतिक मध्य कर्त्राल এ विश्रम चाम्र न। जिल्न वर्ता।
- —তা আসত না। তবে সমস্ত বীর্ষ হারিয়ে গলায় মালা পরে বেঁচে মরে থাকতাম রাজা। তার চেয়ে এ অনেক ভাল। বীরের মত মরা। আমরা, সাঁওতাল মুগুারা এর চেয়ে বড় কিছু চাই না।

ত্তিভন চেয়ে থাকে ব্ধকিস্কুর দিকে। এমনিতে লোকটা বৃদ্ধির তীক্ষতা দেখাতে পারে না। অথচ মাঝে মাঝে এমন সব কথা বলে, যা ভাবিয়ে ভোলে। হ্বদয় দিয়ে অহুভব করা জিনিষ কথায় রূপ পেলে সবার মুখেই সমান ভনতে লাগে।

- वृक्ष ठिकरे वटल हा बाबा। ना तिमूम् वटल।
- —আমি নিজেও জানি ঠিক। কিন্তু সতেরখানির শত শত কুঁড়েঘরের কথা মনে পড়ে গেলে বড় তুর্বল হয়ে পড়ি।
- সে ত্র্বলভাকে আর মনে স্থান দেবেন না রাজা। যে কুঁড়েঘরের কণা ভেবে আপনি •কট পান, একবার গিয়ে দেখবেন চলুন, সে কুঁড়েঘরের প্রাণীভলোর ব্কে কভথানি গর্ব আজ। রাজা খাঁড়েপাথরের পরে এ-গর্ব অফুডব করার স্থ্যোগ আর কখনো আসেনি। সারিমুমু বলে।
 - —যদি তাদের আপন মাত্র্যরা ঘরে না কেরে ?
- —তার। কাঁদবে—আকুল হয়েই কাঁদবে। তবু তাদের গর্ব বাতাসে মিলিয়ে যাবে না। আমার মত যথন বয়স হবে তাদের নাতি নাতনিদের শোনাবে বংশের গৌরবের কথা। আর নাম করবে আপনার। বৃদ্ধ স্পারের গ্লা আবেগে কেঁপে ওঠে।

মুংনী এসে ত্রিভনের সামনে দাঁড়ায়। মেয়েটি রাণীর পরিচারিক।—
বছর ভেরো বয়েস। সারিমুমু বহুদিন রেখেছিল একে। সেখান খেকে
বাঘরায় নিয়ে আসে কিভাগড়ে।

রাজার দিকে নিম্পলক দৃষ্টিতে চেয়ে থাকে মুৎনী। কি যেন বলতে চায়---অথচ বলে না। কিছু বলার জন্মেই এসেছে সে। নইলে দরবারে অন্তঃপুরের পরিচারিকার দাঁড়াবার কোন কারণ নেই।

ত্ত্বিভন অম্বন্তি অমুভব করে। সে জানে, ধারতির কাছ থেকে তলব এসেছে। মুৎনী না বললেও, তার চোখে মুখে সেই কথাই লেখা রয়েছে। তবু একটা গুরুতর আলোচনার মধ্যে তার আবির্ভাব বেমানান। উঠে অন্দর মহলে যেতে ইতস্তত করে ত্রিভন। মুংনী ফিরে যায় ভার চোখের ইসারায়। আলোচনার জের টেনে ত্রিভন বলে—সতেরথানির ভবিশ্বং বাসিন্দারা যদি আমার নামই শুধু মনে করে— সেটা হবে মন্ত ফাঁকি। তাদের মনে রাখা উচিত বাঘরায় আর রান্কোর নাম। স্মরণ করা উচিত তাদের ডুইঃ টুডু, সারিমুমু আর বৃধকিস্কুকে। আমি কে ?

—মনে তারা সবাইকেই রাখবে রাজা। একজনকে আশ্রয় করেই তো অন্ত সবাই অমর হয়। বুধকিস্কু আরও জেঁকে বসে।

সারিমুর্ব ভাবে ব্ধটার বৃদ্ধি আর পাকল না। চিরকাল সাদাসিদেই থেকে গেল সে। রাজার চোখ-ম্থের চাঞ্চলা লক্ষ্য করার কত চোখও নেই ভার। সে তাড়াতাড়ি বলে—আমরা আজ চলি রাজা। কাল সকালে আবার আসব।

- —এখনই। বুধ অবাক হয়।
- —ইঁা, তোমার ওই দোষ। একবার বসলে আর উঠতে চাওনা। এখনি কেমন যেন বুড়ো হয়ে পড়েছ।
 - त्क वनन ? नाक निरंश উঠে পড়ে वृध।

জিভন হেসে ফেলে বলে—সর্দারকে এ-বদনাম দিওনা সারিমুমু'। বুধের পিঠে হাত রেখে হাসতে হাসতে কিভাগড় ছাড়ে সারিমুমু'।

অন্ধরে যেতেই ধারতি ফুলের মালা হাতে এগিয়ে আসে। বিশ্বিত হয় বিভেন। কিভাড়ংরির উৎসবের পর যেদিন রান্কো আর বাঘরায় চোয়াড় বাহিনী নিয়ে দেশ ছাড়ল সেদিন বিকেলে মালা না নিয়ে এগিয়ে এসে তাকে চমকে দিয়েছিল ধারতি। প্রথম নিয়মভঙ্গ সেদিন। আঘাত পেয়েছিল বিভেন মনে মনে।

ধারতি হেসে বলেছিল—কও মেয়ের স্বামী গেল যুদ্ধে। দিনে তারা জানমনা হয়ে ঘরের কাজ করছে আর রাতে একলা বিছানায় ভয়ে ছট্কট্ করছে। আমাদের এ জানন্দও বন্ধ থাকনা রাজা। ওরা যে তোমারই প্রজা। ওদের তৃঃথের অংশীদার তো আমরাই।

আনন্দে ভরে উঠেছিল জিভনের মন।

এতদিন পরে আবার ধারতির হাতে ফুলের মালা দেখে সে ভাবল, কষ্টকে দীর্ঘতর করা সামর্থে কুলালো না তার। মনে মনে দুঃখ পায় তাই।

- আবার এ সব কেন ধারতি ? বেশ তো সয়ে গিয়েছিল।
- ভুধু আজকের জন্মে।

- —কিন্তু কেন ?
- —কারণ রয়েছে। মিষ্টি হাসে ধারতি।
- —বিয়ের দিন তো আজকে নয় ? জন্মদিনও নয়।
- —এছাড়া অন্ত কোন বৈশিষ্ট্য থাকতে পারে না। আজকের দিনের ?
- —পারে, তবে আমার অনুমানের বাইরে।
- —তাই-ই। হেসে ফেলে ধারতি।
- —বল তবে।
- —বলব বলেই তো মুংনীকে পাঠিয়েছিলাম। এখন যে পারছিনা। বলা এত কঠিন আগে বৃঝিনি।

জিভন চেয়ে দেখে রাজ্যের লজ্জা এসে জড়ো হ'য়েছে ধারতির মুখে। সে বলে—মালা যখন হাতে নিয়েছ বলতেই হবে। নইলে গলায় পরিয়ে দেকে কি বলে ?

- বলব। ধারতি মালা হাতে আরও অনেকক্ষণ দাঁড়িয়ে থাকে। কি যেন ভাবে। শেষে ছুটে এসে ত্রিভনের গলায় পরিয়ে দিয়ে ভাকে জড়িয়ে ধরে বলে—ভোমার ছেলে।
 - --আমার ছেলে? ,বিশ্মিত হয় ত্রিভন। ধারতি ছেলেমান্তমের মত মাধা ঝাঁকায়।
 - —কট :
 - —এসেছে।
- —আলো দেখতে পায় ত্রিভন। ধার্তিকে ছেড়ে দ্রে সরে গিয়ে বলে— সত্যি ?

—ল' ।

আনন্দে বৃক ভরে উঠলেও সে সংযত হয়ে বলে—ভালই হ'ল। এই ছুর্দিনে আসছে সে—হঃথের মধ্যেই মান্থৰ হ'তে হবে। শক্ত হয়ে উঠবে। সতেরখানির: সার্থক রাজা হবে। রাজাই তে। ধারতি ?

- —ঠ্যা—রাজাই তো। এমনভাবে বলে ধারতি যেন সে সব জেনে ফেলেছে।
 - -- কি করে বুঝলে ?
 - আমার মন বলছে।
 - —একটা নাম দিতে হয়।
 - —এখনি ?

- নিশ্চয়।
- —তুমি আন্ত পাগল।
- -- আর তুমি পাগ্লি।

ধারতি হাদে। ত্রিভনও হাদে। পাশাপাশি বদে ছুজনা।

- —কি নাম দেবে ধারতি।
- —তোমার ছেলে, তুমি জান :
- —ভোমার কেউ না ?
- —ভবু।
- —তুমিই নাম দাও ধারতি।
- -- त्वन, निनाम नान जिर।

স্থলর। এত ভাড়াতাড়ি এমন স্থলর নাম কি করে দিলে?

- —অনেক দিন দিয়েছি।
- -- (म कि।
- হাঁ। যেদিন আমাদের বিয়ে হল— সেদিন বাঁশী বাজিয়ে তৃমি শেষ রাতে ঘুমিয়ে পড়লে। আমার চোখে ঘুম ছিল না। তোমার মুখের দিকে চেয়ে চেয়ে হঠাৎ তোমার ছেলের নাম মনে এসে গেল।

ত্রিভন স্তব্ধ হয়ে চেয়ে পাকে সতেরখানি তরফের রাণীর দিকে।

ধারতির কথাই ঠিক। ছেলে হয় তার। লাল সিং পৃথিবীর আলো দেখতে পায় কিতাগড়ের এক ক্ষুদ্র প্রকোষ্ঠে। সতেরখানিতে আবার আনন্দের জোয়ার বয়ে যায়। প্রায় অর্থেক পুরুষ স্থপুর, ধলভূম আর বরাহভূমের সীমাস্তে যুদ্ধ করলেও উৎসবে যেন ভাটা পড়ে না। ঢাউরা শুনে কিতাগড়ের চারপাশে ভীড় জমে। নাচে তারা, গায় তারা। টামাকতিরিও বাজিয়ে আনন্দ কোলাহল করে।

- —দেখুন রাজ: সব তৃ:খের মধ্যেও আনন্দকে ভূলি না আমরা। বৃধকিস্কু জনতার দিকে চেয়ে বৃলে ওঠে।
- —যে রাজা আমাদের গর্ব, দেই রাজার ছেলেকে অভার্থনা জানাতে এসেছে সতেরখানির স্বাই। সারিমুমু বলে।
 - —नाम **निःक मिश्रावाद वावन्ना कदर**ण इत्र । जिल्ल हिश्रिण्लाद वरन ।
- হাঁ। এই কিতাগড়ের ওপর মুৎনীর কোলে তাকে দেখাবার ব্যবস্থা কলন। সারিমুমু বলে।

- —মুৎনী পারবে ? ফেলে দেবে না তো ?
- —না রাজা। রাণীকে জিজ্ঞাসা করুন—তিনিও রাজী হবেন। ওর বু আর ব্যবহার সবই পরিণত। সারিমুমুর কথায় দৃঢ়তা।
 - —কি করে এত কথা জানলে সদার।
- —ও তো আমার ওথানেই ছিল। তখন আরও ছোট ছিল। ছুই ওকে কিতাগড়ে দিতে বলেছিল।

রাজপুত্রের দর্শন পেয়ে জনতা উচ্ছু সিত হয়ে ওঠে। আরও জোরে বে ওঠে টামাক্। জনতার কলরব বৃদ্ধি পায়। গবিতা মুখনীর কোলে ঘুদ রাজপুত্র চমকে ওঠে। তার চারদিনের অভিজ্ঞতার মধ্যে এমন কখ লোনেনি সে।

ঠিক সেই সময়ে একসকে বহুলোকের চিৎকার ভেসে আসে শালবং আড়াল থেকে, যার ধার যেঁষে প্রধান সড়ক চলে গিয়েছে সভেরখানির সীম দিকে।

কিতাগড়ের কলরব থেমে যায় সে চিৎকাঁরে। রাজার মুখে কথা নেই সদাররা মুক, জনতা নিশ্চন। কেউ বুঝে উঠতে পারে না, কিসের চিৎকার মুৎনীর কোলে লাল সিং ঘুমের মধ্যে হেসে ওঠে।

রাঙা ধূলো উড়তে দেখা যায় শালবনের ওপাশে। বিরাট জনতা এগি। আসছে।

मर्पाद्रप्तद मूर्थ इंडावनाद दिशा। विष्ठन नान मिर-अद शिम प्रथित

- —রাজা ? সারিমুমু বলে।
- -- वन मर्पाद्र ।
- -কারা এরা ?
- —শত্ৰু নয়।
- **কি করে বুঝলেন** ?
- —नान भिर शंभटह।

চূপ করে থাকে সারিমুর্ম। কপালের ওপর হাত রেখে তীক্ষ্ণষ্টিতে কিছুন্ম চেয়ে থেকে বলে—আপনার অন্নমানই বোধ হয় সভিয়।

- ত্রকন ? বুধকিস্কুর মনে তথনে। অস্বস্থি।
- ·—শক্র অমন জানান্দিয়ে আসে না বৃধ। বিশেষ ক্রে যখন ভার প্রধান ঘাটি দখল করতে আসে।

—ভাই মনে হচ্ছে।

রাজপুত্রের দর্শনার্থী, জনত। একদৃষ্টে চেয়ে থাকে কিতাগড়ের ওপরের রাজা আর সর্দারদের মুথের দিকে। তারা দেখে—সেসব মুথে কোন আদেশ লেখা নেই। কিছুক্ষণ অপেকা ক'রে তারা নিজেরাই সামান্ত যে ত্'চারখানা অন্ত সঙ্গে করে এনেছিল তাই নিয়ে সারিবদ্ধ হ'য়ে দাঁড়ায় কিতাগড়ের সামনে।

ত্রিভন হাত নেড়ে শাস্ত হতে বলে তাদের।

দোলায়মান মন নিয়ে তবু তাঁরা দাঁড়িয়ে থাকে। ভাবে রাজা তাদের
শক্তিহীন জেনে নিয়ন্ত হতে বলছেন। কিন্তু তাদের পক্ষে সেটা সম্ভব নয়।
শেষ রক্তবিন্দু শরীরে থাকা পর্যন্ত ঠেকাতে হবে শত্রুদের। বিনা বাধায় তারা
এসে কিতাগড় দখল করবে সে যে মরশের চেয়েও যম্মণাদায়ক।

বাঁকের মুখে এসে পড়েছে তারা। একটু পরেই দেখা যাবে। বাঁকটা খুবই কাছে। স্বার মনে উদ্বেগ আর উত্তেজনা।

সহসা সারিমূর্ চিৎকার করে ওঠে,—রান্কো—। আবেগে ধরধর করে কাঁপে তার পরিণত দেহ।

তাই তো ? সবার বিহবল চোখের দৃষ্টি আটকে যায় জনতায় সামনে রান্কোর ওপর। আরও এগিয়ে এলে দেখতে পাওয়া যায় রান্কোর মুখে উলাসের হাসি। এ-হাসি পরাজয়ের হাসি নয়। ত্রিভনের বুক ছলে ছলে ওঠে। রান্কোকে আলিক্নের জন্তে উতলা হয় সে।

কিতাগড়ের জনতা রাজা আর সদারের মতই আনন্দিত হয়। প্রথমে তারা আনন্দে চিৎকার করে ওঠে কিন্তু পরমূহুর্তেই থেমে যায়। তারা দেখতে পায় রান্কো হাসতে হাসতে এলেও, যত বড় দল নিয়ে সে বিদায় নিয়েছিল, ঠিক তত বড় দল আর নেই। কে পড়ে থাকল সেই নির্বান্ধব দেশে? সবাই পড়ে থাকলে সান্ধনা ছিল। কিন্তু অধিকাংশই ফিরে এল। এলো নাকে? এওদিনের বেঁধে রাখা অনেকগুলো বুক একসঙ্গে কেঁপে ওঠে।

রান্কোর দল প্রথমে শুধু রাজা আর সদারদেরই দেখেছিল। কিতাগড়ে নীচের ভীড় তাদের চোখে পড়েনি, তাই ভীড় দেখে থমকে দাঁড়ায় তারা। কোন হঃসংবাদ ? বাঘরায়ের দলের কোন ঘুসংবাদ কি এসে পৌছেচে তাদের আগে ? কিন্তু ভাহলে রাজা আর হুই সদারের মুখ খুনীতে অমন উজ্জ্বল হয়ে উঠেছে কেন ? তবে কি কেউ আগে এসে জানিয়ে দিয়েছে তাদের আগমনবার্তা।

अकरू भरतरे घ्रेमन भित्न अक रात्र यात्र, जामन चत्र भात्र तान्त्कात मन।

আকাশ কাটিয়ে চিৎকার করে ওঠে ভারা।

ভীড়ের মধ্যে হুটোপুটি লেগে যায়। ফিরে আসা চোয়াড় বাহিনীর মধ্যে আত্মীয়স্বজনকে ধোঁজার তৎপরতা দেখা যায়।

জিতন জানে হাসি আর কান্নার এক দৃষ্ট দেখা যাবে এখনি। বুদ্ধে গেলে কি সবাই ক্ষিরতে পারে? কখনো কি হয়েছে এমন পৃথিবীর কোথাও? যা এসেছে তাই যে কল্পনাতীত। এত ক্ষিরবে বলে আশা করেনি কেউ। যারা এখনি ভুক্রে কেঁদে উঠবে তারাও নয়।

কিতাগড়ের গোড়ায় দাঁড়িয়ে রান্কো গলা চড়িয়ে বলে—রাজপুত্রকে কি আমরা দেখতে পাবনা রাজা ?

म्दनी लालिभिरतक कोमाल अकर्रे चुतिरा धरत। (कॅरन ७८र्ठ लाल निर।

ভীড়ের মধ্যে কান্নার আওয়াজ্ঞ শোনা যায়। ববর পেয়ে গিয়েছে অনেকেই। মাটিতে গড়িয়ে পড়ে যুবতী, বৃদ্ধ, প্রোটা। তাদের লোক ফেরেনি। ফিরবেও নাকোনদিন। ঘর তাদের কতদিনের জন্তে আদ্ধকার হয়ে গেল কেউ বলতে পারে না।

ত্রিভনের চোথে বাষ্প। মনে আবার সংঘাত স্বষ্ট হয়—দেশের সম্মানের জন্মে মৃত্যু বড়, না অপমান সয়ে শাস্তিতে থাকাই বড়।

— আন্থন রাজা, সারিমুর্ছ ভাকে। বাঘরায়ের কথা মনে পড়ে তার।
ছুট্কার স্বামী বাঘরায়। সে কেমন আছে কে জানে। অভদ্র থেকে রান্কো
ফিরে এলো, অথচ সে এলোনা। সে তো প্রায়্ম ঘরের ছুয়োরেই য়ৢয় করছে।
আগে তারই ফিরে আসা উচিত ছিল। তবে সে নিশ্চয়ই বেঁচে রয়েছে।
বেঁচে না থাকলে, দলের লোক ফিরে আসত।

বাঘরারের দলের হজন মাত্র চোয়াড় একদিন ফিরে এসে দাড়াল কিতাগড়ে। সারিমুমুর কথা বন্ধ হয়। রান্কোর চোথে বিষাদ। বুধকিস্কু বিচলিত। ত্রিভনের চোথে বিরাট জিজ্ঞাসা।

ধীরে ধীরে রাজার সামনে এগিয়ে যায় তুই চোয়াড়। প্রথমে আবহাওয়ার মধ্যে আভূমি নত হয়ে রাজাকে প্রণাম করে।

—বাঘরায় ? ত্রিভনের গলার স্বর অক্ট।

সারিমুর্ আপ্রাণ চেষ্টায় সেই কথাটাই জানতে চায়। কিন্তু কে যেন তার টুটি চেপে ধরেছে। বৃধকিস্কু আর রান্কোও তাই জানতে চায়, অথচ সাহস পায়নি। সারিমূর্র মাধাটা সামনে ঝুঁকে পড়ে। সে উপলব্ধি করে, রাজার প্রশ্নের যে জবাব মিলবে তা সে সহু করতে পারবে না—কিছুতেই নয়।

বাষরায় এরই মধ্যে সত্যিই যে তার সত্যি ছেলে হয়ে উঠেছে জানত না সে।

- —তিনিই পাঠিয়েছেন রাজা।
- সদার ? ত্রিভন চিৎকার করে ওঠে সারিমুম্র দিকে চেয়ে।
 রান্কো ছুটে সারিমুম্র পাশে গিয়ে তাকে ঝাঁকিয়ে বলে ওরা কি বলল,
 ভবনছ সদর
 - —না। একটু ঘুম পেয়েছিল বোধ হয়।
 - —বাঘরায় পাঠিয়েছে ওদের।

ছজন চোরাড়ের একজন বৃক ফুলিরে বলে—সব যুদ্ধেই জিতেছি আমরা। স্পূর রাজের রাজ্যে এনেছি অশাস্তি। আমাদের রুখতে পারেনি কেউ। স্পার আমাদের স্বার বৃক্তে অন্তুত সাহস এনে দিয়েছেন।

- —বলিনি রাজা ? বাঘরায় আপনার সেরা সদার ? সারিম্মু এতক্ষণে আনন্দে ফেটে পড়ে।
 - আমি জানি স্বার।
- আমরাও জানি। রান্কে। কথাটা বলে বটে, কিন্তু ত্র্ভাবনা হয় তার বাঘরায়ের জভে। কিতাডুংরির পাহাড়ের ঘটনা মনে পডে তার। ঝাঁপনীর সঙ্গে উন্মত্তের মত নৃত্যের সময় সহসা এক সময় বাঘরায়কে লক্ষ্য করেছিল সে। তার দৃষ্টিতে ছিল শূক্তা। সে দৃষ্টির অর্থ খুবই পরিষ্কার।

লোক ছটি বলে—স্থপুররাজ আমাদের সঙ্গে সন্ধি করেছেন। ব্যবহারও করেছেন খুব ভাল। তাই বেশী কিছু করা গেল না।

- —বাঘরায় ফিরল না কেন ? তার লোকজন ?
- তিনি ফিরবেন না। খবর পাওয়া গিয়েছে যে সন্ধি করলেও স্থপুররাজ গোপনে বরাহভূমে দৃত পাঠিয়েছেন। সব রাজা মিলে একজোট হবার চেষ্টা করছেন। সতেরখানির দিকে এগিয়ে আসবেন তাঁরা। সদার তাই দলবল নিয়ে লুকিয়ে রয়েছেন বরাহভূমের কাছাকাছি। সেরকম কিছু দেখলেই আবার আক্রমণ চালাবেন। যদি ঠেকাতে নাও পারেন, সংবাদটা অন্তভঃ পৌছে দেবেন কিভাগড়ে।
 - —তুলনা হয়না বাঘরায়ের। ত্রিভন বলে !
 - —বাঘরায় আমাদের গর্ব রাজা। বৃধকিস্কু বলে ওঠে। রান্কো বলে—দে আর দেশের মাটিতে পা দেবেনা।
 - —কেন ? ত্রিভনের প্রশ্ন।
 - —সারিমুমু তীক্ষ দৃষ্টিতে চেয়ে থাকে রান্কে।র মুখের দিকে।

- —পৃথিবীতে তার কেউ নেই।
- वाभि वाहि— ७त वावा। नातिमूम् वाधा-विदारनत चरत वरन।
- —ওটা হল কথার কথা। ছুট্কী যেদিন থেকে নেই, বাঘরায়ও নেই সেদিন থেকে। এটাই হল আসল সত্যি।

একটা থমথমে আবহাওয়া নেমে আসে কিতাগড়ের দরবারে। রান্কোর কথাকে উড়িয়ে দিতে পারে না কেউ। ধ্রুব সত্যকে হৃদয়ক্ষম করে বোবা হয়ে যার স্বাই। যে লোকটি দেশের জন্তে বিস্মাকর কাম্প করে চলেছে, সে একটি শক্তিমাত্র। বাঘরায় নয়!

চোয়াড় ছ্জনার একজন বলে—আপনার কথাই ঠিক সদার। আমিও যেন এখন ব্ৰতে পারছি। জনেক আগেই তিনি ফিরতে পারতেন—আপনারও আগে। লুঠ করে আমরা যা পেয়েছিলাম পনেরো দিনে সতেরখানি তা শেষ করতে পারত না। লুঠের মাল নিয়ে দলের স্বাইকে ফিরে আসতে বললেন তিনি। সঙ্গে রাখলেন শুধু পাঁচজন চোয়াড়কে। বললেন, যুদ্ধ তাঁর শেষ হয়েছে—এবার শুধু সংবাদ পাঠাবার পালা। কিছ কেউ ছাড়তে চাইল না তাঁকে। জনেক ব্ঝিয়েও তিনি তাদের রাজী করাতে পারলেন না। তাই লুঠের মাল লুকিয়ে রাখতে হল পাহাড়ের এক গুহায়।

—কেউ আগতে চাইল না ? সারিম্ম্ বলে। সে যেন বিশাস করতে পারেনা কথাটা।

—ঘরের কথা ভূলে গেল তারা ? বুধ বলে এবারে।

— সর্দারের চোখের দিকে চাইলে আপনারাও ভূসতেন। তিনি তো মাহ্ম নন—সাধু। কালাচাঁদ জিউ-এর চোখ দেখেননি ? ঠিক তেমনি চাহনি তাঁর। আমরাও আসতে চাইনি। জোর করে পাঠিয়ে দিয়েছেন। কিছ ধাকব না। আবার ফিরে যাব।

সারিমুর্শ শিশুর মত কেঁদে ওঠে।

জিভন ধীরে ধীরে বলে—বরাহভূমরাজ যদি বাঘরায়ের মত একজনকে প্রেতন তাহলে হয়ত মুশিদাবাদ দখল করতে পারতেন।

সদাররা চিস্তিত। তারা জিভনের কথার অর্থ বোঝার চেটা করে। এর
মধ্যে হঠাৎ মুর্নিদাবাদের প্রশ্ন ওঠে কেন ভেবে ওঠতে পারে না। মুর্নিদাবাদ
নামটা তাদের জানা। রাজার কাছ থেকেই জেনেছে। শুনেছে সেখানকার
প্রশ্নট-পালটের কথা। সাদা মুখরা নাকি দখল করেছে সে রাজ্য—সম্ব

দেশটাই। কিন্তু অত বড় বড় কথা তারা মাধায় ঢোকাতে চায় না।

ম্পিদাবাদের যা-ই হোক—তাদের কিছু এসে যায় না। সতেরখানি বাঁচলেই

তারা ভূষ্ট। তারা জানে, যেখানেই যা ঘটুক না কেন, সতেরখানির দিকে

হাত বাড়াবে না কেউ। বাড়িয়েছেন শুধু তাদের খুবই চেনা-জানা
বরাহভূমরাজ। তাও আবার সেই ভণ্ড বৈঞ্চবটার প্ররোচনায়।

- —সদাররা চুপ যে—।
- -- ना, अपनि आपनात कथा अनिष्ट । तानुका एवन निष्कु इत अकरें।
- —কেন যেন আমি একটু বেশী ভাবি। তোমরা কান দিওনা। আমাদের স্বার্থ গুধু সতেরপ্লানি।

বাঘরায়ের লোকেরা বিদায় নেয়।

শাঁড়েপাখাড়িতে দাবানল জ্বলে উঠল একরাত্ত্ব। সমস্ত পাহাড়টা যেন জ্বলেপুড়ে থাক্ হয়ে গেল। স্তব্ধ হয়ে চেয়ে দেখল সভেরখানির অধিবাসী। অমাবক্যার সে-রাতে থাঁড়েপাহাড়ির আন্দেপাশে পুলিমা। সে পুর্ণিমায় স্মিগ্রভার পরিবর্তে প্রচণ্ড দাহ। বন্ধ পশুপক্ষীর আর্তনাদে দিখিদিক প্রকম্পিত। বক্সবরাহ, বাঘ, হরিণের ছোটাছুটি গ্রামের রাস্তায়।

বরাহভূমের ইতিহাসে এতবড় দাবানলের কথা কেউ শোনেনি। সামান্ত পাহাড়ের বনজ শক্তির পরিচয় যেন সেদিন বুঝতে পারল স্বাই।

এরপর থেকে উৎপাত বেড়ে গেল বাঘ-ভালুকের। গরু মোষ খোয়া যেতে লাগল হরদম।

ত্রিভন বিচলিত। স্পাররা হতভম।

রান্কো বলে প্রা বরাহভূম রাজের পক্ষ নিয়েছে রাজা। আমাকে একদল চোয়াড দিন।

- . युक्ष कद्राय नाकि ? तूथ वरन।
 - —हैंगा। युक्तरे टा। इस मात्रा हरत, ना १स जाज़ार हरत।
 - **—কি ভাবে ভাড়াবে** ?
- টামাকের সাহায্যে। পঞ্চাশটা টামাক একসাথে বেজে উঠবে—সেই সংখে একশো পুরুষের চিৎকার। টিকতে পারবে না ওরা। গাঁরের পর গাঁ তাড়িয়ে নিয়ে গিয়ে সীমাস্ত পার করে দিয়ে আসব।
 - —তুমি পত্যিই বৃদ্ধিমান রান্কো।

অভিযান চলে বক্ত অন্ধর বিরুদ্ধে। একের পর এক গ্রাম এগিয়ে চলে ভারা—রাভের অন্ধকারে। একশোটা মশালের আলোয় রহস্তবন হয়ে

ওঠে বন।

সাতদিনের মধ্যে সব অত্যাচার বন্ধ। নিশ্চিম্ভ হয় প্রজারা। নিশ্চিম্ভ হয় রাজা ত্রিভন।

সাতদিনের একটানা পরিশ্রমের পর ক্লাস্ত রান্কো এগিয়ে চলে পারাউ মুর্মুর কুঁড়েঘরের দিকে—যেখানে এককালে দেশের রাণীর শৈশব অতিবাহিত হয়েছে।

কিতাগড়ে খবর এসেছে স্থপুরের দল বরাহভূমরাজের গঞ্চে মিশতে চেষ্টা করছে। বাঘরায় খবর পাঠিয়েছে। বিশ্রাম নেই —রান্কো ভাবে হয়ত আর মিলবে না বিশ্রাম।

রান্কো আঙিনায় এসে দাঁড়ায়। দাওয়ার দিকে চেয়ে চোথকে বিশ্বাস করতে পারে না। ঝাঁপনী বসে ছিলু দাওয়ার ওপর। রান্কোকে দেখে স্থান হাসি হাসে সে। যুদ্ধ খেকে ফেরার পর ছয়মাস কেটেছে, রান্কো দেখা করেনি ভার সঙ্গে। স্থায়াগ পায়নি।

- —সালহাই যদি টের পায় ?
- —সেজন্মে যাওনি বুঝি এতদিন ?
- **一**き
- —তুমি ভীতু। কাপুরুষ।
- —তোমার খুব দাহদ।
- —ই্টা। ভোমাদের চেয়ে। এতদিনে চিনতে পারলেনা?
- —খবর কি বল। 'দেখে তো মনে হচ্ছে—

ঝাঁপনীর মুথ রাঙা হয়ে ওঠে। সে খুঁটি ধরে উঠে দাঁড়ায়। শরীর ভারী। জোর করে হেদে বলে — ভাই, কি হয়েছে ?

- —কিছু না। এমনি।
- —চোখ হুটো অমন নিভে গেল কেন ?
- —ভোমার কষ্ট দেখে। এত কষ্ট করে হেঁটে এসেছ দেখে মায়া হচ্ছে।
- —আর কিছু না ?
- —পথ রেখেছ ?

ঝাঁপনী নিজের হাত কামড়ায়। সালহাই এর ওপর রাগে তার সর্বাক্ত জ্ঞাকে। বিধুরা হেঁড়েলটা শুধু একটা জিনিষই জানে। ঠিক যেন এক থেড়ে শুয়োর। সারাদিন ধায়দায় আর গড়াগড়ি যায়।

-- চল ঝাঁপনী পোঁছে দিয়ে আসি।

কেঁদে কেলে ঝাঁপনী। প্রথমে আন্তে আন্তে! তারপরে ফুঁপিয়ে। ক্লাকো তার পিঠের ওপর হাত রাখে।

- —না। ঝাঁপনী হাত সরিয়ে দেয় পিঠ থেকে।
- —কেন ?
- —আমার দোষ ? তুমি শুধু আমার দোষ দেখো। পৃথিবীর সবাই তাই দেখে। আমি কি করব বলতে পারো ?
 - কিছুই করবে না। অক্সায় তো করোনি।
 - ইা। করেছি। কী অক্তায় করেছি জানিনা। তবু মনে হয় করেছি।
 - —মাথা থারাপ হয়েছে তোমার। চল।
- একটু শাস্ত হয় ঝাঁপনী। চোখের জল মুছে ফেলে বলে—তুমি আবার যাবে নাকি ?
- ইঁয়া। আমাদের এখন বিশ্রাম নেই ঝাঁপনী। বাঘরায় খবর পাঠিয়েছে। নতুন খবর।
 - —সে কি করছে ওখানে ? খবর না পাঠিয়ে নিজে লড়ুক।
- ছি: ঝাঁপনী, অমন স্বার্থপরের মত কথা বল না। আট মাস বনে-জঙ্গলে লুকিয়ে থেকে শক্রদের বাধা দিয়ে আসছে বাঘরায়। নইলে অনেক আগেই বড় যুদ্ধ বাধত। বাঘরায়ের দলের লোক কমে এসেছে। অস্থ-বিস্থ আর উপোষে পরের জমিতে দাঁড়িয়ে কতদিন বাধা দেওয়া যায় ? তবু সে সময়মত ধবর পাঠিয়েতে।

আর কিছু বলতে সাহস পায় না। ঝাঁপানী। বলে লাভ নেই। ইচ্ছে হচ্ছিল তার, রান্কোকে ত্হাত দিয়ে চিরকালের জন্তে বন্দী করে রাখে। মরলে ত্জনা একসঙ্গে মরবে। ত্জনার বাহুবদ্ধ মৃতদেহ দেখে স্বাই ব্রুবে কিছিল তারা। রাজা ত্রিভনের বিচারকে কিভাবে তুচ্ছ করেছে।

রান্কো ঝাঁপনীর হাত ধরে বাড়ীর বাইরে নিয়ে আসে। দ্রে থাঁড়ে-পাহাড়িকে দেখা যাচ্ছে ধৃসরবর্ণ। কিছুদিন আগেও ওটা ছিল ঘন সবুজ। মারাংবুকু কি জেগে উঠলেন আবার ?

ধারতি অক্তমনা। সম্মুখে শিশুপুত্র লালসিং হামা দিয়ে ঘুরে বেড়াচ্ছে তর্
লক্ষ্য নেই। সে বেশ বুরতে পারে একটা অনিবার্য হঃসময় এগিয়ে আসছে
ধীরে ধীরে। থাঁড়েপাহড়ির দাবানলের মত আরে একটা ভীষণতম দাবানল গ্রাস করতে ছুটে আসছে সমগ্রী সতেরখানি তরফকে। রক্ষা নেই কারও। মাহষ তো পশু নয়। পশুর মত পালিয়ে যেতে গারে না। কেউ আগুণের হাত থেকে নিস্তার পাবার জন্মে। সেটা ভীক্ষতা। আর এই দাবানলের প্রথম আহতি হবে কিতাগড়ের রাজপরিবার। ধারতি ত্রিভনকে চেনে,—নিজেকেও।

লালসিং কেঁদে ওঠে। হাঁ করে কাঁদে সে। দাঁত দিয়ে নিজের জিভ কামড়েছে বোধ হয়। মুৎনী পাশে কোথাও ছিল। ছুটে এসে কোলে নেয় তাকে।

মুংনীর দিকে চেয়ে থাকে ধারতি। আশ্চর্য মেয়ে। দেখতে পাওয়া যায় না তাকে, অথচ তার উপস্থিতি অঞ্বভব করা যায় প্রতিটি মুহুর্তে। ছায়ার মত সক্ষে সক্ষে ফেরে। ধারতি অবাক হয়ে দেখে, বৈশ বড় হয়েছে মুংনী। এতদিন চোখেই পড়েনি। স্থন্দর ভাগর হয়ে উঠেছে। এই বয়সেই কাঁটারাঞ্জায় প্রথম ঘোড়ার পিঠে উঠেছিল সে। মুংনীর কি সে অঞ্ভৃতি হয়েছে ?

ত্ত্তিভন এদে সামনে দাঁড়ায়। রাজার মুখ যেন দিন দিনই বিষাদে ভরে উঠেছে। এ-বিষাদ অকারণ নয়। তাই কথনো কোন প্রশ্ন করেনি সে।।

- —তুমিও শেষে ভাবতে স্থক করলে ধারতি।
- —না ভেবে থাকতে চেষ্টা করি—পারি না। একটু থেমে ধারতি আবার বলে,—একটা কাজ করলে কেমন হয় রাজা।

-- वन ।

- ওরা এগিয়ে এলে শুধু তুমি আমি আর লালসিং গিয়ে বাধা দেব ওদের। প্রতিহিংসা গ্রহণের স্থযোগ পেয়ে ওরা সভেরধানিকে আর নষ্ট করবে না।
- সেকথা যে আমি ভাবিনি—তা নয়। কিন্তু সে ভুধু কল্পনা। সভেরখানিকে তুমিও জান, আমিও জানি। রাজাকে তারা শেষপর্যন্ত নেপথ্যে রাখার চেষ্টা করবে। দেখলে না, রান্কোর কৌশল ? যাবার জন্তে প্রস্তুত হয়েও যেতে পারলাম না। ছুটল সে আগে ভাগে।

ধারতি চুপ করে থাকে। ত্রিডন ঠিক কথাই বলেছে। এতক্ষণ সে শুধু অলস কল্পনাই করে চলেছিল। যা অসম্ভব তা ভাবা বাতৃলতা। সভেরখানির একটি প্রাণীও রাজাকে সামনে এগিয়ে দিয়ে ঘরের কোণায় লুকোবে না।

- —বাঘরায় কি আর কোন সংবাদ পাঠিয়েছে রাজা ?
- —না। বেঁচে আছে কিনা তাও বুঝছি না। একটা বড় রকম ঝুঁকি নেবে বলে জানিয়েছিল। বরাহভূমের রাজধানী আক্রমণ করবে রাতের জহকারে।
 - —তুমিও কি স্পারের সকে সকে পাগল হলে। এ বে অসম্ভব।

- কিন্তু বাধা দেব কেমন করে ? সে তো কারো কথাই মানবে না। তা ছাড়া এক জায়গায় তো খাকে না বাঘরায়। রান্কো আগেই চলে গিয়েছে। নইলে বলে দিতাম তাকে খুঁজে বার করতে। অবিখ্যি দেখা হলে সে এমনিতেই ধরে রাখবে বাঘরায়কে।
 - —রানকো সর্দারের এ অভিযানের উদ্দেখ্য কি ?
- —সে তার চোয়াড়দের ছোট ছোট দলে ভাগ করে ছড়িয়ে দেবে সীমাস্তে। তারা তীক্ষ নজর রাখবে। শত্রুরা এলেই যাতে আমি সংবাদ পাই।
 - —লাভ **হবে কি খুব** ?
 - —যতটা হয়। কি ভাগড়ের পতন কিছুটা বিলম্বিত হবে।
 - —কিতাগড়ের পতন কি অনিবার্য ?
- —হাঁ। মনকে প্রবোধ দিয়ে লাভ নেই। একটু ভূল আমি করেছিলাম। ভেবেছিলাম এই সব রাজারা একজোট হবে না কখনো। ছোটথাট ব্যাপারে ভাদের ঝগড়া বেধেই ছিল। এখন দেখছি এরাও একজোট হতে পারে।
 - যদি সন্ধি কর ?
 - —বলছ ?
 - —না। এমনি কথার কথা। যদি সন্ধি কর তবে কি তারা শাস্ত হবে ?
 - —না। প্রতিশোধ নেবেই তারা। নরহরি আছে ইন্ধন যোগাতে।
 - —আমারও তাই মনে হয়।
 - —তুমি কি স**ন্ধি**র কথা ভেবেছ ?
- মাত্র একবার ভেবেছি। কাল লালসিংকে ইচ্ছে করে না খাইরে রেখেছিলাম। প্রথমে সে জেদের কান্না কাঁদল। খেতে পাওয়াটা যেন তার অধিকার। তাও যথন পেলো না, তখন ফুঁ পিয়ে ফুঁ পিয়ে কাঁদতে শুরু করল। দেখে বড় কষ্ট হয়েছিল। শুধু সেই সময়ে একবার ভেবেছিলাম সন্ধির কথা।
 - —তুমি সাংঘাতিক মেয়ে লিপুর।
 - **—**की ?
 - -- निश्रत ।
 - इठी९ ?
 - —ৰলতে পারি না।
 - —কাটারাঞ্জাব কথা তোমারও মনে পড়ছে তবে !
 - হা। সব সময়।

- আমারও। তথন লালসিং ছিল না। তোমার রাজ্যও ছিল না। তথু ছিল তোমার বাঁশীটা।
 - —আর ? লিপুর ছিল।

মুৎনী ফিরে আসে। লালসিংএর কালা থেমেছে। তাকে সামনে রেখে আবার মিলিয়ে যায় মুৎনী। অপেক্ষা করে আড়ালে। ঠিক সময়ে আবার আসবে।

সামনে এলো সে কিছুক্ষণ পরেই। ত্রিভনের পায়ের দিকে চেয়ে বলে— সদার বৃধকিস্কু দেখা করতে চান।

- -- दूधकिन्दू ? अनमरः !
- जक्ती मतकात।

বৃধকিস্কুকে রীতিমত উত্তেজিত বলে বোধহয়। পিঠের ওপর ত্হাত কেলে সে ক্রত পায়চারী করছিল।

- —কি হয়েছে সদার ?
- --সর্বনাশ।
- —এগিয়ে আগছে বরাহভূম ? বাঘরায় পারেনি ঠেকাতে ?
- —বরাহভূম নয়। যারা একা এগোবে বলে কপ্পনো মনে হয়নি—ভারাই।
 ভাম-স্থ-দরপুর আর অম্বিকানগরের রাজারা সামাস্তে এদে পড়েছেন।
 রান্কোর দলের সঙ্গে সংঘর্ষ বেধেছে। ঠেকিয়ে রেখেছে রান্কো।
 - —কো**ৰা**য় ধবর পেলে ?
- —লোক এসেছে। আহত দে। বন্ধি রাজু পাঁওলিয়ার বাড়ীতে তাকে পাঠিয়েই আমি চলে এসেছি।
- হঁ। খ্রামস্থলরপুর আর অম্বিকানগর বোধহয় 'স্থানিদির' কথা ভূলে গিয়েছে। বাবা বৈষ্ণব হয়ে বন্ধ করে দিখেছিলেন বলে আমি চালু করিনি।
- —ভাল ব্যবহার করার দিন আর পৃথিবীতে নেই রাজা। কবে দেখবেন হয়ত ধাদ্কা, তিনসওয়া আর পঞ্চদ্দারীও এগিয়ে আসছে।
- —এ সময়ে অস্ততঃ তারা আসবে না। পঞ্গুটের তিনপুঁট তারা। তার। জানে সতেরধানিকে এভাবে পেছন থেকে ছোরা মারলে, তারাও, বাঁচবে না। বরাহভূমরাজ সবকয়টি তরফই কুক্ষিগত করে নেবেন।
 - —তবে তারা আমাদের সাহায্য করছে না কেন ?
- —বরাহভূমের বিরুদ্ধে বেতে চায় না তারা। ওণের কেউ আমাদের মত অবস্থায় পড়লে আমরাও হয়ত বেতাম না সাহায্যেয় জন্তে।

- কিন্তু এখন কি করবেন রাজা।
- যুদ্ধ করব। আমার সঙ্গে তুমি যাবে। স্থপনিদির ব্যবস্থা আবার করতে হবে। রান্কোর দলে মিলে আমি তৃই রাজার সঙ্গে যুদ্ধ করব। তুমি গেই স্থযোগে তাদের রাজ্যে চুকে পড়বে।

এতক্ষণে বুধকিস্কু হেসে ওঠে। তার চোখছটে। চক্চক্ করে ওঠে। সে বলে—আমি চলি রাজা। প্রস্তুত হয়ে নি। চোয়াড়দের ডাকতে হবে।

- ---কত লোক আছে এখন ?
- —আজই সে হিসেব করেছি। তিনশ সত্তর।
- —অনেক আছে। যাও।

ত্ত্তিভন ফিরে আদে আবার ধারতির কাছে। ধারতি তথনে: একইভাবে চুপ করে বদেছিল।

- —বিদায় নিতে এলাম রাণী।
- —কেন <u>?</u>
- —যুদ্ধে যাচিছ।
- —আমার ওপর কিছু নির্দেশ আছে ?

जिङ्म दर्ग काल वाल-ना, त्मिन अथता चारमिन।

- —ভবে কি বরাহভূমের রাজারা আসছেন না ?
- —না। ত্রিভন সমস্ত ঘটনা খুলে বলে।
- —এই রাজারা কেন আসছেন ?
- —মনে হয় বাঘরায়ের জন্মে বরাহভূম-রাজ এগোতে পারছেন না। তাই গোপনে শ্রামস্থলরপুর আর অম্বিকানগরে থবর পাঠিয়েছিলেন। এর: আমাদের আক্রমণ করলে তাঁর স্থবিধে হবে।
 - —এখনি যাচ্ছো নাকি ?
 - —বুধকিস্কু ফিরে এলে।
 - —চল। ধারতি উঠে দাঁড়ায়।
 - --কোপায় ?

যুদ্ধের সাজে পাজিয়ে দেব। এর পরে নিশ্চরই আর স্থযোগ পাবো না ? এবার তব্ একটু সময় আছে।

ত্তিভন রাণীকে বৃকের কাছে টেনে নিয়ে বলে—স্থামারও সেই সাধ ছিল মনে মনে।

—নাগা সন্ন্যাসীদের সঙ্গে যুদ্ধে যাবার সময় একটা ফুলের মালা

গেঁখেছিলাম।

দেখেছি আমি।

- —সেটা এখনো রয়েছে। ভকিয়ে গিয়েছে।
- —আ**শ্চ**ৰ্য !
- आ कर्ष (कन ? (करन (पर ?
- —না। তাবলিনি।

किছूक्क नौतर। एजरनत्र मत्न এकरे मृि।

- —বিষের দিনের কথা মনে আছে ? ধারতি বলে।
- —g* 1
- তীর ছুড়তে ছুড়তে তুমি এগিয়ে যাচ্ছিলে, আর সেই তীর কুড়িয়ে এনে আমি তোমাকে ফিরিয়ে দিচ্ছিলাম। আমার মাথায় ছিল কলসী। এতদিনে সার্থক হল। বুড়ো দাতু দেখছে ওপর থেকে।
- আমাকে যুদ্ধে পাঠাতে এত সাধ তোমার সেকথা আগে তো বলনি ধারতি।
 - সাধের কথা কখনে। মুখ ফুটে বলতে হয় ?
 - —অনেক আগে আমি চলে যেতাম এমন জানলে।
- —তথন তো যাবার প্রয়োজন হয়নি। বাঘরায় আর রান্কোর মত সদার পাকতে কেনই বা যাবে তুমি ?
 - —ভুবু যেতাম।
 - --পাগলই আছে: এখনো।
 - -- ত্রিভন হাসে।

স্থানিদি। স্থাধে নিজা যাবার আশাস পেয়ে শ্রামস্থলরপুর আর অম্বিকানগরের অধিবাসী ত্রিভনের পিতা হেমৎ সিংকে প্রতি বছরে কিছু টাকা তুলে দিত। সেই টাকা পেতেন বলেই খুব অভাবের সময়ও রাজ্য ছটির ওপর কাঁপিয়ে পড়তে পারেন নি তিনি। তবে তিনিই আবার স্থানিদি কর বন্ধ করে দেন। বৈষ্ণব হয়ে এসবকে নোংরামি বলে মনে হয়েছিল তাঁর। তাঁর মৃত্যুর পর সদার সারিম্মু কথাটা তুলেছিল আবার। কিন্তু ত্রিভন চায়নি জিনিসটাকে চালু করতে। প্রতিবেশী রাজ্যের সঙ্গে এমন একটা তিক্ত সম্পর্ক না থাকাই ভাল।

ভূল হয়েছিল ত্রিভনের। বুধকিস্কু ঠিকই বলেছে। ভাল ব্যবহারের দিন আর নেই। লোকে সেটাকে ভাবে দুর্বলতা। ভেবে তার স্থ্যোগ গ্রহণের চেষ্টা করে। এ পৃথিবী দাপটের। শক্তি যতটুকুই থাক। তার চেয়েও বেশী দেখাতে হবে দাপট। তবেই সমীহ করবে স্বাই।

ঘোড়ার পিঠে সীমাস্তের দিকে এগিয়ে যেতে যেতে কথাগুলো ভাবছিল ত্রিভন। সঙ্গের চোয়াড় বাহিনী নিঃশব্দে অমুসরণ করে তাকে।

े ব্ধকিন্তুর দলও সঙ্গে সঙ্গে চলছিল। স্থারের দিকে চেয়ে বিশ্বিত হয় বিভ্নন। প্রৌঢ়ন্থের বিন্দুমাত্র ছাপও উপলব্ধি করা যায় না তার চলায়। নবীন এক যুবক যেন এগিয়ে চলেছে মহা উৎসাহ নিয়ে। কিতাগড়ে তার দিকে চাইলে এতটা নির্ভরশীল বলে কখনই মনে হতো না। ক্ষেত্র না পেয়ে শুকিয়ে যেতে বসেছিল এত বড় একটা শক্তি।

রান্কোর উপদলের সঙ্গে দেখা হয়ে যায় সীমান্তের কাছাকাছি এসে।
রাজাকে শক্রদের গতিবিধি জানিয়ে দেয় তারা। আরও জানায় যে, সামান্ত
সংখ্যক সৈন্ত নিয়ে রান্কো শক্রদের সঙ্গে খণ্ডযুদ্ধে ব্যাপৃত হয়েছে। প্রতিটি
মূহুর্তে সে সাহায্য আশা করে। কারণ শক্ররা যদি একবার জানতে পারে যে
বিপক্ষে তাদের মৃষ্টিমেয় চোয়াড়, তাহলে ঝড়ের মত এগিয়ে আদবে।

বৃধকে আরও ডাইনে চলে যেতে বলে জিভন । সেথান থেকে চুপে চুপে পার হরে চুকতে হবে তুই রাজার রাজ্যে। বিদায় নেবার আগে রাজার সামনে নভজাত্ম হয় বুধ। কষ্ট হয় জিভনের। নাভির মুখ দেখার বড় সথ সর্দারের। পুত্রবধৃ গর্ভবতী। যদি আর না ফেরে। ছেলে ভার বাটালুকাভেই রয়েছে সারিমুমুর্ব দলে। বয়সে একেবারে কচি।

কিন্তু বুধ-এর মুখে কোনরকম বিষাদের চিহ্ন দেখা যায় না। সে হেসেবলে—কুখনিদির প্রথম কিন্তি নিয়ে ফিরব রাজা।

- —সদার বুধকিস্কুর কাছে তা মোটেই অসম্ভব নয়।
- —এতটা আশা আমার ওপর বরাবরই ছিল রাজ। ?
- —না: মিথ্যে কথা বলে লাভ কি দদার। তোমাকে আজ প্রথম চিনলাম।
- আমার সোভাগ্য। থ্রথ্রে বুড়ো হয়ে স্থবর্ণরেখার খারে মিলিয়ে গেলে নিজেকেই ঠকাভাম।

ত্তিভন একদৃষ্টে চেয়ে থাকে সদারের অভিজ্ঞ-কঠোর মূথের দিকে। ব্ধকে সব সদারের মধ্যে একটু সরল আর মোটা বৃদ্ধির বলে ধারণা হত। তার মূথে এমন ভাবগন্তার কথা মোটেই প্রত্যাশা করেনি সে।

—ভোমার কথা সভ্যি।।

- हिन दाका।
- -- এলো गर्नात ।

দলের চোয়াড়দের ইন্ধিত করে বৃধকিস্কু ডান দিকে এগিয়ে যায়। জিভনের দল জানে না বৃধ কোপায় গেল তার লোকজনদের নিয়ে। স্থানিদির কথা গোপন রাখা হয়েছিল সাধারণ লোকের কাছে। বৃধ তার দলের কাছে প্রকাশ করবে সীমাস্ত পার হবার পর।

বৃধ অদৃশ্য হবার আগে অবধিতার দিকে চেয়ে থাকার লোভ হয় জ্রিভনের। কিন্তু সময় নেই। রান্কো তার সাহায্য চায়। সে সামাগ্য লোক নিয়ে ছুই রাজার বিরুদ্ধে লড়ছে। হয়তো সে বিপদে পড়েছে।

विजनीत नागारम साँकि मिरम वर्ल, ठमदा विजनी।

পেদিন গভীর রাতে রান্কোর সঙ্গে দেখা করার স্থযোগ মেলে ত্রিভনের। রান্কোর চোথে মুখে নিদারুণ ক্লান্তি আর ত্র্ভাবনার ছাপ। সে রাজাকে দেখে আনন্দিত হলেও সেটা স্বতঃক্র্ভভাবে প্রকাশ পেল না।

প্রথম কথাই দে বলে,—কত চোয়াড় রয়েছে আপনার সঙ্গে ?

- —কত দরকার তোমার ?
- —দেড়শো জন হলেই হবে, যদি তাদের ধহুক পাকে।
- —আছে।
- —থাক্। স্বস্তির নি:খাস ফেলে রান্কো।
- —এত চিস্তিত দেখাচ্ছে কেন তোমাকে সদার ?
- অম্বিকানগরের রাজা হুটো বন্দুক এনেছেন সঙ্গে। শুনলাম বরাহভূমরাজ দিয়েছেন তাঁকে ? ভীষণ শব্দ হয়।
 - -- সভিয়? ত্রিভনের কপাল কুঁচকে ওঠে।
 - —হাঁা রাজা।
 - —তাতে কভজন মারা গেল ?
- —পাঁচ। আরও যেত। মনে হয় বন্দুক ছোঁড়ার হাত নেই ওদের। তার চেয়ে আমার তৈরী ধহক অনেক ভাল। অতিষ্ঠ হয়ে উঠেছে অতবড় দল। ভয় পেয়েছে। ভেবেছে অনেক চোয়াড় লুকিয়ে রয়েছে বনের মধ্যে।
 - अननाम गामना गामनि नज़ारे रख़ाह जाज ?
- —ইয়া। শুধু একবার। তথনই আপনার কথা মনে হয়েছিল। কিন্ত ভূল করেছে ওরা। আমার পুরো দলটাকে দেখে ওরা মনে করেছিল ছিট্কে পড়া সামাক্ত কয়জন চোয়াড আমরা। আমিও ওদের সেই ধারণা বজায় রাখার

চেষ্টা করেছি। অবহেলার ভাব দেখিয়েছিলাম। পাঁচজন চোয়াড় তথনি পড়ল বন্দুকের গুলিতে।

- সাদামুখদের সঙ্গে বরাহভূমরাজের সাক্ষাৎ হয়েছে বলে মনে হয়।
- --কেন রাজা ?
- —বন্দুকটা তারাই চালু করেছে।
- -কামান ?
- —কামানও তাদের। তবে আগেও ছিল এদেশে। বরাহভূমরাজের রয়েছে তুটে ।
 - —দেখেছি। যদি তাই নিয়ে আসেন তিনি।
- —পাহাড় ভেঙে আসতে কামান ভাঙবে। যদিও বা এসে পৌছায় গোলাগুলো শালগাছের গুঁভিতে আটকে যাবে।
 - —এত সব কি করে জানলেন রাজা ?
- —বাবা বলেছেন। কামানের গল্প বাবাই করতেন। অনেক বার বরাহভূমে গিয়েছেন তিনি।
- যদি ইতিমধ্যে আরও কামান তৈরী করেন বরাহভূমরাজ? ছোট ছোট কামান নিয়ে আসায় অস্থবিধা হবে না।
- —সে উপায় আর নেই সদার। কারিগরটি অনেক আগে মারা গিয়েছে। এসব কারিগর সহজে মেলে না।

রান্কো ভাবে, রাজার ছেলে রাজা হলে কতকগুলো স্থবিধে পাওয়া যায়
—যা নিজের রাজ্যের পক্ষে মঙ্গলজনক।

হঠাৎ অন্ধকারের মধ্যে একটা চিৎকার শোনা যায় কোন চোয়াড়ের। অন্ধ দূরেই রয়েছে লোকটি অথচ ঠাহর পাওয়া যায় না। ত্রিভন আর রান্কে। সচকিত হয়। গোপনে শক্ররা আক্রমণ করল নাকি? তাতো সম্ভব নয়। একটি মশালও জ্বালাবার হুকুম নেই। সমস্ত বনভূমি ঘূটঘুটে। শক্রদের পক্ষে ভাদের অবস্থিতি জানবার বিনুমাত্র উপায় নেই।

ছুইজনে সাবধানে এগিয়ে চলে অন্ধকারে গা মিশিয়ে। চোয়াড়দের মধ্যে অধিকাংশই নাক ডাকিয়ে ঘুমোচ্ছে শুক্নো শালপাতা বিছিয়ে। রান্কো যাদের সামনে গেল ধাকা দিয়ে তুলে দিল, চমকে উঠে পাশের ধহক আর তীর আঁকভে ধরে তারা।

- -- সর্দার। চিৎকার শোনা যায় একটু দুরে।
- --- কে? চাপা গলায় জবাব দেয় রান্কো।

—এইদিকে। বিজলী—

জিভনের হৃদপিও লাফাতে থাকে। বিজ্ঞলীর কথা সে একেবারে ভূলে গিয়েছিল। কোথায় যে তাকে রাখা হয়েছে তাও জানে না। একজন চোয়াড়ের জিখায় দিয়ে নিশ্চিম্ন ছিল সে।

কি হয়েছে বিজলীর। ব্রিডন উত্তেজিত হয়ে বলে।

সর্বনাশ রাজা। সাপ।

ছুটে যায় তৃজনে বিজলীর কাছে। চারটে মশাল জ্বলে ওঠে চক্মকির আগুনে।

দৃশ্য দেখে পাথরের মত নিশ্চল হয়ে দাঁড়িয়ে পড়ে তারা। কিছু সময়ের জন্মে শরীরের সমস্ত শক্তি অন্তর্হিত হয়।

বিজলীর ছই চোখ ঠিকুরে বার হয়ে আসছে। তবু তার চেষ্টার বিরাম নেই। মুক্তির চেষ্টা।

—বিজলী। কোনরকমে উচ্চারণ করে ত্রিভন।

চোখ দিয়ে জল গড়িয়ে পড়ে বিজলীর। রাজার ডাক সে শুনেছে। কিন্তু প্রভুকে চেয়ে দেখবার নত শক্তি নেই তার। তব্ বোধহয় নিশ্চিম্ভ হয় সে। রাজা যখন এসেছে নিশ্চয়ই সে বাঁচবে। আবার ফিরে যাবে কিতাগড়ে। রাণী তাকে আদর করবে। রাজা লুকিয়ে লুকিয়ে রাণীকে সঙ্গে নিয়ে তার পিঠে উঠে বসবে।

অব্রগরটা তার গলাকে আষ্টেপৃষ্ঠে পেঁচিয়ে ধরে ক্রমাগত চাপ দিয়ে চলেছে।

- —স্পার। রাজার কণ্ঠশ্বর আর্তনাদের মত শোনায়।
- ---রাজা।
- —ধনুকে কোন কাজ হবে না স্পার। বিজ্ঞনীর গায়ে লাগতে পারে। তোমার তলোয়ারটা দাও।

রান্কো কোমর থেকে দেট। নিয়ে রাজার হাতে দিতেই ত্রিভন বিত্যং-গতিতে ছুটে যায়। রান্কো দেখে অজগরটা মাধাকে গামনের দিকে বাড়িয়ে দিরে লক্লকে জিভ বার করছে। তার ঝিমিয়ে পড়া চোথ ত্টোয় অপরিসীম হিংশ্রতা।

—যাবেন না রাজা।

কিন্তু সেই মূহুর্তেই দেখে সে অজগরের মাধা দেহচ্যুত হয়ে মাটিতে গড়া-গড়ি যাচ্ছে। ভার প্রাণহীন দেহ চুড়ান্তভাবে বিজ্ঞগীকে চাপ দিয়ে ধারে ধীরে আলগা হয়ে আসছে। এতক্ষণ পর্যন্ত বিজ্ঞলী নিজের পায়ের ওপরই দাঁড়িয়েছিল। কিন্তু সাপটা মরে যাবার পর সে মাটিতে আছড়ে পড়ে।

ত্ত্রিভন তার মাথা হ্হাত দিয়ে জড়িয়ে ধরে চোখের দিকে একদৃষ্টে চেয়ে থাকে। সে চোখে কোন ভাষা নেই।

—क्षे इरु (त्र विक्रली !

বিজলী কোনরকম সাড়া দেয় না। তার খাসও পড়ে না।

- -- সদার এ তো নিশাস নিচ্ছে না।
- আর নেবে না রাজা। ঘোড়া একবার মাটিতে পড়লে আর ওঠে না।
 দৃষ্টি ধীরে ধীরে ঝাপসা হয়ে আসে বিজলীর। চোথ ত্টো কেমন যেস
 গাঢ় নীল হয়ে আসে। শেষে বারকয়েক হাত পা ছুঁড়ে নিশ্চল হয়ে যায়
 বিজলী সতেরখানির মাটির ওপর।

শিশুর মত কেঁদে ওঠে ত্রিভন।

পরমূহর্তেই নিজেকে সামলে নেয় সে। বিজলী তার যত প্রিয়ই হোক না। কেন, সবার ওপরে সতেরখানি। বিজলীর জন্তে সে আর ধারতি কিতাগড়ে বসে পরে চোথের জল ফলবে—এই যুদ্ধক্ষেত্রে নয়। সোজা হয়ে উঠে দাঁড়িয়ে সদারের দিকে চেয়ে বাষ্পাহীন কঠে সে বলে,—ভাল হল রান্কো। তোমাদের পাশে এসে দাঁড়ালাম। একই সঙ্গে মাটিতে দাঁড়িয়ে যুদ্ধ করব আমি। এতদিন উচ্তে থেকে নিজেকে নীচু করে রেখেছিলাম।

রান্কোর দৃষ্টিতে এই অসাধারণ সংযমী পুরুষটির প্রতি অন্তরের সমস্ত শ্রদ্ধা ঝরে পড়ে।

পরদিন ভোরবেলা বনের আড়াল থেকে ত্রিন্ডন দেখে তুই রাজার গৈলাসামস্ত রানাবানার ব্যস্ত। খাওয়া দাওয়া শেষ করে নিশ্চিন্ত হয়ে তারা অভিযান চালাবে। হাসি পায় ত্রিভনের। নিজের চোয়াড়দের মুখের দিকে চায় সে। অনাহারের ছাপ সে মুখে। অথচ কতথানি দৃঢ়তা। দেশকে রক্ষা করার অদম্য স্পৃহা তাদের কট্টসহিষ্ণু করে তুলেছে। ও-পক্ষের সৈলদের সে বালাই নেই। পরের রাজ্যে তারা চুকবে—মজা করবে। ঘর সংসারের চিন্তা নেই। বউ ছেলেদের অনেক পেছনে শাস্তির রাজ্যে রেখে এসে নিশ্চিন্ত তারা। এদের দৃষ্টি শুধু সামনে। নতুন কিছু করার আনন্দে এরা মশগুল। পেট থালি থাকলে সে আনন্দ মাটি হয়ে যায়। তাই সাত সকালেই রায়ার আয়োজন।

ওদের শান্তির সংসারে এতক্ষণে বোধহয় আগুন লেগেছে। হৃত্মানের লংকাকাগু। খবর ওরা আজই পাবে। তখন কি করবে? ফিরে গিয়ে ব্ধকিস্কুর দলকে জব্দ করতে পারবে না। এমনভাবে দলবদ্ধ থাকা আর সম্ভব হবে না তখন। নিজের নিজের ঘরের ত্র্ভাবনায় ভেঙে চ্রমার হয়ে যাবে এই দল। হয়ত হাভিয়ার ফেলে রেখেই পাগলের মত ছুটবে। বৃধ-এর গায়ে আঁচড়ও পড়বে না।

রানকোকে কাছে ডাকে ত্রিভন।

- —ধত্বক ছুঁড়তে হবে সদার। আমাদের লোক শুকিয়ে থাকবে আর ওরা ভর-পেটে যুদ্ধ করবে—আমি ঠিক সহু করতে পারছি না। তাছাড়া এটাই স্থবোগ
 - --সবাই প্রস্তুত রাজা।
 - —হুই রাজা কোথায় আছেন ?
 - —পেছনের তাঁবুতে।
 - -- ওরা এত অ্সাবধান কেন ? পাহারার জন্মেও কোন দলকে রাখেনি।
 - —আমাদের বোধহয় অবহেলা করছে। বরাহভূম ওদের পেছনে।
 - —তাঁবু তো একটা দেখছি। হুই রাজাই কি ওতে আছেন?
 - —দেটাই সম্ভব।
- আমি তথু ওধানে তীর ছুঁড়ব। এগোতে বল। কোনরকম শব্দ না হয়।

এগিয়ে চলে চোষাড়ের দল—অজগর সাপ যেভাবে এগোয়। খুব ধীরে ধীরে। শব্দ করে না কেউ। কাসি পেলে একমুঠো গাছের পাতা ছিঁড়ে মুখের ওপর চেপে ধরে। বিছুটিতে সারা শরীর ফুলে ওঠে, তবু কোন চাঞ্চল্য নেই।

ধন্থকের নাগালের মধ্যে এসে থামতে নির্দেশ দেয় জিভন। তার ছকুমে
প্রতিটি চোয়াড়ের ধন্থক থেকে একটি করে তীর নির্গত হয়। নাগা সয়্যাসীদের
কথা মনে পড়ে যায় জিভনের। ঠিক সেই একই অবস্থা। এ ছাড়া অঞ্চ
কোন পথও নেই। কামান রাখার মত ক্ষমতা সতেরখানির কোনদিনও
হবে না।

নিক্ষিপ্ত তীর সোজা গিয়ে বুকে লাগে যাদের তারা অবাক হবার অবকাশ পায় না। কিন্তু আহতেরা মুহুর্তের জন্মে যন্ত্রণা ভূলে গিয়ে হাঁ করে চেয়ে থাকে। আন্দেপাশের এক গাদা মুত্যুপথযাত্রীর আর্তনাদ শুনেও তাদের বেয়াল হয় না যে পেছু হটতে হবে। তাই দ্বিতীয় ঝাঁকের তীরে তাদের মধ্যে কিছু কিছু মুখ খুবড়ে মাটিতে পড়ে।

জিজনের লক্ষ্য রাজাদের তাঁব্। কিন্তু কেউ-ই বার হয় না সেধান থেকে। নিক্ষলতা পীড়া দেয় তাকে। রান্কোর চোখে চোখ পড়তে মান হাসে সে।

শক্রণৈক্যেরা রাজার শিবিরের সামনে গিয়ে ভীড় করার চেষ্টা করে। কিন্তু সেখানেও তীর ধাওয়া করায় আরও পেছনে গিয়ে মাটির ওপর ওয়ে পড়ে তারা। চোয়াড়ের দল হেনে ওঠে নি:শব্দে।

- —চল সদার, পরিষ্কার করে দিয়ে আসি। হাসতে হাসতে বলে বৃদ্ধ এক চোয়াড়।
 - চুপ। নিজের কাজ কর। ধমক দেয় রান্কো।

বৃদ্ধের মুখ মান হয়। অন্ততপ্ত রান্কে! তার পিঠের ওপর হাত রেখে বলে,—সামনে গেলে তোমারাই পরিষ্কার হয়ে যাবে ভাই। ওদের ছ্টো বন্দুক আছে।

—দেটা আবার কি ?

রান্কো ব্ঝিয়ে বলে। আগের দিনের ঘটনার কথাও জানিয়ে দেয় সেই সক্ষে।

- **—কোণা**য় সে জিনিস ?
- —বোধহয় রাজাদের কাছে। তাছাড়া পেছনে ওদের আর একটা দল রয়েছে। এগিয়ে গেলে পেছনের দল হাতিয়ার নিয়ে ছুটে আসবে। তখন ? সংখ্যায় ওরা অনেক বেশী।
 - —ভুল হয়েছিল সদার।

ত্ত্তিভন অবাক হয়ে রাজাদের কথা ভাবে। শিবিরের বাইরে তাদের আসতে দেখা গেল না একবারও। ভয় পেয়েছে নাকি ? তীরের ভয় ?

ভয়টা অম্লক নয়। তৈরী হয়েই ছিল ত্রিভন। তাঁবুর বাইরে একবার এলে ফিরে যেতে হবে না। তবু নিজের দলের ছুর্গতি দেখেও বাইরে আসার প্রয়োজন বোধ করল না? এ আবার কেমন রাজা? এদের বাপরাও বোধ হয় এমন ছিল। তাই দিনের পর দিন প্রজারা স্থানিদির কড়ি গুনে এল অধচ সত্তেরখানির দিকে তেড়ে আসার মত বুকের পাটা হয়নি!রাজাদের।

রান্কোর দিকে দৃষ্টি কেনে জিভন। চোয়াড়দের দিকেও তাকায়। তারাও বোধহয় একই কথা ভাবছে। সঙ্কোচে মুখ লাল হয়ে ওঠে তার।

সে নিজেও যে রাজা।

- আপনিও তো আমাদের রাজা। রান্কো বলে ওঠে। ত্রিভন চমকায়।
- —কত তথাৎ। তাই আমাদের চীেযাড়দের সঙ্গে ওদের লোকের এত তফাৎ। রান্কো দীর্ঘশাস ফেলে।

জবাব দেয় না ত্রিভন।

শক্রদের পেছনের দলের কাছে সংবাদ পৌছেচে। দূর থেকেও একটা আলোড়ন অহুভব করা যায়। প্রস্তুতির আলোড়ন। এগিয়ে আসবে এবারে।

- কি করবেন রাজা ?
- —দেখব।
- —তীর ছুঁড়ে ফল হবে ?
- —না। কেউ যেন একটা তীরও না ছোঁড়ে।

চোয়াভেরা রাজার আদেশে গা-ঢাকা দিয়ে দাঁড়িয়ে থাকে।

রান্কো ব্ঝতে পারে না তাদের পরবর্তী কার্যক্রম। প্রশ্ন করতে সাহস পায় না রাজাকে। গভীর চিস্তার ছাপ রাজার মুখে। সে শুধু পেছনে দাঁড়িয়ে অপেকা করে।

সে দেখতে পায়। পেছনের দল এগিয়ে আসছে—এগিয়ে আসছে ভামস্থলরপুর আর অম্বিকানগরের রাজার তাঁবুর দিকে। অসহিষ্ণু হয়ে ওঠে।

- —ধৈর্য হারিও না সর্ণার। আরও একটু দেখো।
- ওরা এগিয়ে এলে রাজারা বন্দুক ব্যবহারের স্থযোগ পাবেন।
- —জানি।
- —এ পক্ষ থেকে তথন সাড়া না পেলে আরও এগিয়ে আসবে।
 - -जानि।
 - —ভখন ? পালিয়ে যাব আমরা ? সভেরখানির চোয়াড়রা ?
- —না। পেছু হটে যাবে। সন্মৃথ যুদ্ধ যেখানে সম্ভব নয়, সেখানে পিছিয়ে যাওয়াকে কাপুক্ষতা বলে না।
 - —কিন্তু কভদুর ? কিতাগড় পর্যন্ত ?
- না। বেশীদ্র নয়। হয়ত এখন যেখানে দাঁড়িয়ে আছে, এখান খেকেই দেখবে অত বড় দল পাগলের মত ছুটে চলেছে নিজের রাজ্যের দিকে।
 - —সে কি করে সম্ভব ?

- —হাঁ সদার। বিজলী আমাকে ছেড়ে গেল বলে ভোমাকে সে কথা বলার অবসর পাই নি। তুমি কি জান, বুধকিস্কু এসেছে আমার সঙ্গে ?
 - —কো**থা**য় ? না !
- স্থানিদি আদায় করতে গিয়েছে। অনেকদিন আরামে ঘ্মিয়েছে অম্বিকানগর আর শ্রামস্থলরপুরের লোকেরা। এবারে পাওনা দিক।

করেক মূহুর্ত স্থির হয়ে দাঁড়িয়ে থাকে রান্কো। মন্তিক্ষ তার জ্রুত কাজ করে চলে। তার পরই আনন্দে চিৎকার করে ওঠে—রাজা। সভি)ই রাজা। আমার রাজা।

- এ কি সদার।
- রাজা।

শাস্ত সমৃত্র যেন উদ্বেলিত হয়ে ওঠে। হাওয়া-ছকের মত মৃহুতে তা ছড়িয়ে পড়ে প্রতিটি চোয়াড়েয় মনে প্রাণে দেহে।

বৃদ্ধ চোয়াড়টি মাধার চূল ছেঁড়ে। বোকা—আকাটা বোকা সে। নইলে, রাজার সঙ্গে এসে, কিস্কু স্পারকে চলে যেতে দেখেও কেন সে ব্রাল না ? রাজার এই কোশল অন্ততঃ তার ধরে ফেলা উচিত ছিল। ব্যাই যুদ্ধ করেছে যুঝার সিংএর আমল থেকে। ব্রাই তার চুলগুলো দেখতে শণের মত হয়েছে। অন্ত চোয়াড়দের কাছে মুখ দেখাবার উপায় রইল না।

গুড়ুম্—গুড়ুম্—

ঢলে পড়ে বৃদ্ধ চোয়াড়। এলোপাথাড়ি গুলির একটি এসে গোজা তার বৃকে বেঁধে। অসাবধান ছিল গে। শক্রদের পেছনের দল কখন যে রাজাদের তাঁবুর সামনে পৌছেচে, কখন যে রাজারা নিজেদের নিরাপদ ভেবে সাহসী বীরের মত তাঁবু থেকে বার হয়ে আন্দাজে গুলি ছুঁড়লেন—দেখেনি সে। কারও কাছে আর মুখ দেখাতে হল না তার। মরে বেঁচে গেল, যুঝার সিং-এর আমলের বহু যুদ্ধের যোদ্ধা। ঠোঁট ছুটো তার বারকয়েক থর থর করে কেঁপে থেমে যায়।

ত্রিভন স্বাড় চোখে, একবার চেয়ে দেখে। শাস্তির কোলে আশ্রয় নিয়েছে চোয়াড়। স্বাইকেই ২য়ত এভাবে যেতে হবে। আজ না হোক ছদিন পরে।

- —রাজা।
- ---বল সর্দার।
- —ওকে চেনেন ?
- —**ना** ।

— ওর ছেলে নাগাদের সক্ষে যুদ্ধে মারা গিয়েছিল। ওর নাতি বেঁচে থাকল তথু।

ত্রিভন আর একবার চায় মৃতের মুধের দিকে। খানিকটা রক্ত বার হয়ে এসেছে ঠোটের ছপাশ বেয়ে।

- —নাতিটা যুদ্ধে আসেনি তো?
- —না। কোনদিনই পারবে না যুদ্ধ করতে। থোঁড়া—জন্ম থেকেই, আর বোবা।
 - —আর কেউ নেই ?
 - -- - 1 |

গুড়ুম্ গুড়ুম্--

জিভন হেদে ওঠে। রান্কো অর্থ বোঝে না দে হাসির।

- —রাজাদের কাণ্ড দেখেছ সদার। এক জায়গায় দাঁড়াচ্ছে না। পাছে তীর গিয়ে লক্ষাতেদ করে।
 - —বন্দুক ছোড়ার সময় একবার চেষ্টা করুন না রাজা।
- —মাধা তুটো আড়ালে থেকে যাছে। বুকও। সামায় আহত করে লাভ কি?

সকাল গড়িয়ে তুপুর হয়। এক পাও এগিয়ে এল না। শক্ররা। রাজারা ভরসাপায় না। যাদের তীরের আঘাতে এতগুলো লোক ধরাশায়ী হল তারা হাওরায় মিলিয়ে যেতে পারে না। নিশ্চণই অপেক্ষা করছে—অপেক্ষা করছে অতি নিকটে আরও মারাত্মক রক্ষের আঘাত হানার জন্তে। সামনের বনটা দিনের আলোতেও রাজাদের মনে বিভীষিকার স্বষ্ট করছে।

হঠাৎ তাদের মধ্যে একটা বাস্ত ভাব দেখা যায়। উত্তেজিত হয়ে ছুটোছুটি শুক করে তার;। পৈছনের আরে একদল গৈন্ত তাঁবুর সামনে এগিয়ে আসে। হাত পা নেড়ে চিংকার করে কি সব বলতে শুক্ত করে। ভাড়ের মধ্যে তৃই রাজা আর তাদের শক্তকে দেখতে পাওয়া যায় না।

- —খবর এদে পে'ছেচে। ঠোঁট কামড়ায় ত্রিভন।
- —হাঁ রাজা। রানুকোর চোথছটো উজ্জন।
- —ধহুক নিয়ে ৈরী থাকতে বল সব।ইকে। হুকুম পাবার সঙ্গের্রসঙ্গে প্রত্যেকে যেন কম করে চারটে তার ছু ড়তে পারে।

চোয়াড়ের দল প্রস্তুত হয়।

বৃদ্ধ :চোয়াড়ের মুভদেহ তথনো নরম। রান্কে: ভার ধহুক তুণ নিয়ে

নিজের পাশে রাখে।

—শক্রদের পরিষ্ণার করার সাধ ছিল এর—দেখে যেতে পারল না। মৃতের মাথা স্পর্শ করে আন্তে আন্তে উচ্চারণ করে রানকো।

রাজাদের তাঁবুর খুঁটি টেনে উপ্ডে ফেলা হয়। সৈগ্ররা তাদের জিনিষপত্তর পিঠে বেঁধে নেয়। ঠিক সেই সময়ে চার ঝাঁক তীর গিয়ে বেশ কিছুসংখ্যক লোককে মাটিতে কেলে দেয়।

আর্তনাদ ওঠে শত্রুদের মধ্যে। কানার আওয়াজ শুনতে পাওয়া যায়। আহতদের কানা। যারা মরেছে, তাদের বলার কিছুই নেই, কিন্তু আহতেরা ফিরে যেতে চায় নিজের দেশে—স্ত্রীপুত্রের কাছে। স্থানিদি দিতে না পেরে ভারা হয়ত অপরিসীম অভ্যাচার সহ্ব করছে।

বিস্মিত চোয়াড়রা দেখে, আহতরা পড়েই রইল। কেউ তাদের তুলে নিয়ে গেল না। ছই রাজা যে যুদ্ধক্ষেত্রে উপস্থিত দেখানে এই অমাহ্যমিক অবিবেচনা ঘটতে দেখে তারা চমকে ওঠে।

শক্রনা দৃষ্টির আড়ালে চলে যায় ধীরে ধীরে ৷ আহতেরা হাত পা ছুঁড়ে কাঁদে।

- —চল রান্কো দেখে আসি ওদের। যদি কিছু সাহায্য করতে পারি।
- —বৃদ্ধের মৃতদেহটা ?
- —হাঁা, গাঁয়ে নিয়ে যাবার ব্যবস্থা কর এখুনি।

রান্কোর আদেশে পাঁচজন বলিষ্ঠ চোয়াড় সামনে এগিয়ে আগে। বৃদ্ধকে তারা চেনে। বিষধ-মুখে একটি শিশু শালগাছ কেটে নিয়ে বৃদ্ধের মুক্তদেহ সযত্বে তার সঙ্গে বেঁধে ফেলে। শালপাতা হাতে নিয়ে তার বৃক আর মুখের শুকিয়ে যাওয়া রক্তটুকু মুছে নেয়। চোয়াড়ের দল শুক হয়ে চেয়ে দেখে। চোখ তাদের চিক্চিক্ করে ওঠে।

- —বিজলী ? রান্কো প্রশ্ন করে।
- —ও এখানেই থাকবে সর্দার। এখানেই ওর সমাধি। যদি কোনদিন স্থাসময় আসে—পাধর খোদাই করে অমর করে রেখে যাব ওকে। আর যদি সে স্থাোগ না পাই, তবে বিশ্বতির মধ্যে ডুবে যাবে ওর নাম, ওর মৃত্যুস্থান— এমনকি সতেরখানির একদিনের ইতিহাস।

ধারতি ত্-চোথ ভরা বিশ্বয় নিয়ে রাজার মুখের দিকে চেয়ে থাকে। তুই রাজা যেথানে রাজ্য আক্রমণ করেছে, সেথানে এত তাড়াতাড়ি যুদ্ধ শেষ হওয়া সম্ভব নয়। একটি অমঙ্গলের আশঙ্কায় তার বুকের ভেতর কাঁপতে থাকে।

কিভাগড়ের ওপর থেকে সে চোয়াড়দের সঙ্গে ফিরতে দেখেছে রাজাকে। পায়ে হেঁটে আসছিল রাজা। বিজলী কোপায় ? শক্রদের বল্পমের খোঁচা বোধহয় সহ্থ করতে পারেনি এই বয়সে। কিন্তু রাজার গায়ে তো কোন আঘাতের চিহ্ন নেই ? ঘোড়াকে মেরে ফেলে, রাজাকে ছেড়ে দিতে পারে না তারা। তবে কি পালিয়ে এল সতেরখানির রাজা বিজ্ঞন সিং ভূঁইয়া ? চোঝ ভূলে সোজা দৃষ্টি ফেলে রাজার ওপর। সে মুখে তথনো কোন কথা নেই। ভাগু একটা মান হাসি লেগে রয়েছে।

- विजनी काशाय ?
- সে নেই। রেখে এলাম। ত্রিভনের চোথ ছল্ছল্ করে ওঠে।
- —আর তুমি পালিয়ে এলে ? চিৎকার করে ওঠে ধারতি।
- —ধারতি।

রাজার আর্তনাদে শুক্ক হয় রাণী। দেখতে পায় এক অপরিসীম যন্ত্রণায় রাজার মুখ বিক্বত। সে টলছে।

—কি হল তোমার ? অমন করছ কেন ?

কথা বলতে পারে না ত্রিবন। শুধু ইসারায়, জানায়, কিছুই হয় নি ভার। ধারতি বিশ্বাস করে না। তুই হাতে জড়িয়ে ধরে ত্রিশুনকে।

অনেকক্ষণ চলে যায়। জীবনের সব চাইতে বড় আঘাতকে সামলে নেয় ত্তিভন। ধারতি তাকে কাপুফ্ষ ভাবে, তাকে অবিশাস করে। এর চাইতে বড় আঘাত আর কি হতে পারে পৃথিবীতে।

- আমি অন্তায় করেছি রাজা। ক্ষমা কর।
- कमात्र कथा ७८ ना तानी।
- আমার মাধার ঠিক নেই। কেমন যেন হয়ে গিয়েছি।
- খুবই স্বাভাবিক। তাছাড়া অত যত্ত্বে মুদ্ধের বেশে সাজিয়ে দিলে
 ছদিনের মধ্যে ফিরে আসব বলে নয়। আমি রাণী হলে আমারও মাধার ঠিক
 পাকত না।
 - —তুমি অমনভাবে বলছ কেন ?
 - —লিপুর, এতদিন পরে তৃমি আমাকে এইটুকু চিনলে ?

চোখের জলের বাঁধ ভাঙে লিপুরের। রাজা চেয়ে খাকে শুধু। কোধায় যেন একটা বিরাট কাটলের স্বষ্টি হয়েছে—সে কাটলকে আগের মত করে ভোলা খুবই হুঃসাধ্য ব্যাপার।

ধারতি একসময় ধীরে ধীরে উঠে দাঁডায়। রাজার সামনে এসে তাকে

थ्रगाम करत वरन-विनाय नाख वानीयना।

- —কো**পা**য় যাবে ?
- আঙুল তুলে ওপর দিকে দেখিয়ে দেয় ধারতি।
- —আত্মহত্যা করবে তুমি ?
- —অন্ত পথ আছে ?
- —আমি তো ক্ষমা করেছি তোমাকে।
- ক্ষমা পেয়ে বেঁচে থাকা যায় না। যতদিন ক্ষমার প্রশ্ন ওঠে না ততদিনই শুধু বাঁচা যায়।
- —শোন ধারতি, তুঁমি শুধু লিপুর নও, তুমি রাণীও। তাই একটা অবিশাস মুহুর্তের জন্মে হলেও তোমার মনে স্থান পেয়েছিল। সেটা সত্যি নয়, শুধু একটা হুঃস্বপ্লের মত। কালই এর প্রভাব হয়ত ধাকবে না।
 - থাকবে রাজা। যতদিন বাঁচব, ততদিন থাকবে।
- ভূল রাণী। কাঁটারাঞ্জার যে মেয়েটিকে আমি সমস্ত প্রাণ ঢেলে ভালবাসি তার মন নিয়ে জিনিষটা ভাবতে চেষ্টা কর। ভোমার ভূল ব্রুতে পারবে। রাণীর মন নিয়ে ভেবোনা।
 - —গে ভাবে না ভেবে তো পারছি না।
- —তাই বা ভাবছ কই ? তুমি জান, সময় ঘনিয়ে আসছে। অজগরের চাপে বিজলীর অপমৃত্যুই তার ইংগিত দিচ্ছি। অম্বিকানগর আর স্থামস্থলরপুরের রাজারা দেশে ফিরে গেলেও, তুদিন পরে সব রাজা একসাথে এদে ঝাঁপিয়ে পড়বে তা তুমি জান। তথন ? আমি তো আর ফিরব না। লালসিং-এর দায়িত্ব কে নেবে ?

রাণীর চোথ ছাপিয়ে জল গড়িয়ে পড়ে। ব্রিডনের কোলের মধ্যে মুথ ওঁজে ভাঙা ভাঙা স্বরে বলে—ভূলে যাও বাঁশীওলা। কাঁটারাঞ্জার পাধরের ওপর বসে এমন কত অক্সায়ই তো করেছি। কই, আঘাত তো পাওনিকখনো। সতেরখানির রাণী আমি, কিছু তোমার তো লিপুরই।

ত্রিভনের মনে হয় ফাটলটা এর মধ্যেই অনেকথানি জুড়ে গেল। রাণীকে বুকের কাছে টেনে নেয় সে।

দীমাস্ত ছেড়ে রান্কো একদিন কিতাগড়ে ফিরে আদে। ত্রিভন বিশ্বিত হয়। স্পারহীন চোয়াড়দের একা ছেড়ে আসার মত কি কারণ ঘটল ? রান্কোর মুশ্বের দিকে চেয়ে কোন বিপদের আভাস পাওয়া যায় না। বরং প্রফুক্কাই মনে হয় তাকে। সারিমুর্থ একা এসে বসে এখন কিতাগড়ে। সব সময়ই বিষণ্ণ সে নিজের ওপর বিরক্ত। এই বিরক্ত-ভাব ব্ধকিস্কু চলে যাবার পর থে বিত্তকায় পরিণত হয়েছে। রোজই রাজাকে সে একবার করে অহুরোধ কে কোন একটা কাজ দেবার জন্তে। রাজা প্রতিবারই বলেছে তাকে বে তার কাজ একেবারে শেষ সময়ে—কিতাগড় রক্ষার ভার। এ-কথায় সন্থ হয়নি সারিমুর্থ। তার ধারণা রাজা তার ওপর নির্ভর করতে পারেনা বলেই ওভাবে তুলিয়ে রাখছে।

রান্কোকে দেখে সারিমুর্মু আনন্দ চেপে রাখতে পারে না। ছুটে গিয়ে জড়িয়ে ধরে বলে—স্পার।

- —স্পার। জবাব দেয় রান্কো।
- —আমি সদার নই। আমি ফালতু। মুমু সদারের চোখ ছলছল করে ওঠে।
 - —তুমিই দর্দার। কিতাগড়ের আসল দ্দার।

একটু সম্ভষ্ট হয় থেন সারিমুর্ম। রান্কোর চোধে বা কথার ক্বজিমতার চিহ্ন নেই। সে আবেগের সঙ্গেই কথাগুলো বলে।

- —হাতে ওটা কি ? সারিমুমু প্রশ্ন করে রান্কোর হাতের পলির দি চেয়ে।
- —এই জন্তেই তো আসতে হল। রান্কো রাজার সামনে এগিয়ে গিয়ে সম্ভর্পণে থলিটা নামায়। শব্দ হয়।
 - —টাকা? ত্রিভন প্রশ্ন করে।
 - —হাঁ রাজা।
 - —কো**থা**য় পেলে ?
 - —স্থানিদি।
- —তার মানে ? ত্রিভন আর সারিমুমু একদাথে চমকে ওঠে। বুধবি কি তবে মৃত ?
 - —স্পার বৃধকিস্কুর কোন বিপদ হয়নি রাজা!
 - —সে কোথায়?
 - —গীমান্তে।
 - —ভাকে রেখে তুমি চলে এলে ?
- —কিছুতেই এলো না। হাতে পায়েও ধরেছি ! বলল, নাঃ, এখানেই ধাকব। যদি ভাগ্যে থাকে এখানেই মরব।

- --হঠাৎ এ পরিবর্তন কেন ?
- —মনে হয় অম্বিকানগর আর শ্রামস্থলরপুরের প্রতি ঘরে বাঘরায় পোরেণের নাম শুনেছে। আমরা কিছুই থবর রাধিনা রাজা, কিন্তু বাঘরায় সোরেণ ও-সব অঞ্চলে বিখ্যাত।

সারিমুর্ম বুক ত্লে ওঠে। কেন যেন তার চোথ ঝাপদা হয়। ছুট্কীর কথা মনে পড়ে। হভভাগী—সতিট্ই হভভাগী।

স্থানিদির টাক। গুণে দেখার সময় কিছুক্ষণের জন্তে বিমর্থতা ব্রিভানের মনকে আচ্ছর করে। কত অত্যাচার সয়েই না টাকাগুলো দিতে হয়েছিল সাধারণ লোকদের। কিন্তু উপায় কি ? সতেরখানির লোকেরাও আনন্দেনেই। আনক ত্থা, অনেক যন্ত্রণা তারা সহ্য করছে দিনের পর দিন। তাদের জন্তেই এই স্থানিদির একাস্ত প্রয়োজন। দীর্ঘদিন ধরে কত পুরুষ বাইরে রয়েছে, তাদের পরিবারের ভার রাজাকেই নিতে হবে।

- —বুধসর্দারের সব লোক ফিরেছে ?
- হজন ফেরেনি। বড় বেশী লোভে পড়েছিল তারা।
- হুঁ। অস্বাভাবিক নয়। মাক্সম তারা।

কিতাগড় থেকে বিদায় নিয়ে রান্কো নিজের কুটরের দিকে রওনা হয়। অনেকদিন অমত্রে পড়ে রমেছে সদার পারাউ মুর্মুর বাস্তাভিটে। যে কয়দিন বাটালুকায় থাকবে সংস্কার করবে সে। কিন্তু আবার তো যেতে হবে। শিগ্গিরই ডাক আসবে। স্থানিদির খবর বরাহভূমে পৌছতে বেশী দেরি লাগবে না। এবারে তরফের স্বাইকেই হাতিয়ার ধরতে হবে। সালহাই ইাসদাও বোধ হয় বাদ পড়বে না!

রান্কে। একসময়ে দেখে নিজের অজাস্তে দালহাই হাঁসদার বাড়ীর কাছা-কাছি এসে পড়েছে। কাঁপনার চিস্তা অবচেতন মনে কাজ করে চলেছিল একথা আগে বোঝেনি। কিন্তু বাড়ীর ভেতরে গিয়ে তো চুকতে পারে না। কাঁপনী বাইরে দাঁড়িয়ে থাকবে এমন আশা করাও রুখা।

কয়েকটি ছেলেমেয়ে খেলা করছিল শ্যোবের পালের পাশে। ঝাঁপনীর ছেলেমেয়ে। কভগুলে। হয়েছে কে জানে। বোধ হয় প্রতি বছরই হ'য়েছে। কত বছর বিয়ে হ'য়েছে যেন? ত্রিভন দিং যতদিন রাজা হয়েছেন। কিতাডুংরিতে ঝাঁপনী আর তার ভাগ্য নিয়ম্বণই রাজার জীবনের প্রথম বিচার।

ছেলেমেয়েগুলোর একটা হঠাৎ চিৎকার করে কেঁদে ওঠে। সঙ্গে সঙ্গে

বাড়ীর ভেতর থেকে সালহাইএর হুস্কার শোনা যায়। বাচ্চাটা তবুকেঁদে চলে। রান্কো ভাড়াভাড়ি পা চালিয়ে দেয়। এবারে সালহাই আসবে নিশ্চয়, এসে বাচ্চাগুলোকে ঠেঙাতে স্কুক করবে।

কিন্ত না, সালহাই নয়। পেছন ফিরে রান্কো চেয়ে দেখে ঝাঁপনীই এসেছে, কাঁছনে বাচ্চাটাকে কোলে তুলে নিয়েছে। খমকে দাঁড়িয়ে পড়ে রান্কো। ঝাঁপনী দেখুক তাকে। কিন্তু তাকায় না ঝাঁপনী। বাচ্চাটির চোখ মুছিয়ে দিতে বাস্ত। ধমক দেয় অন্তগুলোকে। শেষে বাড়ীর ভেতরে চলে যায়।

দীর্ঘশাস বার হয় রান্কোর বুক ভেঙে। চলতে শুরু করে সে। অনেকটা পথ ঘুরে যেতে হবে তাকে।

নিজের কৃটিরের সামনে এসে অবাক হয় রান্কো। এমন স্থন্দরভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করে রেখেছে কে ? রাজা কি অন্ত কাউকে ব্যবহার করতে দিয়েছেন তার অহুপস্থিতে! তাহলে তো তিনি জানিয়ে দিতেন ধ্বরটা। তবে বোধহয় শুকোলরা দেখাশোনা করে। শত হলেও পারাউ স্পারের ভিটে—সত্তর্থানির তীর্থস্থান। তার ওপর আবার রাণীর জন্মস্থান এটা।

উঠোনে এসে দাড়ায় রান্কো। ঝক্ঝক্ করছে সমস্য উঠোন—দাওয়া— দেমাল। কালই যেন গোবর দিয়ে লেপে রেখে গিয়েছে। মনে মনে লজ্জিত হয় রান্কো। সে এথানে থেকেও এমন নিথুতভাবে রাথতে পারে না। না ধাকাই ভাল তার। পারাউমুমুর স্মৃতিটুকু দীর্ঘদিন স্থায়ী হবে।

দাওয়ার ওপর উঠে শুয়ে পড়ে রান্কো। বড় ক্লাস্ত। সীমাস্তের দিবারাত্রির সজাগ প্রহরী ছিল সে অন্ত চোয়াড়দের পালা করে বিশ্রামের স্থাগ দিলেও, নিজের জন্মে সে বিশ্রামের অবসর খুব কমই খুঁজে পেয়েছে। অতবড় দায়িত্ব কাধে নিয়ে অবসর পাওয়া সম্ভব নয়।

ঘুমিয়ে পড়ে রান্কো। ঝাঁপনীর কথা ভাববারও অবসর দেয় না মন্তিষ্ক।
সে ওঠে বেলা গড়িয়ে গেলে। হয়ত আরও ঘুমোতো—রাত্তি এসে ভোরও
হয়ে যেতে পারত। কিন্তু প্রচও তৃষ্ণায় ঘুম যায় ভেঙে। গলা ভকিয়ে উঠেছে।

কলসি নিয়ে এখন ঝর্ণায় যেতে হবে। একথা মনে করতেই অবসাদ অহুভব করে আবার। খাবারেরও ব্যবস্থা করতে হবে একটা কিছু। খাবার না হলে তব কাটাতে পারবে। কিন্তু জল তার চাই—ই।

দাওয়ার একপাশে মাটি দিয়ে তৈরী উচু জারগাটায় কলসি রয়েছে।

ভথানেই থাকে বরাবর। পারাউমুমুর আমল থেকে। সে কাছে গিয়ে হাত দিয়ে দেখে, কানায় কানায় ভতি কলি । অবাক হয় একটু। ভেবে পায় না এইরকম জল-ভরে রেখে গিয়েছিল কি না। নিশ্চয়ই তাই। ভকোলরা বাড়ী পরিষ্কার রাখতে পারে, কিন্তু কলদীতে জল তুলে রেখে দেবে না। এতদিনের জল থাওয়া যায় না ভেবে, সে তুহাত দিয়ে তুলে দাওয়ার ওপর নিয়ে আসে কলসিটাকে। উপুড় করে জলটুকু ফেলে দিতে গিয়ে বাধা পায়।

ঝাঁপনী দাঁড়িয়ে রয়েছে উঠোনের মাঝখানে-পাখরের মৃতির মত।

- —ঝাপনী।
- —তুমি !

কলনি ছেড়ে রান্কে। হুহাত বাড়িয়ে দেয়। ছুটে এসে ঝাঁপনী আছড়ে পড়ে তার বুকের ওপর।

- —জানতে না ? অনেক্ষণ পরে রান্কে। প্রশ্ন করে।
- -- ना ।
- —তবে কেন এলে।
- আসি তো।
- —রোজ ?
- —প্রায়ই। জল ফেলছ কেন ় কালই ভরে রেখে গিয়েছি।

অবাক হয় রান্কো। ঝাঁপনীর মুখখানাকে তুলে ধরে চেয়ে থাকে তার চোখের দিকে। চোখ বন্ধ করে ঝাঁপনী।

রান্কো জন্মভব করে অনেক রোগা হয়ে গিয়েছে ঝাঁপনী। কিতাডুংরির নাচের সময়ের কথা ছেড়ে দিলেও, ধলভূম থেকে ফিরে আমার পরেও অদম্যস্থাস্থার বেয়াড়াপনা অহুভব করত ঝাঁপনীকে জড়িয়ে ধরলে। দে স্থাস্থ্য আর নেই। তার ত্হাতের মধ্যে কেমন যেন গলে পড়েছে। শরীরের মাংস ঢিলে। চাপ দিলে হাড়ে ব্যথা লাগবে।

চাপ দেয় না রান্কো। আলগোছে ধরে রাখে। ছেড়ে দিলে পড়ে যাবে ঝাঁপনী। মনে হয় ঘুমোছে। দিনে রাতে বাচ্চাগুলোর আর সালহাই এর জন্মে বিশ্রাম পায় না। চোখের কোলের গভীর কালো রেখাই তার প্রমাণ, নাকের পাশ দিয়ে হাসির ভাঁজটা কেমন যেন কালার ভাঁজের মত দেখায়। নিজের গালের সঙ্গে তার গালটা চেপে ধরে রান্কো।

—আর পারি না। ঝাঁপনীর চোখ বেয়ে জল গড়িয়ে পড়ে। সাশ্বনা দিতে পারে না রানকো।

- -রাজা এমন বিচার কেন করলেন।
- —আমরা মাত্রম বলে।
- —এবার থেকে ফিরে এসে আমাকে খবর দিও। রোজ রোজ আসতে পারি না। ভকোলরা দেখেছে।

সন্ধ্যা হয়। কাঁটারাঞ্চার ফেউ ডেকে ওঠে। কাঁপনীর হাত ধরে রান্কো পথে নামে। নিরাপদে পৌছে দিতে হবে তাকে।

- --कार्ठ म्बा इन ना। वक्र छ।
- —বলবে, বেঁধে রেখে এসেছ। ভারী বলে আনতে পারনি।
- —ও যদি নিজে আনতে চায় কালকে ?
- —তবে বলো, পেটে ব্যথা বলে আনতে পারনি আজ।
- ঝাঁপনী হাসে। রান্কোও হাসে।
- —আজ আমাকে দেখতেই পেলে না। রান্কো বলে।
- --কখন ?
- —ঘরে ফেরার আগে তোমার বাড়ীর দিকে গিয়েছিলাম।
- শত্যি? আমি কি করছিলাম।
- —বাচ্চাটার কারা থামাচ্ছিলে।

কাঁপনী লজ্জা পায়। ধীরে ধাঁরে বলে,—তুমি তোমার কাঁপনীকে দেখোনি তথন। সালহাই হাঁসদার বউকে দেখেছিলে।

রান্কোর বুকে স্থচ বেঁধে।

রান্কোর বিশ্রামলাভের স্থযোগ মিলল না বেশীদিন। ত্রিভনেরও নয়। সমস্ত সভেরথানি তরকের প্রতিটি চোয়াড়ের বিশ্রামের স্থযোগ নষ্ট হল। চোয়াড় ছাড়াও সাধারণ পুরুষদেরও চাউরা শুনে এসে দাড়াতে হল কিভাগড়ের সামনের মাঠে।

একটি মাত্র ত্ঃসংবাদের জন্তে এতথানি ওলট পালট ঘটে গেল খাঁড়ে পাধরের বংশধর ত্রিভন সিং ভূঁইয়ার সতেরখানি তরফে।

সদার বাঘরায় সোরেন মৃত।

বীরের মত যুদ্ধ করতে করতে নিহত হয়নি বাঘরায়। মৃত্যু এসেছে ধীরে ধীরে এক পা এক পা করে। ঠিক বাটালুকায় নিজের কুটিরে ছুট্কীর পাতা শয্যায় শুয়ে যে ভাবে মৃত্যুর কল্পনা করত সে একসময়ে। পার্থক্যের মধ্যে কুটিরের চালের পরিবর্তে ওপরে ছিল উন্মৃক্ত আকাশ। আর ছুট্কীর অঞ্চাসিক্ত ্বের বদলে চোয়াড়দের ঝুঁকে পড়া মুখের অবাধ জলরাশি। শিশুর মতই কুঁদেছিল চোয়াড়রা বাঘরায়ের শেষ সময়ে। রাজাকেও তারা এমনভাবে গালবাসতে পারেনি। স্পারকে ভালবেসে নিজেদের ঘর সংসার ভূলতে ধ্যেছিল তারা।

অস্থা ভূগে মৃত্যু হল বাঘরায়ের। অস্থা নিয়েই দিনের পর দিন অতিষ্ঠ করে তুলেছিল সে বরাহভূম-রাজকে। শেষে স্বাস্থ্য ভেঙে পড়ল। খড়ের বিছানায় আশ্রম নিয়ে শেষ দিনের জন্মে অপেক্ষা করতে হল তাকে।

রাজা কাঁদল, রাণী কাঁদল, রান্কো কাঁদল। কিন্তু সারিমুম্র চোখে জল দেখা গেল না। সোজা কিতাগড়ো এসে বৃক ফুলিয়ে বলল—এবারে কাজের ভার দিন রাজা।

- —কি কাজ ?
- —বাঘরায়ের কাঞ্জ—আমার ছেলের ফেলে রাখা কাজ।
- —বড় দেরি হয়ে গিয়েছে সর্দার।
- —কেন রাজা _?
- —বরাহভূমে আর কোনদিনও খেতে পারবে না চোয়াড়রা। বাঘরায়ের মৃত্যুতে পথ পরিষ্কার হয়েছে বরাহভূমের রাজার। তিনি এগিয়ে আসছেন—
 দল বেঁখে এগিয়ে আসছেন।
- —এখনো আমাকে ভূলোতে চেষ্টা করছেন রাজা? আমি কি এতই অপদার্থ? সারিমুর্ম উন্নত্তের মত চেঁচিয়ে ওঠে। তার বার্ধক্যের শিরা-ওঠা হাত ধরণর করে কাঁপে।
- মিধ্যা বলছি না সর্দার। মিধ্যা বলার সময় নেই। সংবাদ পেয়েছি আমি। ধলভূম, স্থপুর আর বরাহভূম—প্রস্তুত তারা। অম্বিকানগর আর স্থামস্থলরপুর পথে যোগ দেবে।
 - —তবে আমি কি করব ? আমার কি কোন কাজ নেই ?
- --- যে কাজের জন্মে রেখেছি তোমাকে, সেই কাজই করবে। সে-দিন খুবই কাছে। হাাঁ, এখন আমি স্পষ্ট করেই বলতে পারি সে-দিনের আর দেরি নেই।

লালসিং হাঁটতে শিথছে। কিতাগড়ের অস্তঃপুর তোলপাড় করে ঘুরে বেড়ায়। কথায় কথায় হোঁচট খেয়ে মুখ থ্বড়ে পড়ে। মুংনী প্রথম প্রথম ছুটে এসে ধরে ফেলত। এখন আব ধরে না। রাণীর হকুম। লালসিং পড়ে যাক্, মুখ কাটুক, মাথা ভাটুক—ধরতে পারবে না মুংনী। অত আগলে রাধলে কষ্টসহিষ্ণু হতে পারবে না। কন্টসহিষ্ণু না হলে, বরাহভূম, ধলভূম আর স্থপুরের রাজা হওয়া যায়—সতেরথানির নয়। রাজার ছেলে হয়ে জন্মালেই রাজা হওয়া যায় না এথানে। পরীক্ষা দিতে হয়—কঠোর পরীক্ষা।

প্রথম প্রথম পড়ে গিয়ে কাঁদত লালসিং। এখন আর কাঁদে না। শিশুমনেও বোধহয় উপলব্ধি জেগেছে যে, হাঁটতে গেলে পড়তে হয়। আর পড়ে গেলে ব্যথাও পেতে হয়। কিন্তু তার জত্যে আকুল হবার কিছু নেই। ব্যথা আপনা থেকেই সেরে যায়।

ভান হাতের আঙুল কেটে ফেলেছিল লালসিং একদিন। বাবার অসাবধানে রাখা তরবারি নিয়ে খেলা করতে গিয়ে। রক্তে দেখে চম্কে উঠেছিল মুংনী। ছুটে গিয়ে রাণীকে ভেকে এনেছিল। কোখায় কেটেছে প্রশ্ন করা হলে সে ভান হাতখানা পেছনে লুকিয়ে রেখে ভাল মান্থবের মত বাঁ হাতখানা বাড়িয়ে দিয়েছিল মায়ের দিকে। আনন্দে ভরে উঠেছিল মায়ের বুক। জড়িয়ে ধরেছিল লালসিংকে।

কিছ সে ঘটনার পর বেশ কিছুদিন চলে গিয়েছে। প্রায় হুমাস হতে চলল। এই তুমাস অনেক পরিবর্তন হয়েছে ধারতির। পরিবর্তন হয়েছে সতেরখানির। এখন আর লালসিংএর দিকে চাইবার সময় নেই ধারতির। তার মাপায় অনেক চিন্তা। শত্রুরা এক নতুন কৌশল ফুরু করেছে। খণ্ড খণ্ড **परन अरम मारब मोराब मोमारख हाना पिरुछ। वृक्षिम्कृ जारनकिन अका** ঠেকিয়েছে। কিন্তু এখন সে অক্ষম। দিনের পর দিন না খেয়ে না ঘুমিয়ে স্বাস্থ্য ভেঙে পড়ছে তার। ফিরে এসেছে বাটালুকায়। না আসতেই চেয়েছিল সে। বাঘরায়ের মত সে-ও থড়ের বিছানা বিছিয়ে নিয়েছিল এক পাহাড়ের গুহায়। ত্রিভন জ্বোর করে ধরে এনেছে তাকে—তিরন্ধারও করেছে। বিপদ যতই এগিয়ে আসছে ততই বজ্ঞকঠিন হয়ে উঠছে জ্বিভন। ভাষাবেগকে সে পছন্দ করত এককালে—এখন আর বরদান্ত করতে পারে না। প্রৌঢ় বৃধকিস্কু জাবনে অনেক আঘাতই হয়ত পেয়েছে, তবু ভাবাবেগকে কেন যে মনে স্থান দিল বুঝতে চেষ্টা করেনি ত্রিভন। সে ওধু বুঝেছিল সভেরশানির জনবল নগন্ত। বুধকিস্কু বাটালুকায় ফিরে এসে বিশ্রাম নিলে, স্বাস্থ্য ভার ফিরে পাবার সম্ভাবনা রয়েছে। আর সে স্থন্থ হলে চরমতম দিনে যথেষ্ট সাহায্য পাওয়া যাবে তার কাছ থেকে। তাই উগ্র ভাষা প্রয়োগ করেছিল সে বুধ-এর ছেলেমামুষীতে।

नकामत कोनन वार्थ रमनि। लाक काम चामाइं माजदानि जनस्मत।

প্রতিদিন সীমান্তের দিকে পাড়ি দিছে ক্ষুদ্র ক্ষুদ্র চোয়াড়ের দল, আর প্রতি-দিনই এ-বাড়ী ও-বাড়ী থেকে হাহাকার উঠছে। কান্নার আওয়াজ প্রতিধ্বনিত হয় সব কয়টি পাহাড়ে।

ত্রিভনের বুকে চাপা ব্যধার গুমড়ানি। সে ব্যধা সঞ্চায়িত হয়েছে ধারতির বুকেও। লালসিংকে দেখার সময় কোখায় তার ?

- ভূলই করেছি ধারতি। ত্রিভন একদিন সীমাস্ত থেকে ফিরে এসে বলে। এখন সে সীমাস্তেই থাকে। মাঝে মাঝে সময় করে কয়েকদণ্ডের জল্ঞে ফিরে আসে বাটালুকায়।
 - —না।
 - —রাজ্য জনশৃত্য হতে চলল।
 - —হোকু।
 - --লিপুর !
 - -- আমি রাণী, রাজা।
- —হাঁ, রাণী। রাণী কি ভেবেচিন্তে আমার কথার জবাব দিচ্ছ? না, লিপুরের মত থেয়ালের বশে কথা বলে চলেছ?
- —রাণী আর লিপুরের তফাৎ আছে রাজা। কিন্তু মন তাদের একই।
 'কুজনেই বাটালুকার মেয়ে—কুজনেই ভালবাসে সতেরখানিকে।
 - —সে ভালবাসা কি ভুধু এখানকার বন-জঙ্গল পাহাড় আর মাটির জন্তে ?
- —না, রাজা। মাহুষদেরই ভালবাসি আমি। জানি, এ-যুদ্ধে সব সংসারেই বিধবা আর অনাথের সংখ্যা বাড়বে—না খেয়ে মরবে কভ, ভবু তুমি ভুল করনি।
 - ---রাণী।
- তুর্ বেঁচে থাকাটাই কি সব রাজা ? আমি জ্ঞানি, তুমি সব বোঝ। তব্ এমন তুর্বল হয়ে পড় কেন মাঝে মাঝে ? খারতি কয়েক পা এগিয়ে এসে জিজনের গলা বেষ্টন করে তুহাতে।
 - —একি ! নিজের হাতের দিকে চেয়ে চমকে ওঠে ধারতি।
 - রক্ত ।
 - —কোথা থেকে লাগল ?
- —গলা থেকে। তীরটা গলার চামড়া উঠিয়ে নিয়ে চলে গেল। বুকেও লাগতে পারত। আমি হলে ঠিক লাগাতে পারতাম।
 - —ও। আহত স্থানটি এক ঝলক চেগ্নে দেখে নেয় ধারতি। মুখে তার

হাসি কোটে। সতেরধানির বীর রাজা। তবু একান্তভাবে তারই। যুদ্ধের সাজে এখন আর সাজিয়ে দিতে পারে নাসে। সময় থাকে না।

এমনিভাবে ধুমকেতুর মত এসে বিদায় নিয়ে আর হয়ত ফিরবে না ত্রিভন। ভাবতে গিয়ে শিউরে ওঠে ধারতি—অথচ কতবার ভেবেছে একথা।

যদি সভ্যিই ত্রিভন না ফেরে একদিন—মনকে ভাবাবেগবর্জিত করে ভাবতে চেষ্টা করে ধারতি। তেমন দিন আসতে পারে বৈকি। তেমন দিন এলে নিজের জন্মে ব্যস্ত হবার বিশেষ কারণ নেই। শক্রর সামনে দাঁড়িয়ে যুদ্ধ করতে করতে সে মরতে পারবে। কিংবা আত্মহত্যা।

किन्छ नानि तिः ? ति काषाय याति ?

ত্রিভন একদৃষ্টে চেয়ে ছিল ধারতির মুখের দিকে। ধারতির চোখের পাতায় আর মুখের রেখায় বোধহয় স্পন্দিত হচ্ছিল তার চিস্তাধারা। অহুমান করতে পারে ত্রিভন।

—আমি মরলেও ভোমার মরা চলবে না রাণী।

কেঁপে ওঠে ধারতি,—কেন ?

—লালসিং-এর জন্মেই তোমায় বাঁচতে হবে। তোমার তথাবধানে থাকলে একদিন সে সতেরখানি তরফের উপযুক্ত রাজা হয়ে উঠবে—এ আমি জানি। সব শিথিও তাকে।

ধারতি স্তব্ধ।

-পারবে তো রাণী ?

অনেক চেষ্টার পর রাণী মৃথ খোলে,—পারব রাজা। সাধ্যমত চেষ্টা করব তোমার কথা মেনে চলতে।

কেঁদে ফেলে রাণী। কাঁটারাঞ্জার কালো পাথরের পাশে সেদিনের লিপুর একবার যেমন কেঁদেছিল ঠিক তেমনি।

ব্রিভন স্থির হয়ে দাঁড়িয়ে থাকে। একটুও নড়ে না। সে শুধু ভাবে। কভথানি শক্তির অধিকারিণী হতে পারলে অনাগত সভ্যকে এভাবে মেনে নিভে পারে নেয়েরা।

- —আর একটা কথা। লালসিং-এর জীবনের জন্মে হয়ত তোমাকে সবার অলক্ষো চোরের মত পালাতে আমি পারব না।
 - —না। চোরের মত পালাতে আমি পারব না।
- --- অব্ঝ হয়ো না রাণী। সকলের সামনে দিয়ে রাণীর সন্মান নিয়ে চলে । যাবার স্থযোগ ভোমার নাও আসতে পারে।

- —তাই বলে চোরের মত ?
- —ই। ঝোপ ঝাড়ের মধ্যে দিয়ে, শালবনের অন্ধকার ভেদ করে, পাহাড় পরিয়ে যাবে তুমি। কোলে থাকবে লালসিং—তোমার আর আমার নালসিং। তোমার শিক্ষায় আমাদের লালসিং একদিন হয়ে উঠবে সারা নতেরথানির লালসিং।
 - —রাজা। আর্তনাদ করে ওঠে ধারতি।
 - ---রাণী।
 - —বল, তোমার কি হয়েছে।
 - —কিছু নয় তো।
- —তবে আংসল ঘটনা খুলে বল। লুকিও না রাজা। তুমি যা বলকে মক্ষরে আক্ষরে মেনে নেব। শুধু সভিয় কথা আমাকে খুলে বল। সে-দিন কৈ খুবই কাছে যার জন্মে আজই তোমাকে এত কথা বলতে হচ্ছে ?
- —হাঁ লিপুর। আমার কাঁটারাঞ্চার কালো পাধরের লিপুরের কাছ থেকে বিদায় নেবার সময় হয়ে এসেছে। এগিয়ে আসছে তারা। দল বেঁধে এগিয়ে আসছে। সাধ্য নেই যে ঠেকিয়ে রাখি। জনবল নেই, ওদের সিকিও যদি ধাকত আমার, প্রচণ্ড আঘাত দিয়ে ফিরিয়ে দিতে পারতান।
- —আমি লুকিয়েই যাব রাজা। তুমি নিশ্চিন্ত হও। তোমার লালসিংকে দার্থক করে গড়ে তুলব। সে প্রতিশোধ নেবে—দারুণ প্রতিশোধ। তার জন্মে দতেরখানির শেষ পুরুষটিও যদি প্রাণ দেয়, পেছপা হবে না সে। আমি প্রতিজ্ঞ করছি রাজা, এইভাবেই তাকে গড়ে তুলব।

একটু থেমে কি যেন ভাবে রাণী। তার চোখের দৃষ্টি স্থির, ওষ্ঠ দৃঢ়।
শবে বলে,—আর যদি দেখি, তেমন করে তুলতে পারলাম না তাকে, যদি সো
গগ্যবক্ম হয়ে ওঠে, তবে নিজের হাতে বিষ দেব তোমার লালসিংকে।

ত্রিভন চেয়ে থাকে। এই রাণীকে সে চেনেনা—যেন নতুন দেখছে।

কিতাপাটকে নিঃস্ব করে দিয়ে সমস্ত শক্তিটুকু যেন মৃতি ধরে এসে দাঁড়িয়েছে
তার সামনে।

- —বিজ্ঞলী আজ নেই ধারতি। সে থাকনে ভাবতে হতো না। নিরাপদে ভোমাদের পৌছে দিত সারিগ্রামে।
 - —সারিগ্রাম ?
- হাঁ। রান্কো তোমাদের জভে ব্যবস্থা করে রেখেছে সেখানে। শক্রদের দৃষ্টি অতদূর যাবে না। লালসিংকে খুঁজে পাবে না তারা।

- —এতদূর এগিয়েছ, অথচ আমাকে জানাওনি রাজা।
- —খুবই তাড়াতাড়ি সব হ'য়েছে। সীমান্ত থেকেই রান্কোকে পাঠিয়েছিলাম। তাছাড়া তোমাকে সত্যিই এতদিন চিনতে পারিনি। আমার লিপুর যে এতবড় তা জানতাম না।

ত্রিভন কথা শেষ করে হাসে। ধারতির মুখেও হাসি। সব বিপদের কথা ভূলে যায় তারা। মুগ্ধ নেত্রে চেয়ে থাকে উভয়ে উভয়ের দিকে।

যে রাতে কিতাগড় থেকে বাশের বাঁশীর বিষাদ স্থর ভেদে বেড়িয়ে বাটালুকার আকাশবাতাসকে অভিভূত করে। আশেগাশের প্রতিটি কুঁড়েঘরের বিরহিনী সে স্থরের মুর্ছনায় পাগল হ'য়ে ওঠে। তাদের চোথ দিয়ে তপ্ত অঞ্চ গড়িয়ে পড়েছিল বাহুলাহীন শ্যায়। শ্যার ওপর ঘুমস্ত শিশুদের কথা ভূলে বায় তারা।

ঝাঁপনী সাল্হাই হাঁস্দার ডানহাতথান। শরীরের ওপর থেকে সরিয়ে দিয়ে উঠে বসে। দেহ ক্লান্ত তার—অথচ মন বৃভূক্ষ্। শয্যা ছেড়ে মাটিতে নামে সে। ।অনেকটা দূর হলেও বাঁশীর স্কর তার কানেও পৌছেচে।

—কেণ্ধায় যাচছ ? সাল্হাই জেগে উঠেছে। এটা তার নিয়মের ঘোরতর ব্যক্তিক্রম। ঝাঁপনী পাশে শুলে, একটা নিয়মিত সময়ের পরেই তার আর জ্ঞান শাকে না। গভীর ঘূমে অচেতন হয় সে। ঘূম ভাঙে একেবারে ভোর বেলা। কিন্তু ঘূচারদিন থেকে সে আর ঠিকমত ঘূমোতে পারছে না। মাঝে মাঝে এইভাবে জেগে ওঠে। সীমান্তের ঘটনা তাকে আতর্ক্তিত করেছে। রাজার লোক হয়ত বাড়ীতে এসে হানা দেবে —তার সাহাঘ্য চাইবে। সে ভাল রকম জানে, এই রাতে ছ্'চারজন বৃদ্ধ আর অক্ষম পুরুষ ছাড়া খুব কম লোকই ঘরে রয়েছে। সবাই জড়ো হয়েছে সীমান্তে আর কিতাগড়ে। কিতাগরের পাশে চোয়াড়দের আন্থানা উঠেছে —সারিমুর্ তাদের সদার। সীমান্তের সদার রাজা নিজে আর রান্কো। অছুত কৌশলে রাজা নাকি এগিয়ে আসা শক্রদের থামিয়ে দিয়েছেন কয়েকদিনের জন্তে। কি সে কৌশল সাল্হাই জানে না। যে চোয়াড় খবর পেয়েছিল সেও বলতে পায়েনি। তবে রাজার এই কৌশল কশস্থায়ী। ঘূদিন পরেই আবার এগোতে স্থক কয়বে তারা। ভাবতেও গায়ে কাঁটা দেয় সাল্হাইএর।

ঝাঁপনী সাল্হাইএর দিকে হিংম্রদৃষ্টতে চেয়ে দরজার দিকে এগিয়ে যায়।

- वनत्न ना काथाय याष्ट्रा ? यान्हारे जाजाजाज़ि उर्दे वरम।
- -- वाहेदत्। याँभनी मत्रका त्थारल।
- —এই রাতে ? পাগল হয়েছ নাকি ?
- अंशिनी कथा वटन ना। वाहेदत्र भा वाष्ट्रात्र रम।
- —আরে! সতি৷ই যাচ্ছো ? ভালুকের ভয় নেই ?
- —না।
- --वांशिनी! ठाउँ । ठाउँ । इत् इत् वात्म नानश्रं मत्रकात नित्क।

উন্নত্তের মত ছুটে চলে ঝাঁপনী। মুহূর্তের মধ্যে রাশি রাশি অন্ধকার গ্রাস করে তাকে।

সাল্হাই ঘরের বাইরে কিছুক্ষণ থ' হয়ে দাঁড়িয়ে থাকে। শেষে ভালুকের কথা মনে পড়তেই কাঁপতে কাঁপতে এসে দরজায় খিল লাগায়। মনকে সাস্থনা দেয়, পাগলের পেছনে ছুটে প্রাণ হারিয়ে লাভ নেই। সে কিছুতেই বুঝে উঠতে পারে না। এভাবে বাইয়ে ছুটে যাবার কি কারণ থাকতে পারে ঝাঁপনীর।

অনেকটা পথ দৌড়ে এসে এক জায়গায় স্থির হয়ে দাঁড়ায় ঝাঁপনী। নানান্ ফুলের মেশানো গন্ধ নাকে এসে লাগে। সে বৃক ভবে টেনে নেয়।

বাঁশীর স্ব তথনো কেঁপে কেঁপে বেজে চলেছে। ঝাঁপনী জানে কে ওই বাঁশীওলা। স্বাই না জানলেও অনেকেই জানে।

কিতাগড়ের একটু দূরে চোয়াড়দের আন্তান।। সদার সারিমুর্মুর হুকুমে এদের নড়া বসা। রাজা ত্রিভনেরও এদের ব্যাপারে কিছু বলার নেই।

ঝাঁপনী অনেকক্ষণ দাঁড়িয়ে থাকে আস্থানার দিকে চেয়ে। মনে ক্ষীণ তুরাশা রান্কোকে হয়ত দেখতে পাবে এথানে। সে-ও তো এক সদার।

একটি মশালও জলছে না চোয়াড়দের আডায়। একটি লোকও জেগে আছে বলে মনে হয় না! বৃদ্ধ গারিমুর্মুর কথা ভেবে মনে মনে হাসে ঝাঁপনী। বয়স যখন নেই, রাজার কাছে নিজেকে ওভাবে জাহির না করলেই ভাল করত সদার। নিজে অক্ষম হয়ে পড়লে দলের ওপরও দখল রাখা যায় না। শক্ররা এই রাভের অন্ধকারে যদি এগিয়ে আসে বিন' বাধায় প্রবেশ করবে তারা কিতাগড়ে। সদারের ওপর নির্ভর করার ফল হাতে-নাতে পাবেন রাজা। অমন মন-কাদানো বাঁশী মুহুর্তে গুরু হবে।

ঝাঁপনী লক্ষ্য করেছে রান্কোরও অগাধ বিশ্বাস এই বৃদ্ধের ওপর। তার থেকেই তো গব শোনা। নইলে কিতাগড়ের এত সব থবর সতেরশানির এক কাপুরুষের স্ত্রীর কাছে এসে পৌছবে কি ভাবে ?

নাঃ। রান্কে! এখানে থাকতে পারে না। তার কাজ সীমাস্তে। নিরাশ হয় ঝাঁপনী। ভাবে, বাঁশীর স্থর ভনে এভাবে ছুটে আসা ঠিক হয় নি। সাল্-হাইকে একটা ভাল রকম কৈফিয়ৎ দিতে না পারলে ঝঞ্চাট বাড়বে।

তবু, একবার যথন ঘর ছেড়েছে, শেষ দেখে যাবে। কাঁটারাঞ্চার যাবে সে
—পারাউমুমুর বাড়ী। হয়ত আজই রান্কো রয়েছে সেধানে। অসম্ভবও
তো সম্ভব হয় কথনো কখনো।

পেছন ফিঃতে গিয়ে আর্তনাদ করে ওঠে ঝাঁপনা। ত্জন পুক্ষ দাঁড়িয়ে রয়েছে তার তুই পাশে।

- —**ভ**য় নেই।
- ---কে ভোমরা ?
- —চোয়াড়। কিতাগড়ের রক্ষী। এখানে কেন এগেছ ?
- —তোমরা কোথায় ছিলে? আগে তো দেখিনি।
- —সব জায়গাতেই আছি আমরা। একটা ছুঁচোও আমাদের দৃষ্টি এড়িয়ে
 কিতাগভের দিকে যেতে পারবে না।

সারিমুমুর কাছে মনে মনে ক্ষমা প্রার্থনা করে ঝাঁপনা। যাকে সে চেনেনা, নিজের কাঁচা বৃদ্ধি নিয়ে তার সম্বন্ধে মনে অশ্রদ্ধা পোষণ করা উচিত নয়। সেটা ধৃষ্টতা।

চোয়াড় তুজন একদৃষ্টে চেয়ে রয়েছে। সস্তোষজনক জবাব চায় তারা। এত রাত্তে একজন নারীর কিতাগড়ের আশেপাশে ঘূরে বেড়ানকে তারা সহজ চোখে দেখেনি।

ঝাঁপনী ব্ঝতে পারে, এর। বাটালুকার লোক নয়। তাই চেনেনা তাকে। আশেপাশের গ্রানেরও নয়, তাহলে কিতাডুংরির উৎসবে অন্ততঃ একবার দেখ। হত। জবাব এদের দিতেই হবে।

- —রানুকো স্লার নেই **?**
- -- সে এখানে থাকবে কেন? আমরা সারিমুর্বর লোক।
- —তা তো আমি জানিনা। অত বুঝিও না। কিতাপাটের প্রসাদ রয়েছে। তাকে দেবো।
 - —সেথান থেকেই আসছো?
 - —**हैं**।।
 - মিথ্যে কথা। দৃঢ় স্বর ঝংক্বত হয় একজন পুরুষের।

ঝাঁপনী কেঁপে ওঠে। শেষে প্রায় সত্যি কথাই বলতে হয় তাকে। সে স্বীকার করে যে, সে সাল্হাই হাঁসদার স্ত্রী। রাজার বাঁশী ভনে উঠে এসেছে। কেন এসেছে সে নিজেই জানে না।

- —চল বাড়ী পৌছে দিয়ে আসি।
- —না। বাডী যাব না।
- —তবে চল স্ধার সারিমুমুর কাছে।

ঝাঁপনী ব্ৰতে পারে, এরা বোকা নয়। ছলনাতেও ভোলানো যাবে না এদের। মরিয়া হ'রে সে বলে—পারাউমুমুর বাড়ী পৌছে দাও।

- -সেখানে কি করবে ?
- —ভাতে ভোমাদের দরকার নেই।
- —দেখানে কেউ থাকে না।
- তোমাদের চেয়ে তা আমি ভালভাবে জানি। যদি পৌছে দিতে হয়

 সেখানে নিয়ে চল। নইলে আমাকে যেতে দাও। তোমাদের সঙ্গে
 দাঁড়িয়ে কথা বলার সময় নেই আমার। আমারও কাজ আছে।

পুরুষ তু'জন অনেকক্ষণ চেয়ে থাকে ঝাঁপনীর মুথের দিকে। অন্ধকারের মধ্যেও তন্নতন্ন করে থোঁজে তার মনের অভিসন্ধিকে। শেষে বিশ্বাস করে। যেতে দেয় তাকে।

অন্ধকারে কাঁটারাঞ্জার দিকে এগিয়ে যায় ঝাঁপনী। শেষ চেষ্টা।

হাণ্ডির হাঁড়িটা নিয়ে বসতেই দরজায় ধাকা শুনতে পায় রান্কো। এত রাত্রে এভাবে লোক আসা কাঁটারাঞ্জার মতন জায়গায় একটু অস্বাভাবিক।
মূহুর্তের মধ্যে তার মন্তিক্ষ সবটুকু কাজই করল, অপচ কোন মীমাংসায় আসতে
পারে না সে। হয়ত রাজাই লোক পাঠিয়েছেন অন্থমানের ওপর নির্ভর
করে। সীমান্ত থেকে ত্রিভন চলে আসার কিছুক্ষণ পরে সেও চলে এসেছিল।
এসে রাজার সঙ্কে দেখা করতে পারেনি। বড় পরিশ্রান্ত বোধ করছিল।

শক্ররা ছিদন আর এগোবে না। রাজার চমকপ্রদ কৌশলের জন্মে তারা বিপর্যন্ত। অবশ্য এই কৌশলের জন্ম পাঁচ জন লোক জখম হয়েছে। চোয়াড়দের হাণ্ডির ভাঁড়গুলো নিয়ে একদল অসমসাহসী লোক শক্রসেনার দৃষ্টি আকর্ষণ করে তাদের পাশ দিয়ে এগিয়ে যাচ্ছিল। ঝাঁপিয়ে পড়েছিল শক্ররা। সেই প্রথম চোটেই পাঁচ জন জখম হয়। বাকী বিশ জন হাত জোড় করে বলে, ভারা নিরীহ মানুষ। ব্রিন্ডন সিংএর চোয়াড়দের জন্মে হাণ্ডি নিয়ে যাচ্ছিল। পথ ভূল করেছে।

শক্রদের উল্লাসের বাঁধ ভেঙেছিল। তাদের অধিকাংশই হাণ্ডির পাত্র থেকে চুমক দিয়ে কিছু না কিছু থেয়েছে। জানত না অমৃতের মধ্যেও কালকুট থাকে। ফলে মরেছে অনেক, অস্তম্থ হয়েছে তার চেয়েও বেশী। এই সব অক্ষম সৈশ্যদের ব্যবস্থা করে নতুন উত্তমে এগিয়ে আসতে সময় লাগবে ওদের। সেই অবসরে নিজেদের হাণ্ডির সংগ্রহ করতে হবে আবার। নইলে চোয়াড়দের মনোবল! নষ্ট হবে। থালি পেটে তারা দিন কাটাতে পারে। হাণ্ডি ছাড়া নয়। একদিনেই অনেকে যেন ঝিমিয়ে পড়েছে বলে বোধ হল। তাই রাজা চলে আসার পরই নিজের দায়িত্বে দশজন লোক নিয়ে ফিরে এসেছে রান্কো গাটালুকায়—আরও দশজনকে পাঠিয়েছে তরক্ষের অস্থান্থ দিকে। তারা কতদ্র'সফল হবে জানে নাসে। তবে বাটালুকা থেকে বেশ কিছু পাওয়া যাবে এবিষয়ে সে নিশ্চিন্ত। কারণ শুকোলদের মত অনেকেই রয়েছে এখানে, যাদের হাণ্ডি তৈরী করা ব্যবসা।

শুকোলদের বাড়ীতে দশ হাঁড়ি পাওয়া গিয়েছে। তার থেকে নিজের জন্ম চেয়ে নিয়েছে সে। তারও প্রয়োজন রয়েছে হাণ্ডিতে। সে-ও ক্লাস্ত । প্রথম প্রহরেই থেত সে। কিন্তু ঘূমিয়ে পড়েছিল হঠাৎ। ঘূম ভাঙতেই হাণ্ডি নিয়ে বসেছে। ও-জিনিষ পেটে না পড়লে ভোর রাতে তার পক্ষে পথ চলাই হয়ত মুশকিল হবে। পেট খালি রেখে কতদিন আর শরীরকে মজব্ত রাখা সস্তব।

সঙ্গে যারা এসেছে হাণ্ডি নিতে, তাদেরই কারও কাছ থেকে বোধ হয় থবর পৌছেচে রাজার কাছে। তাই মাঝরাতে এই তলব।

দরজাটা আবার ঝন্ঝন্ করে ওঠে। মরিয়াহয়ে কেউ ধাকা দিচ্ছে। হয়ত এর মধ্যেই কোন বিপদ ঘটেছে। রান্কো ছুটে গিয়ে খুলে দেয়।

এক ঝলক আগুণ যেন এসে গায়ের ওপর পড়ে। না না, অমৃত। রান্কো
ঠিক ব্ঝতে পারে না। শুধু সে ঝাঁপনীর মুদিত চোথ ছটির দিকে চেয়ে থাকে।
মাটিতে ঝরে পড়া মহলা ফুল। গদ্ধে ভরপুর—অথচ শুকিয়ে যাবে।

কোন কথাই বলে না তারা। শুধু ত্'জনের বুকের ধুক্ধুকানি অঞ্চব করে ত্'জনে—আনন্দের, উত্তেজনার, বিষাদের। সারিগ্রাম থেকে যেদিন প্রথম ঝাঁপনীকে নিয়ে আসে রান্কো সে-রাতে এমনিই অঞ্চব করেছিল। শত চেষ্টাভেও বছক্ষণ কথা বলতে পারেনি।

এক হাতে দরজাটা ভেজিয়ে দিয়ে রান্কো দীর্ঘশাস কেলে বলে, ল ঝাঁপনী।

- —তুমি বল।
- ---আজ আমি ভনব।
- —রোজই তো তুমি শোনো।
- —তোশার আর আমার মধ্যে এটাই বোধ হয় নিয়ম।
- वाभारक निर्देश हुन ।
- --কোপায় ?
- —তোমার সঙ্গে।
- —আর একবার এই কথা বলেছিলে। মনে আছে ?
- —— ন্তু^{*}া
- —বলতো কো**থা**য় ?
- —কিতাডুংরিতে।
- —ভবু বলছ ?
- —বলব—চিরকাল বলব। না বলে যে পারিনা গো। ঝরঝর করে জল গড়িয়ে পড়ে ঝাঁপনীর তু'চোধ বেয়ে
- চিরকালেরও শেষ আছে ঝাঁপনী।
- —জানি। খুব তাড়াতাড়ি।
- —কে বলল ভোমাকে ? রান্কো অবাক হয় !
- কিতাগড়ের পাশে রাতের অন্ধকারে চোয়ারেড় বেড়াচ্ছে। তবু বুঝব না ?
 - —তুমি বৃদ্ধিমতী।
- —ভোমাব জলে। এত সব ভাবি, ভুধু তোমার কথা ভেবেই। নইলে সাল্হাই হাঁসদার বউএর দরকার ছিল না কোন এতে মাধা ঘামানোর।

দমকা হাওয়ায় ভেজানো দরজা খুলে যায়।

- রাত ভোর হতে দেরী নেই ঝাঁপনী। ভোরেই রওনা হব আমি।
 ফ্যাকাসে হয়ে যায় ঝাঁপনীর মুখ। সে কোন জবাব দিতে পারেনা। শুধু
 দৃঢ়ভাবে আঁকড়ে ধরে রান্কোকে।
- —এসো ঝাঁপনী। আজকের মত আনন্দ করে নিই। হাণ্ডি রয়েছে ঘরে। ছঃখের দিনের কথা ভেবে লাভ কি ?
 - —রাজাও বুঝি সেইজন্মেই বাঁশী বাজাচ্ছেন ?

- লুরাজা বাশী বাজাচ্ছেন ?
- —হাঁ। সেই বাঁশীর স্থর স্বপ্নের মধ্যে আমাকে জাগিয়ে দিল। তোমাকে দেশার জন্ত অস্থির হয়ে উঠলাম। অসম্ভব জেনেও ঘর থেকে বাইরে এলাম। কিন্তু বাধা দিল ও।

 - —তোমাদের সালহাই হাঁসদা।
 - —সে তোমার পেছনে ছোটেনি তো **?**
 - —না। বড় ভীতৃ। ভালুকের ভয়। ওর ঠাকুর্দাকে ভালুকে মেরেছিল। রানকো হেসে ওঠে।

ঝাঁপনী বলে-রাজার বাঁশীর স্থবে অত হঃখ কেন ?

— সতেরধানির হৃংধ ঝরছে ওতে । অনেক স্বপ্ন দেখতেন রাজা। এখনো দেখেন। কিন্তু স্বপ্ন সত্যি হওমা বড় কঠিন। তাই স্বপ্ন ভাঙার হৃংখ তার বাঁশীর স্থরে।

হাতি খেরে ত্বন্ধন নাচতে শুক্ষ করে। কিতাডুংরির নাচের মত উদ্ধাম। রান্কোর নিজের বাড়ীভেও এমন নাচত তারা। পাড়ার বুড়োরা এসে গালাগালি দিত কত। নাচতে কেউ-ই মানা করে না। কিন্তু এদের সময়ের জ্ঞান ছিল কম। রাত বে-রাতে খেয়াল মত হাতি খেরে নাচতে শুক্ষ করত।

আ**জও** ভেমনি নেচে চলে।'

শেষে এক সময় ভোরের পাখী ডেকে ওঠে। বাতাসে শিশির ভেজা লতাপাতার গন্ধ।

থেয়াল হয় রান কোর। নাচ ধামায় সে। অবসন্ন ঝাঁপনী এলিয়ে পড়ে তার বুকের ওপর। অনেক আগের পরিচিত বুক। ঠিক কোন্থানে মাধা রাখলে আরাম হয়, সে জানে। সালহাই-এর বুক অমন নয়।

—এখনি ওরা আসবে ঝাঁপনী।

কারা ?

- —সীমান্তে হাণ্ডি বয়ে নিয়ে যাবার জন্ত দশজন লোক এসেছে আমার সঙ্গে।
 - जिंद रम हरनाना। छेजना हन औं। भनी।
 - कि श्रा ना ?

চপ করে থাকে ঝাঁপনী।

---বল ঝাঁপনী।

তবু কথা বলে না সে। হাণ্ডির গুণে—তার জনেক লক্ষ্য খদে গিয়েছে।
কিন্তু চরম জিনিস কি অত সহজে বলা যায় ? সে যে মেয়ে। রান্কোকে সে
চেনে—ভালভাবেই চেনে। দেহে ও মনে। তবু কতদিন হয়ে গিয়েছে—
আনেকদ্রে সরে গিয়েছে রান্কো। দেহের দিক থেকেই সাল্হাই তার কাছে
আনেক বেশী পরিচিত। রান্কো নতুনই—বহুদিনের অব্যবহার্য জিনিস এমন
নতুন বলেই মনে হয়।

- वनत्व ना यांभनी ?
- —হাঁ। বলব ! বলবই তো। কতদিন আর মনের মধ্যে পুষে রাখব ?
 বাঁপনী আবার থামে। ভার মন মাথা ঠোকে কথাটা বলে ফেলার জন্মে।

শেষে ভাষা খুঁজে পায়। বলে,—এত যে বাচ্চা হল আমার, সবাই হবে বাপের মত ভীতু !

ঝাঁপনী চুপ করে। সে রান্কোর দিকে তীক্ষ্ণ দৃষ্টিতে চায়।

- —বল ঝাঁপনী। পামলে কেন?
- —একজনও কি তোমার মত হবে না ?
- —হবে হয় তো।
- —না। দৃঢ স্বর ঝাঁপনীর।
- —এখন কি করে বুঝবে ?
- —বুঝতে পারি আমি।
- —তবে, সে তে।মার ভাগ্য।
- —মানৰ কেন ভাগ্য ? তোমার মত ছেলে আমার চাই-ই। কি নিয়ে বাঁচব ?
 - —কি করে সম্ভব ?
 - —তুমি দেবে।

চমকে ওঠে রানকো।

- —বল, দেবে আমাকে ?
- —বড দেরীতে বনলে ঝাঁপনী।
- —না দেরি হয়নি।
- —কি করে বুঝলে ?
- —-এতগুলোর মা হলাম, 'আমি বুঝিনে ?
- —কিন্তু নয়।

- —আমার একবিন্দু অবসর বোধহয় মিলবে না আর। হয়ত আর দেখাই হবে না (
 - আমিও জানি তুমি আর ফিরবে না। কয়েক দিন থেকে যাও।
- অসম্ভব। এখনি ওরা আসবে। বাটালুকা ছাড়তেই হবে আমাকে।
 চোয়াড়রা ব্যাকুল হয়ে অপেক্ষা করছে আমার জন্মে—হাণ্ডির জন্মে।

রান্কো ভেবে পায় না ঝাঁপনী কি করে বুঝল যে সে আর ফিরবে না।
মরতে তাকে হবেই। রাজাও বাঁচবেন না। সম্মানের জন্মে যেখানে যুদ্ধ
সেখানে রাজা আর সর্দারেরা যুদ্ধের পরে বেঁচে থাকতে পারে না। বাঁচতে
হলেও শত শত পিতৃহীন অনাথ আর বিধবাদের ফেলে রেখে অন্ত রাজ্যে
পালিয়ে যেতে হয়—যা এক্ষেত্রে অসম্ভব।

রান্কোর চোথছটে। ভিজে ওঠে, কিতাড়্ংরির পাহাড়ের বিচারের দিনে কাদতে গিরে দর্গারের ধমক থেয়ে সে চোথের জল মুছে ফেলেছিল। তারপর এই প্রথম।

ঠিক সেই সময়ে ওরা এসে পড়ে। বাইরে থেকে ডাক দেয় রান্কোকে। অনেক হাণ্ডি সংগ্রহ করেছে, সারা রাত ঘুরে। শুকোলদের বাড়ী থেকে বাকীটুকু নিয়ে যাবে।

ঝাঁপনী আছড়ে পড়ে রান্কোর পায়ের ওপর,—কি নিয়ে ধাকব বল। বলে যাও কি নিয়ে ধাকব।

- —তোমাকে একটু লুকোতে হবে ঝাঁপনী। ওরা দেখলে ফল খুব ভাল হবে না।
 - —কি নিয়ে পাকব আমি ?
- শ্বতি। পথে ঘাটে অনেক মেয়েই দেখতে পাবে তথন। তাদেরও ছেলেপুলে নেই। নতুন বিয়ের পর স্বামীকে যুদ্ধে পাঠিয়েছিল। শ্বতি নিয়ে তারাও বাঁচবে। বাঁচতে হবে। নতুন করে ঘর গড়া সম্ভব হবে না সকলের পক্ষে! পুরুষ কমে যাবে সতেরথানির। তোমার তবু কাজ আছে। তাদের কিছুই নেই।

ঝাঁপনী স্তব্ধ হয়ে যায়।

লালসিংকে বৃকে আঁকড়ে ধরে ধারতি কিতাড়ুংরির দিক চেয়ে থেকে এক সময়ে অন্তমনস্ক হয়ে যায়। পাশে মুৎনী দাঁড়িয়ে। রাণীর কাছ-ছাড়া এক দণ্ড হয় নাসে। কারণ সে জানে তাদের পালাতে হবে। রাজা এসে একবার বললেই ছুটবে তারা বন জঞ্চল পাহাড় পর্বত ডিঙিয়ে। রাস্তাঘাট সব দেখে এসেছে সে সারিমুমুর সঙ্গে গিয়ে। রাণীকে সেই পথ দিয়ে নিয়ে যেতে হবে। নিয়ে যাবার ভার তার ওপর—সম্পূর্ণ তার ওপর। কোন সদার বা চোয়াড় যাবে না সঙ্গে। মনে মনে গর্ব অন্থভব করে মুৎনী! সেই সঙ্গে এক ছঃসহ ব্যথা তার বুকের মধ্যে বাসা বাঁধে! রাজাকে ছাড়তে হবে। প্রথম অন্থভব করে মুৎনী, রাজাকে দেখে তার বড় আনন্দ হত।

ধারতিকে দেখে মুংনা অন্কভব করে। সময় যত এগিয়ে আসছে ততই যেন রাণী কেমন হয়ে যাচ্ছে। যাবার জন্মে পা বাড়িয়েই আছে, অথচ মনট। যেন বেশী করে বাঁধা পড়েছে এখানে। মুংনী জানে না যে এ যুদ্ধে ত্রিভনকে মরতেই হবে. তার ধারণা তারা সারিগ্রামে যাবার কিছুদিন পরে রাজাও গিয়ে মিলবেন তাদের সঙ্গে।

ধারতি চেয়ে থাকে।

কিতাপাটের ঠাই। মন্দিরটা চোথে না পড়লেও মনের মধ্যে ভেসে ওঠে। কয়েক বছর আগের সেই বিচারের দিন অসংখ্য নরনারীর মধ্যে সেও সেদিন ছিল সামান্ত এক কিশোরী। কারও নজরে পড়েনি সে। রাজার প্রথম বিচার দেখে সবাই যথন আনন্দে মেতে উঠেছিল, তার ছোটু বৃকথানাও খুশীতে ভরে উঠেছিল সে সময়। কিন্তু তার পরই এক সহাতিরিক্ত বিষাদে আচ্ছন্ন হয়েছিল সে। তার বাঁশীওলা রাজা—একথা ভাবতে চোখচুটো ভরে উঠেছিল জলে। বাঁশীওলা যেমন আপন হতে পারে রাজা তো তা পারেনা। রাজারা ক-ত দ্রে—তাদের শুধু দেখা যায়, ছোঁয়া যায় না। সেদিন বাড়ী ফেরার পথে ঝাপসা দৃষ্টি নিয়ে হোঁচেট থেতে হযেছিল কতবার। কতবার শুকোলের দিদির গালাগালি বর্ষিত হয়েছিল তার ওপর।

তারপর।

ক্রত পরিবর্তন ঘটল জীবনে। লিপুর থেকে ধারতি। ধারতি থেকে রাণী। বাঁশীওলার বাঁশীর হ্বর শুনতে পেল রাজার কথায়। সে হ্বরের ঝংকার শয়নে হ্বপনে জাগরণে। এমনি সময়ে আর একবার গিয়েছিল কিতাডুংরিতে। নতুন রাজার অধীনে সতেরখানির বীরত্ব হ্বপুর, ধলভূম আর বরাহভূমকে দেখবার জন্মে পাগল হয়ে উঠেছিল প্রতিটি অধিবাসী। সেই উৎসবে যে ছন্দপতন ঘটেনি তা নয়। বাঘরায়ের দীর্ঘশাস সবার মনে বিধাদের ছোয়াচ লাগিয়েছিল। তবু তারই মধ্যে রান্কো স্পার ফিরে পেয়েছিল হারানো সোনার কাঠি। পেযে পাগল হয়েছিল।

এছাড়া শ্রাবণের উৎসবে প্রতিবারই সে সিয়েছে কিতাডুংরিতে—জিভনের পাশে পাশে। আবার হয়ত যাবে সে কোন এক স্থানুর ভবিয়তে। কিন্তু তখন জিভন থাকবে না। শুধু জিভন কেন, আজ যারা সতেরখানির গর্ব, তার কেউই থাকবে না সেদিন। থাকবে এই লালসিং। বড় হবে সে। মন্ত বড়—দেহে, মনে নামে। যে অমুপ্রেরণায় উত্তরাধিকারী হবার গৌভাগা হল তার, সে অমুপ্রেরণা অনেক উচুতে তুলবে তাকে। নিশ্চয়ই তুলবে। সেই সঙ্গে সতেরখানি উঠবে—তার রোগ শোক আর ক্ষিদে নিয়েও কাঁপিয়ে দেবে বরাহত্মরাজ বিবেকনারায়ণ কিংবা তাঁর বংশধরকে।

—পারবি তো লাল ? ধারতি শিশু লালসিং-এর মাথাটা নিজের কাঁধের ওপর চেপে ধরে।

মুৎনী চঞ্চল হয়ে ওঠে। রাণীর রকম-সকম তার ভাল লাগে না।
ধারতি লালসিংকে কোল থেকে নামিয়ে তার ত্-হাত ধরে মুথের দিকে
জ্বলম্ভ দৃষ্টিতে চায়। মুথের প্রতিটি রেখা কঠোর হয়ে ওঠে।

- —তোকে পারতেই হবে লাল। নইলে আমি কথা দিয়েছি ভোর বাবাকে—বিষ দেব। বিষ মিশিয়ে দেব ভোর খাবারে। ছথের মধ্যে মহুয়ার ফুল সেদ্ধ করে যে ক্ষীর ভৈরী হবে সে ক্ষীর খেয়ে লুটিয়ে পড়বি তুই।
 - त्रांगी! **ठौ९कांत्र करत्र ७**८र्ठ मू९नी। ভয়ে कॅाल रा।
 - —কে? মুৎনী? কি হয়েছে ভোর?
 - -- कि वनष्ट्रन द्रांगी ?
- —ঠিক বলছি। তোকেও বলে রাখি মুৎনী। মন দিয়ে শোন্। লাল বড় হবার আগেই যদি মরি আমি, তুই মাহুষ করবি ওকে। ওর বাবাকে দেখছিস্? ঠিক অমনি ভাবে? যদি মাহুষ না হয়—বিষ দিবি।
 - -- वानी !
 - —ভয় পাচ্ছিদ্? সতেরখানির মেয়ে হয়ে ভয় পাদ্?
- না। কিছুতেই ভয় পাই না। কিন্তু লালের মুখের দিকে চেয়ে দেখুন ভো একবার। কী স্থন্দর। মুৎনী কেঁদে ফেলে।
 - —ফুলের মধ্যে পোকা থাকে মুৎনী! দেখিদ কি কখনো?
- —দেখেছি রাণী। কিন্তু লালকে অমন ভাবতে পারেন ? মুংনী কখনো এভাবে কথা বলে না। সে কথাই বলে না কোনদিন। শুধু হকুম তালিম করাই তার কাজ। ধারতি আজ প্রথম দেখল মুংনী ঠিক বালিকা নয়। স্বার

অলক্ষ্যে এরই মধ্যে কৈশোরের সীমা অতিক্রম করেছে ? মুখ তার বৃদ্ধিদীপ্ত। মনে মনে খুশী হয় ধারতি। ভাবে, সারিগ্রামে গেলে মুৎনীই হবে তার একমাত্র সান্ধনা—তার বন্ধু, তার সাধী।

- —লালসিংকে অমন ভাবি না মুৎনী। কিন্তু স্বচেয়ে যা খারাপ হতে পারে ভার জন্মেও মনে মনে প্রস্তুত থাকতে হয়।
- কিন্তু এত ভাবছেন কেন রাণী। রাজা নিজেই তাঁর ছেলেকে মনের মত গড়ে নেবেন।

ধারতি ব্রুতে পারে বৃদ্ধিমতী হয়েও আসল জিনিষটিই ধারণা করতে পারেনি মুৎনী। রাজার সঙ্গে তার অনেক আলোচনাই মুৎনীর কানে যায় ছয়ত। কিন্তু এই বিষয়ে আলোচনা কোনদিন সে শোনেনি।

ধীরে ধারে বলে ধারতি—রাজা আর ফিরবেন না।

- —কেন ? ধারতি স্পষ্ট দেখতে পায় মুৎনীর মুখ একেবারে রক্তশৃষ্ঠ।
- —িফরতে নেই তাঁকে !
- छिनि य वर्ता शिलन जावात्र जागरवन ।
- —আসবে। এথানে আসবে। কিন্তু সারিগ্রামে যাবে না কোনদিনও। সেখানে লাল থাকবে, তুই থাকবি, আর আমি—

মুৎনী ভাবলেশহীন দৃষ্টিতে রাণীর দিকে চেয়ে থাকে। মন্তিছ যেন তার কাজ করা বন্ধ করে দিয়েছে সহসা।

বাটালুকায় স্থ্য ডোবে। সন্ধ্যা ঘনায়। শেষে রাত হয়। এমন অন্ধকার রাত বুঝি কথনো নামেনি সতেরখানির বুকে। অঙ্গের সমস্তটুকু কালিমা ঢেলে দিয়ে রিক্ত হতে চাইছে রাত্রিদেবী।

স্তব্ধ কিতাগড়। সে স্তব্ধতার সাক্ষী আরও অসংখ্য ঘটনার সাক্ষ্যবহনকারী কিতাড়ংরি পাহাড়। সাক্ষী শাল-মহুয়ার বন—আকাওনা, ছ্ধিলোটার অসংখ্য বোগ।

মাঝে মাথে শুকনো শালের পাতায় সারিমুম্র চোয়াড়দলের সজাগ প্রহরীর পা পড়ে খস্থস্ আওয়াজ উঠছে। সে আওয়াজে প্রহরী নিজে চমকায়।

শিয়াল ডাকে না আজ। ফেউএর ডাকও শোনা যায় না। সজারু, ছুঁচো আর সরীস্পরাও বুঝি বিহর থেকে বার হয়নি।

এক অখণ্ড বিভীষিকা বিরাজ করছে। প্রতিটি নরনারীর ব্ক জোনাকীর

আলোর মত দপ্দপ্করছে—এক এগিয়ে আসা বিপদের আশংকায়।

ধারতি তথনো দাঁড়িয়ে রয়েছে জানালার ধারে। মুৎনী ছায়ার মত তার পাশে। লালসিংকে একটু রাণীর কোল থেকে নিয়ে মেঝের ওপর শুইয়ে দিয়েছে মুৎনী। সে ঘুমোচ্ছে। ভূঁইয়া বংশের অবশিষ্ট ও-ই থাকবে হয়ত। কিংবা নাও থাকতে পারে। যেমন থাকবে না হয়ত কিতাগড়। বহু বছর পরে লোকে যথন প্রাবণের বারিধারার মধ্যে এপথ দিয়ে এগিয়ে যাবে কিতাপাটের ঠাই-এর দিকে তথন এর ধ্বংসন্তুপে তাদের মনে এক রোমাঞ্চকর অমুভূতি জাগাবে মাত্র। ইতিহাস জানবে যারা—তারা শুধু কিতাগড়ের শ্রেষ্ঠ রাজা ত্রিভনের বিক্রমের কথা ভেবে প্রছায় মাথা নত করবে।

আর যদি লালসিং বেঁচে ধাকে—সাহস, বিক্রম, আর আত্মসম্মানে সে যদি সার্থক হয়ে ওঠে, তবে হয়জ কিভাগড়ের ধ্বংসভূপ দেখার তুর্ভাগ্য হবে না কারও। পরিবর্তে তারা দেখবে বরাহভূমরাজের প্রাসাদের চেয়েও বিশালতর এক প্রাসাদ। আর সেই প্রাসাদের আশেপাশে সতেরখানির অসংখ্য স্থা প্রজাদের আনাগোনা—ধালি-পেটে দিন কাটানোর ক্লিষ্টতায় বিন্দুমাত্র ছাপ যাদের মুখে নেই।

- —রাণী ? রাজা—মুৎনী এক অপূর্ব দৃষ্টিতে চেয়ে থাকে ত্রিভনের দিকে।
- —কই ? ধারতির সমস্য তন্ময়তা মুহুর্তে চূর্ণবিচুর্ণ হয়।

ত্রিভন এগিয়ে আদে তড়িৎপদে।

- —এখনি যাও লিপুর। লাল কই ? ঘুমোচ্ছে ? তুলে নাও। সময় নেই। মুৎনী কোলে তুলে নেয় লালকে। কেঁদে ওঠে শিশু।
- আর দেখা হবে না ? ধারতির চোখের কোলে গুফোঁটা অ≛ টল্টল্ ১০১৬।

--ना निश्रत ।

মুৎনীর কোল থেকে ঘুমস্ত শিশুকে নিয়ে আদর করে আবার ফিরিয়ে দেয়
জিজন। মুৎনীর সামনেই রাণীর চিবৃক তুলে ধরে বলে—আমার লিপুর।
জানি তোমার মনের অবস্থা কি। আমারটাও তুমি বৃঝছ। কিন্তু সবার
ওপরে সতেরখানির সম্মান। সময় নষ্ট করতে পারিনা। লালসিং যেন
আমার সাধ পূর্ণ করে। যদি দেখ, ওর চেয়েও যোগ্য কেউ দেখা দিয়েছে
সতেরখানির মাটিতে—তবে তাকেই এনে রাজা করো। বংশের দোহাই
দিয়ে রাজা হয় বরাহভূম, অম্বিকানগর, স্থপুর আর ধলভূম রাজ্যে—যারা কথায়
কথায় আমাদের বিদ্রপ করে। এখানে তা চলতে দিওনা। এই আমার

শেষ দাবী।

মৃষ্টিত হলনা ধারতি। বাটালুকার মেয়ে সে। ত্রিভনের কাছে শিক্ষা পাওয়া মেয়ে। মুৎনীর কোল থেকে লালসিংকে নিয়ে ত্রিভনের চোখের দিকে সোজা দৃষ্টিতে চেয়ে বলে,—তোমার দাবী জীবন দিয়ে রাখতে চেষ্টা করব বাশীওলা।

রাতের অন্ধকারে কিতাগড়ের বাইরে আসে তারা। চোয়াড়বাহিনীর মধ্যে একটা ব্রাস্তভাব লক্ষ্য করে ধারতি।

- —ওরা এত বাস্ত হয়ে উঠেছে কেন রাজা ?
- —ওই দেখ। আঙুল দিয়ে দেখায় ত্রিভন।

দেখতে পায় ধারতি বহুদ্রে শালবনের ফাঁকে ফাঁকে অসংখ্য মশালের আলো। এগিয়ে আসছে সে আলো। রান্কোর দল পরাত্ত হয়েছে শেষপর্যস্ত।

- —রাজা।
- **—**⟨₹ ?

সারিমুমুর আবির্ভাব ঘটে অন্ধকারের ভেতর থেকে।

- —কি সর্দার ?
- ওই যে আলো দেখছেন, ওর অনেক কয়টাই এসে পৌছতে পারবে না।
 আর একট্ দাঁড়ালে দেখবেন একটার পর একটা মশাল কেমন মাটিতে লুটিয়ে
 পড়ছে। চমংকার দেখতে লাগবে।
 - —তবু আসবে ওরা।
 - —হাঁা আসবে। আসবেই। আমাদের লোক নেই।
- —রাজা! মুৎনীর কঠম্বর। বিস্মিত হয় ত্রিভন। জীবনে এই প্রথম মুৎনী তাকে নিজে থেকে সম্বোধন করল।
 - -- वन मूरनी।
 - —আমাকে কোন আদেশ করলেন না।
 - --- त्रांगीत जारनगरे जागात जारनग। त्रांगीत कथा (मर्त हरला।
- —রাজা, এতদিন যে বোবার মত মুখ বুঁজে কাজ করে এসেছি সে কি শুধু -রাণীর দিকে চেয়ে ?
 - —ভবে ?
 - —পৃথিবীতে অন্ত পুরুষকে তো চিনিনা—চিনতেও চাই না।
 - —মুৎনী ? চিৎকার করে ওঠে ধারতি।

- যত পারেন আমাকে ভং সনা করবেন রাণী। দিন তো পড়েই রয়েছে। ইচ্ছে হলে আমাকে হত্যা করবেন—ভালুকের সামনে ফেলে দেবেন। সহ্য করব। কিন্তু রাজাকে যে আজ বলতেই হবে। তিনি তো ফিরবেন না।
 - —মুৎনী, তুই বড় হয়েছিল। সারিমুমুর কথায় বিশায়।
 - —বয়দের চেয়ে ও অনেক বড়। ধারতির স্বর বিষয়।

জিভন গন্তীর হয়ে বলে—শোন মুৎনী, তুমি যা দিয়েছ, তার বদলে তো আমি কিছু দিতে পারি না। দেবার নেই কিছু। তবে যেটুকু সময় আর অবশিষ্ট আছে আমার জীবনে এর মধ্যে ধারতি আর লালের সঙ্গে সঙ্গে তোমাকেও মনে রাখব।

মুৎনী কেঁদে ওঠে। কিতাগড়ের স্বাভাবিক অবস্থা থাকলে জীবনেও যা বলতে সাহস পেত না, এই সংকট মুহূর্তে তা বলে ফেলে পরিবর্তে যা পেল তাও অভাবনীয়। সহা করতে পারে না সে।

- চলि धाद्रि । (कॅरिनाना मू९नी

সারিমুমু কে নিয়ে অন্ধকারে মিলিয়ে যায় ত্রিভন শেষবারের মত।

যুদ্দের সাজে সাজিয়ে দেবার সময় পাওয়া গেল না: ভালভাবে একটু কথাও বলা গেল না। খ' হয়ে একটু দাঁড়িয়ে থাকে ধারতি। চোথ ঘটো মুছে ফেলে। শেষে মুৎনীর পিঠে আলগোছে হাত রেখে বলে—চল মুৎনী।

হ'দিন হ'বাত বনজঙ্গলের ভেতর দিয়ে এগিয়ে চলে ওরা। সোজা পথে যাবার উপায় নেই, ধরা পড়ার সম্ভাবনা। নইলে সারিগ্রামে পৌছতে এতটা দেরি লাগে না।

অসংখ্য সিক্ডির কামড়ে গা ফুলে উঠেছে ওদের। লালসিং প্রথম দিন
খুব কেঁদেছিল। তারপর থেকে আর কাঁদছে না। কেমন যেন নেতিয়ে
পড়েছে। মুংনী সঙ্গে করে যে খাবার এনেছিল তার জত্যে সেটাঞ্জুরিয়েছে।
আজ সারিগ্রামে না পৌছতে পারলে তাদের সঙ্গে শিশুকেও অনাহারে থাকতে
হবে।

একটা কাঁকা জায়গায় এনে হাজির হয় তারা। চারদিকে ঝোপ। সহসা কারও দৃষ্টিতে পড়ার সম্ভাবনা নেই। ঘাসের ওপর লালসিংকে সম্ভর্পণে শুইয়ে দেয় মুংনী।

⁻⁻⁻বাণী।

- वन् गूरनो ।
- —এতক্ষণে বোধহয় সব শেষ হয়ে গিয়েছে। মুৎনীর চোখের পাতা ভিজে ৬ঠে!
- —হাঁা। কেউ নেই আর আমাদের। ধারতির চোথ শুকনো। কিসের এক কঠোর প্রতিজ্ঞায় জল্জল করে।
 - ---রাণী।
 - —वन् ग्र्दनौ।
 - যদি শত্রুরা হেরে যায়।
 - —ভাহলে রাজাকে ভোর হাতে তুলে দেব আমি।

কেঁপে ওঠে মুংনী। রাণীর মুখে এনন কথা সে কল্পনাও করেনি। অবশ শরীর নিয়ে স্থির হয়ে বসে থাকে কিছুক্ষণ। শেষে বুঝতে পারে রাণীর মনোভাব। রাণীর প্রতি শ্রদ্ধায় তার মন কানায় কানায় পূর্ণ হয়ে ওঠে। রাজার জীবন যে তার কাছে কতথানি সে উপলব্ধি করে।

मुक्ती तल-जून त्यात्वन ना तानी। ताका अल आमिरे हल यात।

মুৎনীর ছোট মাথাকে বুকের কাছে টেনে আনে ধারতি। তু'চোথের জল ফোঁটা কোঁটা করে ঝরে পড়ে তার মাথায়।

সেই সময় একটু দূরে এক ঝোপের আড়ালে একজনের কান্না ভনতে পায় ভারা। গুমরে কেঁদে চলেছে কোন স্ত্রীলোক।

মুৎনী উঠে যায়। উকি দিয়ে দেখে উত্তেজিত হয়ে চাপা গলায় বলে— কাঁপনী কাঁদছে রাণী।

- --সে কি? এখানে?
- --বোধ হয় পালিয়ে এসেছে। ডাকবো?
- আর কেউ নেই ? ছেলেপেলে ?
- —না :
- —ডাকু ভবে।

मूर्नी चाज़ात हत याय।

কিতাড়ংরি পাহাড়ের সেই উৎসবের দৃশ্য ধারতির চোখের সামনে ভেসে ওঠে ! রান্কো ধলভূম আক্রমণ করার আগে তাকে পেয়ে পাগল হয়ে উঠেছিল এই ঝাঁপনী : কিতাড়ংরির নায়ক রান্কো। রাজার প্রথম বিচারের বলিও সে। সেদিন বালিক। লিপুর ছিল রাজার পক্ষে। তাই রান্কোর প্রতি বিন্দুমাত্র সহাহভৃতিও জাগেনি। আজ এতদিন বাদে সার কথা ব্রেছে ধারতি। ভূল ভেঙেছে তার। তাই মুংনী রাজাকে ভালবেশেছে জেনেও সে তার প্রতি অসম্ভষ্ট হতে পারে নি। ভালবংসার দোষ কোথায়? মুংনীর হাতই বা কডটুকু এতে। ভালবাসার কাছে নবাই অসহায়। অন্তর থেকে ভাই মুংনীর অসহায়তাকে আশ্রয় দিতে ইচ্ছে করছে তার।

লালসিংকে খাঁটি বিচার করা শিখিয়ে দিতে হবে। মনে মনে ইচ্ছে থাকলেও ত্রিভন যা বাইরে দেখাতে পারেনি—লালসিং তাই দেখাবে।

ধারতি দেখে মুখনীকে পেছনে ফেলে পাগলের মত ছুটে আসছে ঝাঁপনী।
কিছু বলার অবসর দেবার আগেই সে আছড়ে পড়ে রাণীর পায়ের ওপর।
স্তব্ধ হয়ে বসে থাকে ধারতি। কে কাকে সান্তনা দেবে? অমন যে কেঁপে
কেঁপে উঠছে ঝাঁপনীর শরীর, তাও আপনিই শাস্ত হবে একটু পরে। মনও
সান্তনা খুঁজে নেবার চেষ্টা করবে কালক্রমে। যদি তা না পারে তবে এক
কঠিন সহিফুতার আবরণে শেষদিন পর্যন্ত তেকে রাখবে অশান্ত মনকে।

লালসিং একট্ট কেঁদে ওঠে ঘ্রের ঘোরে। মুংনা তার গাযে আন্তে আন্তে হাত বুলিয়ে দেয়। একভাবে মুখের দিকে চেয়ে থাকে অত্টুকু শিশুর। ধারতি বুঝতে পারে অত মনোযোগ দিয়ে কি দেখছে মুংনা। এতদিন দেখবার প্রয়োজন হয় নি—এখন ওই দেখেই বাঁচতে হবে তাকে। যদি তার কচিমনের প্রথম ক্ষত ভরাট না হয়ে ওঠে—তবে লালসিংএর মধ্যে ত্রিভনের সাদৃশ্য মিলিয়ে মিলিয়ে দেখবে চিরটা কাল।

—সব শেষ হয়ে গেল রাণী। আচমকা আতনাদ করে ওঠে ঝাঁপনী। লালসিং পর্যস্ক জেগে ওঠে দে আর্তনাদে।

ধারতি ঠোঁট চেপে ধরে দাঁত দিয়ে। সে বুঝতে পারে এরপর কি বলবে ঝাঁপনী। তাড়াতাড়ি প্রশ্ন করে,—তোমার ছেল্পেলে কোথায় ঝাঁপনি ?

- —জানিনা। বাপের সঙ্গে পালিয়েছে ভারা। ভীতুর ঝাড় সব।
- —তুমি যাওনি ?
- —না। যেতে বলেছিল বিধুমা হেঁড়েল। ঝাঁটা তুলেছিলাম মুখের সামনে।
 ভয় পেয়ে আমাকে ফেলেই পালালো। ঝাঁপনীর নাক-মুখ এত ত্ঃখেও ঘুণায়
 কুঁচকে ওঠে।
 - —এদিকে কোথায় যাচ্ছে৷ তুমি ?
- সারিগ্রামে। স্বর্ণার বলল, আপনারাও যাবেন ওখানে। সারিগ্রাম থেকেই সে একদিন আদর করে নিয়ে গিয়েছিল নিজের বাড়ীতে। তাই এখানেই ফিরে আসতে বলেছে।

সারিগ্রাম আর কভদূরে ?

- ७३ जा प्रथा गाल्ह।

কিছুদ্রে পাতায় ছাওয়। এক কুঁড়েঘর থেকে কুগুলীক্বত ধোঁয়া ওপর দিকে উঠছে। আঙুল দিয়ে দেদিকে দেখায় ঝাঁপনী।

- ওথানেই তোমার বাড়া ?
- —হাঁ। রাণী। কিন্তু এখন বাড়াও নেই—কেউ নেই। কেউ ছিল না বলেই ওর সঙ্গে চলে গিয়েছিলাম। আজ কেউ নেই বলেই আবার ফিরে এসেছি। ওর শেষ আদেশ।
 - —শেষ আদেশ ?
- —হাঁ) রাণী। পেছন থেকে শক্র মারতে মারতে বাটালুকাতেই ফিরে এসেছিল ও সীমাস্ত থেকে।
 - —দেখা হয়েছিল ?
 - -- हा। यांभनी कैंदि ७८०।
 - -এখানে কখন এলে ?
- —একটু আগেই। কিতাগড়ের যুদ্ধ শেষ হয়ে গেলে পেতনীর মত আন্ধকারে যুরে বেড়িয়েছি ওকে পাবার আশায়।

মুৎনীর মাথা ঘুরতে থাকে। ধারতির শরীর শক্ত হয়ে ওঠে। সব জানে ঝাঁপনী। খুঁটিয়ে খুঁটিয়ে শুনতে হবে তার কাছে। সহ করা কঠিন হলেও শুনতে হবে।

- —সারিগ্রামে আসতে বলেই কি রান্কে। দর্ণার যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল ?
- —না—না—না। ওই তার শেষ কথা। সতেরখানির মাটিতে, পৃথিবীর মাটিতে দাঁড়িয়ে দে আর কিছু বলবে না কোনদিনও। কিতাগড়ের নিচে সারিমুমুর দেহের পাশে জমে উঠেছিল পঁচিশজন শক্রুর মৃতদেহ। ঠিক তারই পরে দেখতে পেলাম ওকে। বুকে বল্লমের গভার ক্ষত—আমি শেষ দেখা দেখতে পাব বলেই হয়ত বেঁচেছিল। আমাকে এখানে আসতে বলবে বলেই হয়ত। তারপরই—

হঠাৎ ন্তন্ধ হয়ে যাল ঝাঁপনী। দৃশুটা নিশ্চয় ভার চোধের সামনে ভাসতে থাকে। সে পাথরের মত বদে খাকে।

— বল, বল ঝাঁপনী ! পামলে কেন ? ধারতি অসহিফু হয়ে ওঠে।
মুখনী ছুটে কাছে এদে ঝাঁপনীকে ধরে পাগলের মত ঝাঁকি দিয়ে বলে—রাজ।
—রাজা কোণায় ?

- —তিনি কোথায় পড়ে আছেন জানিনা। অনেক খুঁজেছি আমি। পাইনি। তবে তাঁর কথা শুনেছি প্রতিটি আহত চোয়াড়ের মুধে—আহত শত্রুর মুখেও।
- —শক্ররাও বলল ? তুমি সত্যি বলছ ঝাঁপনী ? ধারতি উৎস্ক হয়ে ওঠে। ব্যথার পরিবর্তে আনন্দ ঝরে পড়ে তার কথায়।
- —হাঁ। রাণী। বরাহভূমের এক দৈনিক মরার আগে জল চাইল। দেখে কেমন কট হল। জল এনে মুখে দিতেই সে শুধু বলল,—তোমাদের রাজাকে যদি আমরা পেতাম—

ধারতির মনের ভেতরটা তোলপাড় করে। পৃথিবীস্থদ্ধ লোককে ডেকে শুনোতে ইচ্ছে করে তার কথা কয়টি।

- -- ताजारक (পरनना ? पूर्नी वरन ७८b।
- -41 I
- —আমি যাব।
- --কোথায় ? ঝাঁপনীর স্বরে বিস্থয়।
- —রাজাকে খুঁজতে।
- —পাওয়া যাবে না তাঁকে।
- আমি পাবোই। রাণী, আমি যাই।
- —ছিঃ মুৎনী। আমি তো অমন করছি না। ওর দেহখানার ওপর আমার টান কি হঠাৎ কমে গেল ?
 - রাণী। ফু পিয়ে কেঁদে ওঠে মুৎনী।
- জানি রে। তবু এখন যাওয়া হবে না তোর। আরও বড় কর্তব্য রয়েছে যে সামনে। সামাক্ত ভূলের জক্তে সব নষ্ট করবি শেষে। লালকে যদি খুঁজে পায় ওরা ?

मू भी निष्णनक मृष्टि ए एए था वि

—শোন্ মুংনী। রাজার দেহথানা সতেরথানির সবার কাছেই অতি আদরের। মনে হয় কোন চোয়াড় লুকিযে রেখেছে। শত্রুরা চলে গেলে ভালভাবে সংকারের জন্ম।

লালসিং কাঁদতে শুরু করে। তিনজনকেই উঠে দাঁড়াতে হয়। সারিগ্রামে না পৌছলে লালসিংকে খেতে দেওয়া যাবে না। লালসিং—সারা সতেরশানির ভবিশ্বতের আশা-ভরসা।

রানকো সারিগ্রামে এসে নতুন ঘর তৈরীর ব্যবস্থা করে গিয়েছিল লালসিং-

এর জন্তে। সাধারণ কুঁড়েঘর—ধারতি অবাক হয়ে দেখে পারাউমুমুর কুঁড়ে বরের সঙ্গে আশ্চর্য সাদৃষ্য রয়েছে। হয়ত তার কথাই মনে হয়েছিল রান্কোর —কারণ সে-ই থাকবে লালসিং-এর সঙ্গে। চেয়ে চেয়ে দেখে ধারতি।

রাত্তির জন্তে অপেক্ষা করে সে। আকুল হয়ে তথন সে নিশ্চিন্ত মনে কাঁদতে পারবে। ঠোঁট ছটো যদিও বারবার কেঁপে উঠছে—বুকে জমে রয়েছে অফুরন্ত বান্প। তবু অপেক্ষা করতে হবে।

আর একটু। সন্ধ্যে হয়ে এল। আর একটু রাজা। এখনো শেষ হয় নি আজকের কর্তব্য। লাল ঘুমোক্—মুৎনী আর ঝাঁপনীকে ঘুমোতে দাও আগে —তারপর।

রাজা— কাঁটারাঞ্জার কালোপাধরের রাজা। মায়াভরা সেই আয়ত চোথছটোর স্বপ্ন যে স্বপ্নই থেকে গেল শুধু। ধাদকা, পঞ্চস্পারী, তিন সওয়া চেয়ে চেয়ে দেখেছে আজ বিধ্বস্ত সভেরখানিকে। তাদের মনে আজ কী প্রতিফলিত হচ্ছে কেউ জানে না। হয়ত ত্ঃখই পাচ্ছে তারা। তারা তো বরাহভূমের লোক নয়, স্বপুর ধলভূমেরও নয়। সতেরখানির অধিবাসীদের মত তারাও মতল, জোনার আর কছয়া খেয়ে অধ্যেক পেট ভরিয়ে দিনের পর দিন অমাছষিক পরিশ্রম করে চলেছে। তাদের ছেলেমেয়েয়াও কথায় কথায় রোগে ভোগে—মারা য়ায়। সতেরখানির বাধা তারা মর্মে মর্মে ব্রবে। মুখে কিছু না বললেও মন থেকে তারা সবটুকু সহাত্মভূতি ঢেলে দেবে কিতাগড়ের ওপর। আর আফশোষ করবে এই ভেবে—সম্মানের জন্ত আজ যে বিপর্ময় ঘটল ঠিক তার বিপরীত কিছু ঘটতে পারত, যদি সময়মত পঞ্চর্ষু টের চারখুঁট শক্তভাবে হাত মেলাতে পারত।

ধারতি দীর্ঘ:শাস ফেলে।

রাজা—এখনো সময় হয় নি। ঝাঁপনীর চোথে ঘুম নেই। শুয়ে শুয়ে এপাশ ওপাশ করছে সে। তারও বৃকে যে একই জ্ঞালা। সব জ্ঞালাটুকু তো সহজে যাবে না তার। হতভাগী মুৎনীও রাস্তার দিকে চেয়ে বসে রয়েছে এই ভর সক্ষ্যেবেলায়। সে বিশ্বাস করে না, তুমি নেই। তার কচি মন হতাশার মধ্যেও আশা দেখতে চায়—কাঁটারাঞ্জার লিপুর যেমন দেখতে চাইত একসময়ে। যদি পার সাস্থনা দিও ওকে।

আর যদি পার প্রতি রাত্তে একবার করে অস্তত দেখা দিও তোমার লিপুকে! শুনিও তাকে ভোমার বাঁশের বাঁশী—যেমন শোনাতে শালবনের ছায়ায় বদে—যেমন শুনিয়েছিলে বিয়ের নিস্তব্ধরাতে রাশি রাশি ফুলের মধ্যে वरम । नहेल नानभिश्तक प्रतिथ वूक वैधितं भावत् ना रम ।

সারিগ্রামের এক চোয়াড় ফিরে আসে ছদিন পর। সর্বাক্ষে তার আঘাতের চিহ্ন। সেই আঘাত নিয়ে সে স্ত্রীর কাঁথে ভর দিয়ে অনেক কষ্টে রাণীর সামনে এসে উপস্থিত হয়।

— তুমি যুদ্ধ করেছ ? কিতাগড়ে ছিলে ? বলতে পার রাজা কোথায় ? একদমে মুৎনা আকুল হয়ে প্রশ্ন ক'রে চেয়ে থাকে আহত চোয়াড়ের মুথের দিকে।

লোকটি মুৎনীর দিকে বিশ্বয়ের দৃষ্টি ফেলে ক্লান্ত শরীরে কোনরকমে হাতথানা উঠিয়ে আকাশের দিকে দেখায়।

—तिहै। त्राष्ट्री तिहै ?

চোয়াড়টি চুপ করে থাকে।

ষ্টিত হয়ে পড়ে যায় মুৎনী। ঝাঁপনী ছুটে এসে তার মাণাটা কোলে তুলে নেয়। নিজে মেয়ে হয়ে সে বালিকার অস্তরের গোপন ব্যথার সন্ধান পেয়েছে অতি সহজেই।

চোয়াড়টি ধীরে ধীরে ধারতিকে বলে,—রাণীমা, রাজা মিশে রয়েছেন সতেরখানির আকাশে বাতাসে, পাহাড়ে, মাটিতে আর স্থবর্ণরেথার জলে।

—পেয়েছিলে তাঁকে ? সন্ধান পেয়েছিলে ?

—আমি পাইনি, কিন্তু আর একদল চোয়াড় পেয়েছিল তাঁর দেহ। শক্ররা যথন দেহখানাকে নষ্ট করার জন্তে প্রস্তুত সেই সময় দলটি ঝাঁপিয়ে পড়ে ছিনিয়ে নিয়েছিল আমাদের রাজাকে। ওই রাত্তেই তারা বাটালুকা থেকে অনেক দ্রে স্বর্ণরেখার ধারে শেষ কাজটুকু করেছিল।

চোয়াড়টি তার স্ত্রীকে ইঙ্গিত করতেই মেয়েটি আন্তে আন্তে আচল থেকে শালপাতায় জড়ানো কাঁচা মাটিতে তৈরী একটি গোলকার পাত্র এগিয়ে দেয়।

বুকের মধ্যে জড়িয়ে ধরে রাণী। এবারে কাদতে হবে। মুৎনী এখন দেখতে পাবে না। কিন্তু আরও যে জানতে হবে। রাজার কথা জানা হলেই সতেরখানির রাথীর সব জানা শেষ হয়ে যায় না। ধৈর্য ধরতে হবে তাই।

—রাণীমা, খ্ব কম লোকই জানে যে আপনি এখানে রয়েছেন! আমিও জানতাম না। যারা দাহকার্য শেষ করেছিল, তারাই আমি সারিগ্রামের লোক শুনে আমার হাতে অস্থি দিয়ে বলেছিল যে আপনি এখানে রয়েছেন। তারা রান্কো সদারের বিশ্বন্ত অমুচর। সদারের এইটুকু নির্দেশই ছিল শুধু তাদের ওপর যে রাজার দেহ যেন নষ্ট না হয়। —ঝাঁপনী। তোমার রান্কো কত মহৎ একবার দেখ ঝাঁপনী। ধারতি কেনে কেলে এতক্ষণে।

ঝাঁপনী রাণীর দিকে চেয়ে মুৎনীর মাধাটা ধরে আবেগে ধরধর করে কাঁপতে থাকে।

চোয়াড়টি চূপ করে বসে থাকে। চুলতে থাকে কিছুক্কণ।
শেষে একসময়ে চেঁচিয়ে ওঠে—রাণীমা, আর একটু ভনতে হবে।
ধারতি চোখ মুছে ফেলে। ভনতে হবে। সব ভনতে হবে। সে যে রাণী।
—বচ্ছিগাদা রাণীমা—বচ্ছিগাদার কথা।

- —বচ্ছিগাদা।
- —হাঁ বচ্ছিগাদা। স্থপুরের রাজ। কিতাগড় লুঠ করলেন, কালাচাঁদ জিউকে তুলে নিলেন মন্দির থেকে—তবু সম্ভষ্ট হলেন না।

রাণীর বুকের ভেতরে আগুণ জলে ওঠে। সে আগুণে চোথের জল যায় শুকিয়ে। কঠোরস্বরে বলে—কালাটাদ জিউকে লুট করেছেন স্থপুর রাজ ?

- —হাঁ। কিন্তু তাতেও আশা মেটেনি।
- —কেন ?
- —লালসিংকে খুঁজে পাওয়া গেল না বলে। ভুঁইয়াবংশকে শেষ করা গেল না বলে। ক্ষেপে গেল তারা। তাই বচ্ছিগাদা—
- —বচ্ছিগাদা।
- —ইা। ছকুম হল শিশুরা যাতে এক ফোঁটা ছ্থও না পায়—লালসিং যাতে তিকিয়ে মরে তার ব্যবস্থা করতে হবে। আশেপাশের সমস্ত গ্রামের গোরু-বাছুর মোষ-ছাগল গৃহস্থদের বাড়ি থেকে টেনে বার করে এনে জড়ো করা হল বাটালুকার এক টিপির উপর।
 - —ভারপর ?
- —তারপর বল্লম দিয়ে নিষ্ঠুরের মত খুঁ চিয়ে খুঁ চিয়ে মারল তাদের। নিঃশব্দে মাটিতে লুটিয়ে পড়ল তারা, টুঁশব্দ পর্যন্ত করল না। শুধু বাছুরগুলো একট্ ডেকে উঠেছিল, আর ছাগলগুলো! আমি শালগাছের ওপরে উঠে আগাগোড়া সব দেখেছি। দেখেছি ওই সব জল্লাদদের কাজ। জীবগুলো কেমন অসহায় ভাবে চেয়ে থেকে মুহ্যুযক্ষণা সহু করছিল তাও দেখেছি।
 - --- ওরা হিন্দু না ?
- —হাঁ, রাণীমা, ওরা হিন্দু। ভানি নাকি বৈষ্ণব। কিন্তু লালসিংকে যে গোরুর ত্থ দেবার সম্ভাবনা আছে সে গোরু ওদের কাছে দেবতা নয়—

অপদেবতা।

ধারতির চোখের পলক পড়ে না। সে দেখে চোরাড়টির আহত স্থানগুলিং দিয়ে নতুন রক্ত বার হয়ে আসছে। তার স্ত্রী ভীত হয়ে উঠেছে। স্থামীর মাধাটা বুকের সঙ্গে চেপে ধরেছে সে।

—শোন বার। তুমি স্বস্থ হও। তারপর এসো এখানে। তোমাদের লালসিংএর ভার তো তোমাদের ওপর। তোমরাই ওকে মান্ত্র্য করে তুলবে। তারপর সময় যখন আসবে, চূড়াস্ত আঘাত হানবে শক্রদের ওপর। বচ্ছিগাদার প্রতিশোধ—চাই-ই চাই।

—বচ্ছিগাদা আজ সবার মূখে রাণী। চিরকাল সবার মূখে থাকবে এ নাম। বাটালুকার ওই চিপিটা কুখ্যাত হল ও-নামে। সতেরখানির শিশুদের সমস্ত তুধ শুষে নিয়েছে ওই চিপি।

—না, না। বাটালুকাকে আমি চিনি। সে বিশ্বাসঘাতক নয়। সে শুধু অসহায়। এত যে অত্যাচার, এর মধ্যেও শিশুরা বাঁচবে। মায়ের বৃকের ত্থের মধ্যে বাবের ত্থের শক্তি পাবে তারা। তারপর যেদিন তারা নিজের পায়ে দাঁড়িয়ে প্রতিশোধ নেবে, সেদিন বচ্ছিগাদার ওই অসহায় চিপি সমন্ত ত্থটুকু নিংড়ে বার করে দিয়ে নিশ্চিম্ব হবে।